অতএব পাপমতি ও অত্যন্ত অল্পবুদ্ধি তোমার এই পুত্র রাজ্যের জন্য সর্ব্বদা ক্রুদ্ধ হইয়া পাণ্ডবগণকে কেন বিনাশ করিবার ইচ্ছা করিতেছে? ॥২৮॥

এই মূর্খটাকে ভাল করিয়া বারণ কর, তোমার ঐ পুত্র শান্তিলাভ করুক। না হইলে এই দুর্য্যোধন বনবাসী পাণ্ডবগণকে বধ করিবার ইচ্ছা করিয়া যাইয়া নিজেই প্রাণত্যাগ করিবে ॥২৯॥

বুদ্ধিমান্ বিদুর, ভীষ্ম, দ্রোণ, কৃপ এবং আমরা এ বিষয়ে (পাণ্ডবগণের নির্য্যাতনবিষয়ে) যেমন নির্দোষ, তুমিও সেইরূপই নির্দোষ ॥৩০॥

হে মহাপ্রাজ্ঞ রাজা! স্বজনের সহিত বিবাদ করা অত্যন্ত নিন্দিত। অতএব তুমি সেই পাপজনক ও নিন্দাজনক কার্য্য করিও না ॥৩১॥

[৩১]…মা রাজন্। প্রতিপদ্যথাঃ, পি কা। [৩২]…মহান্তমনয়ং স্পৃশেৎ, বা ব কা।

অথবায়ং সুমন্দাত্মা বনং গচ্ছতু তে সুতঃ।
পাণ্ডবৈঃ সহিতো রাজন্! এক এবাসহায়বান্ ॥৩৩॥
ততঃ সংসর্গজঃ স্নেহঃ পুত্রস্য তব পাণ্ডবৈঃ।
যদি স্যাৎ কৃতকার্য্যোঽদ্য ভবেস্ত্বং মনুজেশ্বর! ॥৩৪॥
অথবা জায়মানস্য যচ্ছীলমুপজায়তে।
শ্রূয়তে তন্মহারাজ! নামৃতস্যাপসর্পতি ॥৩৫॥
কথং বা মন্যতে ভীষ্মো দ্রোণো বা বিদুরোঽপি বা।
ভবান্ বাত্র ক্ষমং কার্য্যং পুরা যোঽর্থোঽভিবর্দ্ধতে ॥৩৬॥

ভারতকৌমুদী

অথবেতি। অয়ং দুর্য্যোধনঃ। অসহায়বান্ অপরসহচররহিতঃ ॥৩৩॥
তেন কিং ফলমিত্যাহ তত ইতি। কৃতকার্য্যঃ, পাণ্ডবৈঃ সহ বৈরাপগমাৎ ॥৩৪॥
উক্তে বৈমত্যাৎ পক্ষান্তরমাহ অথবেতি। অমৃতস্য জীবতঃ, নাপসর্পতি ন গচ্ছতি ॥৩৫॥
কথমিতি। অত্র বৈরনিবর্ত্তনে, ক্ষমমুচিতম্। পুরা পরবর্ত্তিনি কালে, যোঽর্থঃ যদ্বৈরম্ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

বনে সহবাসাৎ তব পুত্রস্য যুধিষ্ঠিরেণ স্নেহশ্চেৎ ত্বং কৃতকৃত্যো ভবিষ্যসীত্যর্থঃ ॥৩৩—৩৪॥
এতদপি দুর্ঘটমিত্যাহ অথবেতি। ন মৃতস্যাপি সর্পতীতি পাঠে সহজো দোষো জন্মান্তরে-ঽপ্যনুবর্ত্তত ইত্যর্থঃ ॥৩৫॥ অত্র যৎ ক্ষমম্ উচিতং তৎ পুরা কার্য্যম্, অন্যথা যো যুষ্মাকমর্থঃ প্রয়োজনমভিবর্দ্ধতে নশ্যতি। নিবর্ত্তত ইতি পাঠেঽপি স এবার্থঃ। অতিবর্ত্ততে ইতি

হে ভরতনন্দন রাজা! পাণ্ডবগণের প্রতি দুর্য্যোধনের যেরূপ বিদ্বেষবুদ্ধি জন্মিয়াছে, তাহাতে তুমি যদি উপেক্ষা কর, তবে সেই বিদ্বেষবুদ্ধি গুরুতর অন্যায়ের সৃষ্টি করিবে ॥৩২॥

অথবা রাজা! তোমার এই দুর্ম্মতি পুত্র সহায়শূন্য হইয়া একাকীই বনে গমন করুক এবং পাণ্ডবদের সহিত বাস করুক ॥৩৩॥

তাহাতে পাণ্ডবদের সহিত সংসর্গনিবন্ধন তোমার পুত্রের যদি তাহাদের প্রতি স্নেহ জন্মে, তাহা হইলে তুমি কৃতকার্য্য হইবে ॥৩৪॥

অথবা মহারাজ! জন্মিবামাত্র মানুষের যে স্বভাব জন্মে, শুনিতে পাই—তাহা নাকি না মরিলে যায় না ॥৩৫॥

পাণ্ডবদের উপরে দুর্য্যোধনের এই বৈরভাবনিবৃত্তির বিষয়ে ভীষ্ম, দ্রোণ, বিদুর এবং তুমি কি উপযুক্ত উপায় মনে কর, যে বৈরভাব ভবিষ্যতে আরও বৃদ্ধি পাইবে' ॥৩৬॥

[৩৬]···পুরা যোঽর্থো নিবর্ত্ততে, বা ব কা; পুরা যোঽর্থোঽভিবর্ত্ততে, পি। ইতঃ পরম্ '···অষ্টমোঽধ্যায়ঃ' বা ব কা; 'দশমোঽধ্যায়ঃ' পি।

ধৃতরাষ্ট্র উবাচ।

ভগবন্! নাহমপ্যেতদ্রোচয়ে দ্যূতসম্ভবম্।
মন্যে তদ্বিধিনাক্রম্য কারিতোঽস্মীতি বৈ মুনে! ॥৩৭॥
নৈতদ্রোচয়তে ভীষ্মো ন দ্রোণো বিদুরো ন চ।
গান্ধারী নেচ্ছতি দ্যূতং তচ্চ মোহাৎ প্রবর্ত্তিতম্ ॥৩৮॥
পরিত্যক্তুং ন শক্নোমি দুর্য্যোধনমচেতনম্।
পুত্রস্নেহেন ভগবন্! জানন্নপি প্রিয়ব্রত! ॥৩৯॥

ব্যাস উবাচ।

বৈচিত্রবীর্য্য! নৃপতে! সত্যমাহ যথা ভবান্।
দৃঢ়ং বিদ্মঃ পরং পুত্রং পরং পুত্রান্ন বিদ্যতে ॥৪০॥
ইন্দ্রোঽপ্যশ্রুনিপাতেন সুরভ্যা প্রতিবোধিতঃ।
অন্যৈঃ সমৃদ্ধৈরপ্যর্থৈর্ন সুতাদ্মন্যতে পরম্ ॥৪১॥

ভারতকৌমুদী

ভগবন্নিতি। দ্যূতসম্ভবং দ্যূতক্রীড়োৎপত্তিম্। অলম্ভবেঽপি তন্মিত্যাদিবদত্র ক্লীবত্বম্ ॥৩৭॥
নেতি। গান্ধারী নেচ্ছতীতি সভাপর্ব্বণি তন্নিষেধাদবগন্তব্যম্ ॥৩৮॥
পরীতি। প্রিয়ং লোকপ্রীতিকরং ব্রতং ব্যবহারনিয়মো যস্য তৎসম্বোধনম্ ॥৩৯॥
বৈচিত্রেতি। বিদ্মো বয়ং জানীমঃ। পরমুত্তমম্, "দূরানাত্মোত্তমাঃ পরাঃ" ইত্যমরঃ ॥৪০॥

ভারতভাবদীপঃ

পাঠে বো যুষ্মানর্থোঽতিক্রামতি অতীত্য গচ্ছতীত্যর্থঃ ॥৩৬॥ ভগবন্নিতি ॥৩৭—৩৯॥ পরং শক্রং শোকহেতুত্বাৎ, পরং শ্রেষ্ঠং প্রীতিহেতুত্বাৎ, "ন কুপুত্রাৎ পরঃ শক্রর্ন সৎপুত্রাৎ পরঃ

ধৃতরাষ্ট্র কহিলেন—'ভগবন্! আমারও এ ইচ্ছা ছিল না যে, দ্যূতক্রীড়া হয়। সুতরাং আমি মনে করি যে, দৈবই আমাকে টানিয়া নিয়া তাহা করাইয়াছে ॥৩৭॥

তা'র পর ভীষ্ম, দ্রোণ বা বিদুরেরও দ্যূতক্রীড়ার অভিপ্রায় ছিল না, গান্ধারীও দ্যূতক্রীড়ার ইচ্ছা করেন নাই; তথাপি মোহবশতই তাহা ঘটাইয়াছিলাম ॥৩৮॥

ভগবন্ প্রিয়ব্রত! আমি দুর্য্যোধনকে চিনিতে পারিয়াও পুত্রস্নেহবশতই ঐ নির্ব্বোধকে পরিত্যাগ করিতে পারিতেছি না' ॥৩৯॥

বেদব্যাস বলিলেন—'বিচিত্রবীর্য্যনন্দন রাজা! তুমি সত্য কথা বলিয়াছ। আমরাও দৃঢ়রূপে জানি যে, পুত্রই উত্তম, পুত্র অপেক্ষা কোন বস্তুই উত্তম নাই ॥৪০॥

[৪০]···দৃঢ়ং বিদ্মঃ পরং পুত্রম্,···পি।

অত্র তে কীর্ত্তয়িষ্যামি মহদাখ্যানমুত্তমম্।
সুরভ্যাশ্চৈব সংবাদমিন্দ্রস্য চ বিশাংপতে! ॥৪২॥
ত্রিপিষ্টপগতা রাজন্! সুরভী প্রারুদৎ কিল।
গবাং মাতা পুরা তাত! তামিন্দ্রোঽন্বকৃপায়ত ॥৪৩॥

ইন্দ্র উবাচ।

কিমিদং রোদিষি শুভে! কচ্চিৎ ক্ষেমং দিবৌকসাম্।
মনুষ্যেষ্বথ নাগেষু নৈতদল্পং ভবিষ্যতি ॥৪৪॥

সুরভ্যুবাচ। *

বিনিপাতো ন তে কশ্চিদ্দৃশ্যতে ত্রিদশাধিপ!।
অহন্তু পুত্রং শোচামি তেন রোদিমি কৌশিক! ॥৪৫॥

ভারতকৌমুদী

ইন্দ্র ইতি। ইন্দ্রোঽপি, সুরভ্যা গোমাতুঃ, অশ্রুনিপাতেন, এতৎ প্রতিবোধিতো জ্ঞাপিতঃ, যৎ, সমৃদ্ধৈরপি অন্যৈরর্থৈঃ, লোকঃ সুতাৎ পরম্ উত্তমং ন কিঞ্চিন্মন্যতে ॥৪১॥

অত্রেতি। সুরভ্যা গোমাতুঃ। হে বিশাংপতে! প্রজানাং নাথ! ॥৪২॥

ত্রীতি। ত্রিপিষ্টপগতা স্বর্গস্থিতা। তাং সুরভীম্ অনু লক্ষ্যীকৃত্য, কৃপাস্ত্যস্তীতি কৃপঃ, অর্শ আদিত্বাদৎ কৃপ ইবাচরৎ অকৃপায়ত অনুকম্পিতবান্ ॥৪৩॥

কিমিতি। মনুষ্যেষু নাগেষু চ ক্ষেমং কচ্চিদিতি সম্বন্ধঃ। এতদ্রোদনকারণম্ ॥৪৪॥

বিনীতি। বিনিপাতো বিপৎ, তে তব প্রজাসু মধ্যে। হে কৌশিক ইন্দ্র! ॥৪৫॥

ভারতভাবদীপঃ

সখা" ইত্যুক্তেঃ ॥৪০॥ সুরভ্যা দেবধেন্বা, অন্যৈরন্নবস্ত্রাদিভির্হেতুভিঃ, পরং শ্রেষ্ঠং স্থানং ন বিদ্যতে অপি তু পুত্রাদেব। তথাচ শ্রুতিঃ— অন্নং হ প্রাণ্যং শরণং হ বাসো রূপং হিরণ্যং পশবো বিবাহাঃ। সখা হ জায়া কৃপণং হ দুহিতা জ্যোতির্হ পুত্রঃ পরমে ব্যোমন্" ইতি ॥৪১॥ অত্র পুত্রস্য শোকহেতুত্বেঽর্থে ॥৪২॥ অন্বকৃপায়ত অনুকম্পিতবান্ ॥৪৩—৪৪॥ কৌশিক!

সুরভীর অশ্রুপাত ইন্দ্রকেও বুঝাইয়া দিয়াছিল যে, প্রাণিগণ অন্যান্য প্রচুর বস্তুকেও পুত্র অপেক্ষা উত্তম মনে করে না ॥৪১॥

রাজা! এ বিষয়ে সুরভী ও ইন্দ্রের সংবাদরূপ একটা উত্তম ও বৃহৎ উপাখ্যান তোমার নিকট বলিতেছি— ॥৪২॥

রাজা! বৎস! পূর্ব্বকালে একদা স্বর্গস্থিতা গোমাতা সুরভী রোদন করিতেছিলেন, তাঁহাকে দেখিয়া ইন্দ্রের দয়া জন্মিয়াছিল ॥৪৩॥

ইন্দ্র বলিলেন—'কল্যাণি! তুমি এ রোদন করিতেছ কেন? দেবতা, মনুষ্য ও নাগদিগের মঙ্গল ত? তোমার এ রোদনের কারণ অল্প হইবে না।' ॥৪৪॥

(৪২) অত্র তে বর্ত্তয়িষ্যাম·· পি। * সুরভিরুবাচ, বা ব কা নি।

পশ্যৈনং কর্ষকং ক্ষুদ্রং দুর্ব্বলং মম পুত্রকম্ ।
প্রতোদেনাভিনিঘ্নন্তং লাঙ্গলেন চ পীড়িতম্ ॥৪৬॥
বিষীদমানং সোৎকণ্ঠং বধ্যমানং সুরাধিপ ! ।
কৃপাবিষ্টাস্মি দেবেন্দ্র ! মনশ্চোদ্বিজতে মম ॥৪৭॥
একস্তত্র বলোপেতো ধুরমুদ্বহতেঽধিকাম্ ।
অপরোঽপ্যবলপ্রাণঃ কৃশো ধমনিসন্ততঃ ।
কৃচ্ছ্রাদুদ্বহতে ভারং তং বৈ শোচামি বাসব ! ॥৪৮॥
বধ্যমানঃ প্রতোদেন তুদ্যমানঃ পুনঃ পুনঃ ।
নৈব শক্নোতি তং ভারমুদ্বোঢ়ুং পশ্য বাসব ! ॥৪৯॥

ভারতকৌমুদী

পশ্যেতি। হে ইন্দ্র! ক্ষুদ্রং দুর্বলং লাঙ্গলেন পীড়িতঞ্চ মম পুত্রকং বৃষম্, প্রতোদেন তাড়নদণ্ডেন, অভিনিঘ্নন্তং সর্বতঃ প্রহরন্তম্, এনং কর্ষকং কৃষকং পশ্য ॥৪৬॥

বিষীদেতি। বধ্যমানং তাড্যমানং মমৈনং পুত্রকং প্রতি, কৃপাবিষ্টাস্মি ॥৪৭॥

এক ইতি। ধুরং ভারম্। ধমনিসন্ততঃ শিরাব্যাপ্তদেহঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৮॥

বধ্যেতি। বধ্যমানঃ প্রহ্রিয়মাণঃ, তুদ্যমানো ব্যথ্যমানঃ। বাসব! হে ইন্দ্র! ॥৪৯॥

ভারতভাবদীপঃ

হে ইন্দ্র! ॥৪৫॥ প্রতোদেন তীক্ষ্ণাগ্রলোহবতা দণ্ডেন ॥৪৬—৪৭॥ ধুরং ভারম্, ধমনিসন্ততঃ শিরাভির্ব্যাপ্তঃ নির্মাংস ইত্যর্থঃ ॥৪৮॥ বধো দণ্ডাঘাতেন, তুদ্যমানঃ প্রতোদেন ॥৪৯॥

সুরভী কহিলেন—‘দেবরাজ! আপনার প্রজাদের মধ্যে কোন বিপদ দেখিতেছি না; তবে ইন্দ্র! আমি আমার পুত্রের কষ্ট দেখিয়া শোক করিতেছি এবং তাহাতেই রোদন করিতেছি ॥৪৫॥

দেবরাজ! দেখুন—আমার ঐ ক্ষুদ্র ও দুর্ব্বল পুত্রটী একে লাঙ্গলপীড়িত, তাহাতে আবার ঐ কৃষকবেটা চাবুক দিয়া উহাকেই আঘাত করিতেছে ॥৪৬॥

দেবরাজ! কৃষকবেটা উহাকে প্রহার করিতেছে, তাহাতে—ও বিষণ্ণ এবং উৎকণ্ঠিত হইয়াছে। সুতরাং উহার প্রতি আমার কৃপা জন্মিয়াছে এবং মন উদ্বিগ্ন হইয়াছে ॥৪৭॥

উহাদের মধ্যে একটী বলবান্ বৃষ অধিক ভার বহন করিতেছে এবং অপরটী দুর্বল, কৃশ ও শিরাব্যাপ্ত হইয়াও কষ্টে ভার বহন করিতেছে। তাই উহাকে লক্ষ্য করিয়াই আমি শোক করিতেছি ॥৪৮॥

ততোঽহং তস্য শোকার্ত্তা বিরৌমি ভৃশদুঃখিতা।
অশ্রূণ্যাবর্ত্তয়ন্তী চ নেত্রাভ্যাং করুণাবতী ॥৫০॥

ইন্দ্র উবাচ। *

তব পুত্রসহস্রেষু পীড্যমানেষু শোভনে!।
কিং কৃপায়িতমস্ত্যত্র পুত্র একত্র হন্যতি ॥৫১॥

সুরভ্যুবাচ।

যদি পুত্রসহস্রাণি সর্ব্বত্র সমতৈব মে।
দীনস্য তু সতঃ শক্র! পুত্রস্যাভ্যধিকা কৃপা ॥৫২॥

ব্যাস উবাচ।

তদিন্দ্রঃ সুরভীবাক্যং নিশম্য ভৃশদুঃখিতঃ।
জীবিতেনাপি কৌরব্য! মেনেঽভ্যধিকমাত্মজম্ ॥৫৩॥

ভারতকৌমুদী

তত ইতি। আবর্ত্তয়ন্তী আবৃত্ত্যা পৌনঃপুন্যেন পাতয়ন্তী, করুণাবতী দয়াবতী ॥৫০॥

তবেতি। হে শোভনে! তব পুত্রসহস্রেষু কৃষকৈরেবং পীড্যমানেষু সৎস্বপি, অত্রাস্মিন্ একত্র একস্মিন্ পুত্রে, হন্যতি হন্যমানে সতি, কিং কৃপায়িতং কৃপা, অস্তি বর্ত্ততে ॥৫১॥

যদীতি। পুত্রসহস্রাণি যদি বিদ্যন্তে, তথাপি সর্ব্বত্র তেষু সর্ব্বেষু পুত্রেষু ॥৫২॥

তদিতি। জীবিতেনাপি নিজজীবনাদপীত্যর্থঃ। অভ্যধিকম্ অধিককৃপাস্পদম্ ॥৫৩॥

ভারতভাবদীপঃ

কৃপায়িতবতী কৃপাং কৃতবতী। পাঠান্তরে কৃপায়িতং কৃপৈব হন্যতি হন্যমানে, পুত্র একো হি হন্যতে ইতি পাঠে বহুষু পুত্রেষু হি প্রসিদ্ধম্ একঃ কশ্চিদ্ধন্যত এবেত্যর্থঃ ॥৫০—৫৩॥

তাহাতেই আমি উহার জন্য শোকার্ত্ত এবং অত্যন্তদুঃখিত হইয়া, দয়ার্দ্র-হৃদয়ে নয়নযুগলদ্বারা বার বার অশ্রুপাত করিতে থাকিয়া রোদন করিতেছি ॥৫০॥

ইন্দ্র বলিলেন—'শোভনে! তোমার সহস্র সহস্র পুত্রই ত কৃষকপ্রভৃতি-কর্ত্তৃক পীড়িত হইতেছে, তবে এই একটী পুত্র পীড়িত হইতেছে বলিয়া উহার উপরে এত দয়া করিতেছ কেন?' ॥৫১॥

সুরভী বলিলেন—'দেবরাজ! আমার বহুসহস্র পুত্র থাকিলেও তাহাদের সকলের উপরেই আমার সমান ভাব রহিয়াছে; কিন্তু তাহাদের মধ্যে দুর্ব্বলের উপরেই আমার অধিক দয়া হইয়া থাকে' ॥৫২॥

বেদব্যাস বলিলেন—'ধৃতরাষ্ট্র! ইন্দ্র সেই সুরভীর বাক্য শুনিয়া অত্যন্ত-দুঃখিত হইয়া জীবন অপেক্ষাও পুত্রকে অধিক মনে করিলেন ॥৫৩॥

(৫০)…নেত্রাভ্যাং করুণায়তী, বা ব কা নি। * শক্র উবাচ, বা ব কা নি।
(৫১)…পুত্র একত্র দহ্যতি, পি।

প্রববর্ষ চ তত্রৈব সহসা তোয়মুৎবণম্ ।
কর্ষকস্যাচরদ্বিঘ্নং ভগবান্ পাকশাসনঃ ॥৫৪॥
তদ্‌যথা সুরভী প্রাহ সমমেবাস্তু তে তথা ।
সুতেষু রাজন্ ! সর্ব্বেষু হীনেষভ্যধিকা কৃপা ॥৫৫॥
যাদৃশো মে সুতঃ পাণ্ডুস্তাদৃশো মেঽসি পুত্রক ! ।
বিদুরশ্চ মহাপ্রাজ্ঞঃ স্নেহাদেতদ্‌ব্রবীম্যহম্ ॥৫৬॥
চিরায় তব পুত্রাণাং শতমেকশ্চ ভারত ! ।
পাণ্ডোঃ পঞ্চৈব লক্ষ্যন্তে তেঽপি মন্দাঃ সুদুঃখিতাঃ ॥৫৭॥
কথং জীবেয়ুরত্যন্তং কথং বর্দ্ধেয়ুরিত্যপি ।
ইতি দীনেষু পার্থেষু মনো মে পরিতপ্যতে ॥৫৮॥

ভারতকৌমুদী

প্রেতি। প্রববর্ষ মেঘদ্বারা। উৎবণং প্রবলম্। কর্ষকস্য পূর্ব্বোক্তকৃষকস্য ॥৫৪॥

তদিতি। সমং তুল্যং কৃপাদিকম্। হীনেষু দুর্ব্বলেষু ॥৫৫॥

যাদৃশ ইতি। এতৎ পূর্ব্বোক্তং বাক্যং পাণ্ডবৈঃ সহ যথা তে বৈরং ন স্যাত্তথাক্য-মিত্যর্থঃ ॥৫৬॥

চিরায়েতি। একশ্চ পুত্রঃ। মন্দা অপটবঃ শঠতাচরণে অনিপুণা ইত্যর্থঃ। "মূঢ়াল্প-পটুনির্ভাগ্যা মন্দাঃ স্যুঃ" ইত্যমরঃ। চিরায় সুদুঃখিতাঃ শৈশব এব পিত্রাদিশূন্যত্বাৎ ॥৫৭॥

কথমিতি। অত্যন্তং বর্দ্ধেয়ুঃ উন্নতিং লভেরন্। পার্থেষু পাণ্ডবেষু ॥৫৮॥

ভারতভাবদীপঃ

উৎবণমুৎকটম্ ॥৫৪—৫৬॥ মন্দাস্বৎপুত্রবৎ কপটানভিজ্ঞাঃ ॥৫৭—৫৯॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টমোঽধ্যায়ঃ ॥৮॥

এবং ভগবান্ ইন্দ্র তৎক্ষণাৎ সেই স্থানেই প্রবলবেগে বারি বর্ষণ করিয়া সেই কৃষকের কার্য্যে বিঘ্ন উৎপাদন করিলেন ॥৫৪॥

অতএব রাজা! সুরভী যেমন বলিয়াছিলেন, তেমনই তোমারও সকল পুত্রের উপরে সমান ভাবই থাক এবং দুর্ব্বলের উপরে অধিক দয়া হউক ॥৫৫॥

পুত্র! আমার নিকট পাণ্ডু যেমন ছিল, তুমি এবং মহাপ্রাজ্ঞ বিদুরও তেমনই রহিয়াছ। সুতরাং আমি স্নেহবশতই এই কথা বলিতেছি ॥৫৬॥

ভরতনন্দন! তোমার একশত একটী পুত্র, আর পাণ্ডুর পাঁচটী মাত্র পুত্র; তাহাদিগকেও চিরদিনই শঠতায় অনিপুণ এবং অতিদুঃখিত দেখা যাইতেছে ॥৫৭॥

সেই পাণ্ডবেরা কি করিয়া বাঁচিবে এবং কি করিয়াই বা বিশেষ উন্নতি

যদি পার্থিব ! কৌরব্যান্ জীবমানানিহেচ্ছসি।
দুর্য্যোধনস্তব সুতঃ শমং গচ্ছতু পাণ্ডবৈঃ ॥৫৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
অরণ্যযাত্রায়াং সুরভ্যুপাখ্যানং নাম অষ্টমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(:):——

নবমোঽধ্যায়ঃ

——:(::):——

ধৃতরাষ্ট্র উবাচ।

এবমেতন্মহাপ্রাজ্ঞ ! যথা বদসি নো মুনে !।
অহঞ্চৈব বিজানামি সর্ব্বে চেমে নরাধিপাঃ ॥১॥
ভবাংশ্চ মন্যতে সাধু যৎ কুরূণাং মহোদয়ম্।
তদেব বিদুরোঽপ্যাহ ভীষ্মো দ্রোণশ্চ মাং মুনে ! ॥২॥

ভারতকৌমুদী

যদীতি। জীবমানান্ জীবতঃ। শমং শান্তিম্ অবৈরম্। পাণ্ডবৈঃ সহ ॥৫৯॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি অরণ্যযাত্রায়াং অষ্টমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

এবমিতি। নঃ অস্মান্। বিজানামি, এবমেতদিতি সম্বন্ধঃ। নরাধিপাশ্চ বিজানন্তি ॥১॥
ভবানিতি। মহান্ উদয় উন্নতির্যস্মাৎ তৎ পাণ্ডবৈঃ সহ শান্তিরূপং কার্য্যমিত্যর্থঃ ॥২॥

লাভ করিবে, দীন পাণ্ডবগণের বিষয়ে এই চিন্তাতেই আমার মন সর্ব্বদা পরিতপ্ত হইতেছে ॥৫৮॥

রাজা ! তুমি যদি কৌরবগণের জীবিত থাকা ইচ্ছা কর, তবে তোমার পুত্র দুর্য্যোধন পাণ্ডবগণের সহিত বৈরভাবের নিবৃত্তি করুক' ॥৫৯॥

——:০:——

ধৃতরাষ্ট্র বলিলেন—'হে মহাপ্রাজ্ঞ মুনি ! আপনি আমাদের নিকট যাহা বলিলেন, তাহা সত্য ; তাহা আমিও জানি, এই সকল রাজারাও জানেন ॥১॥

মহর্ষি ! আপনি যে কার্য্যটাকে কৌরবগণের বিশেষ উন্নতির কারণ বলিয়া মনে করেন, তাহার কথা বিদুর, ভীষ্ম এবং দ্রোণও আমাকে বলিয়াছেন ॥২॥

* '...নবমোঽধ্যায়ঃ, বা ব কা নি ; একাদশোঽধ্যায়ঃ' পি।

যদি ত্বহমনুগ্রাহ্যঃ কৌরবেষু দয়া যদি।
অনুশাধি দুরাত্মানং পুত্রং দুর্য্যোধনং মম ॥৩॥
ব্যাস উবাচ।
অয়মায়াতি বৈ রাজন্! মৈত্রেয়ো ভগবানৃষিঃ।
অন্বিষ্য পাণ্ডবান্ ভ্রাতৄনিহৈবাস্মদ্দিদৃক্ষয়া ॥৪॥
এষ দুর্য্যোধনং পুত্রং তব রাজন্! মহানৃষিঃ।
অনুশাস্তা যথান্যায়ং শমায়াস্য কুলস্য চ ॥৫॥
ব্রূয়াদ্‌যদেষ কৌরব্য! তৎ কার্য্যমবিশঙ্কয়া।
অক্রিয়ায়াস্তু কার্য্যস্য পুত্রস্তে শপ্স্যতে রুষা ॥৬॥
বৈশম্পায়ন উবাচ।
এবমুক্ত্বা যযৌ ব্যাসো মৈত্রেয়ঃ প্রত্যদৃশ্যত।
পূজয়া প্রতিজগ্রাহ সপুত্রস্তং নরাধিপঃ ॥৭॥

ভারতকৌমুদী

যদীতি। অনুগ্রাহ্যঃ, স্বয়েতি শেষঃ। অনুশাধি উপদিশ ॥৩॥
অয়মিতি। অন্বিষ্য অন্বেষণপূর্ব্বকং দৃষ্ট্বা। অস্মাকং দিদৃক্ষয়া দ্রষ্টুমিচ্ছয়া ॥৪॥
এষ ইতি। অনুশাস্তা উপদেক্ষ্যতি। শমায় শান্তিস্থাপনায় ॥৫॥
ব্রূয়াদিতি। অক্রিয়ায়াম্ উপদিষ্টস্য কার্য্যস্য অকরণে। শপ্স্যতে শাপং দাস্যতি ॥৬॥
এবমিতি। প্রত্যদৃশ্যত তত্রত্যলোকৈরিতি শেষঃ। নরাধিপো ধৃতরাষ্ট্রঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

এবমিতি। বিনাশকালে সাধূনপি মূঢ়া অবজানন্তীত্যধ্যায়তাৎপর্য্যম্ ॥১—৩॥ অন্বিষ্য অবেক্ষ্য, ভ্রাতৄন্ পশ্যেতি শেষঃ ॥৪॥ অনুশাস্তা অনুশাসিষ্যতি ॥৫॥ অক্রিয়ায়ামকরণে,

আমি যদি আপনার অনুগ্রহের পাত্র হই এবং কৌরবগণের প্রতি আপনার যদি দয়া থাকে, তাহা হইলে আপনি আমার পুত্র দুরাত্মা দুর্য্যোধনকে উপদেশ দিন' ॥৩॥

বেদব্যাস কহিলেন—'রাজা! ভগবান্ মৈত্রেয়মুনি পাণ্ডবগণের সহিত সাক্ষাৎ করিয়া আমার সহিত সাক্ষাৎ করিবার ইচ্ছায় এই খানেই এই আসিতেছেন ॥৪॥

রাজা! এই মহর্ষিই কুরুকুলের শান্তির জন্য তোমার পুত্র দুর্য্যোধনকে যথোচিত উপদেশ দিবেন ॥৫॥

কুরুনন্দন! ইনি যাহা বলিবেন, তাহা তুমি নিঃসন্দেহে করিও; সে কার্য্য না করিলে, ইনি ক্রুদ্ধ হইয়া তোমার পুত্রকে অভিসম্পাত করিবেন' ॥৬॥

অর্ঘ্যাদ্যাভিঃ ক্রিয়াভিশ্চ বিশ্রান্তং মুনিপুঙ্গবম্।
প্রশ্রয়েণাব্রবীদ্রাজা ধৃতরাষ্ট্রোঽম্বিকাসুতঃ ॥৮॥
সুখেনাগমনং কচ্চিৎ ভগবন্! কুরুজাঙ্গলাৎ।
কচ্চিৎ কুশলিনো বীরা ভ্রাতরঃ পঞ্চ পাণ্ডবাঃ ॥৯॥
সময়ে স্থাতুমিচ্ছন্তি কচ্চিচ্চ ভরতর্ষভাঃ।
কচ্চিৎ কুরূণাং সৌভ্রাত্রমব্যুচ্ছিন্নং ভবিষ্যতি ॥১০॥

মৈত্রেয় উবাচ।

তীর্থযাত্রামনুক্রামন্ প্রাপ্তোঽস্মি কুরুজাঙ্গলাৎ।
যদৃচ্ছয়া ধর্ম্মরাজং দৃষ্টবান্ কাম্যকে বনে ॥১১॥
তং জটাজিনসংবীতং তপোবননিবাসিনম্।
সমাজগ্মুর্মহাত্মানং দ্রষ্টুং মুনিগণাঃ প্রভো! ॥১২॥

ভারতকৌমুদী

অর্ঘ্যেতি। অর্ঘ্যম্ অর্ঘ্যদানমেব আদ্যং যাসাং তাভিঃ পূজিতমিতি শেষঃ ॥৮॥
সুখেনেতি। কুরুজাঙ্গলাখ্যস্থান এব মৈত্রেয়স্য বাস আসীত্তস্মাৎ ॥৯॥
সময় ইতি। সময়ে দ্বাদশবর্ষবনবাসাদিশপথে। অব্যুচ্ছিন্নম্ অবিনষ্টম্ ॥১০॥
তীর্থেতি। অনুক্রামন্ আরভমাণঃ, প্রাপ্তঃ অত্রোপস্থিতঃ। যদৃচ্ছয়া দৈবেন ॥১১॥
তমিতি। জটাজিনসংবীতং জটামৃগচর্ম্মাবৃতম্, তং ধর্ম্মরাজম্ ॥১২॥

ভারতভাবদীপঃ

কার্য্যস্যাবশ্যকর্ত্তব্যত্ব ॥৬—৭॥ ক্রিয়াভিঃ সংস্কারৈঃ ॥৮—১০॥ যদৃচ্ছয়া দৈবাৎ ॥১১—১২॥

বৈশম্পায়ন বলিলেন এইরূপ বলিয়া বেদব্যাস চলিয়া গেলেন এবং মৈত্রেয়মুনিকে দেখা গেল; তখন ধৃতরাষ্ট্র পুত্রগণের সহিত মিলিত হইয়া সম্মানপূর্ব্বক মৈত্রেয়মুনিকে গ্রহণ করিলেন ॥৭॥

অম্বিকানন্দন রাজা ধৃতরাষ্ট্র অর্ঘ্যপ্রভৃতি দ্বারা মৈত্রেয়ের পূজা করিলেন, মৈত্রেয়ও বিশ্রাম করিলেন; তখন ধৃতরাষ্ট্র প্রণয় অনুসারে বলিলেন— ॥৮॥

'ভগবন্! আপনি কুরুজাঙ্গল হইতে সুখে আগমন করিয়াছেন ত? বীর পাণ্ডবেরা পাঁচ ভাই কুশলে আছে ত? ॥৯॥

ভরতশ্রেষ্ঠ পাণ্ডবেরা নিজেদের প্রতিজ্ঞা অনুসারে থাকিতে ইচ্ছা করে ত? কৌরবদের পরস্পর ভালবাসা অবিনষ্ট থাকিবে ত?' ॥১০॥

মৈত্রেয় কহিলেন—'মহারাজ! আমি তীর্থভ্রমণের উপক্রমে কুরুজাঙ্গল হইতে আপনার এখানে আসিয়াছি; আমি যদৃচ্ছাক্রমে কাম্যকবনে যুধিষ্ঠিরের সহিতও সাক্ষাৎ করিয়াছি ॥১১॥

(৮)…বিশ্রান্তং মুনিসত্তমম্…বা ব কা।

তত্রাশ্রৌষং মহারাজ ! পুত্রাণাং তব বিভ্রমম্ ।
অনয়ং দ্যুতরূপেণ মহাভয়মুপস্থিতম্ ॥১৩॥
ততোঽহং ত্বামনুপ্রাপ্তঃ কৌরবাণামবেক্ষয়া ।
সদা হভ্যধিকঃ স্নেহঃ প্রীতিশ্চ ত্বয়ি মে প্রভো ! ॥১৪॥
নৈতদৌপয়িকং রাজন্ ! ত্বয়ি ভীষ্মে চ জীবতি ।
যদন্যোন্যেন তে পুত্রা বিরুধ্যন্তে কথঞ্চন ॥১৫॥
মেধীভূতঃ স্বয়ং রাজন্ ! নিগ্রহে প্রগ্রহে ভবান্ ।
কিমর্থমনয়ং ঘোরমুৎপদ্যন্তমুপেক্ষসে ॥১৬॥

ভারতকৌমুদী

তত্রেতি। বিভ্রমো বিপৎকারণে সম্পৎকারণত্বজ্ঞানং তন্নিবন্ধনমিত্যর্থঃ ।১৩।

তত ইতি। অবেক্ষয়া মঙ্গলসম্পাদনাকাঙ্ক্ষয়া। অনু লক্ষীকৃত্য প্রাপ্ত আগতঃ ।১৪।

নেতি। ঔপয়িকং সদুপায়নিষ্পন্নম্ উচিতমিত্যর্থঃ। অন্যোন্যেন পরস্পরেণ সহ ।১৫।

মেধীতি। হে রাজন্ ! ভবান্ স্বয়মেব ন পুনরন্যদ্বারেতি ভাবঃ, নিগ্রহে যুধিষ্ঠির-দুর্য্যোধনাদীনাং দমনে, প্রগ্রহে অনুগ্রহে চ, মেধীভূতঃ শস্যমর্দনক্ষেত্রমধ্যস্থগবাদিপশুবন্ধন-কাষ্ঠীভূতঃ। "মেধিঃ স্যাৎ খলদারুণি" ইতি বিশ্বঃ। স স্তম্ভো যথা গবাদীন্ পশূন্ একত্র নিরোদ্ধুম্ অন্যত্র চালয়িতুঞ্চ শক্নোতি, তদ্বদ্ভবানপি প্রভুতয়া স্বপুত্রান্ ভ্রাতুষ্পুত্রাংশ্চ তথৈব শক্নোতীতি ভাবঃ। অতএব ত্বম্, উৎপদ্যন্তমুৎপদ্যমানং ঘোরমনয়ম্ অন্যায্যং কার্য্যম্, কিমর্থমুপেক্ষসে ।১৬।

ভারতভাবদীপঃ

বিভ্রমং দ্যূতানর্থেঽপ্যর্থবুদ্ধিম্ ।১৩-১৪। ঔপয়িকং যোগ্যম্ ।১৫। মেঢীভূতঃ খলবন্ধনদামগুম্ভী-

---

রাজা ! জটা ও মৃগচর্ম্মধারী তপোবনবাসী সেই মহাত্মা যুধিষ্ঠিরের সহিত সাক্ষাৎ করিবার জন্য অন্যান্য মুনিরাও আসিয়াছিলেন ॥১২॥

মহারাজ ! সেখানে শুনিলাম যে, আপনার পুত্রগণের ভ্রমনিবন্ধন অন্যায়-ব্যবহারটা দ্যূতরূপে মহাভয়ের কারণ হইয়া উপস্থিত হইয়াছে ॥১৩॥

তাহার পর, আমি কৌরবগণের মঙ্গল সম্পাদন করিবার ইচ্ছায় আপনার নিকট উপস্থিত হইয়াছি। কারণ, আপনার প্রতি সর্ব্বদাই আমার স্নেহও অধিক, প্রণয়ও অধিক ॥১৪॥

রাজা ! আপনি এবং ভীষ্ম জীবিত থাকিতে এটা উচিত হইতেছে না যে, আপনার পুত্রেরা কোন কারণে পরস্পর বিরোধ করিতেছে ॥১৫॥

কারণ, রাজা ! আপনি নিজেই যুধিষ্ঠির ও দুর্য্যোধনপ্রভৃতির নিগ্রহে ও

---

(১৫)···বিরোধ্যন্তে কথঞ্চন···বা ব কা নি। (১৬) মেঢীভূতঃ স্বয়ং রাজন্ !···বা ব কা নি।

দস্যূনামিব যদ্বৃত্তং সভায়াং কুরুনন্দন ! ।
তেন ন ভ্রাজসে রাজন্ ! তাপসানাং সমাগমে ॥১৭॥
বৈশম্পায়ন উবাচ।
ততো ব্যাবৃত্য রাজানং দুর্য্যোধনমমর্ষণম্।
উবাচ শ্লক্ষ্ণয়া বাচা মৈত্রেয়ো ভগবানৃষিঃ ॥১৮॥
দুর্য্যোধন ! মহাবাহো ! নিবোধ বদতাং বর ! ।
বচনং মে মহাভাগ ! ব্রুবতো যদ্ধিতং তব ॥১৯॥
মা দ্রুহঃ পাণ্ডবান্ রাজন্ ! কুরুষ্ব প্রিয়মাত্মনঃ।
পাণ্ডবানাং কুরূণাঞ্চ লোকস্য চ নরর্ষভ ! ॥২০॥
তে হি সর্ব্বে নরব্যাঘ্রাঃ শূরা বিক্রান্তযোধিনঃ।
সর্ব্বে নাগাযুতপ্রাণা বজ্রসংহননা দৃঢ়াঃ ॥২১॥

ভারতকৌমুদী

দস্যূনামিতি। দস্যূনাং প্রসহ্য পরদ্রব্যাহর্ত্তৄণামিব যুষ্মাকম্। বৃত্তং জাতম্। ভ্রাজসে শোভসে, অন্যায্যকার্য্যানিবারণেনাত্মনোঽপরাধিতয়া মুখমালিন্যাত্তাগমাদিতি ভাবঃ ॥১৭॥

তত ইতি। ব্যাবৃত্য পরিবৃত্য দুর্য্যোধনসম্মুখীভূয়েত্যর্থঃ। অমর্ষণং কোপনম্ ॥১৮॥

দুর্য্যোধনেতি। নিবোধ শৃণু। বদতাং বরেত্যনেন প্রতিবাদার্হত্বং সূচিতম্ ॥১৯॥

মেতি। পাণ্ডবানাং কুরূণাঞ্চ লোকস্য জগতশ্চ প্রিয়মিতি সম্বন্ধঃ ॥২০॥

ত ইতি। তে পাণ্ডবাঃ সর্ব্বে হি সর্ব্ব এব, নরব্যাঘ্রাঃ, শূরাঃ, বিক্রান্তেন বিক্রমেণ যোধিনশ্চ। তথা সর্ব্ব এব নাগাযুতপ্রাণা দশসহস্রহস্তিতুল্যবলাঃ, বজ্রমিব সংহননং শরীরং যেষাং তে, অতএব দৃঢ়াঃ। "গাত্রং বপুঃ সংহননম্" ইত্যাপ্তমরঃ ॥২১॥

ভারতভাবদীপঃ

ভৃতঃ, প্রগ্রহে অনুগ্রহে ॥১৬—১৭॥ ব্যাবৃত্য অভিমুখীভূয়েত্যর্থঃ ॥১৮—২০॥ বিক্রান্ত-

অনুগ্রহে শস্যমর্দ্দনক্ষেত্রের মধ্যবর্ত্তী স্তম্ভের তুল্য। সুতরাং আপনি উৎপদ্যমান এই ভয়ঙ্কর অন্যায় কেন উপেক্ষা করিতেছেন ? ॥১৬॥

কুরুনন্দন রাজা ! সভারই মধ্যে দস্যুদেরই মত আপনাদের যে ঘটনা ঘটিয়া গিয়াছে, তাহাতে আর আপনি তপস্বীদের সম্মুখে শোভা পাইতেছেন না' ॥১৭॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, ভগবান্ মৈত্রেয়মুনি ফিরিয়া কোমল বাক্যে কোপনস্বভাব দুর্য্যোধনকে বলিলেন—॥১৮॥

'মহাবাহু ! বাগ্মিবর ! মহাভাগ ! দুর্য্যোধন ! আমি তোমার হিতের কথা বলিতেছি, শ্রবণ কর ॥১৯॥

নরশ্রেষ্ঠ ! রাজা ! পাণ্ডবগণের সহিত বিদ্রোহ করিও না ; নিজের, পাণ্ডবগণের, কৌরবগণের এবং জগতের প্রিয়কার্য্য কর ॥২০॥

সত্যব্রতধরাঃ সর্ব্বে সর্ব্বে পুরুষমানিনঃ।
হন্তারো দেবশত্রূণাং রক্ষসাং কামরূপিণাম্।
হিড়িম্ববকমুখ্যানাং কির্ম্মীরস্য চ রক্ষসঃ ॥২২॥
ইতঃ প্রব্রজতাং রাত্রৌ যঃ স তেষাং মহাত্মনাম্।
আবৃত্য মার্গং রৌদ্রাত্মা তস্থৌ গিরিরিবাচলঃ ॥২৩॥
তং ভীমঃ সমরশ্লাঘী বলেন বলিনাং বরঃ।
জঘান পশুমারেণ ব্যাঘ্রঃ ক্ষুদ্রমৃগং যথা ॥২৪॥
পশ্য দিগ্বিজয়ে রাজন্! যথা ভীমেন পাতিতঃ।
জরাসন্ধো মহেষ্বাসো নাগাযুতবলো যুধি ॥২৫॥
সম্বন্ধী বাসুদেবশ্চ শ্যালাঃ সর্ব্বে চ পার্ষতাঃ।
কস্তান্ যুধি সমাসীত জরামরণবান্ নরঃ ॥২৬॥

ভারতকৌমুদী

সত্যেতি। হিড়িম্ববকৌ মুখ্যৌ প্রধানৌ যেষাং তেষাম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥

অথাশ্রুতপূর্ব্বঃ কোঽসৌ কির্ম্মীর ইত্যাহ ইত ইতি। ইতো হস্তিনানগরাৎ, প্রব্রজতাং বনায় গচ্ছতাম্। রৌদ্রাত্মা ভয়ঙ্করমূর্ত্তিঃ ॥২৩॥

তমিতি। পশ্যাবব মারঃ প্রহারস্তেন ॥২৪॥

পশ্যেতি। দিগ্বিজয়ে ভাবিনি। নাগাযুতবলো দশসহস্রহস্তিতুল্যবলঃ ॥২৫॥

সম্বন্ধীতি। সম্বন্ধী মাতুলপুত্রঃ। পার্ষতাঃ পৃষতপৌত্রা ধৃষ্টদ্যুম্নাদয়ঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

যোধিনঃ বিক্রান্তাশ্চ যুদ্ধশীলাশ্চ, বজ্রসংহননাঃ বজ্রকায়া অতএব দৃঢ়াঃ ॥২১—২২॥ প্রব্রজতাং গচ্ছতাম্ ॥২৩॥ সমরে জেতুমিতি পাঠে ক্ষম ইত্যধ্যাহারঃ। পশুমারেণ পশুমারণ-

---

পাণ্ডবেরা সকলেই নরশ্রেষ্ঠ, বীর এবং বিক্রমের সহিত যুদ্ধকারী এবং তাহারা সকলেই দশসহস্র হস্তীর তুল্য বলশালী ও বজ্রের ন্যায় দৃঢ়শরীর ॥২১॥

পাণ্ডবেরা সকলেই সত্যপালনতৎপর, সকলেই পুরুষাভিমানী এবং দেবশত্রু ও কামরূপী হিড়িম্ব ও বকপ্রভৃতি রাক্ষসগণ এবং কির্ম্মীররাক্ষসের নিহন্তা ॥২২॥

সেই মহাত্মারা এই স্থান হইতে বনে যাইতেছিল, এই অবস্থায় রাত্রিতে সেই যে ভয়ঙ্করমূর্ত্তি কির্ম্মীররাক্ষস তাহাদের পথ রুদ্ধ করিয়া, পর্ব্বতের ন্যায় অচল হইয়া অবস্থান করিতেছিল ॥২৩॥

ব্যাঘ্র যেমন ক্ষুদ্র হরিণকে বধ করে, সেইরূপ যুদ্ধশ্লাঘী ও বলিশ্রেষ্ঠ ভীমসেন বলপূর্ব্বক সেই কির্ম্মীররাক্ষসকে পশুর ন্যায় বধ করিয়াছে ॥২৪॥

রাজা! তা'র পর দেখ—যে, ভীমসেন দিগ্বিজয়ের পূর্ব্বে মহাধনুর্দ্ধর ও দশসহস্র হস্তীর তুল্য বলশালী জরাসন্ধকে যুদ্ধে নিহত করিয়াছিল ॥২৫॥

তস্য তে শম এবাস্তু পাণ্ডবৈর্ভরতর্ষভ ! ।
কুরু মে বচনং রাজন্ ! মা মন্যুবশমন্বগাঃ ॥২৭॥

বৈশম্পায়ন উবাচ।

এবন্তু ব্রুবতস্তস্য মৈত্রেয়স্য বিশাংপতে ! ।
ঊরুং গজকরাকারং করেণাভিজঘান সঃ ॥২৮॥
দুর্য্যোধনঃ স্মিতং কৃত্বা চরণেনোল্লিখন্ মহীম্।
ন কিঞ্চিদুক্ত্বা দুর্মেধাস্তস্থৌ কিঞ্চিদবাঙ্মুখঃ ॥২৯॥
তমশুশ্রূষমাণস্তু বিলিখন্তং বসুন্ধরাম্।
দৃষ্ট্বা দুর্য্যোধনং রাজন্ ! মৈত্রেয়ং কোপ আবিশৎ ॥৩০॥
স কোপবশমাপন্নো মৈত্রেয়ো মুনিসত্তমঃ।
বিধিনা সম্প্রণুদিতঃ শাপায়াস্য মনো দধে ॥৩১॥

ভারতকৌমুদী

তস্যেতি। শমঃ শান্তিঃ। মন্যোঃ ক্রোধস্য বশং মা অন্বগা ন প্রাপ্নুয়াঃ ॥২৭॥
এবমিতি। অনাদরে ষষ্ঠী, মৈত্রেয়মনাদৃত্যেত্যর্থঃ। গজকরাকারং হস্তিশুণ্ডাতুল্যম্ ॥২৮॥
দুর্য্যোধন ইতি। স্মিতম্ ঔদ্ধত্যসূচকং মন্দহাস্যম্। দুর্মেধা দুর্বুদ্ধিঃ ॥২৯॥
তমিতি। অশুশ্রূষমাণং শ্রোতুমনিচ্ছন্তম্। বিলিখন্তং চরণাঙ্গুষ্ঠেন ॥৩০॥
স ইতি। আপন্নঃ প্রাপ্তঃ। বিধিনা দৈবেন, সম্প্রণুদিতঃ প্রেরিতঃ ॥৩১॥

ভারতভাবদীপঃ

প্রকারেণ ॥২৪—২৬॥ মন্যুবশং ক্রোধবশম্, মেতি নিষেধার্থো নিপাতো, ন তু মাঙ্ ॥২৭—৩০॥

কৃষ্ণ যাহাদের আত্মীয় এবং ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি যাহাদের শ্যালক, তাহাদের সহিত যুদ্ধে কোন্ জরামরণশালী মানুষ অবস্থান করিতে পারে ? ॥২৬॥

অতএব ভরতশ্রেষ্ঠ রাজা ! সেই পাণ্ডবদের সহিত তোমার শান্তিই হউক, আমার বাক্য রক্ষা কর, ক্রোধের অধীন হইও না' ॥২৭॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ জনমেজয় ! মৈত্রেয়মুনি এইরূপ বলিতেছিলেন, তাঁহাকে অগ্রাহ্য করিয়া দুর্য্যোধন হস্ত দ্বারা হস্তিশুণ্ডাকার স্বকীয় ঊরুদেশে আঘাত করিলেন ॥২৮॥

দুর্ম্মতি দুর্য্যোধন ঈষৎ হাস্য করিয়া, চরণের অঙ্গুষ্ঠ দ্বারা ভূতল উল্লিখন করতঃ কিছু না বলিয়া, ঈষৎ অধোবদন হইয়া রহিলেন ॥২৯॥

রাজা ! দুর্য্যোধন শুনিতে ইচ্ছা করিতেছেন না এবং চরণের অঙ্গুষ্ঠ দ্বারা ভূতল উল্লিখন করিতেছেন, ইহা দেখিয়া মৈত্রেয়ের ক্রোধ জন্মিল ॥৩০॥

---

(৩১)…বিধিনা চোদিতঃ সোঽথ…পি।

ততঃ স বার্য্যুপস্পৃশ্য কোপসংরক্তলোচনঃ।
মৈত্রেয়ো ধার্ত্তরাষ্ট্রং তমশপদ্দুষ্টচেতসম্ ॥৩২॥
যস্মাত্ত্বং মামনাদৃত্য নেমাং বাচং চিকীর্ষসি।
তস্মাদস্যাভিমানস্য সদ্যঃ ফলমবাপ্নুহি ॥৩৩॥
ত্বদভিদ্রোহসংযুক্তং যুদ্ধমুৎপৎস্যতে মহৎ।
তত্র ভীমো গদাঘাতৈস্তবোরুং ভেৎস্যতে বলী ॥৩৪॥
ইত্যেবমুক্তে বচনে ধৃতরাষ্ট্রো মহীপতিঃ।
প্রসাদয়ামাস মুনিং নৈতদেবং ভবেদিতি ॥৩৫॥

মৈত্রেয় উবাচ।

শমং যাস্যতি চেৎ পুত্রস্তব রাজন্! যদা তদা।
শাপো ন ভবিতা তাত! বিপরীতে ভবিষ্যতি ॥৩৬॥

ভারতকৌমুদী

তত ইতি। বার্য্যুপস্পৃশ্য জলেনাচম্য জলং সংস্পৃশ্য বা ॥৩২॥
যস্মাদিতি। ইমাং বাচম্ এতন্মদুক্তিবিষয়ম্, ন চিকীর্ষসি কর্ত্তুং নেচ্ছসি ॥৩৩॥
ত্বদিতি। তব অভিদ্রোহেণ সংযুক্তং প্রযুক্তম্। ভেৎস্যতে ভঙ্গং করিষ্যতি ॥৩৪॥
ইতীতি। এতৎ ত্বয়োক্তম্, এবং সত্যং ন ভবেৎ, ইত্যেবং প্রসাদয়ামাস ॥৩৫॥
শমমিতি। যদা তদা অদ্যারভ্য যস্মিন্ কস্মিন্নপি কালে। হে তাত! বৎস! ॥৩৬॥

ভারতভাবদীপঃ

প্রণুদিতঃ প্রেরিতঃ। প্রচোদিত ইতি পাঠেঽপি স এবার্থঃ ॥৩১—৩৬॥ বিলক্ষয়ন্ ভীমস্য

তখন মুনিশ্রেষ্ঠ মৈত্রেয় ক্রুদ্ধ এবং দৈবকর্ত্তৃক প্রেরিত হইয়া দুর্য্যোধনকে অভিসম্পাত করিবার ইচ্ছা করিলেন ॥৩১॥

তাহার পর, মৈত্রেয়মুনি ক্রোধে আরক্তনয়ন হইয়া জলস্পর্শ করিয়া দুরাত্মা দুর্য্যোধনকে অভিসম্পাত করিলেন—॥৩২॥

'যে হেতু তুমি আমাকে অগ্রাহ্য করিয়া, আমার এই কথার অনুরূপ কার্য্য করিতে ইচ্ছা করিতেছ না, সেই হেতু এই অভিমানের ফল সদ্যই ভোগ কর ॥৩৩॥

তোমার এই বিদ্রোহনিবন্ধন গুরুতর যুদ্ধ হইবে, তাহাতে বলবান্ ভীমসেন গদার আঘাতে তোমার উরুভঙ্গ করিবে' ॥৩৪॥

মৈত্রেয় এইরূপ বলিলে, 'মহর্ষি! এরূপ যেন হয় না' এই কথা বলিয়া রাজা ধৃতরাষ্ট্র তাঁহাকে প্রসন্ন করিবার চেষ্টা করিলেন ॥৩৫॥

মৈত্রেয় বলিলেন—'রাজা! আজ হইতে যে কোন সময়ে আপনার পুত্র যদি শান্তিলাভ করে, তবে আর এ শাপের ফল হইবে না, না হইলে হইবে' ॥৩৬॥

বৈশম্পায়ন উবাচ।

বিলক্ষয়ংস্তু রাজেন্দ্রো দুর্য্যোধনপিতা তদা।
মৈত্রেয়ং প্রাহ কির্ম্মীরঃ কথং ভীমেন পাতিতঃ ॥৩৭॥

মৈত্রেয় উবাচ।

নাহং বক্ষ্যামি তে ভূয়ো ন তে শুশ্রূষতে সুতঃ।
এষ তে বিদুরঃ সর্ব্বমাখ্যাস্যতি গতে ময়ি ॥৩৮॥
ইত্যেবমুক্ত্বা মৈত্রেয়ঃ প্রাতিষ্ঠত যথাগতম্।
কির্ম্মীরবধসংবিগ্নো বহির্দুর্য্যোধনো যযৌ ॥৩৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি অরণ্যযাত্রায়াং মৈত্রেয়বাক্যে নবমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০:———

ভারতকৌমুদী

বিলক্ষয়ন্নিতি। বিলক্ষয়ন্ কির্ম্মীরবধবৃত্তান্তশ্রবণেন ভীমস্য বলং পর্য্যালোচয়িষ্যন্ ॥৩৭॥

নেতি। যেন হি ন শুশ্রূষতে ন শ্রোতুমিচ্ছতি, তেনৈবাবজ্ঞাবগমাদিতি ভাবঃ। বিদুরস্য পাণ্ডবান্তিকে গমনাত্তত্র চ সর্ব্বথৈব কির্ম্মীরবধবৃত্তান্তশ্রবণাত্তৎকথনযোগ্যত্বেতি ভাবঃ ॥৩৮॥

ইতীতি। কির্ম্মীরবধেন তচ্ছ্রবণেন সংবিগ্নো ভীমস্য মহাবলত্বজ্ঞানেনোদ্বিগ্নঃ ॥৩৯॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি অরণ্যযাত্রায়াং নবমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

বলং বিশেষেণ অরমস্মজ্জযোগ্য ন বেত্তি রাক্ষসবলদ্বারা লক্ষয়ন্; হেতৌ শতৃপ্রত্যয়ঃ। বিলক্ষণ ইতি পাঠে দুর্য্যোধনস্য দুরাগ্রহেণ শাপভয়াৎ বিচ্ছায়ঃ। বলক্ষত্রেতি পাঠে "বলক্ষো ধবলোঽর্জ্জুনঃ" ইতি কোষবৎ স এবার্থঃ ॥৩৭—৩৮॥ কির্ম্মীরবধসংবিগ্নঃ কির্ম্মীরস্য বধো যস্মাৎ ভীমসেনাৎ সংবিগ্নঃ উদ্বিগ্নঃ। শত্রুযশো দুঃখশ্রবণমিত্যর্থঃ ॥৩৯॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবমোঽধ্যায়ঃ ॥৯॥

বৈশম্পায়ন কহিলেন—তখন ধৃতরাষ্ট্র ভীমের বল পর্য্যালোচনা করিবার জন্য মৈত্রেয়মুনিকে বলিলেন—'ভীম কি প্রকারে কির্ম্মীরকে বধ করিয়াছিল?' ॥৩৭॥

মৈত্রেয় বলিলেন—'আপনার পুত্র আমার কথা শুনিতে ইচ্ছা করে না; সুতরাং আমি আর আপনাকে কিছু বলিব না। আমি চলিয়া গেলে, এই বিদুরই আপনার নিকট কির্ম্মীরবধের সমস্ত বৃত্তান্ত বলিবেন' ॥৩৮॥

মৈত্রেয়মুনি এই কথা বলিয়া যথাস্থানে প্রস্থান করিলেন; দুর্য্যোধনও কির্ম্মীরবধের সংবাদ শুনিয়া উদ্বিগ্ন হইয়া বাহিরে চলিয়া গেলেন ॥৩৯॥

* …দশমোঽধ্যায়ঃ, বা ব কা নি; দ্বাদশোঽধ্যায়ঃ, পি।

(২। কির্ম্মীরবধপর্ব্ব।)

দশমোঽধ্যায়ঃ

ধৃতরাষ্ট্র উবাচ।

কির্ম্মীরস্য বধং ক্ষত্তঃ ! শ্রোতুমিচ্ছামি কথ্যতাম্।
রক্ষসা ভীমসেনস্য কথমাসীৎ সমাগমঃ ॥১॥

বিদুর উবাচ।

শৃণু ভীমস্য কর্ম্মেদমতিমানুষকর্ম্মণঃ।
শ্রুতপূর্ব্বং ময়া তেষাং কথান্তেষু পুনঃ পুনঃ ॥২॥
ইতঃ প্রয়াতা রাজেন্দ্র ! পাণ্ডবা দ্যূতনির্জ্জিতাঃ।
জগ্মুস্ত্রিভিরহোরাত্রৈঃ কাম্যকং নাম তদ্বনম্ ॥৩॥
রাত্রৌ নিশীথে স্বাভীলে গতেঽর্দ্ধসময়ে নৃপ !।
প্রচারে পুরুষাদানাং রক্ষসাং ঘোরকর্ম্মণাম্ ॥৪॥
তদ্বনং তাপসা নিত্যং গোপাশ্চ বনচারিণঃ।
দূরাৎ পরিহরন্তি স্ম পুরুষাদভয়াৎ কিল ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কির্ম্মীরস্যেতি। হে ক্ষত্তঃ ! বিদুর !। রক্ষসা কির্ম্মীররাক্ষসেন সহ, সমাগমো মেলনম্ ॥১॥
শৃণ্বিতি। অতিমানুষমলৌকিকং কর্ম্ম যস্য তস্য। কথান্তেষু কথাপ্রসঙ্গেষু ॥২॥
ইত ইতি। ইতো হস্তিনানগরাৎ, প্রয়াতাঃ প্রস্থিতাঃ সন্তঃ ॥৩॥
রাত্রাবিতি। আভীলে কষ্টজনকে, "স্যাৎ কষ্টং কৃচ্ছ্রমাভীলং ত্রিষেষাং ভেদ্যগামি যৎ"

ভারতভাবদীপঃ

কির্ম্মীরস্যেতি ॥১—৩॥ আভীলে ভয়ঙ্করে। স্বাভীলে ইত্যপি পাঠঃ। "আভীলং ভীষণে কৃচ্ছ্রে" ইতি বিশ্বঃ। অর্দ্ধসময়েঽর্দ্ধজ্ঞানে গতে সতি লোকে তন্দ্রাবতি সতীত্যর্থঃ।

ধৃতরাষ্ট্র বলিলেন—'বিদুর ! আমি কির্ম্মীরবধের বৃত্তান্ত শুনিতে ইচ্ছা করি, তুমি বল। কি প্রকারে রাক্ষসের সহিত ভীমের সম্মেলন হইয়াছিল ?' ॥১॥

বিদুর কহিলেন—'মহারাজ ! শ্রবণ করুন। আমি পাণ্ডবগণের কথা-প্রসঙ্গে বার বার অলৌকিককর্ম্মা ভীমের এই কার্য্যের কথা শুনিয়াছি ॥২॥

মহারাজ ! পাণ্ডবেরা দ্যূতক্রীড়ায় পরাজিত হইয়া, এ স্থান হইতে প্রস্থান করিয়া, তিন দিন তিন রাত্রিতে সেই কাম্যকবনে গিয়াছিলেন ॥৩॥

(৪) রাত্রৌ নিশীথে গম্ভীরে···পি, রাত্রৌ নিশীথে স্বাভীলে···বা। (৫) তদ্বনং পুরুষা নিত্যম্···বা ব ক।

তেষাং প্রবিশতাং তত্র মার্গমাবৃত্য ভারত ! ।
দীপ্তাক্ষং ভীষণং রক্ষঃ সোল্মুকং প্রত্যপদ্যত ॥৬॥
বাহূ মহান্তৌ কৃত্বা তু তথাস্যঞ্চ ভয়ানকম্ ।
স্থিতমাবৃত্য পন্থানং যত্র যান্তি কুরূদ্বহাঃ ॥৭॥
স্পষ্টাষ্টদংষ্ট্রং তাম্রাক্ষং প্রদীপ্তোর্দ্ধশিরোরুহম্ ।
সার্করশ্মিতড়িচ্চক্রং সবলাকমিবাম্বুদম্ ॥৮॥
সৃজন্তং রাক্ষসীং মায়াং মহানাদনিনাদিনম্ ।
মুঞ্চন্তং বিপুলান্ নাদান্ সতোয়মিব তোয়দম্ ॥৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ইত্যমরঃ। নিশীথস্যাপ্যর্দ্ধসময়ে গতে সতি। পুরুষান্ মানুষান্ অদন্তি ভক্ষয়ন্তীতি তেষাম্। প্রচারে বিচরণকালে। পুরুষাদভয়াৎ রাক্ষসভয়াৎ ॥৪—৫॥

তেষামিতি। তেষাং পাণ্ডবানাম্। আবৃত্য অবরুধ্য। সোল্মুকং জ্বলৎকাষ্ঠসহিতম্ ॥৬॥

বাহূ ইতি। মহান্তৌ প্রসারিতৌ, আস্যং মুখঞ্চ, তথা প্রসারিতং কৃত্বা ॥৭॥

স্পষ্টেতি। স্পষ্টা মুখব্যাদানাৎ সুব্যক্তা অষ্টৌ দংষ্ট্রা ঊর্দ্ধাধশ্চতুঃসংখ্যকা দন্তা যস্য তম্, তাম্রে তাম্রবর্ণে অক্ষিণী চক্ষুষী যস্য তম্, প্রদীপ্তা উজ্জ্বলা ঊর্দ্ধা উন্নতাশ্চ শিরোরুহাঃ কেশা যস্য তঞ্চ। অতএব অর্করশ্মিভিঃ সূর্য্যকিরণৈঃ তড়িচ্চক্রেণ চক্রাকারবিদ্যুতা চ সহেতি তম্, বলাকয়া বকপঙ্‌ক্ত্যা সহেতি সবলাকঞ্চ, অম্বুদং জলবর্ষিণং মেঘমিব স্থিতম্। অত্র

ভারতভাবদীপঃ

"সময়ঃ শপথাচারে কালে সিদ্ধান্তসম্বিদোঃ" ইতি বিশ্বঃ। সম্প্রাপ্তে ইত্যপপাঠঃ ॥৪—৭॥ স্পষ্টেতি। অক্ষিবলাকয়োঃ কেশার্করশ্ম্যোর্দন্ততড়িতোশ্চোপমোপমেয়ভাবঃ। তড়িদ্বক্ত্র-মিত্যপপাঠঃ ॥৮॥ "মহানাদঃ কুঞ্জরে স্যাদ্বার্ষিকাব্দে ভয়ানকে" ইতি বিশ্বঃ ॥৯॥ সম্প্রেত্যুঃ

কষ্টকর রাত্রির অর্দ্ধসময় অতীত হইলে, নরমাংসভোজী ভয়ঙ্কর রাক্ষসেরা সেখানে বিচরণ করিয়া থাকে। সুতরাং তখন সেই সকল রাক্ষসের ভয়ে সর্ব্বদাই তপস্বীরা, গোপালেরা এবং অন্যান্য বনচারীরা দূর হইতেই সে বন-টাকে পরিত্যাগ করিয়া থাকেন ॥৪—৫॥

অথচ সেই সময়েই পাণ্ডবেরা সেই বনে প্রবেশ করিতেছিলেন; তখন উজ্জ্বলনয়ন ও মশালধারী ভয়ঙ্কর একটা রাক্ষস তাঁহাদের পথরোধ করিয়া উপস্থিত হইল ॥৬॥

এবং সেই রাক্ষস বাহুযুগলকে ও ভয়ঙ্কর মুখখানাকে প্রসারিত করিয়া—যে পথে পাণ্ডবেরা যাইতেছিলেন, সেই পথ রুদ্ধ করিয়া দাঁড়াইল ॥৭॥

সেই রাক্ষসের আটটা দাঁত বাহির হইয়া পড়িয়াছিল, নয়নযুগল তাম্রবর্ণ

(৭)…যেন যান্তি কুরূদ্বহাঃ…বা ব কা নি। (৮) সন্দষ্টৌষ্ঠম্…পি, মহাষ্টদংষ্ট্রম্…নি।

তস্য নাদেন সন্ত্রস্তাঃ পক্ষিণঃ সর্ব্বতো দিশম্।
বিমুক্তনাদাঃ সম্পেতুঃ স্থলজা জলজৈঃ সহ ॥১০॥
সম্প্রদ্রুতমৃগদ্বীপি-মহিষর্ক্ষসমাকুলম্।
তদ্বনং তস্য নাদেন সম্প্রস্থিতমিবাভবৎ ॥১১॥
তস্যোরুবাতাভিহতাস্তাম্রপল্লববাহবঃ।
বিদূরজাতাশ্চ লতাঃ সমাশ্লিষ্যন্তি পাদপান্ ॥১২॥

ভারতকৌমুদী

অম্বুদেন সহ দেহস্য শ্যামত্বাৎ, বলাকয়া সহ দন্তানাং শুভ্রত্বাৎ, তড়িচ্চক্রেণ সহ অক্ষোস্তাম্রত্বাৎ, অর্করশ্মিভিঃ সহ চ প্রদীপ্তোর্দ্ধশিরোরুহাণাং ক্রমবৈষম্যেঽপি ধর্ম্মসাম্যাৎ সাদৃশ্যং বোধ্যম্। তথা রাক্ষসীং মায়াম্, সৃজন্তমুৎপাদয়ন্তম্, মহানাদবৎ গজবৎ নিনাদিনং শব্দায়মানম্। "মহানাদো গজেঽপি চ" ইতি ত্রিকাণ্ডশেষঃ। অতএব বিপুলান্ নাদান্ গর্জনানি, মুঞ্চন্তং সতোয়ং তোয়দং মেঘমিব স্থিতঞ্চ তং রাক্ষসং দদৃশুরিতি শেষঃ। অত্র চ তোয়দেন সহ দেহস্য, তোয়েন সহ মায়ায়াঃ, গর্জনেন সহ চ নাদস্য সাম্যং জ্ঞেয়ম্ ॥৮—৯॥

তস্যেতি। জলজৈঃ পক্ষিভিঃ সহ স্থলজাঃ পক্ষিণঃ, তস্য নাদেন সন্ত্রস্তাঃ, অতএব বিমুক্তনাদাঃ সন্তঃ, সর্ব্বতঃ সর্বাং দিশম্, সম্পেতুর্জগ্মুঃ ॥১০॥

সমিতি। সম্প্রদ্রুতৈঃ পলায়িতৈঃ মৃগৈর্হরিণৈঃ দ্বীপিভির্ব্যাঘ্রৈঃ মহিষৈঃ ঋক্ষৈর্ভল্লূকৈশ্চ সমাকুলং তদ্বনম্, তস্য রাক্ষসস্য নাদেন, সম্প্রস্থিতং বিচলিতমিব অভবৎ ॥১১॥

তস্যেতি। তাম্রাঃ পল্লবাঃ পল্লবযুক্তাঃ শাখা এব বাহবো যাসাং তাঃ, বিদূরজাতা অধিকদূরোৎপন্না লতাশ্চ, তস্য রাক্ষসস্য উরুবাতেন আগমনকালীনোরুবায়ুনা অভিহতাঃ সত্যঃ, পাদপান্ বৃক্ষান্, সমাশ্লিষ্যন্তি আলিঙ্গন্তি স্ম। অত্র লিঙ্গসাম্যেন লতাপাদপেষু স্ত্রীপুরুষব্যবহারসমারোপাৎ সমাসোক্তিরলঙ্কারঃ ॥১২॥

ছিল এবং মাথার চুলগুলি উজ্জ্বল ও উঁচু উঁচু ছিল; সুতরাং নীচ দিয়া বকপক্ষীর শ্রেণী চলিতে থাকিলে, সূর্য্যের কিরণ উপরের দিকে উঠিতে লাগিলে এবং গোলাকার বিদ্যুৎ প্রকাশ পাইতে থাকিলে জলবর্ষী মেঘের ন্যায় তাহাকে দেখা যাইতে লাগিল এবং সে, রাক্ষসী মায়া আবিষ্কার করিয়াছিল ও হস্তীর ন্যায় গর্জন করিতেছিল; অতএব গর্জনকারী ও জলপূর্ণ মেঘের ন্যায় তাহাকে দেখা যাইতে থাকিল ॥৮—৯॥

স্থলজাত পক্ষিগণ সেই রাক্ষসের গর্জনে ভীত হইয়া, নানাবিধ রব করিয়া, জলজাত পক্ষিগণের সহিত সকল দিকে পলায়ন করিতে লাগিল ॥১০॥

হরিণ, ব্যাঘ্র, মহিষ ও ভল্লুকপ্রভৃতি পশুগণও সেই রাক্ষসের গর্জনে পলায়ন করিতে থাকিল; তাহাতে সেই বনটাও যেন আকুল হইয়া প্রস্থান করিতে লাগিল ॥১১॥

তস্মিন্ ক্ষণেঽথ প্রববৌ মারুতো ভৃশদারুণঃ।
রজসা সংবৃতং তেন নষ্টজ্যোতিরভূন্নভঃ ॥১৩॥
পঞ্চানাং পাণ্ডুপুত্ত্রাণামবিজ্ঞাতো মহারিপুঃ।
পঞ্চানামিন্দ্রিয়ার্থানাং শোকাবেগ ইবাতুলঃ ॥১৪॥
স দৃষ্ট্বা পাণ্ডবান্ দূরাৎ কৃষ্ণাজিনসমাবৃতান্।
আবৃণোত্তদ্বনদ্বারং মৈনাক ইব পর্ব্বতঃ ॥১৫॥
তং সমাসাদ্য বিত্রস্তা কৃষ্ণা কমললোচনা।
অদৃষ্টপূর্ব্বসন্ত্রাসান্ন্যমীলয়ত লোচনে ॥১৬॥
দুঃশাসনকরোৎসৃষ্টবিপ্রকীর্ণশিরোরুহা।
পঞ্চপর্ব্বতমধ্যস্থা নদীবাকুলতাং গতা ॥১৭॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। অথ তস্মিন্ ক্ষণে, ভৃশদারুণো মারুত ঔৎপাতিকবায়ুঃ প্রববৌ। তেন চ নভ আকাশম্, রজসা ধূলিজালেন সংবৃতং সৎ, নষ্টানি অদৃষ্টানি জ্যোতীংষি নক্ষত্রাণি যস্মিন্ তাদৃশমভূৎ ॥১৩॥

পঞ্চানামিতি। পঞ্চানাম্ ইন্দ্রিয়ার্থানাং কর্ণাদীন্দ্রিয়বিষয়াণাং শব্দস্পর্শরূপরসগন্ধানাম্, অতুলঃ শোকাবেগ ইব, স রাক্ষসঃ, পঞ্চানাং পাণ্ডুপুত্ত্রাণাম্, অবিজ্ঞাতো মহারিপুরাসীৎ; বিনাশোন্মুখত্বাদিতি ভাবঃ ॥১৪॥

স ইতি। তদ্বনদ্বারং কাম্যকবনপ্রবেশপথম্, আবৃণোৎ স্বশরীরেণাবারুণৎ ॥১৫॥

তমিতি। অদৃষ্টপূর্ব্বাত্রাক্ষসাদ্যঃ সন্ত্রাসো ভয়ং তস্মাৎ, ন্যমীলয়ত মুদ্রিতবতী ॥১৬॥

দূরবর্ত্তী লতাগুলি তাহার উরুযুগলের বায়ুতে আহত হইয়া তাম্রবর্ণ-পল্লব-যুক্ত শাখারূপ বাহুদ্বারা বৃক্ষসমূহকে আলিঙ্গন করিতে থাকিল ॥১২॥

সেই সময়ে অতিভয়ঙ্কর বায়ু বহিতে হইতে লাগিল; তাহাতে আকাশটা ধূলিজালে আবৃত হইয়া পড়িল; সুতরাং নক্ষত্রগুলি দৃষ্টিগোচর হইল না ॥১৩॥

অতুলনীয় শোকাবেগ যেমন অজ্ঞাতভাবে উপস্থিত হইয়া, শব্দ-স্পর্শ-প্রভৃতির অনুভবে বাধা দিয়া কর্ণপ্রভৃতি পঞ্চ ইন্দ্রিয়ের মহাশত্রু হয়, সেইরূপ সেই রাক্ষস অজ্ঞাতভাবে উপস্থিত হইয়া, বনপ্রবেশে বাধা দিয়া পঞ্চ পাণ্ডবের মহাশত্রু হইল ॥১৪॥

কির্ম্মীররাক্ষস কৃষ্ণাজিনধারী পাণ্ডবগণকে দূর হইতে দেখিয়া মৈনাক-পর্ব্বতের ন্যায় সেই বনপ্রবেশের পথ রুদ্ধ করিয়া দাঁড়াইল ॥১৫॥

কমলনয়না দ্রৌপদী সেই রাক্ষসকে দেখিয়া অত্যন্তভীত হইলেন এবং অদৃষ্টপূর্ব্ব আকৃতি দর্শন করায় ভয়ে নয়নযুগল মুদ্রিত করিলেন ॥১৬॥

(১৪)...শোকাবেগঃ...বা ব কা নি।

মোমুহ্যমানাং তাং তত্র জগৃহুঃ পঞ্চ পাণ্ডবাঃ।
ইন্দ্রিয়াণি প্রসক্তানি বিষয়েষু যথা রতিম্ ॥১৮॥
অথ তাং রাক্ষসীং মায়ামুত্থিতাং ঘোরদর্শনাম্।
রক্ষোঘ্নৈর্বিবিধৈর্মন্ত্রৈর্ধৌম্যঃ সম্যক্ প্রযোজিতৈঃ।
পশ্যতাং পাণ্ডুপুত্রাণাং নাশয়ামাস বীর্য্যবান্ ॥১৯॥
স নষ্টমায়োঽতিবলঃ ক্রোধবিস্ফারিতেক্ষণঃ।
কামমূর্ত্তিধরঃ ক্রূরঃ কালকল্পো ব্যদৃশ্যত ॥২০॥
তমুবাচ ততো রাজা দীর্ঘপ্রজ্ঞো যুধিষ্ঠিরঃ।
কো ভবান্ কস্য বা কিং তে ক্রিয়তাং কার্য্যমুচ্যতাম্ ॥২১॥
প্রত্যুবাচাথ তদ্রক্ষো ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্।
অহং বকস্য বৈ ভ্রাতা কির্ম্মীর ইতি বিশ্রুতঃ ॥২২॥

ভারতকৌমুদী

দুরিতি। দুঃশাসনস্য করেণ উন্মৃষ্টা আকৃষ্টা অতএব বিপ্রকীর্ণা অসংযমনাদ্বিক্ষিপ্তাঃ শিরোরুহাঃ কেশা যস্যাঃ সা। আকুলতাং ভয়বিহ্বলতাং প্রবহণবৈকল্যঞ্চ ॥১৭॥

মোমুহ্যমানামিতি। বিষয়েষু শব্দাদিষু, প্রসক্তানি প্রবৃত্তানি, রতিমনুরাগম্ ॥১৮॥

অথেতি। পশ্যতামেবাস্থিকে। বীর্য্যবান্ মন্ত্রশক্তিশালী। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৯॥

স ইতি। ক্রোধেন বিস্ফারিতে বিশালীকৃতে ঈক্ষণে চক্ষুষী যেন সঃ ॥২০॥

তমিতি। দীর্ঘপ্রজ্ঞো ভয়েঽপ্যবিচ্ছিন্নবুদ্ধিঃ। কস্য সম্বন্ধী। ক্রিয়তামস্মাভিরিতি শেষঃ ॥২১॥

দুঃশাসনের আকর্ষণে দ্রৌপদীর কেশকলাপ আলুলায়িত হইয়াছিল এবং তখনও তাহা সেই ভাবেই ছিল; এহেন দ্রৌপদী পঞ্চপর্ব্বতমধ্যবর্ত্তিনী নদীর ন্যায় পঞ্চ পাণ্ডবের মধ্যে থাকিয়াও ভয়ে আকুল হইয়াছিলেন ॥১৭॥

কর্ণপ্রভৃতি পঞ্চ ইন্দ্রিয় যেমন শব্দপ্রভৃতি পঞ্চ বিষয়ে সংসক্ত হইয়া সেই সেই বিষয়ে অনুরাগ অবলম্বন করে, সেইরূপ পঞ্চ পাণ্ডবই তখন অত্যন্ত মোহিতা দ্রৌপদীকে ধারণ করিলেন ॥১৮॥

তখন পাণ্ডবেরা দেখিতে পাইলেন যে, মন্ত্রশক্তিশালী ধৌম্যপুরোহিত যথানিয়মে নানাবিধ রক্ষোঘ্ন মন্ত্র পাঠ করিয়া সেই ভয়ঙ্কর রাক্ষসী-মায়া বিনষ্ট করিলেন ॥১৯॥

মায়া বিনষ্ট হইলে, মহাবলশালী, ক্রোধ-বিস্ফারিত-নয়ন, কামরূপী ও ক্রূরপ্রকৃতি সেই রাক্ষসটাকে যমের ন্যায় দেখা যাইতে লাগিল ॥২০॥

তাহার পর, নির্ভীকচিত্ত রাজা যুধিষ্ঠির সেই রাক্ষসকে বলিলেন—'তুমি কে? কাহার লোক? আমরাই বা তোমার কি করিব? বল' ॥২১॥

বনেঽস্মিন্ কাম্যকে শূন্যে নিবসামি গতজ্বরঃ।
যুধি নির্জ্জিত্য পুরুষানাহারং নিত্যমাচরন্ ॥২৩॥
কে যূয়মিহ সম্প্রাপ্তা ভক্ষ্যভূতা মমান্তিকম্।
যুধি নির্জ্জিত্য বঃ সর্বান্ ভক্ষয়িষ্যে গতজ্বরঃ ॥২৪॥

বিদুর উবাচ।

যুধিষ্ঠিরস্তু তচ্ছ্রুত্বা বচস্তস্য দুরাত্মনঃ।
আচচক্ষে ততঃ সর্বং গোত্রনামাদি ভারত! ॥২৫॥

যুধিষ্ঠির উবাচ।

পাণ্ডবো ধর্ম্মরাজোঽহং যদি তে শ্রোত্রমাগতঃ।
সহিতো ভ্রাতৃভিঃ সর্বৈর্ভীমসেনার্জ্জুনাদিভিঃ ॥২৬॥
হৃতরাজ্যো বনেবাসং বস্তুং কৃতমতিস্ততঃ।
বনমভ্যাগতো ঘোরমিদং তব পরিগ্রহম্ ॥২৭॥

ভারতকৌমুদী

প্রত্যুবাচেতি। তত্রক্ষঃ স রাক্ষসঃ। বকস্য ভীমেন নিহতপূর্ব্বস্য বকরাক্ষসস্য ।২২।

বন ইতি। গতজ্বরঃ সর্ব্বথা সন্তাপশূন্যঃ। পুরুষান্ মানুষান্ ।২৩।

ক ইতি। সম্প্রাপ্তা উপস্থিতাঃ। গতজ্বরো বিনা কারণং হত্যয়াপি সন্তাপহীনঃ ।২৪।

যুধীতি। আদিপদাদ্দেশরাজধান্যাদীনাং গ্রহণম্ ।২৫।

পাণ্ডব ইতি। ধর্ম্মরাজ ইত্যনেনাত্মনো ধার্ম্মিকতয়া অহিংসা সূচিতা। শ্রোত্রং কর্ণম্ ।২৬।

হৃতেতি। বনে বাসো যস্মিন্ কর্ম্মণীত্যলুক্‌সমাসঃ। পরিগ্রহম্ অধিকারাস্পদম্ ।২৭।

তদনন্তর সেই রাক্ষস ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে কহিল—'আমি বকরাক্ষসের ভ্রাতা এবং 'কির্ম্মীর'—নামে প্রসিদ্ধ ॥২২॥

আমি সর্ব্বদা যুদ্ধে মনুষ্যগণকে জয় করিয়া ভক্ষণ করতঃ এই শত্রুশূন্য কাম্যকবনে নিরুপদ্রবে বাস করিতেছি ॥২৩॥

তোমরাই বা কে আমার খাদ্য হইয়া আমার নিকটে এখন উপস্থিত হইয়াছ? তোমাদের সকলকেও যুদ্ধে জয় করিয়া সুখে ভক্ষণ করিব' ॥২৪॥

বিদুর বলিলেন—'ভরতনন্দন! তাহার পর যুধিষ্ঠির সেই দুরাত্মার সেই কথা শুনিয়া গোত্র ও নামপ্রভৃতি সমস্তই বলিলেন ॥২৫॥

যুধিষ্ঠির বলিলেন—'আমি পাণ্ডুনন্দন ধর্ম্মরাজ যদি তোমার কাণে আসিয়া থাকি; এখন আমি ভীম ও অর্জ্জুনপ্রভৃতি সকল ভ্রাতাদের সঙ্গে এখানে আসিয়াছি ॥২৬॥

বিদুর উবাচ।

কির্ম্মীরস্ত্বব্রবীদেনং দিষ্ট্যা দেবৈরিদং মম।
উপপাদিতমদ্যেহ চিরকালান্মনোগতম্ ॥২৮॥
ভীমসেনবধার্থং হি নিত্যমভ্যুদ্যতায়ুধঃ।
চরামি পৃথিবীং কৃৎস্নাং নৈনমাসাদয়াম্যহম্ ॥২৯॥
সোঽয়মাসাদিতো দিষ্ট্যা ভ্রাতৃহা কাঙ্ক্ষিতশ্চিরম্।
অনেন হি মম ভ্রাতা বকো বিনিহতঃ প্রিয়ঃ ॥৩০॥
বেত্রকীয়বনে রাজন্! ব্রাহ্মণচ্ছদ্মরূপিণা।
বিদ্যাবলমুপাশ্রিত্য নহ্যস্ত্যস্যৌরসং বলম্ ॥৩১॥ (যুগ্মকম্)
হিড়িম্বশ্চ সখা মহ্যং দয়িতো বনগোচরঃ।
হতো দুরাত্মনাঽনেন স্বসা চাস্য হৃতা পুরা ॥৩২॥

ভারতকৌমুদী

কির্ম্মীর ইতি। দিষ্ট্যা ভাগ্যেন। উপপাদিতং সম্পাদিতম্। মনোগতমভীষ্টম্ ॥২৮॥

ভীমেতি। অভ্যুদ্যতায়ুধ উত্তোলিতাস্ত্রঃ। কৃৎস্নাং সর্ব্বাম্। আসাদয়ামি প্রাপ্নোমি ॥২৯॥

স ইতি। দিষ্ট্যা ভাগ্যেন, ভ্রাতৃহা ভ্রাতৃহন্তা। হি যস্মাৎ। বেত্রকীয়বনে একচক্রা-নগরীয়ারণ্যে। বিদ্যাবলং মন্ত্রশক্তিম্, ঔরসং দৈহিকম্ ॥৩০—৩১॥

হিড়িম্ব ইতি। মহ্যং মম, দয়িতঃ প্রিয়ঃ, বনগোচরো বনবাসী। স্বসা ভগিনী ॥৩২॥

শত্রুরা আমার রাজ্য হরণ করিয়া নিয়াছে; তাই আমি বনে বাস করিবার ইচ্ছা করিয়া তোমার অধিকারভুক্ত এই ভয়ঙ্কর বনে আসিয়াছি' ॥২৭॥

বিদুর কহিলেন—'তখন কির্ম্মীর যুধিষ্ঠিরকে বলিল—ভাগ্যবশতঃ দেবতারা আমার মনের অভীষ্ট বহুকালের পর আজ এখানে উপস্থিত করিয়াছেন ॥২৮॥

কারণ, আমি ভীমের বধের জন্য সর্ব্বদাই অস্ত্র উত্তোলন করিয়া সমস্ত পৃথিবী বিচরণ করিতেছি; কিন্তু উহাকে পাইতেছি না ॥২৯॥

আজ ভাগ্যবশতঃ সেই ভ্রাতৃহন্তা চিরবাঞ্ছিত ভীমটাকে এই পাইয়াছি। রাজা! এই ভীমই ব্রাহ্মণের রূপ ধারণ করিয়া মন্ত্রশক্তি অবলম্বনপূর্ব্বক একচক্রানগরীর বনপ্রান্তে আমার প্রিয়ভ্রাতা বককে বিনাশ করিয়াছিল; কিন্তু উহার দৈহিক বল নাই ॥৩০—৩১॥

এবং এই দুরাত্মাই পূর্ব্বে আমার প্রিয়সখা বনবাসী হিড়িম্বকে বধ করিয়াছিল এবং তাহার ভগিনী হিড়িম্বাকে হরণ করিয়াছিল ॥৩২॥

(৩১) বেত্রকীয়গৃহে রাজন্!…পি।

সোঽয়মভ্যাগতো মূঢ়ো মমেদং গহনং বনম্।
প্রচারসময়েঽস্মাকমর্দ্ধরাত্রে স্থিতে সমে ॥৩৩॥
অদ্যাস্য পাতয়িষ্যামি তদ্বৈরং চিরসম্ভৃতম্।
তর্পয়িষ্যামি চ বকং রুধিরেণাস্য ভূরিণা ॥৩৪॥
অদ্যাহমনৃণো ভূত্বা ভ্রাতুঃ সখ্যুস্তথৈব চ।
শান্তিং লব্ধাস্মি পরমাং হত্বা রাক্ষসকণ্টকম্ ॥৩৫॥
যদি তেন পুরা মুক্তো ভীমসেনো বকেন বৈ।
অদ্যৈনং ভক্ষয়িষ্যামি পশ্যতস্তে যুধিষ্ঠির! ॥৩৬॥
এতং হি বিপুলপ্রাণমদ্য হত্বা বৃকোদরম্।
সংভক্ষ্য জরয়িষ্যামি যথাগস্ত্যো মহাসুরম্ ॥৩৭॥

ভারতকৌমুদী

স ইতি। গহনং নিবিড়ম্। সমে উভয়তঃ সমানভাগে ॥৩৩॥
অদ্যেতি। অস্য ভীমস্যোপরি, পাতয়িষ্যামি আরোপয়িষ্যামি ॥৩৪॥
অদ্যেতি। লব্ধাস্মি লপ্স্যে। রাক্ষসানাং কণ্টকং ক্ষুদ্রশত্রুং ভীমম্ ॥৩৫॥
যদীতি। বকেন সদয়ত্বান্মুক্তঃ, অহন্তু নির্দ্দয়ত্বাদ্ভক্ষয়িষ্যামীত্যাশয়ঃ ॥৩৬॥
এতমিতি। বিপুলপ্রাণং মহাবলম্। জরয়িষ্যামি জীর্ণীকরিষ্যামি। মহাসুরং বাতাপিম্ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

একীবক্তুঃ ॥১০—১৩॥ পঞ্চানাং শব্দাদীনামিন্দ্রিয়ার্থানামিন্দ্রিয়ৈরর্থ্যমানানাং কৃতে, শোকাবেশঃ শোকাগমঃ ॥১৪—৩০॥ বেত্রকীয়বনে একচক্রায়াম্ ॥৩১॥ মহ্যং মম ॥৩২—৩৪॥

ঠিক্ অর্দ্ধরাত্রকালই আমাদের বিচরণের কাল; এই সময়েই সেই মূর্খ ভীমটা এই আমার এই নিবিড় বনে আসিয়াছে ॥৩৩॥

আজ আমি সেই চিরসঞ্চিত শত্রুতার ফল উহার উপরে আরোপ করিব এবং উহার প্রচুর রক্ত দ্বারা বকের তর্পণ করিব ॥৩৪॥

আজ আমি রাক্ষসকণ্টক ভীমকে বধ করিয়া, ভ্রাতা ও সখার নিকট অঋণী হইয়া পরম শান্তি লাভ করিব ॥৩৫॥

যুধিষ্ঠির! যদিও সেই বক পূর্ব্বে ভীমকে ছাড়িয়া দিয়াছিল, তথাপি আমি আজ তোমার সাক্ষাতেই উহাকে ভক্ষণ করিব ॥৩৬॥

অগস্ত্যমুনি যেমন বাতাপিকে ভক্ষণ করিয়া জীর্ণ করিয়াছিলেন, তেমন আমি আজ এই ভীমটাকে বধ করিয়া ভক্ষণপূর্ব্বক জীর্ণ করিব' ॥৩৭॥

(৩৭) এনং হি···বা ব কা।

এবমুক্তঃ স ধর্ম্মাত্মা সত্যসন্ধো যুধিষ্ঠিরঃ।
নৈতদস্তীতি সক্রোধো ভৎর্সয়ামাস রাক্ষসম্ ॥৩৮॥
ততো ভীমো মহাবাহুরারুজ্য তরসা দ্রুমম্।
দশব্যামমথোদ্বিদ্ধং নিষ্পত্রমকরোত্তদা ॥৩৯॥
চকার সজ্যং গাণ্ডীবং বজ্রনিষ্পেষগৌরবম্।
নিমেষান্তরমাত্রেণ তথৈব বিজয়োঽর্জুনঃ ॥৪০॥
নিবার্য্য ভীমো জিষ্ণুন্তু তদ্রক্ষো মেঘনিস্বনম্।
অভিক্রম্যাব্রবীদ্বাক্যং তিষ্ঠ তিষ্ঠেতি ভারত! ॥৪১॥

ভারতকৌমুদী

এবমিতি। এতৎ সত্যং নাস্তি ন ভবিষ্যতীতি ভবিষ্যৎসামীপ্যে বর্ত্তমানা ॥৩৮॥

তত ইতি। ততো মহাবাহুর্ভীমঃ, তরসা বলেন, উদ্বিদ্ধমুৎপাটিতম্, দশ ব্যামাঃ পরিমাণং যস্য তং তাদৃশং কঞ্চিৎ দ্রুমম্, আরুজ্য যোগ্যস্থানে ভঙ্‌ক্ত্বা, অথো তদৈব নিষ্পত্রমকরোৎ। "ব্যামো বাহ্বোঃ সকরয়োস্ততয়োস্তির্য্যগন্তরম্" ইত্যমরঃ ॥৩৯॥

চকারেতি। তথা বিজয়ো বিজয়াপরনামা অর্জ্জুনঃ, বজ্রেণ নিষ্পিষ্যতে চূর্ণ্যত ইতি বজ্র-নিষ্পেষঃ পর্ব্বতস্তদ্বদ্গৌরবং ভারো যস্য তত্তাদৃশম্, গাণ্ডীবং ধনুঃ, নিমেষান্তরমাত্রেণৈব সজ্যং সগুণং চকার ॥৪০॥

নিবার্য্যেতি। জিষ্ণুমর্জুনম্। মেঘনিস্বনং তৎ রক্ষো রাক্ষসম, অভিক্রম্য ॥৪১॥

ভারতভাবদীপঃ

লব্ধাপি লপ্স্যামি ॥৩৫—৩৬॥ মহাসুরং বাতাপিম্ ॥৩৭—৩৮॥ আরুজ্য ভঙ্‌ক্ত্বা, দশব্যামং ব্যামো বিস্তারিতয়োঃ করয়োস্তির্য্যগন্তরম্, উদ্বিদ্ধমুৎপাটিতম্ ॥৩৯॥ বজ্রেণ নিষ্পেষশ্চূর্ণীভাবো যস্য পর্ব্বতস্য তদ্বৎ গৌরবং গুরুত্বং যস্য তত্তথা ॥৪০—৪১॥ রক্ষ-

---

কির্ম্মীররাক্ষস এইরূপ বলিলে, ধর্ম্মাত্মা ও সত্যপ্রতিজ্ঞ যুধিষ্ঠির 'ইহা হইবে না' এই কথা বলিয়া সক্রোধে উঁহাকে তিরস্কার করিলেন ॥৩৮॥

তাহার পর, মহাবাহু ভীমসেন বলপূর্ব্বক একটা দশব্যামপরিমিত (প্রসারিত বাহুযুগলের পরিমাণ ব্যাম) বৃক্ষ উৎপাটন করিয়া, যথাস্থানে সেটাকে ভগ্ন করিয়া, তখনই পত্রশূন্য করিয়া লইলেন ॥৩৯॥

সেইরূপ অর্জ্জুনও পর্ব্বতের ন্যায় ভারী গাণ্ডীবধনুতে নিমেষের মধ্যেই গুণ আরোপণ করিলেন ॥৪০॥

তখন ভীমসেন তাঁহাকে বারণ করিয়া, মেঘের ন্যায় গর্জ্জনকারী সেই রাক্ষসের দিকে যাইয়া বলিলেন—'থাক থাক' ॥৪১॥

---

(৩৯)...দশব্যামমথো বৃক্ষম্...পি।

ইত্যুক্তে নমভিক্রুদ্ধঃ কক্ষামুৎপীড্য পাণ্ডবঃ।
নিষ্পিষ্য পাণিনা পাণিং সন্দষ্টৌষ্ঠপুটো বলী।
তমভ্যধাবদ্বেগেন ভীমো বৃক্ষায়ুধস্তদা ॥৪২॥
যমদণ্ডপ্রতীকাশং ততস্তং তস্য মূর্দ্ধনি।
পাতয়ামাস বেগেন কুলিশং মঘবানিব ॥৪৩॥
অসম্ভ্রান্তস্তু তদ্রক্ষঃ সমরে প্রত্যদৃশ্যত।
চিক্ষেপ চোল্মুকং দীপ্তমশনিং জ্বলিতামিব ॥৪৪॥
তদুদস্তমলাতন্তু ভীমঃ প্রহরতাং বরঃ।
পদা সব্যেন চিক্ষেপ তদ্রক্ষঃ পুনরাব্রজৎ ॥৪৫॥
কির্ম্মীরশ্চাপি সহসা বৃক্ষমুৎপাট্য পাণ্ডবম্।
দণ্ডপাণিরিব ক্রুদ্ধঃ সমরে প্রত্যধাবত ॥৪৬॥

ভারতকৌমুদী

ইতীতি। কক্ষাং কটীবস্ত্রম্, উৎপীড্য দৃঢ়ং বদ্ধা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪২॥

যমেতি। মঘবানিন্দ্রঃ পর্ব্বতোপরি কুলিশং বজ্রমিব। পাতয়ামাস ভীম ইত্যনুবৃত্তিঃ ॥৪৩॥

অসমিতি। সমরে, তদ্রক্ষঃ স রাক্ষসঃ, অসম্ভ্রান্তং বৃক্ষাঘাতেনাপি অবিচলিতম্, প্রত্যদৃশ্যত। পরন্তু তদ্রক্ষঃ কর্তৃ, দীপ্তং প্রজ্বলিতম্, উল্মুকং তৎ কাষ্ঠম্, জ্বলিতাম্ অশনিং বজ্রমিব ভীমোপরি চিক্ষেপ। "দম্ভোলিরশনির্দ্বয়োঃ" ইত্যমরোক্তেঃ স্ত্রীত্বমপি ॥৪৪॥

তদিতি। প্রহরতাং বরো ভীমস্তু, উদস্তং রাক্ষসেনোৎক্ষিপ্তম্, তৎ অলাতং জ্বলৎ-কাষ্ঠম্, সব্যেন বামেন, পদা পাদেন, চিক্ষেপ। তেন চ তৎ অলাতং কর্তৃ, পুনঃ, রক্ষো রাক্ষসমেব তৎসমীপমেব, আব্রজৎ আগচ্ছৎ ॥৪৫॥

এই কথা বলিয়া বলবান্ ভীমসেন অত্যন্তক্রুদ্ধ হইয়া কক্ষবন্ধনপূর্ব্বক হস্তে হস্ত নিষ্পেষণ করিয়া, ওষ্ঠদংশনপূর্ব্বক তখনই সেই বৃক্ষ লইয়া, সেই রাক্ষসের প্রতি ধাবিত হইলেন ॥৪২॥

তাহার পর, ইন্দ্র যেমন পর্ব্বতের উপরে বজ্রাঘাত করেন, সেইরূপ ভীমসেন কির্ম্মীররাক্ষসের মস্তকের উপরে বেগে যমদণ্ডতুল্য সেই বৃক্ষের আঘাত করিলেন ॥৪৩॥

কিন্তু তাহাতেও সেই রাক্ষসকে যুদ্ধে অবিচলিতই দেখা গেল; পরন্তু সেই রাক্ষস হস্তস্থিত প্রজ্বলিত কাষ্ঠখানাকে প্রজ্বলিত বজ্রের ন্যায় ভীমের উপরে নিক্ষেপ করিল ॥৪৪॥

কিন্তু বীরশ্রেষ্ঠ ভীমসেন, সেই নিক্ষিপ্ত প্রজ্বলিত কাষ্ঠখানাকে বামপাদের আঘাতে নিক্ষেপ করিলেন; তাহাতে সে কাষ্ঠখানা পুনরায় রাক্ষসের দিকেই গেল ॥৪৫॥

তদ্‌বৃক্ষযুদ্ধমভবন্মহীরুহবিনাশনম্ ।
বালিসুগ্রীবয়োর্ভ্রাত্রোর্যথা স্ত্রীকাঙ্ক্ষিণোঃ পুরা ॥৪৭॥
শীর্ষয়োঃ পতিতা বৃক্ষা বিভিদুর্নৈকধা তয়োঃ ।
যথৈবোৎপলপত্রাণি মত্তয়োর্দ্বিপয়োস্তথা ॥৪৮॥
মুঞ্জবজ্জর্জ্জরীভূতা বহবস্তত্র পাদপাঃ ।
চীরাণীব ব্যুদস্তানি রেজুস্তত্র মহাবনে ॥৪৯॥
তদ্‌বৃক্ষযুদ্ধমভবন্মুহূর্ত্তং ভরতর্ষভ ! ।
রাক্ষসানাঞ্চ মুখ্যস্য নরাণামুত্তমস্য চ ॥৫০॥

ভারতকৌমুদী

কির্ম্মীর ইতি। পাণ্ডবং ভীমং প্রতি। দণ্ডপাণির্যমঃ ॥৪৬॥

তদিতি। মহীরুহবিনাশনম্, উৎপাটনেন সংঘর্ষেণ চেতি ভাবঃ। স্ত্রী তারানাম্নী ॥৪৭॥

শীর্ষয়োরিতি। যথা মত্তয়োর্দ্বিপয়োর্হস্তিনোঃ শীর্ষয়োঃ পতিতানি উৎপলপত্রাণি, একধাপি ন ভিন্দন্তি, তথৈব তয়োঃ শীর্ষয়োঃ পতিতা বৃক্ষাঃ, একধাপি ন বিভিদুঃ ॥৪৮॥

মুঞ্জেতি। বহব এব পাদপাঃ, তত্র তয়োঃ শীর্ষয়োঃ, মুঞ্জবৎ মুঞ্জাখ্যতৃণবৎ, জর্জরীভূতাঃ সন্তঃ, তত্র মহাবনে, ব্যুদস্তানি ক্ষিপ্তানি, চীরাণি বস্ত্রখণ্ডানীব পতিতা রেজুঃ ॥৪৯॥

তদিতি। মুখ্যস্য প্রধানস্য কির্ম্মীরস্য, নরাণামুত্তমস্য ভীমস্য চ ॥৫০॥

ভারতভাবদীপঃ

মুৎপীড্য পরিধানবস্ত্রং দৃঢ়ীকৃত্য ॥৪২—৪৪॥ উদস্তমুৎক্ষিপ্তম্, অলাতমুল্মুকম্। রক্ষঃ রাক্ষসম্, আব্রজৎ আগচ্ছৎ ॥৪৫—৪৬॥ স্ত্রী তারা ॥৪৭॥ উৎপলমালানি পদ্মক্ষেত্রাণি। "মালং

তৎপরে কির্ম্মীররাক্ষসও ক্রুদ্ধ হইয়া, তৎক্ষণাৎ একটা বৃক্ষ উৎপাটন করিয়া দণ্ডপাণি যমের ন্যায় যুদ্ধে ভীমের দিকে ধাবিত হইল ॥৪৬॥

তাহাতে পূর্ব্বকালে তারার জন্য বালি ও সুগ্রীব দুই ভ্রাতার যেমন বৃক্ষযুদ্ধ হইয়াছিল, তেমন ভীম ও কির্ম্মীরের বৃক্ষযুদ্ধ হইতে লাগিল; তাহাতে বহুতর বৃক্ষ বিনষ্ট হইল ॥৪৭॥

তখন দুইটা মত্ত হস্তীর মস্তকে পতিত পদ্মপত্র যেমন একটু স্থানও বিদীর্ণ করিতে পারে না, তেমন ভীম ও কির্ম্মীরের মস্তকে পতিত বৃক্ষগুলিও একটু স্থানও বিদীর্ণ করিতে পারিল না ॥৪৮॥

বহুতর বৃক্ষ তাহাদের মস্তকে পতিত হইয়া মুঞ্জতৃণের ন্যায় জীর্ণ হইয়া, নিক্ষিপ্ত কৌপীনসমূহের ন্যায় সেই মহাবনে প্রসারিত হইতে থাকিল ॥৪৯॥

হে ভরতশ্রেষ্ঠ! রাক্ষসশ্রেষ্ঠ কির্ম্মীর এবং নরশ্রেষ্ঠ ভীমসেনের সেই বৃক্ষযুদ্ধ মুহূর্ত্তকালমাত্র হইয়াছিল ॥৫০॥

(৪৮)···যথৈবোৎপলমালানি···বা ব কা, যথোৎপলানি পদ্মানি ···পি।

ততঃ শিলাং সমুৎক্ষিপ্য ভীমস্য যুধি তিষ্ঠতঃ।
প্রাহিণোদ্রাক্ষসঃ ক্রুদ্ধো ভীমশ্চ ন চচাল হ ॥৫১॥
তং শিলাতাড়নজড়ং পর্য্যধাবত রাক্ষসঃ।
বাহুবিক্ষিপ্তকিরণঃ স্বর্ভানুরিব ভাস্করম্ ॥৫২॥
তাবন্যোন্যং সমাশ্লিষ্য প্রকর্ষন্তৌ পরস্পরম্।
উভাবপি চকাশাতে প্রবৃদ্ধৌ বৃষভাবিব ॥৫৩॥
তয়োরাসীৎ সুতুমুলঃ সম্প্রহারঃ সুদারুণঃ।
নখদংষ্ট্রায়ুধবতোর্ব্যাঘ্রয়োরিব দৃপ্তয়োঃ ॥৫৪॥
দুর্য্যোধননিকারাচ্চ বাহুবীর্য্যাচ্চ দর্পিতঃ।
কৃষ্ণাকটাক্ষদৃষ্টশ্চ ব্যবর্দ্ধত বৃকোদরঃ ॥৫৫॥

ভারতকৌমুদী

তত ইতি। সমুৎক্ষিপ্য সমুত্তোল্য। ভীমস্য উপরি। প্রাহিণোৎ প্রাক্ষিপৎ ॥৫১॥
তমিতি। শিলাতাড়নেন জড়ং নিস্পন্দম্। বাহুভ্যাং বিক্ষিপ্তা অপসারিতাঃ কিরণা যেন স ইব স্বর্ভানুঃ রাহুঃ। অত্র শিরোমাত্ররূপস্য রাহোর্বাহুদ্বয়েন কিরণোৎক্ষেপ উৎপ্রেক্ষিতঃ ॥৫২॥
তাবিতি। প্রকর্ষন্তৌ আকর্ষন্তৌ। প্রবৃদ্ধৌ মহাবলৌ ॥৫৩॥
তয়োরিতি। সম্প্রহারো যুদ্ধম্। নখদংষ্ট্রায়ুধবতোঃ নখদন্তরূপাস্ত্রশালিনোঃ ॥৫৪॥
দুরিতি। দুর্য্যোধনস্য নিকারাত্তিরস্কারাৎ। কৃষ্ণয়া দ্রৌপদ্যা কটাক্ষেণ দৃষ্টশ্চ ॥৫৫॥

ভারতভাবদীপঃ

ক্ষেত্রে জলে মাল" ইতি বিশ্বঃ। পদ্মসমূহ ইত্যর্থঃ ॥৪৮॥ চীরাণি বৃক্ষবল্কলানি ॥৪৯—৫০॥ নিকারাৎ পরিভবাৎ, কৃষ্ণানয়নং দৃষ্টং যেন স তথা দ্রৌপদ্যাকর্ষণেন কুপিত ইত্যর্থঃ ॥৫৫॥

তাহার পর, রাক্ষস ক্রুদ্ধ হইয়া একটা প্রস্তর উত্তোলন করিয়া, যুদ্ধে দণ্ডায়মান ভীমের উপরে নিক্ষেপ করিল; কিন্তু ভীম তাহাতে বিচলিত হইলেন না ॥৫১॥

কিন্তু ভীম সেই প্রস্তরের আঘাতে একটু কাল নিস্পন্দ রহিলেন; তখন রাহু যেমন বাহু দ্বারা কিরণ অপসারিত করিয়া সূর্য্যের দিকে ধাবিত হয়, সেইরূপ রাক্ষস ভীমের দিকে ধাবিত হইল ॥৫২॥

তখন দুইটা বলবান্ বৃষের ন্যায় তাঁহারা দুই জন পরস্পর আলিঙ্গন করিয়া এবং পরস্পর আকর্ষণ করিতে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥৫৩॥

নখ ও দন্তরূপ অস্ত্রশালী এবং গর্বিত দুইটা ব্যাঘ্রের ন্যায় তাঁহাদের দুই জনের অতিতুমুল ও অতিভয়ঙ্কর যুদ্ধ হইল ॥৫৪॥

(৫৫)···কৃষ্ণানয়নদৃষ্টশ্চ···বা ব কা নি।

অভিপত্য চ বাহুভ্যাং প্রত্যগৃহ্লাদমর্ষিতঃ।
মাতঙ্গমিব মাতঙ্গঃ প্রভিন্নকরটামুখঃ ॥৫৬॥
তচ্চাপ্যেনং ততো রক্ষঃ প্রতিজগ্রাহ বীর্য্যবৎ।
তদাক্ষিপদ্ভীমসেনো বলেন বলিনাং বরঃ ॥৫৭॥
তয়োর্ভুজবিনিষ্পেষাদ্দ্বয়োর্বলিনোস্তদা।
শব্দঃ সমভবদ্‌ঘোরো বেণুস্ফোটসমো যুধি ॥৫৮॥
অথৈনমাক্ষিপ্য বলাদ্‌গৃহ্য মধ্যে বৃকোদরঃ।
ধূনয়ামাস বেগেন বায়ুশ্চণ্ড ইব দ্রুমম্ ॥৫৯॥
স ভীমেন পরামৃষ্টো দুর্ব্বলো বলিনা রণে।
ব্যস্পন্দত যথাপ্রাণং বিচকর্ষ চ পাণ্ডবম্ ॥৬০॥

ভারতকৌমুদী

অভীতি। প্রভিন্নানি বিদীর্ণানি মদস্রাবীণি করটামুখানি গণ্ডদ্বয়ং মুখঞ্চ যস্য সঃ ॥৫৬॥
তদিতি। তৎ রক্ষঃ স রাক্ষসঃ, এনং ভীমম্। তৎ রক্ষঃ, আক্ষিপদাকর্ষৎ ॥৫৭॥
তয়োরিতি। বেণুস্ফোটসমো বংশদণ্ডগ্রন্থিবিদরণশব্দতুল্যঃ ॥৫৮॥
অথেতি। এনং রাক্ষসম্, আক্ষিপ্য আকৃষ্য, ধূনয়ামাস ঘূর্ণয়ামাস ॥৫৯॥
স ইতি। পরামৃষ্টো ভৃশমাকৃষ্টঃ। ব্যস্পন্দত ব্যচলৎ, যথাপ্রাণং যথাবলম্ ॥৬০॥

তাহার পর, ভীম একে দুর্য্যোধনের তিরস্কারে ও বাহুবলে দর্পিত ছিলেন, তাহাতে আবার দ্রৌপদীর কটাক্ষের ইঙ্গিতে অত্যন্ত বৃদ্ধি পাইলেন ॥৫৫॥

তখন মুখ ও গণ্ডদ্বয় হইতে মদস্রাবী একটা হস্তী যেমন অপর হস্তীকে ধারণ করে, সেইরূপ ভীম ক্রুদ্ধ হইয়া দ্রুত গমন করিয়া বাহুযুগল দ্বারা রাক্ষসকে ধারণ করিলেন ॥৫৬॥

তাহার পর, বলবান্ সেই রাক্ষসও ভীমকে ধারণ করিল। তখন বলিশ্রেষ্ঠ ভীম বলপূর্ব্বক রাক্ষসকে আকর্ষণ করিলেন ॥৫৭॥

তখন বলবান্ সেই দুই জনেরই যুদ্ধে বাহুনিষ্পেষণবশতঃ বাঁশের গিঁট ফাটার শব্দের ন্যায় ভয়ঙ্কর শব্দ হইতে লাগিল ॥৫৮॥

তদনন্তর ভীমসেন বলপূর্ব্বক রাক্ষসকে আকর্ষণ করিয়া শরীরের মধ্যস্থান ধরিয়া, প্রচণ্ড বায়ু যেমন বৃক্ষকে ঘূর্ণিত করে, সেইরূপ বেগে তাহাকে ঘূর্ণিত করিতে লাগিলেন ॥৫৯॥

তখন কির্ম্মীররাক্ষস বলবান্ ভীমসেনের আকর্ষণে দুর্ব্বল হইয়া, তৎকালের বল অনুসারে চলিতে লাগিল এবং ভীমকেও আকর্ষণ করিতে লাগিল ॥৬০॥

---

(৫৬)···প্রভিন্নকরটামুখম্, বা ব কা নি।

তত এনং পরিশ্রান্তমুপলক্ষ্য বৃকোদরঃ।
যোক্ত্রয়ামাস বাহুভ্যাং পশুং রশনয়া যথা ॥৬১॥
বিনদন্তং মহানাদং ভিন্নভেরীস্বনং বলী।
ভ্রাময়ামাস সুচিরং বিস্ফুরন্তমচেতনম্ ॥৬২॥
তং বিষীদন্তমাজ্ঞায় রাক্ষসং পাণ্ডুনন্দনঃ।
প্রগৃহ্য তরসা দোর্ভ্যাং পশুমারমমারয়ৎ ॥৬৩॥
আক্রম্য চ কটীদেশে জানুনা রাক্ষসাধমম্।
পীড়য়ামাস পাণিভ্যাং তস্য কণ্ঠং বৃকোদরঃ ॥৬৪॥
অথ জর্জ্জরসর্ব্বাঙ্গং ব্যাবৃত্তনয়নোল্বণম্।
ভূতলে ভ্রাময়ামাস বাক্যঞ্চেদমুবাচ হ ॥৬৫॥

ভারতকৌমুদী

তত ইতি। যোক্ত্রয়ামাস ববন্ধ। রশনয়া বন্ধনরজ্জ্বা ॥৬১॥

বিনদন্তমিতি। বিনদন্তং কুর্ব্বন্তম্। ভিন্না ভৃশং বাদিতা যা ভেরী তস্যাঃ স্বনমিব ॥৬২॥

তমিতি। পাণ্ডুনন্দনো ভীমঃ, তং রাক্ষসম্, বিষীদন্তং ক্রমেণাবসীদন্তমাজ্ঞায় জ্ঞাত্বা, তরসা বলেন, দোর্ভ্যাং বাহুভ্যাং প্রগৃহ্য, পশুমিব মারয়িষ্যেতি পশুমারমমারয়ৎ প্রাহরৎ ॥৬৩॥

আক্রম্যেতি। "গলে বদ্ধা গৌঃ" ইত্যাদিবৎ কটীদেশ ইত্যধিকরণ এব সপ্তমী ॥৬৪॥

ভারতভাবদীপঃ

প্রভিন্নকরটামুখং প্রভিন্নে ব্যক্তীভূতে করটয়োর্গণ্ডয়োর্মুখে মদনির্গমমার্গৌ যস্য তম্ ॥৫৩—৫৯॥ বাশনন্ত কিঞ্চিচ্ছলনং কৃতবান্ ॥৬০॥ যোক্ত্রয়ামাস ববন্ধ, রশনয়া পশুমিব ॥৬১—৬২॥ পশুমারং পশুমিব মারয়িত্বা, কষাদিত্বাদমুপ্রয়োগঃ, "সমূলঘাতং ন্যবধীদরীংশ্চ" ইতি বৎ ॥৬৩—৭৫॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দশমোঽধ্যায়ঃ ॥১০॥

তাহার পর, ভীমসেন রাক্ষসকে পরিশ্রান্ত দেখিয়া—পশুকে যেমন রজ্জু দ্বারা বন্ধন করে, সেইরূপ তাহাকে বাহুযুগল দ্বারা বন্ধন করিলেন ॥৬১॥

এই সময়ে রাক্ষস ভেরীর শব্দের ন্যায় বিশাল শব্দ করিতে লাগিল, স্পন্দিত হইতে থাকিল এবং ক্রমে অচৈতন্য হইয়া পড়িল; তখন বলবান্ ভীমসেন তাহাকে বহুকাল যাবৎ ঘূর্ণিত করিলেন ॥৬২॥

এবং ভীমসেন তাহাকে অবসন্ন বুঝিয়া, বলপূর্ব্বক বাহুযুগল দ্বারা ধারণ করিয়া পশুর ন্যায় প্রহার করিতে লাগিলেন ॥৬৩॥

এবং ভীমসেন জানুদ্বারা সেই রাক্ষসের কটীদেশ আক্রমণ করিয়া, হস্তযুগলদ্বারা তাহার গলদেশ উৎপীড়িত করিতে থাকিলেন ॥৬৪॥

(৬১)…যোক্ত্রয়ামাস বাহুভ্যাম্…বা ব কা। [৬৫]…ব্যাবিদ্ধনয়নাম্বরম্…বা ব কা, ব্যাবিদ্ধনয়নোল্বণম্…পি।

হিড়িম্ববকয়োঃ পাপ ! ন ত্বমশ্রুপ্রমার্জনম্ ।
করিষ্যসি গতশ্চাসি যমস্য সদনং প্রতি ॥৬৬॥
ইত্যেবমুক্ত্বা পুরুষপ্রবীরস্তং রাক্ষসং ক্রোধপরীতচেতাঃ ।
বিস্রস্তবস্ত্রাভরণং স্ফুরন্তমুদ্‌ভ্রান্তচিত্তং ব্যসুমুৎসসর্জ্জ ॥৬৭॥
তস্মিন্ হতে তোয়দতুল্যরূপে কৃষ্ণাং পুরস্কৃত্য নরেন্দ্রপুত্রাঃ ।
ভীমং প্রশস্যাথ গুণৈরনেকৈর্হৃষ্টাস্ততো দ্বৈতবনায় জগ্মুঃ ॥৬৮॥
বিদুর উবাচ ।
এবং বিনিহতঃ সংখ্যে কির্ম্মীরো মনুজাধিপ ! ।
ভীমেন বচনাত্তস্য ধর্ম্মরাজস্য কৌরব ! ॥৬৯॥

ভারতকৌমুদী

অথেতি। জর্জ্জরাণি প্রহারেণ জীর্ণানি সর্ব্বাণি অঙ্গানি যস্য তম্, ব্যাবৃত্তাভ্যাং ঘূর্ণিতাভ্যাং নয়নাভ্যাম্ উৎপমুৎকটং তং রাক্ষসম্, ভ্রাময়ামাস বৃকোদর ইত্যন্বয়ঃ ॥৬৫॥

হিড়িম্বেতি। হিড়িম্ববকয়োঃ শোকেন যদশ্রু আত্মনো নয়নজলং তস্য প্রমার্জনম্ ॥৬৬॥

ইতীতি। ক্রোধেন পরীতং ব্যাপ্তং চেতো যস্য সঃ। উদ্‌ভ্রান্তচিত্তং গতচৈতন্যং ব্যসুং নিষ্প্রাণঞ্চ ॥৬৭॥

তস্মিন্নিতি। তোয়দতুল্যরূপে সজলমেঘসমানবর্ণে, কৃষ্ণাং দ্রৌপদীম্ ॥৬৮॥

এবমিতি। সংখ্যে যুদ্ধে। বচনাদাদেশাৎ। অতএব প্রাগাদেশঃ কৃত ইতি মন্তব্যম্ ॥৬৯॥

কৃষ্ণ বলিলেন—'হে ভরতশ্রেষ্ঠ! প্রদ্যুম্ন যাদবগণকে এইরূপ বলিয়া, সজ্জিত-অশ্বযুক্ত স্বর্ণময় রথে আরোহণ করিয়া, বিবৃতবদন যমের ন্যায় মকরধ্বজ উত্তোলনপূর্ব্বক শত্রুগণের প্রতি ধাবিত হইল; তখন দ্রুতগামী সেই অশ্বগুলি যেন আকাশে উঠিতে লাগিল ॥১—২॥

বীর ও মহাবল প্রদ্যুম্ন তূণ, খড়্গ, হস্তাবাপ ও অঙ্গুলিত্র ধারণ করিয়া, উৎকৃষ্ট ধনু আকর্ষণপূর্ব্বক টঙ্কারধ্বনি করতঃ বিদ্যুতের ন্যায় কিরণবিক্ষেপী ধনুখানাকে এ হাত হইতে ওহাতে নিতে থাকিয়া, সৌভবিমানস্থিত দৈত্যগণকে মোহিত করিল ॥৩ – ৪॥

(৩)···ধনুঃ শ্রেষ্ঠং মহাবলৈঃ···বা ব কা নি।

তস্য বিক্ষিপতশ্চাপং সন্দধানস্য চাসকৃৎ।
নান্তরং দদৃশে কশ্চিন্নিঘ্নতঃ শাত্রবান্ রণে ॥৫॥
মুখস্য বর্ণো ন বিকল্পতেঽস্য চেলুশ্চ গাত্রাণি ন চাপি তস্য।
সিংহোন্নতঞ্চাপ্যভিগর্জতোঽস্য শুশ্রাব লোকোঽদ্ভুতবীর্য্যমগ্র্যম্ ॥৬॥
জলেচরঃ কাঞ্চনযষ্টিসংস্থো ব্যাত্তাননঃ সর্ব্বতিমিপ্রমাথী।
বিত্রাসয়ন্ রাজতি বাহমুখ্যে শাল্বস্য সেনাপ্রমুখে ধ্বজাগ্র্যঃ ॥৭॥
ততস্তূর্ণং বিনিষ্পত্য প্রদ্যুম্নঃ শত্রুকর্ষণঃ।
শাল্বমেবাভিদুদ্রাব বিধিৎসুঃ কলহং নৃপ! ॥৮॥
অভিযানন্তু বীরেণ প্রদ্যুম্নেন মহারণে।
নামর্ষয়ত সংক্রুদ্ধঃ শাল্বঃ কুরুকুলোদ্বহ! ॥৯॥

ভারতকৌমুদী

তস্যেতি। বিক্ষিপতঃ সঞ্চালয়তঃ। অন্তরমবকাশম্। শাত্রবান্ শত্রূন্ ॥৫॥

যুদ্ধনৈপুণ্যমাহ মুখস্যেতি। ন বিকল্পতে ক্রোধরক্তত্বাদিনা বিবিধরূপো ন বভূব। গাত্রাণি অঙ্গানি। সিংহস্যেব উন্নতমুচ্চমগ্র্যঞ্চ গর্জ্জনমিতি শেষঃ। অদ্ভুতং বীর্য্যং যস্মিন্ কর্ম্মণি তদ্যথা তথা ॥৬॥

জলেচর ইতি। শাল্বস্য সেনায়াঃ প্রমুখে সম্মুখে, কাঞ্চনযষ্টিসংস্থঃ, ব্যাত্তাননঃ প্রসারিত-মুখঃ, সর্ব্বান্ তিমীন্ মৎস্যান্ প্রমাথয়তি বিনাশয়তীতি সঃ, ধ্বজাগ্র্যো ধ্বজশ্রেষ্ঠঃ, জলেচরো মকরঃ, বিপক্ষান্ বিত্রাসয়ন্, বাহমুখ্যে রথশ্রেষ্ঠে রাজতি স্ম ॥৭॥

তত ইতি। বিনিষ্পত্য স্বশ্রেণীতো নির্গত্য। কলহং যুদ্ধম্, বিধিৎসুশ্চিকীর্ষুঃ ॥৮॥

অভীতি। অভিযানম্ আত্মনোঽভিমুখে আগমনম্ ॥৯॥

প্রদ্যুম্ন ধনু আকর্ষণ ও বাণসন্ধান করিয়া যুদ্ধে যখন শত্রুদিগকে বধ করিতে লাগিল, তখন কেহই তাহার অবকাশ দেখিতে পাইল না ॥৫॥

তখন প্রদ্যুম্নের মুখবর্ণ নানাবিধ হইল না এবং অঙ্গও সঞ্চালিত হইল না, অথচ সকল লোকই উহার অদ্ভুতবিক্রমপ্রযুক্ত সিংহের ন্যায় উচ্চ গর্জ্জন শুনিতে লাগিল ॥৬॥

প্রসারিতবদন, তিমিমৎস্যসংহারকারী ও ধ্বজচিহ্নশ্রেষ্ঠ মকর প্রদ্যুম্নের রথশ্রেষ্ঠের স্বর্ণযষ্টিতে থাকিয়া, শাল্বসৈন্যদিগের সম্মুখে তাহাদের ভয় জন্মাইয়া শোভা পাইতে লাগিল ॥৭॥

মহারাজ! তাহার পর, শত্রুহন্তা প্রদ্যুম্ন যুদ্ধ করিবার ইচ্ছায় আপন সৈন্য হইতে নির্গত হইয়া শাল্বের দিকে ধাবিত হইল ॥৮॥

(৬) অদ্ভুতবীর্য্যমুগ্রম্, পি।

স রোষমদমত্তো বৈ কামগাদবরুহ্য চ।
প্রদ্যুম্নং যোধয়ামাস শাল্বঃ পরপুরঞ্জয়ঃ ॥১০॥
তয়োঃ সুতুমুলং যুদ্ধং শাল্ববৃষ্ণিপ্রবীরয়োঃ।
সমেতা দদৃশুর্লোকা বৃত্রবাসবয়োরিব ॥১১॥
তস্য মায়াময়ো বীর! রথো হেমপরিষ্কৃতঃ।
সপতাকঃ সধ্বজশ্চ সানুকর্ষঃ স তূণবান্ ॥১২॥
স তং রথবরং শ্রীমান্ সমারুহ্য কিল প্রভো!।
মুমোচ বাণান্ কৌরব্য! প্রদ্যুম্নায় মহাবলঃ ॥১৩॥
ততো বাণময়ং বর্ষং ব্যসৃজত্তরসা রণে।
প্রদ্যুম্নো ভুজবেগেন শাল্বং সম্মোহয়ন্নিব ॥১৪॥

ভারতকৌমুদী

স ইতি। স শাল্বঃ, কামগাৎ কামগামিনঃ সৌভবিমানাৎ ॥১০॥

তয়োরিতি। বৃষ্ণিপ্রবীরঃ প্রদ্যুম্নঃ। সমেতা যুদ্ধায় সমাগতাঃ ॥১১॥

তস্যেতি। অনুকর্ষঃ সম্মুখলম্বিতং দারু তৎসহিতঃ, স প্রসিদ্ধো রথ আসীৎ ॥১২॥

স ইতি। স শাল্বঃ, শ্রীমান্ বেশভূষাদিনা শোভাবান্। প্রভো! রাজন্! ॥১৩॥

তত ইতি। তরসা বলেন। সম্মোহয়ন্নিব, আত্মনোঽসাধারণনৈপুণ্যপ্রদর্শনাদিতি ভাবঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

সব্যহস্তপরিবর্জ্জেন ॥৪॥ বিক্ষিপতঃ কর্ষতঃ ॥৫॥ বিকল্পতে ছিদ্যতে ॥৬॥ জলেচরো মীনঃ, তিমির্মীনঃ, বাহমুখো রথশ্রেষ্ঠে ॥৭—১১॥ সানুকর্ষঃ রথাধস্থকাষ্ঠমনুকর্ষঃ, স রথঃ তূণবান্

হে কুরুকুলশ্রেষ্ঠ! তখন অতিশয়ক্রুদ্ধ শাল্বরাজা মহাযুদ্ধে বীর প্রদ্যুম্নের আগমন সহ্য করিলেন না ॥৯॥

ক্রোধে ও গর্ব্বে মত্ত এবং শত্রুনগরবিজয়ী শাল্বরাজা সৌভবিমান হইতে অবতরণ করিয়া প্রদ্যুম্নের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥১০॥

তখন সমাগত সৈন্যগণ ইন্দ্র ও বৃত্রাসুরের ন্যায় প্রদ্যুম্ন ও শাল্বরাজার অতিতুমুল যুদ্ধ দেখিতে লাগিল ॥১১॥

বীর! শাল্বরাজার মায়াময় ও স্বর্ণশোভিত প্রসিদ্ধ একখানা রথ ছিল; তাহাতে পতাকা, ধ্বজ, লম্বিত কাষ্ঠ ও তূণ ছিল ॥১২॥

কুরুরাজ! শোভাসম্পন্ন ও মহাবল শাল্বরাজা সেই উৎকৃষ্ট রথে আরোহণ করিয়া প্রদ্যুম্নের উপরে বাণক্ষেপ করিতে লাগিলেন ॥১৩॥

তাহার পর, প্রদ্যুম্নও যুদ্ধে শাল্বকে মুগ্ধ করতই যেন বলপূর্ব্বক বাহুবেগে বাণবর্ষণ করিতে লাগিল ॥১৪॥

স তৈরভিহতঃ সংখ্যে নামর্ষয়ত সৌভরাট্ ।
শরান্ দীপ্তাগ্নিসঙ্কাশান্ মুমোচ তনয়ে মম ॥১৫॥
তমাপতন্তং বাণৌঘং স চিচ্ছেদ মহাবলঃ ।
ততশ্চান্যান্ শরান্ দীপ্তান্ প্রচিক্ষেপ সুতে মম ॥১৬॥
স শাল্ববাণৈ রাজেন্দ্র ! প্রবিদ্ধো রুক্মিণীসুতঃ ।
মুমোচ বাণং ত্বরিতো মর্ম্মভেদিনমাহবে ॥১৭॥
তস্য বর্ম্ম বিভিদ্যাশু স বাণো মৎসুতেরিতঃ ।
বিব্যাধ হৃদয়ং পত্রী স মুমোহ পপাত চ ॥১৮॥
তস্মিন্ নিপতিতে বীরে শাল্বরাজে বিচেতসি ।
সম্প্রাদ্রবন্ দানবেন্দ্রা দারয়ন্তো বসুন্ধরাম্ ॥১৯॥
হাহাকৃতমভূৎ সৈন্যং শাল্বস্য পৃথিবীপতে ! ।
নষ্টসংজ্ঞে নিপতিতে তদা সৌভপতৌ নৃপে ॥২০॥

ভারতকৌমুদী

স ইতি। সংখ্যে যুদ্ধে, নামর্ষয়ত নাসহত। মম তনয়ে প্রদ্যুম্নং প্রতি ॥১৫॥
তমিতি। আপতন্তম্ আগচ্ছন্তম্। স প্রদ্যুম্নঃ। প্রচিক্ষেপ শাল্বঃ ॥১৬॥
স ইতি। রুক্মিণীসুতঃ প্রদ্যুম্নঃ। আহবে যুদ্ধে ॥১৭॥
তস্যেতি। তস্য শাল্বস্য। পত্রী কঙ্কপত্রান্বিতঃ। স শাল্বঃ ॥১৮॥
তস্মিন্নিতি। বিচেতসি অচেতনে। সম্প্রাদ্রবন্ পলায়ন্ত ॥১৯॥
হেতি। হাহেত্যস্য কৃতং করণং যস্মিন্ তৎ, কর্ত্তরি ক্তপ্রত্যয়ো বা ॥২০॥

শাল্বরাজা যুদ্ধে সেই বাণ দ্বারা আহত হইয়া সহ্য করিলেন না, তাই প্রদ্যুম্নের প্রতি প্রজ্বলিত অগ্নির ন্যায় বাণবর্ষণ করিতে লাগিলেন ॥১৫॥

তখন মহাবল প্রদ্যুম্ন সেই বাণসমূহকে আসিবার সময়েই ছেদন করিয়া ফেলিল ; তৎপরে শাল্ব প্রদ্যুম্নের প্রতি আরও প্রদীপ্ত বাণ নিক্ষেপ করিলেন ॥১৬॥

মহারাজ ! প্রদ্যুম্ন শাল্বের বাণে অত্যন্তবিদ্ধ হইয়া সত্বর মর্ম্মভেদী এক বাণ তাঁহার প্রতি নিক্ষেপ করিল ॥১৭॥

প্রদ্যুম্ননিক্ষিপ্ত সেই কঙ্কপত্রযুক্ত বাণ সত্বর শাল্বের বর্ম্ম ভেদ করিয়া তাঁহার হৃদয় বিদ্ধ করিল ; তাহাতে তিনি মূর্চ্ছিত ও পতিত হইলেন ॥১৮॥

মহাবীর শাল্বরাজা অচৈতন্য হইয়া পতিত হইলে, তাঁহার পক্ষের দানবেরা ভূতল বিদীর্ণ করিয়া পলাইতে লাগিল ॥১৯॥

(১৬) তানাপতত বাণৌঘান্…বা ব কা পি। (১৭)…বিদ্ধো রুক্মিণিনন্দনঃ…বা ব কা নি।

তত উত্থায় কৌরব্য ! প্রতিলভ্য চ চেতনাম্।
মুমোচ বাণান্ সহসা প্রদ্যুম্নায় মহাবলঃ ॥২১॥
তৈঃ স বিদ্ধো মহাবাহুঃ প্রদ্যুম্নঃ সমরে স্থিতঃ।
জত্রুদেশে ভৃশং বীরো ব্যবাসীদদ্রথে তদা ॥২২॥
তং স বিদ্ধা মহারাজ ! শাম্বো রুক্মিণিনন্দনম্।
ননাদ সিংহনাদং বৈ নাদেন পূরয়ন্ মহীম্ ॥২৩॥
ততো মোহং সমাপন্নে তনয়ে মম ভারত !।
মুমোচ বাণাংস্ত্বরিতঃ পুনরন্যান্ দুরাসদান্ ॥২৪॥
স তৈরভিহতো বাণৈর্বহুভিস্তেন মোহিতঃ।
নিশ্চেষ্টঃ কৌরবশ্রেষ্ঠ ! প্রদ্যুম্নোঽভূদ্রণাজিরে ॥২৫॥
শাম্ববাণার্দ্দিতে তস্মিন্ প্রদ্যুম্নে বলিনাং বরে।
বৃষ্ণয়ো ভগ্নসঙ্কল্পা বিব্যথুঃ পৃতনাগতাঃ ॥২৬॥

ভারতকৌমুদী

তত ইতি। সহসা উত্থানাৎ পরমেব। মহাবলঃ শাম্বঃ ॥২১॥
তৈরিতি। তৈর্ব্বাণৈঃ, জত্রুদেশে স্কন্ধবক্ষসোঃ সন্ধিস্থানে ভৃশং বিদ্ধ ইতি সম্বন্ধঃ ॥২২॥
তমিতি। রুক্মিণিনন্দনমিতি "ঘাকারৌ স্ত্রীকৃতৌ হ্রস্বৌ কচিৎ" ইতি হ্রস্বত্বম্ ॥২৩॥
তত ইতি। ত্বরিতঃ শাম্ব ইতি প্রকরণপ্রাপ্তঃ। দুরাসদান্ দুঃসহান্ ॥২৪॥
স ইতি। নিশ্চেষ্টো নিস্পন্দঃ। রণাজিরে সমরচত্বরে ॥২৫॥

আর, মহারাজ। শাম্বরাজা সংজ্ঞাশূন্য হইয়া পতিত হইলে, তাঁহার অপর সৈন্যেরা হাহাকার করিতে লাগিল ॥২০॥

কুরুনন্দন। তাহার পর, মহাবল শাম্ব চৈতন্যলাভ করিয়া উঠিয়া তৎক্ষণাৎ প্রদ্যুম্নের উপরে বহুতর বাণক্ষেপ করিলেন ॥২১॥

তখন যুদ্ধস্থিত মহাবাহু বীর প্রদ্যুম্ন সেই বাণসমূহ দ্বারা স্কন্ধ ও বক্ষের সন্ধিস্থানে অত্যন্তবিদ্ধ হইয়া রথের উপরে অবসন্ন হইয়া পড়িল ॥২২॥

মহারাজ। শাম্বরাজা প্রদ্যুম্নকে বিদ্ধ করিয়া, শব্দ দ্বারা পৃথিবী পূর্ণ করতঃ সিংহনাদ করিতে লাগিলেন ॥২৩॥

ভরতনন্দন। প্রদ্যুম্ন মূর্চ্ছাপন্ন হইলে, শাম্ব ত্বরান্বিত হইয়া পুনরায় অপর কতকগুলি দুঃসহ বাণ নিক্ষেপ করিলেন ॥২৪॥

কৌরবশ্রেষ্ঠ। প্রদ্যুম্ন সেই বহুতর বাণদ্বারা আহত হইয়া, যুদ্ধস্থানে মূর্চ্ছিত ও নিস্পন্দ হইয়া পড়িল ॥২৫॥

(২৫) শ্লোকাৎ পরম্ 'সপ্তদশোঽধ্যায়ঃ বাসুদেব উবাচ' বা ব কা নি।

হাহাকৃতমভূৎ সর্ব্বং বৃষ্ণ্যন্ধকবলং ততঃ।
প্রদ্যুম্নে মোহিতে রাজন্! পরে চ মুদিতা ভৃশম্ ॥২৭॥
তং তথা মোহিতং দৃষ্ট্বা সারথির্জ্জবনৈর্হয়ৈঃ।
রণাদপাহরত্তূর্ণং শিক্ষিতো দারুকিস্ততঃ ॥২৮॥
নাতিদূরাপযাতে তু রথে রথবরপ্রণুৎ।
ধনুর্গৃহীত্বা যন্তারং লব্ধসংজ্ঞোঽব্রবীদিদম্ ॥২৯॥
সৌতে! কিন্তে ব্যবসিতং কস্মাদ্‌যাসি পরাঙ্মুখঃ।
নৈষ বৃষ্ণিপ্রবীরাণামাহবে ধর্ম্ম উচ্যতে ॥৩০॥
কচ্চিৎ সৌতে! ন তে মোহঃ শাল্বং দৃষ্ট্বা মহাহবে।
বিষাদো বা রণং দৃষ্ট্বা ব্রূহি মে ত্বং যথাতথম্ ॥৩১॥

সৌতিরুবাচ।

জানার্দ্দনে! ন মে মোহো নাপি মাং ভয়মাবিশৎ।
অতিভারস্তু তে মন্যে শাল্বং কেশবনন্দন! ॥৩২॥

ভারতকৌমুদী

শাল্বেতি। ভগ্নসঙ্কল্পা নষ্টজিগীষাঃ। পৃতনাগতাঃ সেনাস্থিতাঃ ॥২৬॥
হাহেতি। পূর্ববদ্রূপপত্তিঃ। পরে শত্রবঃ, ভৃশং মুদিতা অভূবন্নিতি শেষঃ ॥২৭॥
তমিতি। জবনৈর্ব্বেগবদ্ভিঃ, হয়ৈরশ্বৈঃ। দারুকস্য কৃষ্ণসারথেরপত্যং দারুকিঃ ॥২৮॥
নেতি। রথবরং বিপক্ষরথশ্রেষ্ঠং প্রণুদতি প্রেরয়তীতি রথবরপ্রণুৎ। যন্তারং সূতম্ ॥২৯॥
সৌত ইতি। সূতস্য দারুকস্যাপত্যমিতি সৌতিস্তৎসম্বোধনম্। ব্যবসিতমারব্ধম্ ॥৩০॥

বলিশ্রেষ্ঠ প্রদ্যুম্ন শাল্বের বাণে সেই রূপ পীড়িত হইলে, সেনাস্থিত বৃষ্ণিবংশীয়েরা ভগ্নসঙ্কল্প হইয়া অত্যন্তবিষণ্ণ হইলেন ॥২৬॥

মহারাজ! প্রদ্যুম্ন মূর্চ্ছিত হইলে, বৃষ্ণি ও অন্ধকবংশীয় সমস্ত সৈন্যই হাহাকার করিতে লাগিল এবং বিপক্ষেরা অত্যন্ত আনন্দিত হইল ॥২৭॥

প্রদ্যুম্নকে সেই রূপ মূর্চ্ছিত দেখিয়া শিক্ষিত সারথি দারুকপুত্র বেগবান্ অশ্ব দ্বারা সেই যুদ্ধস্থান হইতে সত্বর তাহাকে লইয়া চলিল ॥২৮॥

রথ অধিক দূরে না যাইতেই, বিপক্ষরথবিজয়ী প্রদ্যুম্ন চৈতন্যলাভ করিয়া ধনুর্দ্ধারণপূর্ব্বক সারথিকে এই কথা বলিল—॥২৯॥

'সূতপুত্র! তুমি কি আরম্ভ করিয়াছ! পরাঙ্মুখ হইয়া যাইতেছ কেন? যুদ্ধে বৃষ্ণিবীরগণের ইহা ত রীতি নহে ॥৩০॥

সূতনন্দন! মহাযুদ্ধে শাল্বকে দেখিয়া তোমার ভ্রম উপস্থিত হয় নাই ত? যুদ্ধ দেখিয়া ভয় আসে নাই ত? আমাকে সত্য বল' ॥৩১॥

সোঽপযামি শনৈর্বীর ! বলবানেষ পাপকৃৎ।
মোহিতশ্চ রণে শূরো রক্ষ্যঃ সারথিনা রথী ॥৩৩॥
আয়ুষ্মন্ ! ত্বং ময়া নিত্যং রক্ষিতব্যস্ত্বয়াপ্যহম্।
রক্ষিতব্যো রথী নিত্যমিতি কৃত্বাপযাম্যহম্ ॥৩৪॥
একশ্চাসি মহাবাহো ! বহবশ্চাপি দানবাঃ।
ন সমং রৌক্মিণেয়াহং রণে মত্বাপযামি বৈ ॥৩৫॥

বাসুদেব উবাচ।

এবং ব্রুবতি সূতে তু তদা মকরকেতুমান্।
উবাচ সূতং কৌরব্য ! নিবর্ত্তয় রথং পুনঃ ॥৩৬॥
দারুকাত্মজ ! নৈবং ত্বং পুনঃ কার্য্যীঃ কথঞ্চন।
অপযানং রণাৎ সৌতে ! জীবতো মম কর্হিচিৎ ॥৩৭॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। মোহো ভয়াচ্চিত্তবিভ্রমঃ। মহাহবে মহাযুদ্ধে ॥৩১॥
জানেতি। জনার্দ্দনস্যাপত্যং জানার্দ্দনিস্তৎসম্বোধনম্। অতিভারঃ দুঃসহম্ ॥৩২॥
স ইতি। পাপকৃৎ, অচেতনেঽপি ত্বয়ি প্রহারকরণাদিতি ভাবঃ ॥৩৩॥
আয়ুষ্মন্নিতি। ইতি কৃত্বা মনসি বিভাব্য, অপযামি রণাদপসরামি ॥৩৪॥
এক ইতি। হে রৌক্মিণেয়! অহং ত্বাং সমম্ একতুল্যং ন মত্বা, একত্বাৎ ॥৩৫॥
এবমিতি। মকরকেতুমান্ প্রদ্যুম্নঃ। কিমুবাচেত্যাহ নিবর্ত্তয়েত্যাদি ॥৩৬॥
দারুকেতি। কর্হিচিদপি জীবতো মম রণাদেবমপযানং পুনর্মা কার্য্যীঃ ॥৩৭॥

সারথি বলিল—'জনার্দ্দননন্দন। আমার ভ্রমও হয় নাই, ভয়ও আসে নাই। কিন্তু আমি শাল্বকে আপনার দুঃসহ মনে করিয়াছি ॥৩২॥

সেই জন্যই আমি ধীরে ধীরে যাইতেছি। কারণ, এই শাল্ব বলবান্ এবং পাপকারী ; অথ চ সারথি যুদ্ধে মূর্চ্ছিত বীর রথীকে রক্ষা করিবে ॥৩৩॥

আয়ুষ্মন্। সর্ব্বদাই আপনাকে আমার রক্ষা করিতে হইবে, আপনারও আমাকে রক্ষা করিতে হইবে ; আর রথীকে রক্ষা করিতেই হইবে ; ইহা ভাবিয়া আমি সরিয়া যাইতেছি ॥৩৪॥

মহাবাহু রুক্মিণীনন্দন। আপনি একাকী ; আর দানবেরা বহুতর। সুতরাং আমি আপনাকে উহাদের সমান মনে না করিয়া যাইতেছিলাম' ॥৩৫॥

কৃষ্ণ কহিলেন—কুরুনন্দন। 'সারথি এইরূপ বলিলে, তখনই প্রদ্যুম্ন তাহাকে বলিল—'আবার রথ ফিরাও ॥৩৬॥

[৩৫]...রণং মত্বাপযামি বৈ, পি। [৩৭]...ব্যপযানং রণাৎ সৌতে !...বা ব কা নি।

ন স বৃষ্ণিকুলে জাতো যো বৈ ত্যজতি সঙ্গরম্ ।
যো বা নিপতিতং হন্তি তবাস্মীতি চ বাদিনম্ ॥৩৮॥
তথা স্ত্রিয়ঞ্চ যো হন্তি বালং বৃদ্ধং তথৈব চ ।
বিরথং বিপ্রকীর্ণঞ্চ ভগ্নশস্ত্রায়ুধং তথা ॥৩৯॥
ত্বঞ্চ সূতকুলে জাতো বিনীতঃ সূতকর্ম্মণি ।
ধর্ম্মজ্ঞশ্চাসি বৃষ্ণীনামাহবেষ্বপি দারুকে ! ॥৪০॥
স জানংশ্চরিতং কৃৎস্নং বৃষ্ণীনাং পৃতনামুখে ।
অপযানং পুনঃ সৌতে ! নৈবং কার্ষীঃ কথঞ্চন ॥৪১॥
অপযাতং হতং পৃষ্ঠে ভীতং রণপলায়িতম্ ।
গদাগ্রজো দুরাধর্ষঃ কিং মাং বক্ষ্যতি মাধবঃ ॥৪২॥

ভারতকৌমুদী

নেতি। সঙ্গরং যুদ্ধম্। নিপতিতং পাদয়োরিতি শেষঃ, শরণাগতমিত্যর্থঃ ॥৩৮॥

তথেতি। বিপ্রকীর্ণং স্বপক্ষাদ্বিচ্যুতম্। সোঽপি বৃষ্ণীকুলে ন জাত ইতি সম্বন্ধঃ। শস্ত্রং সন্নিহিতপ্রহারসাধনম্, আয়ুধমস্ত্রং দূরস্থপ্রহারসাধনমিত্যপৌনরুক্ত্যম্ ॥৩৯॥

ত্বমিতি। বিনীতঃ শিক্ষিতঃ। আহবেষু যুদ্ধেষু, বৃষ্ণিনাং ধর্ম্মজ্ঞশ্চাপ্যসি ॥৪০॥

স ইতি। স ত্বম্। পৃতনামুখে সেনাগ্রে স্থিতানামিতি শেষঃ ॥৪১॥

অপেতি। পৃষ্ঠে হতং শত্রুভিস্তাড়িতম্। গদস্য তদাখ্যস্য কস্যচিদগ্রজো জ্যেষ্ঠঃ ॥৪২॥

দারুকনন্দন সারথি। তুমি আর কখনও আমি জীবিত থাকিতে কোন কারণে যুদ্ধস্থান হইতে এইরূপ অপসরণ করিবে না ॥৩৭॥

যে লোক যুদ্ধস্থান ত্যাগ করে, কিংবা 'আমি আপনার' এই কথা বলিয়া চরণনিপতিত ব্যক্তিকে যে লোক বধ করে, সে সকল লোক যদুবংশেই জন্মে নাই ॥৩৮॥

অথবা যে লোক স্ত্রী, বালক, বৃদ্ধ, রথহীন, স্বপক্ষভ্রষ্ট, ভগ্নশস্ত্র ও ভগ্নাস্ত্র লোককে বধ করে, সে লোকও যদুবংশে জন্মে নাই ॥৩৯॥

দারুকনন্দন। তুমি সারথির বংশে জন্মিয়াছ, সারথির কার্য্যে শিক্ষিত হইয়াছ এবং যুদ্ধে যদুবংশীয়দিগের রীতিও জান ॥৪০॥

সারথি। তুমি সৈন্যাগ্রগণ্য যদুবংশীয়দিগের সমস্ত রীতি জানিয়াও কোন কারণেই আবারও এইরূপ অপসরণ করিও না ॥৪১॥

আমি ভীত হইয়া পলাইয়া আসিতেছিলাম, তখন শত্রুরা আমার পৃষ্ঠে

---

[৪২]···ভ্রান্তং রণপলায়িতম্···বা ব কা নি।

কেশবস্যাগ্রজো বাপি নীলবাসা মদোৎকটঃ।
কিং বক্ষ্যতি মহাবাহুর্বলদেবঃ সমাগতঃ ॥৪৩॥
কিং বক্ষ্যতি শিনের্নপ্তা নরসিংহো মহাধনুঃ।
অপযাতং রণাৎ সূত ! শাম্বশ্চ সমিতিঞ্জয়ঃ ॥৪৪॥
চারুদেষ্ণশ্চ দুর্দ্ধর্ষস্তথৈব গদসারণৌ।
অক্রূরশ্চ মহাবাহুঃ কিং মাং বক্ষ্যতি সারথে ! ॥৪৫॥
শূরং সম্ভাবিতং শান্তং নিত্যং পুরুষমানিনম্।
স্ত্রিয়শ্চ বৃষ্ণিবীরাণাং কিং মাং বক্ষ্যন্তি সংহতাঃ ॥৪৬॥
প্রদ্যুম্নোঽয়মুপায়াতি ভীতস্ত্যক্ত্বা মহাহবম্।
ধিগেনমিতি বক্ষ্যন্তি ন তু বক্ষ্যন্তি সাধ্বিতি ॥৪৭॥
ধিগ্বাচা পরিহাসোঽপি মম বা মদ্বিধস্য বা।
মৃত্যুনাভ্যধিকঃ সৌতে ! স ত্বং মা ব্যপয়াঃ পুনঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

কেশবস্যেতি। মদোৎকটঃ সর্বদা মদমত্তঃ। বলদেবো রামঃ ॥৪৩॥
কিমিতি। নপ্তা পৌত্রঃ সাত্যকিঃ। সমিতিঞ্জয়ো যুদ্ধবিজয়ী ॥৪৪॥
চার্বিতি। গদসারণৌ তদাখ্যৌ যদুবংশীয়ৌ ব্যক্তিবিশেষৌ ॥৪৫॥
শূরমিতি। সম্ভাবিতং শূরত্বেনৈব সম্মানিতম্। সংহতাঃ সম্মিলিতাঃ সত্যঃ ॥৪৬॥
প্রদ্যুম্ন ইতি। মহাহবং মহাযুদ্ধম্। সাধু কৃতমিতি শেষঃ ॥৪৭॥

আঘাত করিয়াছে, ইহা ভাবিয়া গদের অগ্রজ দুর্দ্ধর্ষ কৃষ্ণ আমাকে কি বলিবেন ! ॥৪২॥

কৃষ্ণের জ্যেষ্ঠভ্রাতা, নীলাম্বর, মদমত্ত ও মহাবাহু বলরামই বা আসিয়া কি বলিবেন ! ॥৪৩॥

সারথি ! আমি যুদ্ধস্থল হইতে চলিয়া আসিয়াছি, ইহাতে নরশ্রেষ্ঠ ও মহাধনুর্দ্ধর সাত্যকি এবং যুদ্ধবিজয়ী শাম্বই বা কি বলিবেন ! ॥৪৪॥

সারথি ! দুর্দ্ধর্ষ চারুদেষ্ণ, গদ, সারণ এবং মহাবাহু অক্রূরই বা আমাকে কি বলিবেন ! ॥৪৫॥

আমি বীর, সম্মানিত, শান্তস্বভাব এবং সর্ব্বদা পুরুষাভিমানী ; এ অবস্থায় যদুবংশীয়-বীরগণের পত্নীরাই বা মিলিত হইয়া আমাকে কি বলিবেন ! ॥৪৬॥

তাঁহারা বলিবেন—'এই প্রদ্যুম্ন ভীত হইয়া মহাযুদ্ধ পরিত্যাগ করিয়া আসিতেছে' ; কিন্তু 'ভাল কাজ করিয়া আসিতেছে' একথা তাঁহারা বলিবেন না ॥৪৭॥

ভারং হি ময়ি সংন্যস্য যাতো মধুনিহা হরিঃ।
যজ্ঞং ভারতসিংহস্য নহি শক্যোঽস্য মর্ষিতুম্ ॥৪৯॥
কৃতবর্ম্মা ময়া বীরো নির্য্যাস্যন্নেব বারিতঃ।
শাল্বং নিবারয়িষ্যেঽহং তিষ্ঠ ত্বমিতি সূতজ ! ॥৫০॥
স চ সম্ভাবয়ন্ মাং বৈ নিবৃত্তো হৃদিকাত্মজঃ।
তং সমেত্য রণং ত্যক্ত্বা কিং বক্ষ্যামি মহারথম্ ॥৫১॥
উপায়ান্তং দুরাধর্ষং শঙ্খচক্রগদাধরম্।
পুরুষং পুণ্ডরীকাক্ষং কিং বক্ষ্যামি মহাভুজম্ ॥৫২॥
সাত্যকিং বলদেবঞ্চ যে চান্যেঽন্ধকবৃষ্ণয়ঃ।
ময়া স্পর্দ্ধন্তি সততং কিং নু বক্ষ্যামি তানহম্ ॥৫৩॥

ভারতকৌমুদী

ধিগিতি। মৃত্যুনা মৃত্যাপেক্ষয়া। মা ব্যপয়াঃ নাপসরণং কুর্য্যাঃ ॥৪৮॥

ভারমিতি। মধুনিহা মধুদানবনিহন্তা। ভারতসিংহস্য ভরতবংশশ্রেষ্ঠস্য যুধিষ্ঠিরস্য, যজ্ঞং রাজসূয়ম্। মর্ষিতুং সোঢ়ুং ন শক্যঃ, অহং তেন হরিণেতি শেষঃ, পলায়নাৎ ॥৪৯॥

কৃতেতি। নির্য্যাস্যন্নেব দ্বারকাতো নির্গমিষ্যন্নেব। ইতীত্থমুক্তেতি শেষঃ ॥৫০॥

স ইতি। সম্ভাবয়ন্ মাং শাল্বনিবারণসমর্থং মন্যমানঃ। হৃদিকাত্মজঃ কৃতবর্ম্মা ॥৫১॥

উপেতি। পুরুষং মহাপুরুষম্, পুণ্ডরীকাক্ষং কৃষ্ণম্ ॥৫২॥

সাত্যকিমিতি। ময়া সহ, স্পর্দ্ধন্তি স্পর্দ্ধন্তে তুল্যতার্থং গর্ব্বং কুর্ব্বন্তীত্যর্থঃ ॥৫৩॥

হায়! আমার বা আমার মত লোকের বাক্য দ্বারা পরিহাসও মৃত্যু অপেক্ষা অধিক। সুতরাং সারথি! তুমি আর যুদ্ধ হইতে চলিয়া আসিও না ॥৪৮॥

মধুহন্তা কৃষ্ণ আমার উপরে দ্বারকারক্ষার ভার ন্যস্ত করিয়া যুধিষ্ঠিরের রাজসূয়যজ্ঞে গিয়াছেন; তিনি আমার এ অপরাধ সহ্য করিবেন না ॥৪৯॥

তা'র পর, বীর কৃতবর্ম্মা নির্গত হইবেন জানিয়া আমি বলিয়াছিলাম যে, আপনি থাকুন, আমিই শাল্বকে নিবারণ করিব; ইহা বলিয়া তাঁহাকে বারণ করিয়াছিলাম ॥৫০॥

কৃতবর্ম্মাও আমাকে সমর্থ মনে করিয়া নিবৃত্ত হইয়াছিলেন; এখন যুদ্ধস্থান ত্যাগ করিয়া, সেই মহারথের নিকট যাইয়া আমি কি বলিব। ॥৫১॥

তা'র পর, শঙ্খ-চক্র-গদাধারী, দুর্দ্ধর্ষ, মহাবাহু ও মহাপুরুষ কৃষ্ণ আসিতেছেন, তাঁহাকেই বা আমি কি বলিব। ॥৫২॥

(৪৯)···নহি শক্যোঽস্য মর্ষিতুম্, পি।

ত্যক্ত্বা রণমিমং সৌতে! পৃষ্ঠতোঽভ্যাহতঃ শরৈঃ।
ত্বয়াপনীতো বিবশো ন জীবেয়ং কথঞ্চন ॥৫৪॥
সন্নিবর্ত্ত রথেনাশু পুনর্দারুকনন্দন!।
ন চৈতদেবং কর্ত্তব্যমপ্যাপৎস্থ কথঞ্চন ॥৫৫॥
ন জীবিতমহং সৌতে! বহু মন্যে কথঞ্চন।
অপযাতো রণাদ্ভীতঃ পৃষ্ঠতোঽভ্যাহতঃ শরৈঃ ॥৫৬॥
কদা চ সূতপুত্র! ত্বং জানীষে মাং ভয়ার্দ্দিতম্।
অপযাতং রণং হিত্বা যথা কাপুরুষং তথা ॥৫৭॥
ন যুক্তং ভবতা ত্যক্তুং সংগ্রামং দারুকাত্মজ!।
ময়ি যুদ্ধার্থিনি ভৃশং স ত্বং যাহি যতো রণম্ ॥৫৮॥

ভারতকৌমুদী

ত্যক্ত্বেতি। অভ্যাহতঃ শত্রুভিস্তাড়িতঃ। অপনীতো যুদ্ধস্থলাদপসারিতঃ ॥৫৪॥
সন্নিবর্ত্তেতি। সন্নিবর্ত্ত যুদ্ধদেশং প্রতি গচ্ছ। এবমিত্থম্ ॥৫৫॥
নেতি। বহু মন্যে আদ্রিয়ে। ভীতো ভীত ইব। অভ্যাহতঃ শত্রুভিরিতি শেষঃ ॥৫৬॥
কদেতি। জানীষ ইত্যতীতসামীপ্যে বর্ত্তমানা। হিত্বা পরিত্যজ্য ॥৫৭॥
নেতি। যতো যত্র, রণং পশ্যসীতি শেষঃ, তত্র যাহি ॥৫৮॥

সাত্যকি, বলরাম এবং অন্যান্য যে সকল অন্ধকবংশীয় ও বৃষ্ণিবংশীয়েরা সর্ব্বদা আমার সহিত স্পর্দ্ধা করেন, তাঁহাদিগকেই বা আমি কি বলিব। ॥৫৩॥

সারথি! আমি যুদ্ধস্থান ত্যাগ করিয়া আসিতেছিলাম, শত্রুরা বাণদ্বারা আমাকে পশ্চাদ্ভাগ হইতে আঘাত করিয়াছে, আমি অচৈতন্য ছিলাম; এই অবস্থায় তুমি আমাকে সরাইয়া আনিয়াছ। সুতরাং লজ্জাবশতঃ আমি আর কোন প্রকারেই বাঁচিতেছি না ॥৫৪॥

অতএব দারুকপুত্র! তুমি সত্বর রথ ফিরাও, বিপদের সময়েও তুমি আর এরূপ কখনও করিও না ॥৫৫॥

সারথি! আমি ভীত হইয়াই যেন যুদ্ধস্থান হইতে চলিয়া আসিয়াছি, শত্রুরা বাণ দ্বারা আমার পৃষ্ঠে আঘাত করিয়াছে। সুতরাং এ অবস্থায় আমি আমার জীবনকে কোন প্রকারেই আদর করিতে পারিতেছি না ॥৫৬॥

সূতপুত্র! তুমি কখনও কি আমাকে কাপুরুষের ন্যায় ভয়ার্ত্ত হইয়া যুদ্ধস্থান পরিত্যাগ করিয়া চলিয়া আসিতে দেখিয়াছ? ॥৫৭॥

(৫৫)…অথাপৎস্থ কথঞ্চন, বা ব কা নি। (৫৮) শ্লোকাৎ পরম্ '…অষ্টাদশোঽধ্যায়ঃ' বা ব কা নি।

বাসুদেব উবাচ।

এবমুক্তস্তু কৌন্তেয় ! সূতপুত্রস্ততোঽব্রবীৎ।
প্রদ্যুম্নং বলিনাং শ্রেষ্ঠং মধুরং শ্লক্ষ্মমঞ্জসা ॥৫৯॥
ন মে ভয়ং রৌক্মিণেয় ! সংগ্রামে যচ্ছতো হয়ান্।
যুদ্ধজ্ঞশ্চাস্মি বৃষ্ণীনাং নাত্র কিঞ্চিদতোঽন্যথা ॥৬০॥
আয়ুষ্মন্ ! উপদেশস্তু সারথ্যে বর্ত্ততাং স্মৃতঃ।
সর্ব্বার্থেষু রথী রক্ষ্যস্ত্বঞ্চাপি ভৃশপীড়িতঃ ॥৬১॥
ত্বং হি শাল্বপ্রযুক্তেন শরেণাভিহতো ভৃশম্।
কশ্মলাভিহতো বীর ! ততোঽহমপযাতবান্ ॥৬২॥
স ত্বং সাত্বতমুখ্যাদ্য লব্ধসংজ্ঞো যদৃচ্ছয়া।
পশ্য মে হয়সংযানে শিক্ষাং কেশবনন্দন ! ॥৬৩॥

ভারতকৌমুদী

এবমিতি। শ্লক্ষ্ণং কোমলম্, অঞ্জসা যাথার্থ্যেন, "তত্ত্বে ত্বদ্ধাঞ্জসা দ্বয়ম্" ইত্যমরঃ ॥৫৯॥
নেতি। হয়ানশ্বান্, যচ্ছতশ্চালয়তঃ। অতোঽন্যদপদমুচ্যমানাৎ ॥৬০॥
আয়ুষ্মন্নিতি। বর্ত্ততাং বর্ত্তমানানাম্। কোঽসাবুপদেশ ইত্যাহ সর্ব্বেতি ॥৬১॥
ত্বমিতি। কশ্মলেন মোহেনাভিহতঃ পীড়িতঃ মূর্চ্ছিত ইত্যর্থঃ ॥৬২॥
স ইতি। হে সাত্বতমুখ্য ! যাদবপ্রধান !। যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া। হয়সংযানে অশ্বচালনে ॥৬৩॥

দারুকনন্দন ! আমি বিশেষভাবে যুদ্ধার্থী থাকিতে যুদ্ধস্থান পরিত্যাগ করা তোমার উচিত হয় নাই; অতএব যেখানে যুদ্ধ দেখিতেছ, সেই খানে যাও' ॥৫৮॥

কৃষ্ণ বলিলেন—'প্রদ্যুম্ন এইরূপ বলিলে, দারুকপুত্র মধুর ও কোমলবাক্যে বলিশ্রেষ্ঠ প্রদ্যুম্নকে যথার্থ বিষয় বলিল—॥৫৯॥

রুক্মিণীনন্দন ! আমি যুদ্ধে অশ্বচালনা করিয়া থাকি; সুতরাং আমার ভয় হয় নাই, আমি যাদবগণের যুদ্ধরীতিও জানি। অতএব এ বিষয়ে যাহা বলিতেছি, তাহার অন্যরূপ কিছু মনে করিবেন না ॥৬০॥

আয়ুষ্মন্ ! 'সমস্ত অবস্থাতেই সারথি রথীকে রক্ষা করিবে' সারথিদিগের প্রতি এই উপদেশ আমি স্মরণ করিয়াছিলাম, আপনিও অত্যন্তপীড়িত হইয়াছিলেন ॥৬১॥

বীর ! আপনি শাল্বনিক্ষিপ্ত বাণে অত্যন্তপীড়িত হইয়া মূর্চ্ছিত হইয়াছিলেন; সেই জন্যই আমি যুদ্ধস্থান হইতে চলিয়া আসিয়াছি ॥৬২॥

দারুকেণাহমুৎপন্নো যথাবচ্চৈব শিক্ষিতঃ।
বীতভীঃ প্রবিশাম্যেতাং শাল্বস্য প্রথিতাং চমূম্ ॥৬৪॥

বাসুদেব উবাচ।

এবমুক্ত্বা ততো বীর! হয়ান্ সঞ্চোদ্য সঙ্গরে।
রশ্মিভিস্তু সমুদ্যম্য জবেনাভ্যপতত্তদা ॥৬৫॥
মণ্ডলানি বিচিত্রাণি যমকানীতরাণি চ।
সব্যানি চ বিচিত্রাণি দক্ষিণানি চ সর্ব্বশঃ ॥৬৬॥
প্রতোদেনাহতা রাজন্! রশ্মিভিশ্চ সমুদ্যতাঃ।
উৎপতন্ত ইবাকাশে ব্যচরংস্তে হয়োত্তমাঃ ॥৬৭॥
তে হস্তলাঘবোপেতং বিজ্ঞায় নৃপ! দারুকিম্।
দহ্যমানা ইব তদা নাস্পৃশংশ্চরণৈর্মহীম্ ॥৬৮॥

ভারতকৌমুদী

দারুকেণেতি। বীতভীঃ ত্যক্তভয়ঃ। প্রথিতাম্ উৎকৃষ্টতয়া প্রসিদ্ধাম্ ॥৬৪॥
এবমিতি। সঞ্চোদ্য সঞ্চাল্য, সঙ্গরে যুদ্ধে। সমুদ্যম্য সংযম্য, জবেন বেগেন ॥৬৫॥
মণ্ডলানীতি। যমকানি তৎসংজ্ঞকানি। সব্যানি বামানি। চকারেতি শেষঃ ॥৬৬॥
প্রতোদেনেতি। প্রতোদেন তাড়নদণ্ডেন। সমুদ্যতাঃ সংযতাঃ ॥৬৭॥

ভারতভাবদীপঃ

॥১২—১৫॥ আপততেতি বিসর্গলোপ আর্ষঃ ॥১৬—২১॥ জত্রুদেশে কণ্ঠমূলে, বাবাসীদভিশে-যেণাবসাদং প্রাপ্তঃ ॥২২—৪৩॥ শিনের্নপ্তা সাত্যকিঃ ॥৪৪—৬৫॥ যমকানি সদৃশানি, ইতরাণি বিসদৃশানি ॥৬৬—৮৫॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষোড়শোঽধ্যায়ঃ ॥১৬॥

কেশবনন্দন! যাদবশ্রেষ্ঠ! আপনি ঈশ্বরের ইচ্ছায় চৈতন্যলাভ করিয়াছেন, এখন অশ্বচালনে আমার শিক্ষা দর্শন করুন ॥৬৩॥

আমি দারুকের পুত্র এবং যথানিয়মে শিক্ষালাভ করিয়াছি। অতএব এখন আমি শাল্বের এই প্রসিদ্ধ সৈন্যের মধ্যে নির্ভয়ে প্রবেশ করিতেছি' ॥৬৪॥

কৃষ্ণ বলিলেন—'মহারাজ! সারথি এইরূপ বলিয়া রশ্মিধারণপূর্ব্বক যুদ্ধের দিকে অশ্বচালনা করিয়া তখনই বেগে উপস্থিত হইল ॥৬৫॥

এবং বিচিত্র যমক মণ্ডল ও অযমক মণ্ডল, আর সর্ব্বপ্রকার বামাবর্ত্ত মণ্ডল ও দক্ষিণাবর্ত্ত মণ্ডল করিল ॥৬৬॥

কুরুরাজ! রশ্মিসংযত ও কশাতাড়িত সেই উৎকৃষ্ট অশ্বগুলি উল্লম্ফনপূর্ব্বক আকাশে উঠিয়া যেন বিচরণ করিতে লাগিল ॥৬৭॥

সোঽপসব্যাং চমূং তস্য শাল্বস্য পুরুষর্ষভ ! ।
চকার নাতিযত্নেন তদদ্ভুতমিবাভবৎ ॥৬৯॥
অমৃষ্যমাণোঽপসব্যং প্রদ্যুম্নেন স সৌভরাট্ ।
যন্তারমস্য সহসা ত্রিভির্বাণৈঃ সমার্দ্দয়ৎ ॥৭০॥
দারুকস্য সুতস্তত্র বাণবেগমচিন্তয়ন্ ।
ভূয় এব মহাবাহো ! প্রযযাবপসব্যতঃ ॥৭১॥
ততো বাণান্ বহুবিধান্ পুনরেব স সৌভরাট্ ।
মুমোচ তনয়ে বীর ! মম রুক্মিণিনন্দনে ॥৭২॥
তানপ্রাপ্তান্ শিতৈর্বাণৈশ্চিচ্ছেদ পরবীরহা ।
রৌক্মিণেয়ঃ স্মিতং কৃত্বা দর্শয়ন্ হস্তলাঘবম্ ॥৭৩॥

ভারতকৌমুদী

ত ইতি। তে হয়োত্তমাঃ। দহ্যমানাঃ, অস্ত্রস্তেজসেতি শেষঃ ॥৬৮॥

স ইতি। স দারুকিঃ সারথিঃ, অপসব্যাং বামস্থাম্ ॥৬৯॥

অমৃষ্যেতি। প্রদ্যুম্নেন ক্রিয়মাণম্, অপসব্যং বামাবর্ত্তনম্, অমৃষ্যমাণঃ অসহমানঃ ॥৭০॥

দারুকস্যেতি। বাণবেগং বেগেন বাণাঘাতম্। অপসব্যতঃ শাল্বস্য বামভাগেন ॥৭১॥

তত ইতি। রুক্মিণিনন্দনে রুক্মিণ্যা আনন্দজনকে। পূর্ব্ববৎ ত্রুস্বত্বম্ ॥৭২॥

তানিতি। অপ্রাপ্তান্ স্বরথপর্য্যন্তমনুপস্থিতানেব। স্মিতং মন্দহাস্যম্ ॥৭৩॥

মহারাজ! সেই অশ্বগুলি অস্ত্রতেজে দগ্ধ হইতে থাকিয়া এবং সারথিকে হস্তলাঘবযুক্ত জানিয়া চরণদ্বারা ভূতলই যেন স্পর্শ করিতে লাগিল না ॥৬৮॥

হে পুরুষশ্রেষ্ঠ! সেই সারথি অনতিপ্রযত্নে শাল্বরাজার সৈন্যকে বামে রাখিয়া অতিক্রম করিল; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৬৯॥

প্রদ্যুম্ন যে বামাবর্ত্তে চলিয়া গেল, তাহা সহ্য করিতে না পারিয়া শাল্বরাজা তৎক্ষণাৎ তিনটা বাণদ্বারা প্রদ্যুম্নের সারথিকে পীড়ন করিলেন ॥৭০॥

সারথি দারুকপুত্র তখন সে বাণবেগ অগ্রাহ্য করিয়া পুনরায় শাল্বের বামভাগ দিয়াই যাইতে লাগিল ॥৭১॥

মহারাজ! তাহার পর, সৌভপতি শাল্ব রুক্মিণীর আনন্দজনক প্রদ্যুম্নের প্রতি নানাবিধ বাণ নিক্ষেপ করিলেন ॥৭২॥

সেগুলি আসিয়া পড়িবার পূর্ব্বেই শত্রুহন্তা প্রদ্যুম্ন মন্দহাস্য করিয়া লঘুহস্ততা দেখাইয়া নিশিত বাণদ্বারা সেগুলিকে ছেদন করিল ॥৭৩॥

ছিন্নান্ দৃষ্ট্বা তু তান্ বাণান্ প্রদ্যুম্নেন স সৌভরাট্।
আসুরীং দারুণাং মায়ামাস্থায় ব্যসৃজচ্ছরান্ ॥৭৪॥
প্রযুজ্যমানমাজ্ঞায় দৈতেয়াস্ত্রং মহাবলম্।
ব্রহ্মাস্ত্রেণান্তরা ছিত্ত্বা মুমোচান্যান্ পতত্রিণঃ ॥৭৫॥
তে তদস্ত্রং বিধূয়াশু বিব্যধু রুধিরাশনাঃ।
শিরস্যুরসি বক্ত্রে চ স মুমোহ পপাত চ ॥৭৬॥
তস্মিন্ নিপতিতে ক্ষুদ্রে শাম্বে বাণপ্রপীড়িতে।
রৌক্মিণেয়োঽপরং বাণং সন্দধে শত্রুনাশনম্ ॥৭৭॥
তমর্চ্চিতং সর্ব্বদশার্হপুঙ্গবৈরাশীবিষাগ্নিজ্বলনপ্রকাশম্।
দৃষ্ট্বা শরং জ্যামভিনীয়মানং বভূব হাহাকৃতমন্তরীক্ষম্ ॥৭৮॥
ততো দেবগণাঃ সর্ব্বে সেন্দ্রাঃ সহধনেশ্বরাঃ।
নারদং প্রেষয়ামাসুঃ শ্বসনঞ্চ মনোজবম্ ॥৭৯॥

ভারতকৌমুদী

ছিন্নানিতি। আস্থায় অবলম্ব্য, ব্যসৃজৎ ক্ষিপ্তবান্ ॥৭৪॥

প্রযুজ্যেতি। প্রযুজ্যমানং নিক্ষিপ্যমাণম্। অন্তরা মধ্যে। পতত্রিণো বাণান্ ॥৭৫॥

ত ইতি। বিধূয় বিনাশ্য, বিব্যধুর্বিদ্ধবন্তঃ, সম্প্রসারণাভাব আর্ষঃ ॥৭৬॥

তস্মিন্নিতি। ক্ষুদ্রে নিকৃষ্টাশয়ে। রৌক্মিণেয়ঃ প্রদ্যুম্নঃ ॥৭৭॥

তমিতি। সর্ব্বদশার্হপুঙ্গবৈঃ সমস্তযাদবগণৈঃ, আশীবিষস্য সর্পস্য মুখে যদগ্নিজ্বলনং তদ্বৎ প্রকাশত ইতি তম্। জ্যাং গুণম্, অভিনীয়মানং প্রাপ্যমাণম্ ॥৭৮॥

প্রদ্যুম্ন সেই বাণগুলিকে ছেদন করিয়াছে দেখিয়া শাম্বরাজা দারুণ আসুরী মায়া অবলম্বন করিয়া বাণক্ষেপ করিলেন ॥৭৪॥

মহাবল দানবাস্ত্র নিক্ষিপ্ত হইয়াছে জানিয়া প্রদ্যুম্ন ব্রহ্মাস্ত্রদ্বারা মধ্যপথে সে অস্ত্রকে ছেদন করিয়া অন্য অনেক বাণ নিক্ষেপ করিল ॥৭৫॥

রক্তপায়ী সেই সকল বাণ শাম্বের অস্ত্র বিনষ্ট করিয়া শাম্বের মস্তক, বক্ষ ও বদন বিদ্ধ করিল ; তখন শাম্ব মূর্চ্ছিত হইয়া পড়িলেন ॥৭৬॥

নিকৃষ্টহৃদয় শাম্ব বাণপীড়িত হইয়া পতিত হইলে, প্রদ্যুম্ন শত্রুনাশক অপর বাণ সন্ধান করিল ॥৭৭॥

সমস্তযাদবগণপূজিত এবং সর্পের মুখগত অগ্নির ন্যায় প্রকাশমান সেই বাণ প্রদ্যুম্নের ধনুর গুণে আরোপিত হইতেছে দেখিয়া আকাশমণ্ডল হাহাকার করিয়া উঠিল ॥৭৮॥

তৌ রৌক্মিণেয়মাগম্য বচোঽব্রুতাং দিবৌকসাম্ ।
নৈষ বধ্যস্ত্বয়া বীর ! শাল্বরাজঃ কথঞ্চন ॥৮০॥
সংহরস্ব পুনর্ব্বাণমবধ্যোঽয়ং ত্বয়া রণে ।
এতস্য চ শরস্যাজৌ নাবধ্যোঽস্তি পুমান্ কচিৎ ॥৮১॥
মৃত্যুরস্য মহাবাহো ! রণে দেবকিনন্দনঃ ।
কৃষ্ণঃ সঙ্কল্পিতো ধাত্রা তন্ন মিথ্যা ভবেদিতি ॥৮২॥
ততঃ পরমসংহৃষ্টঃ প্রদ্যুম্নঃ শরমুত্তমম্ ।
সংজহার ধনুঃশ্রেষ্ঠাত্তূণে চৈব ন্যবেশয়ৎ ॥৮৩॥
তত উত্থায় রাজেন্দ্র ! শাল্বঃ পরমদুর্ম্মনাঃ ।
ব্যপায়াৎ সবলস্তূর্ণং প্রদ্যুম্নশরপীড়িতঃ ॥৮৪॥

ভারতকৌমুদী

তত ইতি । ধনেশ্বরেণ কুবেরেণ সহেতি সহধনেশ্বরাঃ । শ্বসনং বায়ুঞ্চ ॥৭৯॥

তাবিতি । তৌ বায়ুনারদৌ, রৌক্মিণেয়ং প্রদ্যুম্নম্ । দিবৌকসাং দেবানাং বচঃ ॥৮০॥

সমিতি । আজৌ যুদ্ধে । অবধ্যত্ববধ্যত্বয়োরত্র বিরোধ ইতি ভাবঃ ॥৮১॥

মৃত্যুরিতি । মৃত্যুর্মৃত্যুকারণম্ । দেবকস্যাপত্যমিতি দেবকিঃ, "ইণতঃ" ইতীণি কচিদধিকারাদ্বৃদ্ধ্যভাবঃ, "ইতশ্চ ক্তিবর্জ্জিতাৎ" ইতি বৈকল্পিকহ্রস্বপ্রত্যয়ঃ ॥৮২॥

তত ইতি । পরমসংহৃষ্টঃ, কৃষ্ণস্য বধ্যত্বশ্রবণাদেবেতি ভাবঃ ॥৮৩॥

তত ইতি । ব্যপায়াৎ প্রস্থিতবান্, সবলঃ সসৈন্যঃ ॥৮৪॥

তাহার পর, ইন্দ্র ও কুবেরের সহিত সকল দেবতা মনের ন্যায় দ্রুতগামী নারদ ও বায়ুকে প্রেরণ করিলেন ॥৭৯॥

তাঁহারা প্রদ্যুম্নের নিকট যাইয়া দেবগণের কথা বলিলেন—'বীর প্রদ্যুম্ন ! তুমি এই শাল্বরাজাকে কোন প্রকারেই বধ করিতে পারিবে না ॥৮০॥

কারণ, যুদ্ধে এ শাল্বরাজা তোমার বধ্য নহে ; অথ চ কোন যুদ্ধেই এ বাণের অবধ্য পুরুষ নাই ; সুতরাং এ বাণটাকে পুনরায় উপসংহার কর ॥৮১॥

মহাবাহু ! বিধাতা দেবকীনন্দন কৃষ্ণকেই যুদ্ধে শাল্বরাজার মৃত্যুর কারণ বলিয়া মনে মনে স্থির করিয়াছেন ; সুতরাং তাহা মিথ্যা হইবে না' ॥৮২॥

তাহার পর, প্রদ্যুম্ন অত্যন্ত আনন্দিত হইয়া সেই উৎকৃষ্ট বাণটীর উপসংহার করিলেন এবং উত্তম ধনু হইতে তাহা তূণে প্রবিষ্ট করিলেন ॥৮৩॥

মহারাজ ! তৎপরে প্রদ্যুম্নের বাণে পরিপীড়িত শাল্বরাজা গাত্রোত্থান করিয়া অত্যন্তদুঃখিত হইয়া সৈন্যগণের সহিত সত্বর প্রস্থান করিলেন ॥৮৪॥

স দ্বারকাং পরিত্যজ্য ক্রূরো বৃষ্ণিভিরর্দ্দিতঃ।
সৌভমাস্থায় রাজেন্দ্র! দিবমাচক্রমে তদা ॥৮৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি অর্জ্জুনাভিগমনে সৌভবধে ষোড়শোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(*):——

সপ্তদশোঽধ্যায়ঃ

——:*:——

বাসুদেব উবাচ।

আনর্ত্তনগরং মুক্তং ততোঽহমগমং তদা।
মহাক্রতৌ রাজসূয়ে নিবৃত্তে নৃপতে! তব ॥১॥
অপশ্যং দ্বারকাঞ্চাহং মহারাজ! হতত্বিষম্।
নিঃস্বাধ্যায়বষট্কারাং নির্ভূষণবরস্ত্রিয়ম্ ॥২॥
অনভিজ্ঞেয়রূপাণি দ্বারকোপবনানি চ।
দৃষ্ট্বা শঙ্কোপপন্নোঽহমপৃচ্ছং হৃদিকাত্মজম্ ॥৩॥

ভারতকৌমুদী

স ইতি। সৌভং বিমানম্, আস্থায় আরুহ্য, দিবমাকাশম্ ॥৮৫॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি অর্জ্জুনাভিগমনে ষোড়শোঽধ্যায়ঃ ॥০॥

——:*:——

আনর্ত্তেতি। মুক্তং শাল্বেন পরিত্যক্তম্, আনর্ত্তনগরম্ আনর্ত্তদেশস্থদ্বারকাম্ ॥১॥

অপশ্যমিতি। হে মহারাজ! অহম্, হতত্বিষং শাল্বেন নাশিতশোভাম্, নিঃস্বাধ্যায়বষট্কারাং বেদপাঠহোমাদিরহিতাম্, নির্ভূষণা বরস্ত্রিয়ো যত্র তাম্, উভয়ত্রাপি মহাবিষাদাদিতি ভাবঃ, দ্বারকাং নগরীমপশ্যঞ্চ ॥২॥

ক্রূরপ্রকৃতি শাল্বরাজা যাদবগণের নিকট পরাজিত হইয়া, দ্বারকা পরিত্যাগ করিয়া তখনই সৌভবিমানে আরোহণপূর্ব্বক আকাশে উঠিয়া গেলেন ॥৮৫॥

——:(*):——

কৃষ্ণ বলিলেন—'কুরুরাজ! আপনার রাজসূয়-মহাযজ্ঞ সমাপ্ত হইলে পর, তখনই আমি শাল্বপরিত্যক্ত দ্বারকায় গমন করিলাম ॥১॥

গমন করিয়া দেখিলাম—দ্বারকার সে শোভা নাই, বেদপাঠ নাই, যাগযজ্ঞ নাই এবং প্রধান প্রধান স্ত্রীলোকেরও অলঙ্কার নাই ॥২॥

'...একোনবিংশোঽধ্যায়ঃ' বা ব কা নি।

অস্বস্থনরনারীকমিদং বৃষ্ণিপুরং ভৃশম্।
কিমিদং নরশার্দ্দূল! শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ ॥৪॥
এবমুক্তঃ স তু ময়া বিস্তরেণেদমব্রবীৎ।
রোধং মোক্ষঞ্চ শাল্বেন হার্দ্দিক্যো রাজসত্তম! ॥৫॥
ততোঽহং কৌরবশ্রেষ্ঠ! শ্রুত্বা সর্ব্বমশেষতঃ।
বিনাশে শাল্বরাজস্য তদৈবাকরবং মতিম্ ॥৬॥
ততোঽহং ভরতশ্রেষ্ঠ! সমাশ্বাস্য পুরে জনম্।
রাজানমাহুকঞ্চৈব তথৈবানকদুন্দুভিম্ ॥৭॥
সর্ব্বান্ বৃষ্ণিপ্রবীরাংশ্চ হর্ষয়ন্নব্রুবং তদা।
অপ্রমাদঃ সদা কার্য্যো নগরে যাদবর্ষভাঃ! ॥৮॥ (যুগ্মকম্)
শাল্বরাজবিনাশায় প্রয়াতং মাং নিবোধত।
নাহত্বা তং নিবর্ত্তিষ্যে পুরীং দ্বারবতীং প্রতি ॥৯॥

ভারতকৌমুদী

অনভীতি। অনভিজ্ঞেয়ানি পরিচেতুমশক্যানি রূপাণি অবস্থা যেষাং তানি, শাল্বেন ছিন্নভিন্নীকরণাদিত্যাশয়ঃ। শঙ্কোপপন্ন উদ্বেগযুক্তঃ। হৃদিকাত্মজং কৃতবর্ম্মাণম্ ॥৩॥

পৃচ্ছাপ্রকারমাহ অস্বস্থেতি। অস্বস্থা অপ্রকৃতিস্থা নরা নার্য্যশ্চ যত্র তৎ ॥৪॥

এবমিতি। রোধং মোক্ষঞ্চ দ্বারকায়াঃ। হার্দ্দিক্যঃ কৃতবর্ম্মা ॥৫॥

তত ইতি। অশেষতঃ অবশিষ্টরহিতম্। অকরবং কৃতবান্, মতিমিচ্ছাম্ ॥৬॥

তত ইতি। আহুকম্ উগ্রসেনম্, আনকদুন্দুভিং বসুদেবম্, "বসুদেবোঽস্য জনকঃ স এবানকদুন্দুভিঃ" ইত্যমরঃ। অপ্রমাদঃ সাবধানতা ॥৭—৮॥

এবং দ্বারকার উদ্যানগুলিকে চেনা যায় না। এইরূপ দেখিয়া আমি উদ্বিগ্ন হইয়া কৃতবর্ম্মার নিকট জিজ্ঞাসা করিলাম—॥৩॥

নরশ্রেষ্ঠ! এই দ্বারকার সমস্ত স্ত্রী-পুরুষকেই অত্যন্ত অসুস্থ দেখিতেছি। এটা কি? আমি যথার্থভাবে শুনিতে ইচ্ছা করি ॥৪॥

মহারাজ! আমি এইরূপ বলিলে, কৃতবর্ম্মা শাল্বকর্ত্তৃক দ্বারকার অবরোধ এবং পরিত্যাগের বিষয় বিস্তরক্রমে বলিলেন ॥৫॥

কৌরবশ্রেষ্ঠ! তাহার পর আমি সমস্ত শুনিয়া তখনই শাল্বরাজের বিনাশের ইচ্ছা করিলাম ॥৬॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর আমি দ্বারকার সকল লোক, রাজা উগ্রসেন, পিতা বসুদেব এবং সমস্ত বৃষ্ণিবীরদিগকে আশ্বস্ত ও আনন্দিত করিয়া বলিলাম যে, যাদবশ্রেষ্ঠগণ! সর্ব্বদাই আপনারা দ্বারকানগরে সাবধানতা অবলম্বন করিবেন ॥৭—৮॥

সশাল্বং সৌভনগরং হত্বা দ্রষ্টাস্মি বঃ পুনঃ।
ত্রিঃ সমাহন্যতামেষা দুন্দুভী শত্রুভীষণা ॥১০॥
তে ময়াশ্বাসিতা বীরা যথাবদ্ভরতর্ষভ!।
সর্বে মামব্রুবন্ হৃষ্টাঃ প্রয়াহি জহি শাত্রবান্ ॥১১॥
তৈঃ প্রহৃষ্টাত্মভির্বীরৈরাশীর্ভিরভিনন্দিতঃ।
বাচয়িত্বা দ্বিজশ্রেষ্ঠান্ প্রণম্য শিরসা ভবম্ ॥১২॥
শৈব্যসুগ্রীবযুক্তেন রথেন নাদয়ন্ দিশঃ।
প্রধ্মাপ্য শঙ্খপ্রবরং পাঞ্চজন্যমহং নৃপ! ॥১৩॥
প্রয়াতোঽস্মি নরব্যাঘ্র! বলেন মহতা বৃতঃ।
হৃষ্টেন চতুরঙ্গেণ যত্তেন জিতকাশিনা ॥১৪॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

শাল্বেতি। প্রযাতং প্রস্থিতমেব, অবশ্যকর্তব্যত্বাত্তাবিস্তপি ভূতবদ্ব্যবহারঃ ॥৯॥
সেতি। সৌভনগরং সৌভাখ্যং নগরাকারং বৃহদ্বিমানম্। ত্রিস্ত্রিবারম্ ॥১০॥
ত ইতি। তে আহুকাদয়ো দ্বারকাবাসিনঃ। জহি নাশয় ॥১১॥
তৈরিতি। বাচয়িত্বা স্বস্তিবচনমিতি শেষঃ। ভবং শঙ্করম্। শৈব্যসুগ্রীবৌ নিজা-শ্বয়োর্নামনী। প্রধ্মাপ্য বাদয়িত্বা। বলেন সৈন্যেন। চতুরঙ্গেণ হস্ত্যশ্বরথপদাতিযুক্তেন, যত্তেন জয়ায় যত্নবতা, জিতেন জয়েন কাশতে দীপ্যত ইতি তেন ॥১২—১৪॥

ভারতভাবদীপঃ

আনর্তেতি ॥১—২॥ হৃদিকাত্মজঃ কৃতবর্ম্মাণম্ ॥৩—৯॥ ত্রিঃ সামা ত্রিস্বরা নীচ-মন্দ্র-তার-ভাবেন। ত্রিঃ সমাহন্ততামিত্যপি পঠন্তি ॥১০—১১॥ বাচয়িত্বা স্বস্তিবাদানিতি শেষঃ ॥১২-১৩॥

বীরগণ! আমি শাল্বরাজার বিনাশের জন্য প্রস্থান করিলাম, তাঁহাকে বধ না করিয়া দ্বারকানগরে ফিরিব না, ইহা আপনারা জানিয়া রাখুন ॥৯॥

আমি শাল্বের সহিত সৌভনগর ধ্বংস করিয়া পুনরায় আপনাদের সহিত সাক্ষাৎ করিব। এখন শত্রুগণের ভয়জনক তিন বার দুন্দুভিধ্বনি করুন ॥১০॥

হে ভরতশ্রেষ্ঠ! আমি যথানিয়মে সেই বীরগণকে আশ্বস্ত করিলে, তাঁহারা সকলেই আনন্দিত হইয়া আমাকে বলিলেন—'যাও, শত্রুসংহার কর' ॥১১॥

মহারাজ! তখন আনন্দিতচিত্ত সেই বীরগণকর্ত্তৃক আশীর্ব্বাদদ্বারা অভি-নন্দিত হইয়া, ব্রাহ্মণগণ দ্বারা স্বস্তিবাচন করাইয়া, মস্তক দ্বারা মহাদেবকে নমস্কার করিয়া, শৈব্য ও সুগ্রীবনামক অশ্বযুক্ত রথের শব্দে সকল দিক্

(১০)…ত্রিঃসামা হন্যতামেষা…বা ব কা নি। (১৩)…প্রধ্মায় শঙ্খপ্রবরম্…বা ব কা নি।
(১৪)…হৃষ্টেন চতুরঙ্গেণ…বা ব কা নি।

সমতীত্য বহূন্ দেশান্ গিরীংশ্চ বহুপাদপান্।
সরাংসি সরিতশ্চৈব মার্ত্তিকাবতমাসদম্ ॥১৫॥
তত্রাশ্রৌষং নরব্যাঘ্র! শাল্বং সাগরমন্তিকাৎ।
প্রয়াস্তং সৌভমাস্থায় তমহং পৃষ্ঠতোঽন্বয়াম্ ॥১৬॥
ততঃ সাগরমাসাদ্য কুক্ষৌ তস্য মহোর্ম্মিণঃ।
সমুদ্রনাভ্যাং শাল্বোঽভূৎ সৌভমাস্থায় শত্রুহন্! ॥১৭॥
স সমালোক্য দূরান্মাং স্ময়ন্নিব যুধিষ্ঠির!।
আহ্বয়ামাস দুষ্টাত্মা যুদ্ধায়ৈব মুহুর্মুহুঃ ॥১৮॥

ভারতকৌমুদী

সমিতি। মার্ত্তিকাবতং তদাখ্যং শাল্বদেশম্। যোগার্থস্ত্বক্তঃ। আসদং প্রাপ্তবান্ ॥১৫॥

তত্রেতি। অন্তিকান্নগরসমীপাৎ সাগরং প্রয়ান্তম্। অন্বয়াং পশ্চাদধাবম্ ॥১৬॥

তত ইতি। হে শত্রুহন্! যুধিষ্ঠির! ততঃ শাল্বঃ, সৌভম্ আস্থায় আরুহ্য সাগরমাসাদ্য, মহত্য ঊর্ম্ময়ঃ অস্য সন্তীতি তস্য, ব্রীহ্যাদিত্বাদিন্প্রত্যয়ঃ, তস্য সাগরস্য, কুক্ষৌ মধ্যে, তস্যৈব সমুদ্রস্য নাভিরিবাবর্ত্তস্তস্যাং তদুপর্য্যাকাশ ইত্যর্থঃ, অভূৎ স্থিতবান্ ॥১৭॥

স ইতি। স্ময়ন্ বিস্ময়াপন্ন ইব। আহ্বয়ামাস আজুহাব। আমোঽয়ং প্রয়োগঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

জিতকাশিনা জয়শোভিনা। জিতাঃ কাশয়ো দেশবিশেষো যেনেতি বা, তে হি শূরত্বেনাতিপ্রসিদ্ধাঃ, "কাশ্যো বা বৈদেহো বা" ইতিশ্রুতিলিঙ্গাৎ ॥১৪॥ মার্ত্তিকাবতং দেশবিশেষমাসদং প্রাপ্তঃ ॥১৫॥ সাগরমন্তিকাৎ সাগরসমীপে, অন্বয়ামনুগতবানস্মি ॥১৬॥ মহোর্ম্মিণঃ মহো-

শব্দিত করিয়া, শঙ্খশ্রেষ্ঠ পাঞ্চজন্য বাজাইয়া এবং আনন্দিত, যত্নশীল ও বিজয়শোভী বিশাল চতুরঙ্গসৈন্যে পরিবেষ্টিত হইয়া আমি প্রস্থান করিলাম ॥১২—১৪॥

তাহার পর, বহুতর দেশ, পর্ব্বত, বৃক্ষ, সরোবর ও নদী অতিক্রম করিয়া মার্ত্তিকাবতদেশে উপস্থিত হইলাম ॥১৫॥

নরশ্রেষ্ঠ! সেখানে যাইয়া শুনিলাম—শাল্বরাজা সৌভবিমানে আরোহণ করিয়া রাজধানীর নিকট হইতে সমুদ্রে যাইতেছেন। তখন আমি তাঁহার পিছনে পিছনে ধাবিত হইলাম ॥১৬॥

তাহার পর, শাল্ব সৌভবিমানে আরোহণ করিয়া, সমুদ্রে যাইয়া, মহাতরঙ্গযুক্ত সেই সমুদ্রের মধ্যদেশে তাহার ঘোলার উপরে আকাশে রহিলেন ॥১৭॥

মহারাজ! দুরাত্মা শাল্ব দূর হইতে আমাকে দেখিয়া, বিস্ময়াপন্ন হইয়াই যেন বার বার আমাকে যুদ্ধের জন্যই আহ্বান করিলেন ॥১৮॥

তস্য শার্ঙ্গবিনির্ম্মুক্তৈর্বহুভির্মর্ম্মভেদিভিঃ।
পুরং নাসাদ্যত শরৈস্ততো মাং রোষ আবিশৎ ॥১৯॥
স চাপি পাপপ্রকৃতির্দৈতেয়াপসদো নৃপ!।
মধ্যবর্ষত দুর্দ্ধর্ষঃ শরধারাঃ সহস্রশঃ ॥২০॥
সৈনিকান্ মম সূতঞ্চ হয়াংশ্চ সমবাকিরৎ।
অচিন্তয়ন্তস্তু শরান্ বয়ং যুধ্যাম ভারত!॥২১॥
ততঃ শতসহস্রাণি শরাণাং নতপর্ব্বণাম্।
চিক্ষিপুঃ সমরে বীরা ময়ি শাল্বপদানুগাঃ ॥২২॥
তে হয়াংশ্চ রথঞ্চৈব তদা দারুকমেব চ।
ছাদয়ামাসুরসুরাস্তৈর্বাণৈর্মর্ম্মভেদিভিঃ ॥২৩॥
ন হয়া ন রথো বীর! ন যন্তা মম দারুকঃ।
অদৃশ্যন্ত শরৈশ্ছন্নাস্তথাহং সৈনিকাশ্চ মে ॥২৪॥

ভারতকৌমুদী

তস্যেতি। নাসাদ্যত নাস্পৃশ্যত, দূরত্বাৎ। পরস্পরমোহভূৎ স্পর্শদর্শনাৎ ॥১৯॥
স ইতি। দৈতেয়াপসদো দৈত্যাধমঃ শাল্বঃ ॥২০॥
সৈনিকানিতি। হয়ান্ অশ্বান্। যুধ্যাম যুধ্যামহে ॥২১॥
তত ইতি। শতসহস্রাণি লক্ষাণি। বহুপরমিদম্। নতপর্ব্বণাম্ ঈষদ্বক্রকণ্ঠানাম্ ॥২২॥
ত ইতি। তে শাল্বপদানুগাঃ। দারুকং তদাখ্যং স্বসারথিম্ ॥২৩॥

তখন আমার শার্ঙ্গধনুর্নিক্ষিপ্ত বহুতর মর্ম্মভেদী বাণ শাল্বের বিমান স্পর্শ করিতে পারিল না; তৎপরে আমার ক্রোধ উপস্থিত হইল ॥১৯॥

রাজা! পাপস্বভাব ও দুর্দ্ধর্ষ দৈত্যাধম শাল্বও আমার উপরে সহস্র সহস্র শরধারা বর্ষণ করিলেন ॥২০॥

শাল্বরাজা শরদ্বারা আমার সৈন্য, সারথি ও অশ্বগুলিকে আচ্ছন্ন করিয়া ফেলিলেন; আমরা কিন্তু সে শরসমূহ অগ্রাহ্য করিয়া যুদ্ধ করিতে লাগিলাম ॥২১॥

তাহার পর, শাল্বের অনুচর বীরগণ আমার উপরে বহুতর নতপর্ব্ব বাণ নিক্ষেপ করিল ॥২২॥

শাল্বের অনুচর সেই অসুরগণ তখন মর্ম্মভেদী সেই সকল বাণ দ্বারা আমার অশ্ব, রথ ও সারথি দারুককে আচ্ছাদন করিয়া ফেলিল ॥২৩॥

সেই সময়ে আমার অশ্ব, রথ, সারথি দারুক, সৈন্যগণ ও আমি বাণে আবৃত হওয়ায় দৃষ্টিগোচর হইলাম না ॥২৪॥

তেতোঽহমপি কৌন্তেয় ! শরাণামযুতান্ বহূন্ ।
আমন্ত্রিতানাং ধনুষা দিব্যেন বিধিনাঽক্ষিপম্ ॥২৫॥
ন তত্র বিস্ময়স্ত্বাসীন্মম সৈন্যস্য ভারত ! ।
খে বিষক্তং হি তৎ সৌভং ক্রোশমাত্র ইবাভবৎ ॥২৬॥
ততস্তে প্রেক্ষকাঃ সর্ব্বে রঙ্গবাট ইব স্থিতাঃ ।
হর্ষয়ামাসুরুচ্চৈর্মাং সিংহনাদতলস্বনৈঃ ॥২৭॥
মৎকরাগ্রবিনির্ম্মুক্তা দানবানাং শরাস্তথা ।
অঙ্গেষু রুচিরাপাঙ্গা বিবিশুঃ শলভা ইব ॥২৮॥
ততো হলহলাশব্দঃ সৌভমধ্যে ব্যবর্দ্ধত ।
বধ্যতাং বিশিখৈস্তীক্ষ্ণৈঃ পততাঞ্চ মহার্ণবে ॥২৯॥

ভারতকৌমুদী

নেতি । যন্তা সারথিঃ । অহমপি নাদৃশ্যে ইতি বচন বিপরিণামেন সম্বন্ধঃ ॥২৪॥
তত ইতি । আমন্ত্রিতানাং মহাস্ত্রমন্ত্রেণাহূতানাম্ । দিব্যেন স্বর্গীয়েণ ॥২৫॥
নেতি । হি যস্মাৎ, খে আকাশে, বিষক্তং লগ্নম্ । ক্রোশমাত্রস্থত্বেন শরবিষয়ত্বাৎ ॥২৬॥
তত ইতি । রঙ্গবাটে রঙ্গালয়ে । তলস্বনাঃ করতলধ্বনয়ঃ ॥২৭॥
মদিতি । রুচিরাপাঙ্গাঃ স্বর্ণাদিখচিতত্বাৎ সুন্দরপ্রান্তাঃ, শলভাঃ পতঙ্গাঃ ॥২৮॥

ভাবভাবদীপঃ

শিমতঃ স্ত্রীবালাদিবাদিনিঃ নাভ্যাং গতে গুপ্ত ইত্যর্থঃ ॥১৭—১৮॥ তস্য পুরং মদীয়ৈঃ শরৈর্নাসাদ্যতেতি সম্বন্ধঃ ॥১৯—২১॥ নতানি নিম্নীকৃতানি পর্ব্বাণি গ্রন্থয়ো যেষাং স্নগ্ধানামিত্যর্থঃ ॥২২—২৪॥ আমন্ত্রিতানামভিমন্ত্রিতানাম্, দিব্যেন বিধিনা অলৌকিকয়া অস্ত্রবিদ্যয়া ॥২৫॥ বিষয়ো গোচরঃ, তত্র হেতুঃ খে বিষক্তং লগ্নম্ ॥২৬॥ তলস্বনৈর্হস্ততলশব্দৈঃ ॥২৭॥ দানবা-

তাহার পর, আমিও মহাস্ত্রমন্ত্রে আহ্বান করিয়া, ধনু দ্বারা অলৌকিক-বিধানে বহুসংখ্যক বাণ নিক্ষেপ করিলাম ॥২৫॥

তাহাতে আমার সৈন্যগণের বিস্ময় জন্মিল না। কারণ, তখন সেই সৌভবিমান আকাশে সংলগ্ন থাকিয়া একক্রোশমাত্র দূরে ছিল ॥২৬॥

তৎপরে আমার সমস্ত সৈন্যই রঙ্গালয়স্থিতের ন্যায় কেবল দর্শক থাকিয়া উচ্চ সিংহনাদ ও করতলধ্বনি দ্বারা আমাকে আনন্দিত করিতে লাগিল ॥২৭॥

তখন আমার হস্তাগ্রনিক্ষিপ্ত সুন্দরপুঙ্খ বাণ সকল পতঙ্গের ন্যায় দানবগণের অঙ্গে প্রবেশ করিতে থাকিল ॥২৮॥

তাহার পর, আমার তীক্ষ্ণ বাণ দ্বারা ছিন্ন ভিন্ন হইয়া মহাসমুদ্রে পড়িবার সময়ে সৌভমধ্যে অসুরগণের কোলাহল বৃদ্ধি পাইল ॥২৯॥

(২৬) ন তত্র বিষয়স্ত্বাসীৎ…বা ব কা নি। এতৎপাঠে মৎকরেত্যাদিপরশ্লোকানুপপত্তিঃ।

তে নিকৃত্তভুজস্কন্ধাঃ কবন্ধাকৃতিদর্শনাঃ।
নদন্তো ভৈরবান্ নাদান্ নিপতন্তি স্ম দানবাঃ।
পতিতাস্তেঽপি ভক্ষ্যন্তে সমুদ্রাম্ভোনিবাসিভিঃ ॥৩০॥
ততো গোক্ষীরকুন্দেন্দু-মৃণালরজতপ্রভম্।
জলজং পাঞ্চজন্যং বৈ প্রাণেনাহমপূরয়ম্ ॥৩১॥
তান্ দৃষ্ট্বা পতিতাংস্তত্র শাল্বঃ সৌভপতিস্ততঃ।
মায়াযুদ্ধেন মহতা যোধয়ামাস মাং যুধি ॥৩২॥
ততো গদা হলাঃ প্রাসাঃ শূলশক্তিপরশ্বধাঃ।
অসয়ঃ শক্তিকুলিশ-পাশর্ষ্টিকনপাঃ শরাঃ।
পট্টিশাশ্চ ভুশুণ্ড্যশ্চ প্রাপতন্নিশং ময়ি ॥৩৩॥
তামহং মায়য়ৈবাশু প্রতিগৃহ্য ব্যনাশয়ম্।
তস্যাং হতায়াং মায়ায়াং গিরিশৃঙ্গৈরযোধয়ৎ ॥৩৪॥

ভারতকৌমুদী

তত ইতি। হলহলাশব্দো বিষাদব্যঞ্জকঃ কোলাহলঃ। বধ্যতাং বধ্যমানানাম্ ॥২৯॥
ত ইতি। নিকৃত্তাশ্ছিন্না ভুজস্কন্ধা যেষাং তে। নদন্তঃ কুর্ব্বন্তঃ। ষট্পদমিদং পদ্যম্ ॥৩০॥
তত ইতি। জলজং শঙ্খম্। প্রাণেন বলেন। অপূরয়মবাদয়মিত্যর্থঃ ॥৩১॥
তানিতি। তান্ অসুরান্। মায়াযুদ্ধমত্র ইন্দ্রজালপ্রযুক্তযুদ্ধম্ ॥৩২॥
তত ইতি। অত্র গদাদীনি তদানীং প্রসিদ্ধান্যস্ত্রাণি। ইদমপি ষট্পদং পদ্যম্ ॥৩৩॥
তামিতি। তাং শাল্বপ্রযুক্তাং মায়াম্। প্রতিগৃহ্য অবলম্ব্য ॥৩৪॥

ভারতভাবদীপঃ

নামজৈম্বিতি সম্বন্ধঃ। রুচিরাপাঙ্গাশ্চিত্রপুঙ্খাঃ ॥২৮॥ বধ্যতাং বধ্যমানানাম্ ॥২৯—৩০॥ প্রাণেন বলেন ॥৩১—৩২॥ অসয়ঃ খড়্গাঃ, শক্তিঃ কৌমারী, কুলিশানি বজ্রাণি, পাশা

সেই দানবগুলির বাহু ও স্কন্ধ ছিন্ন হইলে, তাহারা কবন্ধের ন্যায় দৃষ্টিগোচর হইয়া ভয়ঙ্কর শব্দ করিতে করিতে পড়িতে লাগিল; পতিত হওয়ামাত্রই তাহাদিগকে সমুদ্রবাসী জলজন্তুরা ভক্ষণ করিতে থাকিল ॥৩০॥

তাহার পর, আমি বলপূর্ব্বক—গোদুগ্ধ, কুন্দপুষ্প, চন্দ্র, মৃণাল ও রৌপ্যের আমার ন্যায় শুভ্রবর্ণ পাঞ্চজন্যশঙ্খ বাজাইতে লাগিলাম ॥৩১॥

তদনন্তর, সৌভপতি শাল্বরাজ অসুরদিগকে সমুদ্রে পতিত হইতে দেখিয়া সহিত গুরুতর মায়াযুদ্ধ আরম্ভ করিলেন ॥৩২॥

তখন আমার উপরে অনবরত গদা, হল, প্রাস, শূল, শক্তি, পরশু, অসি, শক্তি, বজ্র, পাশ, ঋষ্টি, কনপ, বাণ, পট্টিশ ও ভুশুণ্ডী পড়িতে লাগিল ॥৩৩॥

সেই সময়ে আমিও মায়া অবলম্বন করিয়া তৎক্ষণাৎ সেই আসুরী মায়াকে

তভোঽভবত্তম ইব প্রকাশ ইব চাভবৎ।
দুর্দ্দিনং সুদিনঞ্চৈব শীতমুষ্ণঞ্চ ভারত ! ॥৩৫॥
অঙ্গারপাংশুবর্ষঞ্চ শস্ত্রবর্ষঞ্চ ভারত ! ।
এবং মায়াং প্রকুর্ব্বাণো যোধয়ামাস মাং রিপুঃ ॥৩৬॥
বিজ্ঞায় তদহং সর্ব্বং মায়য়ৈব ব্যনাশয়ম্ ।
যথাকালন্তু যুদ্ধেন ব্যধমং সর্ব্বতঃ শরৈঃ ॥৩৭॥
ততো ব্যোম মহারাজ ! শতসূর্য্যমিবাভবৎ ।
শতচন্দ্রঞ্চ কৌন্তেয় ! সহস্রাযুততারকম্ ॥৩৮॥
ততো নাজ্ঞায়ত তদা দিবারাত্রং তথা দিশঃ ।
ততোঽহং মোহমাপন্নঃ প্রজ্ঞাস্ত্রং সমযোজয়ম্ ।
ততস্তদস্ত্রং কৌন্তেয় ! ধূতং তূলমিবানিলৈঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

তত ইতি। তমঃ অন্ধকারঃ। দুর্দ্দিনং মেঘাচ্ছন্নদিনম্। অত্র যথাসংখ্যেনান্বয়ঃ ॥৩৫॥
অঙ্গারেতি। পাংশুর্ধূলিঃ। মায়াম্ ইন্দ্রজালম্। রিপুঃ শাম্বঃ ॥৩৬॥
বিজ্ঞায়েতি। শরৈরগ্নিময়ৈঃ, সর্ব্বতো ব্যধমং সমতাপয়ম্ ॥৩৭॥
তত ইতি। ব্যোম আকাশম্। সহস্রমযুতঞ্চ তারকা নক্ষত্রাণি যত্র তৎ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

বারুণাঃ, ঋষ্টয়ো দণ্ডাঃ, শক্ত্যাদীনাং কনো দীপ্তির্গতিঃ শোভা বা তাং পান্তি তে শক্তিকুলিশ-পাশর্ষ্টিকনপাঃ কার্ত্তিকেয়েন্দ্রবরুণযমায়ুধতুল্যা ইত্যর্থঃ। "কনী দীপ্তিগত্যোঃ" ইতি বোপদেবঃ ॥৩৩—৩৮॥ তদস্ত্রং মায়াময়ম্ ॥৩৯—৪০॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তদশোঽধ্যায়ঃ ॥১৭॥

বিনষ্ট করিলাম ; সেই মায়া বিনষ্ট হইলে, শাম্বরাজা পর্ব্বতশৃঙ্গদ্বারা যুদ্ধ আরম্ভ করিলেন ॥৩৪॥

ভরতনন্দন ! তাহার পর, কখনও যেন অন্ধকার হইতে লাগিল, তখন দিনটা যেন মেঘাচ্ছন্ন হইল এবং শীতবোধ হইতে থাকিল ; আবার কখনও যেন রৌদ্র উঠিল, অমনি দিনটা আলোকময় হইল এবং গ্রীষ্মবোধ হইতে লাগিল ॥৩৫॥

ভরতনন্দন ! শাম্বরাজা অঙ্গার, ধূলি ও অস্ত্রবর্ষণরূপ মায়া প্রকাশ করিয়া আমার সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৩৬॥

আমি সে সমস্তই বুঝিতে পারিয়া মায়া দ্বারাই তাঁহার মায়া নষ্ট করিলাম এবং যথাসময়ে অগ্নিময় বাণদ্বারা তাঁহাকে সর্ব্বপ্রকারে সন্তপ্ত করিতে লাগিলাম ॥৩৭॥

মহারাজ ! তাহার পর, আকাশে যেন শত সূর্য্য, শত চন্দ্র এবং সহস্র সহস্র নক্ষত্র উদয় পাইল ॥৩৮॥

তথা তদভবদ্‌যুদ্ধং তুমুলং লোমহর্ষণম্ ।
লব্ধালোকস্তু রাজেন্দ্র ! পুনঃ শত্রুমযোধয়ম্ ॥৪০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি অর্জ্জুনাভিগমনে সৌভবধে সপ্তদশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(*):——

অষ্টাদশোঽধ্যায়ঃ

——:০:——

বাসুদেব উবাচ ।
এবং স পুরুষব্যাঘ্র ! শাল্বরাজো মহারিপুঃ ।
যুধ্যমানো ময়া সংখ্যে বিয়দভ্যগমৎ পুনঃ ॥১॥
ততঃ শতঘ্নীশ্চ মহাগদাশ্চ দীপ্তাংশ্চ শূলান্ মুষলানসীংশ্চ ।
চিক্ষেপ রোষান্ময়ি মন্দবুদ্ধিঃ শাল্বো মহারাজ ! জয়াভিকাঙ্ক্ষী ॥২॥

ভারতকৌমুদী

তত ইতি । দিবা নাজ্ঞায়ত, ব্যোমশ্চন্দ্রাদিমত্ত্বাৎ ; রাত্রিরপি নাজ্ঞায়ত, তস্য সূর্য্যবত্ত্বাদিতি ভাবঃ । মোহং ভ্রমম্ । তদস্ত্রং শাবস্য মায়াস্ত্রম্ । ধূতং নাশিতম্ । ষট্‌পদং পঞ্চম্ ॥৩৯॥

তথেতি । তথা তদস্ত্রস্য নাশেন । লব্ধ আলোকো জ্ঞানপ্রকাশো যেন সঃ ॥৪০॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি অর্জ্জুনাভিগমনে সপ্তদশোঽধ্যায়ঃ ॥০॥

——:*:——

এবমিতি । সংখ্যে যুদ্ধে, বিয়দূর্দ্ধাকাশম্ । এতেন পূর্ব্বং কিঞ্চিদবতীর্ণবানিতি সূচিতম্ ॥১॥

তখন দিন, রাত্রি ও দিকের কিছুই ঠিক বুঝা যাইতে লাগিল না ; তাহাতে আমার ভ্রম উপস্থিত হইল ; তাই আমি প্রজ্ঞাস্ত্র প্রয়োগ করিলাম । তাহার পর, বায়ু যেমন তুলা অপসারিত করে, সেইরূপ আমার প্রজ্ঞাস্ত্র শাল্বের মায়া অপসারিত করিল ॥৩৯॥

মহারাজ ! সেইরূপ হইলে, সেই যুদ্ধটা ক্রমে তুমুল ও লোমহর্ষণ হইয়া উঠিল । কেন না, আমি জ্ঞানলাভ করিয়া পুনরায় শত্রুর সহিত যুদ্ধ করিতে লাগিলাম ॥৪০॥

——:(*):——

কৃষ্ণ বলিলেন—'পুরুষশ্রেষ্ঠ ! মহাশত্রু শাল্বরাজা আমার সহিত এই ভাবে যুদ্ধ করিতে থাকিয়াই আবার উচ্চ আকাশে উঠিয়া গেলেন ॥১॥

* '...বিংশতিতমোঽধ্যায়ঃ' বা ব কা নি ।

ততোঽভবত্তম ইব প্রকাশ ইব চাভবৎ।
দুর্দ্দিনং সুদিনঞ্চৈব শীতমুষ্ণঞ্চ ভারত ! ॥৩৫॥
অঙ্গারপাংশুবর্ষঞ্চ শস্ত্রবর্ষঞ্চ ভারত ! ।
এবং মায়াং প্রকুর্ব্বাণো যোধয়ামাস মাং রিপুঃ ॥৩৬॥
বিজ্ঞায় তদহং সর্ব্বং মায়য়ৈব ব্যনাশয়ম্।
যথাকালন্তু যুদ্ধেন ব্যধমং সর্ব্বতঃ শরৈঃ ॥৩৭॥
ততো ব্যোম মহারাজ ! শতসূর্য্যমিবাভবৎ।
শতচন্দ্রঞ্চ কৌন্তেয় ! সহস্রাযুততারকম্ ॥৩৮॥
ততো নাজ্ঞায়ত তদা দিবারাত্রং তথা দিশঃ।
ততোঽহং মোহমাপন্নঃ প্রজ্ঞাস্ত্রং সমযোজয়ম্।
ততস্তদস্ত্রং কৌন্তেয় ! ধূতং তূলমিবানিলৈঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

তত ইতি। তমঃ অন্ধকারঃ। দুর্দ্দিনং মেঘাচ্ছন্নদিনম্। অত্র যথাসংখ্যেনান্বয়ঃ ॥৩৫॥
অঙ্গারেতি। পাংশুর্ধূলিঃ। মায়াম্ ইন্দ্রজালম্। রিপুঃ শাল্বঃ ॥৩৬॥
বিজ্ঞায়েতি। শরৈরগ্নিময়ৈঃ, সর্ব্বতো ব্যধমং সমতাপয়ম্ ॥৩৭॥
তত ইতি। ব্যোম আকাশম্। সহস্রযযুতঞ্চ তারকা নক্ষত্রাণি যত্র তৎ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

বাক্ষ্ণপাঃ, ঋষ্টয়ো দণ্ডাঃ, শক্ত্যাদীনাং কনো দীপ্তির্গতিঃ শোভা বা তাং পান্তি তে শক্তিকুলিশ-পাশর্ষ্টিকনপাঃ কার্ত্তিকেয়েন্দ্রবরুণযমায়ুধতুল্যা ইত্যর্থঃ। "কনী দীপ্তিগত্যোঃ"ইতি বোপদেবঃ ॥৩৩—৩৮॥ তদস্ত্রং মায়াময়ম্ ॥৩৯—৪০॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তদশোঽধ্যায়ঃ ॥১৭॥

বিনষ্ট করিলাম ; সেই মায়া বিনষ্ট হইলে, শাল্বরাজা পর্বতশৃঙ্গদ্বারা যুদ্ধ আরম্ভ করিলেন ॥৩৪॥

ভরতনন্দন ! তাহার পর, কখনও যেন অন্ধকার হইতে লাগিল, তখন দিনটা যেন মেঘাচ্ছন্ন হইল এবং শীতবোধ হইতে থাকিল ; আবার কখনও যেন রৌদ্র উঠিল, অমনি দিনটা আলোকময় হইল এবং গ্রীষ্মবোধ হইতে লাগিল ॥৩৫॥

ভরতনন্দন ! শাল্বরাজা অঙ্গার, ধূলি ও অস্ত্রবর্ষণরূপ মায়া প্রকাশ করিয়া আমার সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৩৬॥

আমি সে সমস্তই বুঝিতে পারিয়া মায়া দ্বারাই তাঁহার মায়া নষ্ট করিলাম এবং যথাসময়ে অগ্নিময় বাণদ্বারা তাঁহাকে সর্ব্বপ্রকারে সন্তপ্ত করিতে লাগিলাম ॥৩৭॥

মহারাজ ! তাহার পর, আকাশে যেন শত সূর্য্য, শত চন্দ্র এবং সহস্র সহস্র নক্ষত্র উদয় পাইল। ॥৩৮॥

ন তস্যোরসি নো মূর্দ্ধ্নি ন কায়ে ন ভুজদ্বয়ে।
অন্তরং পাণ্ডবশ্রেষ্ঠ! পশ্যাম্যনিচিতং শরৈঃ ॥৭॥
স তু বাণবরোৎপীড়াদ্বিস্রবত্যসৃগুল্বণম্।
অতিবৃষ্টে যথা মেঘে গিরির্গৈরিকধাতুমান্ ॥৮॥
অভীষুহস্তং তং দৃষ্ট্বা সীদন্তং সারথিং রণে।
অস্তম্ভয়ং মহাবাহো! শাল্ববাণপ্রপীড়িতম্ ॥৯॥
অথ মাং পুরুষঃ কশ্চিদ্দ্বারকানিলয়োঽব্রবীৎ।
ত্বরিতো রথমভ্যেত্য সৌহৃদাদিব ভারত! ॥১০॥
আহুকস্য বচো বীর! তস্যৈব পরিচারকঃ।
বিষণ্ণঃ সন্নকণ্ঠেন তন্নিবোধ যুধিষ্ঠির! ॥১১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নেতি। অন্তরমবকাশম্। অনিচিতমব্যাপ্তম্। পশ্যামি স্ম ॥৭॥

স ইতি। বাণবরস্য উৎপীড়াৎ উৎপীড়িতাঙ্গাৎ, উল্বণং প্রবলধারম্, অসৃক্ রক্তম্ ॥৮॥

অভীষ্বিতি। অভীষুঃ অশ্বরশ্মির্হস্তে যস্য তম্, "অভীষুঃ প্রগ্রহে রশ্মৌ" ইত্যমরঃ। অস্তম্ভয়ম্ আশ্বাসবাক্যৈঃ স্থিরম্ অকরবম্ ॥৯॥

শাল্বস্য মায়াব্যাপারমাহ অথেতি। অথ দ্বারকানিলয়ঃ, তস্য আহুকস্যৈব পরিচারকঃ, বিষণ্ণঃ কশ্চিৎ পুরুষঃ, ত্বরিতঃ সন্, সৌহৃদাদিব, রথমভ্যেত্য মম রথসমীপমাগত্য, সন্নকণ্ঠেন বিষাদাম্বিকৃতস্বরেণ, মাম্, আহুকস্য উগ্রসেনস্য বচঃ অব্রবীৎ, হে ভারত যুধিষ্ঠির! তন্নিবোধ ॥১০—১১॥

ভারতভাবদীপঃ

এবং স ইতি ॥১—৭॥ বাণবরোৎপীড়াৎ ক্ষতস্থানাৎ, উল্বণমুৎকটম্ ॥৮॥ অস্তম্ভয়মাশ্বাসিতবান্ ॥৯॥ "অথ মাং পুরুষঃ কশ্চি"দিত্যাদেরধ্যায়শেষস্য তাৎপর্য্যং—ভগবানপি ক্ষুদ্রজনমায়য়া মোহিতঃ কিমুত ক্ষুদ্রজনো ভগবন্মায়য়েতি শুদ্ধচৈতন্যাশ্রিতমেবাজ্ঞানমিতি

পাণ্ডবশ্রেষ্ঠ! তাহার বক্ষ, মস্তক, বাহুদ্বয় ও অন্যান্য অঙ্গে এমন ফাঁক দেখিলাম না, যাহা বাণে ব্যাপ্ত হয় নাই ॥৭॥

মেঘ অত্যন্তবর্ষণ আরম্ভ করিলে পর্ব্বত হইতে যেমন গৈরিকধাতু নির্গত হয়, সেইরূপ দারুকের দেহ হইতে মহাবাণপ্রহারবশতঃ রক্ত নির্গত হইতে লাগিল ॥৮॥

মহাবাহু! আমার সেই সারথি, শাল্বের বাণে অত্যন্তপীড়িত হইয়া রশ্মিহস্তে যুদ্ধে অবসন্ন হইয়া পড়িতেছে দেখিয়া আমি আশ্বাস দিয়া তাহাকে স্থির করিলাম ॥৯॥

ভরতনন্দন যুধিষ্ঠির! তাহার পর, উগ্রসেনেরই ভৃত্য দ্বারকাবাসী একটা

(৮)···অতিবৃষ্টে···বা ব কা নি।

দ্বারকাধিপতির্বীর ! আহ ত্বামাহুকো বচঃ ।
কেশবৈষ বিজানীষ যত্ত্বাং পিতৃসখোঽব্রবীৎ ॥১২॥
উপযায়াদ্য শাল্বেন দ্বারকাং বৃষ্ণিনন্দন ! ।
বিষক্তে ত্বয়ি দুর্দ্ধর্ষ ! হতঃ শূরসুতো বলাৎ ॥১৩॥
তদলং সাধু যুদ্ধেন নিবর্ত্তস্ব জনার্দ্দন ! ।
দ্বারকামেব রক্ষস্ব কার্য্যমেতন্মহত্তব ॥১৪॥
ইত্যহং তস্য বচনং শ্রুত্বা পরমদুর্ম্মনাঃ ।
নিশ্চয়ং নাধিগচ্ছামি কর্ত্তব্যস্যেতরস্য বা ॥১৫॥
সাত্যকিং বলদেবঞ্চ প্রদ্যুম্নঞ্চ মহারথম্ ।
জগর্হে মনসা বীর ! তচ্ছ্রুত্বা মহদপ্রিয়ম্ ॥১৬॥

ভারতকৌমুদী

দ্বারকেতি। অথ ক এষ আহুক ইত্যাহ—এষ তব পিতুর্বসুদেবস্য সখা ইতি পিতৃসখ উগ্রসেন এব, যত্ত্বাং বক্ষ্যমাণং বচঃ অব্রবীৎ ॥১২॥

উপেতি। উপযায় ত্বদদৃশ্যভাবেন গত্বা। বিষক্তে যুদ্ধাসক্তে। শূরসুতো বসুদেবঃ ॥১৩॥

তদিতি। যুদ্ধেন অলম্, সাধু সম্যক্, নিবর্ত্তস্বেতি সম্বন্ধঃ ॥১৪॥

ইতীতি। নাধিগচ্ছামি নাবগতবান্। ইতরস্য অকর্ত্তব্যস্য ॥১৫॥

ভারতভাবদীপঃ

বা ॥১০—১১॥ পিতৃসখ আহুকঃ ॥১২॥ উপযায়োপগম্য, বিষক্তেঽন্যত্র ব্যাসক্তে, শূরসুতো বসুদেবঃ ॥১৩—১৫॥ অহং জগর্হে। বৈচিত্র্যাৎ পারোক্ষে লিট্, নিন্দিতবান্ ॥১৬—৩০॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥১৮॥

বিষণ্ণ লোক সত্বর আমার রথের নিকট আসিয়া অবসন্নকণ্ঠে প্রণয়বশতই যেন উগ্রসেনের কথা বলিল। তাহা আপনি শ্রবণ করুন ॥১০—১১॥

'বীর। দ্বারকাধিপতি উগ্রসেন আপনাকে এই কথা বলিতেছেন ; কেশব ! ইনি আপনারই পিতার সখা, যিনি আপনাকে বলিয়া দিয়াছেন ॥১২॥

দুর্দ্ধর্ষ বৃষ্ণিনন্দন ! তুমি যুদ্ধে ব্যাপৃত রহিয়াছ, এই অবস্থায় শাল্ব দ্বারকায় যাইয়া বলপূর্ব্বক বসুদেবকে বধ করিয়াছে ॥১৩॥

অতএব কৃষ্ণ ! যুদ্ধের আর প্রয়োজন নাই, তুমি ফিরিয়া আইস, দ্বারকাই রক্ষা কর, এইটাই তোমার প্রধান কার্য্য' ॥১৪॥

আমি সেই লোকটার এই কথা শুনিয়া, অত্যন্তদুঃখিত হইয়া, কর্ত্তব্য বা অকর্ত্তব্যের নিশ্চয় বুঝিতে পারিলাম না ॥১৫॥

(১২)···কেশবৈহি বিজানীষ যত্ত্বাং পিতৃসখোঽব্রবীৎ, বা ব কা নি।

(১৪)···কার্য্যমেতন্মহত্তরম্ পি।

অহং হি দ্বারকায়াশ্চ পিতুশ্চ কুরুনন্দন ! ।
তেষু রক্ষাং সমাধায় প্রয়াতঃ সৌভপাতনে ॥১৭॥
বলদেবো মহাবাহুঃ কচ্চিজ্জীবতি শত্রুহা ।
সাত্যকী রৌক্মিণেয়শ্চ চারুদেষ্ণশ্চ বীর্য্যবান্ ।
শাম্বপ্রভৃতয়শ্চৈবেত্যহমাসং সুদুর্ম্মনাঃ ॥১৮॥
এতেষু হি নরব্যাঘ্র ! জীবৎসু ন কথঞ্চন ।
শক্যঃ শূরসুতো হন্তুমপি বজ্রভৃতা স্বয়ম্ ॥১৯॥
হতঃ শূরসুতো ব্যক্তং ব্যক্তশ্চৈতে পরাসবঃ ।
বলদেবমুখাঃ সর্ব ইতি মে নিশ্চিতা মতিঃ ॥২০॥
সোঽহং সর্ববিনাশং তং চিন্তয়ানো মুহুর্মুহুঃ ।
সুবিহ্বলো মহারাজ ! পুনঃ শাল্বমযোধয়ম্ ॥২১॥

ভারতকৌমুদী

সাত্যকিমিতি। মনসা জগর্হে নিন্দিতবানস্মি ॥১৬॥
অহমিতি। হি যস্মাৎ। রক্ষাং রক্ষাভারম্। সৌভস্য বিমানস্য পাতনে ধ্বংসে ॥১৭॥
বলেতি। শত্রুহা শত্রুহন্তা। রৌক্মিণেয়ঃ প্রদ্যুম্নঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥
এতেম্বিতি। শূরসুতো বসুদেবঃ। বজ্রভৃতাপি ইন্দ্রেণাপি ॥১৯॥
হত ইতি। পরাসবো মৃতাঃ। বলদেবমুখা রামপ্রভৃতয়ঃ ॥২০॥
স ইতি। পুনরযোধয়ম্, সর্ব্ববিনাশসম্ভাবনয়া আত্মনোঽপি বিনাশায়েতি ভাবঃ ॥২১॥

বীর ! আমি সেই গুরুতর অপ্রিয় সংবাদ শুনিয়া মহারথ সাত্যকি, বলরাম ও প্রদ্যুম্নকে মনে মনে নিন্দা করিলাম ॥১৬॥

কারণ, আমি দ্বারকার ও পিতৃদেবের রক্ষার ভার তাঁহাদের উপরে ন্যস্ত করিয়াই সৌভধ্বংসের জন্য প্রস্থান করিয়াছিলাম ॥১৭॥

শত্রুহন্তা মহাবাহু বলরাম, এবং বীর্য্যবান্ সাত্যকি, প্রদ্যুম্ন ও চারুদেষ্ণ ইঁহারা জীবিত আছেন ত ? এবং শাম্বপ্রভৃতি জীবিত আছে ত ? ইহা ভাবিয়া আমি অত্যন্তবিষণ্ণচিত্ত হইলাম ॥১৮॥

কেন না, ইঁহারা জীবিত থাকিতে কোন প্রকারেই স্বয়ং ইন্দ্রও পিতা বসুদেবকে বধ করিতে সমর্থ হন না ॥১৯॥

সুতরাং নিশ্চয় পিতা বসুদেবও নিহত হইয়াছেন এবং নিশ্চয় বলরামপ্রভৃতিও মরিয়া গিয়াছেন ; এইরূপ আমার নিশ্চিত ধারণা জন্মিল ॥২০॥

মহারাজ ! আমি অনবরত সেই সর্ব্বনাশের বিষয় চিন্তা করিতে থাকিয়া, অত্যন্তবিহ্বল হইয়া আবার শাল্বের সহিত যুদ্ধ আরম্ভ করিলাম ॥২১॥

ততোঽপশ্যং মহারাজ ! প্রপতন্তমহং তদা ।
সৌভাচ্ছূরসুতং বীর ! ততো মাং মোহ আবিশৎ ॥২২॥
তস্য রূপং প্রপততঃ পিতুর্মম নরাধিপ ! ।
যযাতেঃ ক্ষীণপুণ্যস্য স্বর্গাদিব মহীতলম্ ॥২৩॥
বিশীর্ণমলিনোষ্ণীষঃ প্রকীর্ণাম্বরমূর্দ্ধজঃ ।
প্রপতন্ দৃশ্যতে হ স্ম ক্ষীণপুণ্য ইব গ্রহঃ ॥২৪॥
ততঃ শার্ঙ্গং ধনুঃশ্রেষ্ঠং করাৎ প্রপতিতং মম ।
মোহাপন্নশ্চ কৌন্তেয় ! রথোপস্থ উপাবিশম্ ॥২৫॥
ততো হাহাকৃতং সর্ব্বং সৈন্যং মে গতচেতনম্ ।
মাং দৃষ্ট্বা রথনীড়স্থং গতাসুমিব ভারত ! ॥২৬॥
প্রসার্য্য বাহূ পততঃ প্রসার্য্য চরণাবপি ।
রূপং পিতুর্মে বিবভৌ শকুনেঃ পততো যথা ॥২৭॥

ভারতকৌমুদী

তত ইতি। সৌভাদ্বিমানাৎ, শূরসুতং বসুদেবম্। শাৰ্ষমায়েয়ম্ ॥২২॥

তস্যেতি। রূপমাকৃতিঃ, আসীদিতি শেষঃ ॥২৩॥

বিশীর্ণেতি। প্রকীর্ণা বায়ুনা বিক্ষিপ্তা অম্বরমূর্দ্ধজা বসনকেশা যস্য সঃ ॥২৪॥

তত ইতি। শার্ঙ্গং শৃঙ্গনির্ম্মিতম্। মোহাপন্নো দুঃখাদ্বৈচিত্ত্যং প্রাপ্তঃ ॥২৫॥

তত ইতি। গতচেতনং গতচেতনপ্রায়ম্, পরত্রাসুভবদর্শনাৎ। রথনীড়স্থমিত্যনেনাত্মনঃ পক্ষিতুল্যমসারত্বং ব্যজ্যতে। গতাসুং নির্গতপ্রাণমিব ॥২৬॥

প্রসার্য্যেতি। পততঃ সৌভবিমানাৎ। শকুনেঃ পক্ষিণঃ ॥২৭॥

মহারাজ! তাহার পর দেখিলাম—আমার পিতা বসুদেব সৌভবিমান হইতে পড়িয়া যাইতেছেন; তখন আমার মোহ উপস্থিত হইল ॥২২॥

নরনাথ! স্বর্গ হইতে ভূতলে পড়িবার সময়ে ক্ষীণপুণ্য যযাতিরাজার অবস্থার ন্যায় সৌভ হইতে পড়িবার সময়ে আমার পিতৃদেবের অবস্থা হইয়াছিল ॥২৩॥

আমি দেখিলাম—ক্ষীণপুণ্য গ্রহের ন্যায় আমার পিতৃদেব পতিত হইতেছেন; তখন তাঁহার মলিন উষ্ণীষ বিশ্লিষ্ট হইয়াছিল এবং বায়ু তাঁহার বস্ত্র ও কেশকলাপ সঞ্চালিত করিতেছিল ॥২৪॥

তৎপরে আমার হস্ত হইতে শৃঙ্গনির্ম্মিত শ্রেষ্ঠ ধনু পতিত হইল এবং আমি মোহপ্রাপ্ত হইয়া রথের উপরে উপবেশন করিলাম ॥২৫॥

ভরতনন্দন! তখন আমার সমস্ত সৈন্যই আমাকে অচেতনপ্রায় এবং মৃতের ন্যায় হইয়া রথে থাকিতে দেখিয়া হাহাকার করিতে লাগিল ॥২৬॥

তং পতন্তং মহাবাহো ! শূলপট্টিশপাণয়ঃ।
অভিঘ্নন্তো ভৃশং বীর ! মম চেতো হ্যকম্পয়ন্ ॥২৮॥
ততো মুহূর্ত্তাৎ প্রতিলভ্য সংজ্ঞামহং তদা বীর ! মহাবিমর্দ্দে।
ন তত্র সৌভং ন রিপুঞ্চ শাল্বং পশ্যামি বৃদ্ধং পিতরং ন চাপি ॥২৯॥
ততো মমাসীন্মনসি মায়েয়মিতি নিশ্চিতম্।
প্রবুদ্ধোঽস্মি ততো ভূয়ঃ শতশোঽবাকিরং শরান্ ॥৩০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
অর্জ্জুনাভিগমনে সৌভবধে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥ *

উনবিংশোঽধ্যায়ঃ

বাসুদেব উবাচ।
ততোঽহং ভরতশ্রেষ্ঠ ! প্রগৃহ্য রুচিরং ধনুঃ।
শরৈরপাতয়ং সৌভাচ্ছিরাংসি বিবুধদ্বিষাম্ ॥১॥

ভারতকৌমুদী

তমিতি। অভিঘ্নন্তঃ শূলাদিভিঃ প্রহরন্তঃ। অকম্পয়ন্, সৌভস্থা অসুরাঃ ॥২৮॥
তত ইতি। সংজ্ঞাং প্রকৃষ্টচৈতন্যম্। ইদানীমীশ্বরভাবোঽবলম্বিত ইতি সূচিতম্ ॥২৯॥
তত ইতি। অস্মি অহম্, প্রবুদ্ধঃ অপগতমোহঃ সন্ ॥৩০॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি অর্জ্জুনাভিগমনে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥

তত ইতি। বিবুধদ্বিষাং শাল্বসৈন্যান্তর্গতানামসুরাণাম্ ॥১॥

পিতৃদেব বাহুযুগল ও চরণযুগল প্রসারিত করিয়া পড়িতেছিলেন ; সুতরাং পতনশীল পক্ষীর আকৃতির ন্যায় তাঁহার আকৃতি প্রকাশ পাইতে লাগিল ॥২৭॥

মহাবাহু ! আমার পিতৃদেব পতিত হইতেছিলেন, সে অবস্থাতেও শূল ও পট্টিশধারী অসুরেরা তাঁহাকে গুরুতর আঘাত করিতে থাকিয়া আমার হৃদয়কে কম্পিত করিল ॥২৮॥

তদনন্তর মুহূর্ত্তপরেই আমি সংজ্ঞা লাভ করিয়া সেই মহাযুদ্ধমধ্যেই সৌভ-বিমানকে, শত্রু শাল্বকে এবং বৃদ্ধ পিতাকে সেখানে দেখিতে পাইলাম না ॥২৯॥

তাহার পর, আমার মনে হইল যে, ইহা নিশ্চয়ই মায়া। তৎপরে আমি সুস্থ হইয়া আবার শত শত বাণ নিক্ষেপ করিলাম ॥৩০॥

* '...একবিংশতিতমোঽধ্যায়ঃ' বা ব কা নি।

শরাংশ্চাশীবিষাকারানূর্দ্ধগাংস্তিগ্মতেজসঃ ।
প্রৈষয়ং শাল্বরাজায় শার্ঙ্গমুক্তান্ সুবাসসঃ ॥২॥
ততো নাদৃশ্যত তদা সৌভং কুরুকুলোদ্বহ ! ।
অন্তর্হিতং মায়য়াঽভূত্ততোঽহং বিস্মিতোঽভবম্ ॥৩॥
ততো দানবসংঘাস্তে বিকৃতাননমূর্দ্ধজাঃ ।
উদক্রোশন্ মহারাজ ! বিস্মিতে ময়ি ভারত ! ॥৪॥
ততোঽস্ত্রং শব্দসাহং বৈ ত্বরমাণো মহারণে ।
অযোজয়ং তদ্বধায় ততঃ শব্দ উপারমৎ ॥৫॥

ভারতকৌমুদী

শরানিতি। আশীবিষাকারান্ সর্পাকৃতীন্। সুবাসসঃ সুন্দরকঙ্কপত্রযুক্তান্ ॥২॥

তত ইতি। নাদৃশ্যত অস্মাভিরিতি শেষঃ। তৎকারণমাহ অন্তরিতি ॥৩॥

তত ইতি। বিকৃতাননমূর্দ্ধজা ইতি পূর্ব্বদর্শনানুসারেণোক্তম্, ন তু তদানীং তথা দর্শনম্, সৌভান্তর্দ্ধানেন তেষামপ্যন্তর্দ্ধানাৎ। উদক্রোশন্ মদ্বিস্ময়দর্শনাৎ কৌতুককোলাহলং চক্রুঃ॥৪॥

তত ইতি। শব্দং সংহতে শব্দানুসারেণ শত্রুং হন্তুং শক্নোতীতি শব্দসাহম্, কর্ম্মণ্যণ, শব্দবেধীত্যর্থঃ। শব্দস্তেষাং স কৌতুককোলাহলঃ, উপারমৎ ভয়াদ্বিরতবান্ ॥৫॥

ভারতভাবদীপঃ

ততঃ সা বাষ্পকলয়া বাচা দুঃখেন কর্ষিতা।
উবাচ নৈষধং ভৈমী শোকোপহতচেতনা ॥১৪॥
রাজন্! পৌরজনো দ্বারি ত্বাং দিদৃক্ষুরবস্থিতঃ।
মন্ত্রিভিঃ সহিতঃ সর্ব্বৈ রাজভক্তিপুরস্কৃতঃ।
তং দ্রষ্টুমর্হসীত্যেবং পুনঃ পুনরভাষত ॥১৫॥
তাং তথা রুচিরাপাঙ্গীং বিলপন্তীং তথাবিধাম্।
আবিষ্টঃ কলিনা রাজা নাভ্যভাষত কিঞ্চন ॥১৬॥
ততস্তে মন্ত্রিণঃ সর্ব্বে তে চৈব পুরবাসিনঃ।
নায়মস্তীতি দুঃখার্ত্তা ব্রীড়িতা জগ্মুরালয়ান্ ॥১৭॥
তথা তদভবদ্দ্যূতং পুষ্করস্য নলস্য চ।
যুধিষ্ঠির! বহূন্ মাসান্ পুণ্যশ্লোকস্ত্বজীয়ত ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি নলোপাখ্যানে নলদ্যূতে ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। বাষ্পেণ কলা মধুরাস্ফুটা তয়া। দুঃখেন নলপরাজয়কৃতেন ॥১৪॥

রাজন্নিতি। দিদৃক্ষুর্দ্রষ্টুমিচ্ছুঃ। রাজভক্তিরেব পুরস্কৃতা প্রধানা যস্য সঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১৫॥

তামিতি। রুচিরাপাঙ্গীং স্বভাবসুন্দরনয়নপ্রান্তাম্। আবিষ্টঃ অধিষ্ঠিতঃ ॥১৬॥

তত ইতি। অয়ং নলো নাস্তি রাজা পুনর্ন বর্ত্ততে, পরাজয়াদ্রষ্টরাজ্য এবেত্যর্থঃ ॥১৭॥

তদনন্তর অত্যন্ত দুঃখিতা ও শোকাকুলচিত্তা দময়ন্তী বাষ্পগদ্গদ বাক্যে নলকে বলিলেন—॥১৪॥

'রাজা! প্রবলরাজভক্তিসম্পন্ন পুরবাসীরা সমস্ত মন্ত্রীর সহিত মিলিত হইয়া আপনার সহিত সাক্ষাৎ করিবার ইচ্ছায় দ্বারে আসিয়া অবস্থান করিতেছেন; অতএব তাঁহাদের সহিত আপনার সাক্ষাৎ করা উচিত'। এইরূপ তিনি বার বার বলিলেন ॥১৫॥

সুলোচনা দময়ন্তী সেইরূপ কাতরা হইয়া সেইরূপ বিলাপ করিতে লাগিলেন, তথাপি রাজা কলির আবেশে কিছুই বলিলেন না ॥১৬॥

তাহার পর, সেই মন্ত্রীরা ও পুরবাসীরা সকলে 'ইনি আর নাই' ইহা ভাবিয়া দুঃখিত ও লজ্জিত হইয়া আপন আপন গৃহে চলিয়া গেলেন ॥১৭॥

[১৬]…বিলপন্তীং তথাবিধম্…পি। * '…ঊনষষ্টিতমঃ…' বা, '…একোনষষ্টিতমঃ…' ব কা, '…সপ্তপঞ্চাশঃ…' পি, '…ষট্পঞ্চাশঃ…' নি।

পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ

——:(*):——

বৃহদশ্ব উবাচ।

দময়ন্তী ততো দৃষ্ট্বা পুণ্যশ্লোকং নরাধিপম্।
উন্মত্তবদনুন্মত্তা দেবনে গতচেতসম্ ॥১॥
ভয়শোকসমাবিষ্টা রাজন্! ভীমসুতা ততঃ।
চিন্তয়ামাস তৎ কার্য্যং সুমহৎ পার্থিবং প্রতি ॥২॥ (যুগ্মকম্)
সাশঙ্কমানা তৎ পাপং চিকীর্ষন্তী চ তৎ প্রিয়ম্।
নলঞ্চ হৃতসর্ব্বস্বমুপলভ্যেদমব্রবীৎ ॥৩॥

ভারতকৌমুদী

তথেতি। পুণ্যাঃ শ্লোকাশ্চরিত্রবিষয়কপদ্যানি যস্য স নলঃ, অজীয়ত জিতঃ ॥১৮॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি নলোপাখ্যানে উনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

দময়ন্তীতি। নরাধিপং পুণ্যশ্লোকং নলম্, দেবনে ক্রীড়ায়াম্, গতচেতসং নিবিষ্টচিত্তম্ উন্মত্তবচ্চ দৃষ্ট্বা। তৎ কার্য্যং ক্রীড়য়া উন্মত্তবদ্ভবনম্, সুমহৎ অতীবগুরুতরম্ ॥১—২॥

সেতি। পাপং পাপকৃতামিব দুরবস্থাম্। করিষ্যমাণব্যাপারেণ ক্রীড়াতো নিবৃত্তেঃ

ভারতভাবদীপঃ

পণকালং দ্যূতকালম্ ।৮। যানেষু যুগ্যং যুগবহং রথাদি তস্য ।৯—১৭। নায়মস্তি নষ্টোঽয়-মিত্যর্থঃ। পুণ্যঃ পাবনঃ শ্লোকো যশো যস্য সঃ, অজীয়ত জিতঃ ॥১৮॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৪৯॥

———:*:———

যুধিষ্ঠির! নল ও পুষ্করের সেই দ্যূতক্রীড়া সেই ভাবে বহুমাস যাবৎ হইয়াছিল এবং তাহাতে নলই পরাজিত হইতেছিলেন’ ॥১৮॥

——:(:):——

বৃহদশ্ব বলিলেন—‘রাজা! তাহার পর, প্রকৃতিস্থা ভীমতনয়া দময়ন্তী ক্রীড়ায় নিবিষ্টচিত্ত রাজা নলকে উন্মত্তের ন্যায় দেখিয়া, ভয়ে ও শোকে আকুল হইয়া, রাজা নলের পক্ষে সেরূপ হওয়াটা অতি গুরুতর বলিয়া চিন্তা করিলেন ॥১—২॥

তৎপরে তিনি রাজার দুরবস্থার বিষয় আশঙ্কা করিয়া, অথচ তাঁহার প্রিয় কার্য্য করিবার ইচ্ছা করিয়া এবং তাঁহাকে হৃতসর্ব্বস্ব জানিয়া—,

বৃহৎসেনামতিযশাং তাং ধাত্রীং পরিচারিকাম্।
হিতাং সর্ব্বার্থকুশলামনুরক্তাং সুভাষিতাম্ ॥৪॥ (যুগ্মকম্)
বৃহৎসেনে! ব্রজামাত্যানানায্য নলশাসনাৎ।
আচক্ষ্ব যদ্ধৃতং দ্রব্যমবশিষ্টঞ্চ যদ্বসু ॥৫॥
ততস্তে মন্ত্রিণঃ সর্ব্বে বিজ্ঞায় নলশাসনম্।
অপি নো ভাগধেয়ং স্যাদিত্যুক্ত্বা নলমাব্রজন্ ॥৬॥
তাস্তু সর্ব্বাঃ প্রকৃতয়ো দ্বিতীয়ং সমুপস্থিতাঃ।
ন্যবেদয়ন্তীমস্তা ন চ তৎ প্রত্যনন্দত ॥৭॥
বাক্যমপ্রতিনন্দন্তং ভর্ত্তারমভিবীক্ষ্য সা।
দময়ন্তী পুনর্বেশ্ম ব্রীড়িতা প্রবিবেশ হ ॥৮॥
নিশম্য সততঞ্চাক্ষান্ পুণ্যশ্লোকপরাঙ্মুখান্।
নলঞ্চ হৃতসর্বস্বং ধাত্রীং পুনরুবাচ হ ॥৯॥

ভারতকৌমুদী

পরং প্রকৃতিস্বভাবাভাবাৎ তৎপ্রিয়মেব ভবিষ্যতীতি ভাবঃ। অতিযশামিতি সলোপ আর্ষঃ ॥৩—৪॥

বৃহদিতি। নলশাসনাৎ নলাদেশং বিজ্ঞাপ্য। হৃতমপহৃতম্। বসু ধনম্ ॥৫॥

তত ইতি। নঃ অস্মাকম্, ভাগধেয়ং স্যাৎ, নলস্য চৈতন্যোদয়াদিত্যাশয়ঃ ॥৬॥

তা ইতি। প্রকৃতয়ঃ প্রজাঃ, দ্বিতীয়ং দ্বিতীয়বারম্। প্রত্যনন্দত আদরেণাশৃণোৎ ॥৭॥

বাক্যমিতি। অপ্রতিনন্দন্তম্ আদরেণাশৃণ্বন্তম্। ব্রীড়িতা, বাক্যানাদরণাৎ ॥৮॥

যশস্বিনী, হিতৈষিণী, সর্ব্বকার্য্যনিপুণা, অনুরক্তা ও প্রিয়ভাষিণী বৃহৎসেনানাম্নী ধাত্রী ও পরিচারিকাকে এই কথা বলিলেন—॥৩—৪॥

'বৃহৎসেনা! তুমি (একবার) যাও, যাইয়া রাজার আদেশ জানাইয়া মন্ত্রিগণকে আনাইয়া—যে ধন অপহৃত হইয়াছে এবং যে ধন অবশিষ্ট আছে, তাহা তাঁহাদিগকে বল ॥৫॥

তাহার পর, সেই মন্ত্রীরা সকলে নলের আদেশ জানিয়া 'আমাদের কি আবার ভাগ্যোদয় হইবে' এই কথা বলিয়া নলের উদ্দেশে আবার আসিলেন ॥৬॥

সেই প্রজারা সকলেও আবার উপস্থিত হইল। তখন আবার দময়ন্তী যাইয়া তাহা জানাইলেন; কিন্তু নল তাহাও সাগ্রহে শুনিলেন না ॥৭॥

ভর্ত্তা আগ্রহসহকারে নিজের বাক্য শুনিলেন না দেখিয়া লজ্জিত হইয়া দময়ন্তী পুনরায় গৃহে প্রবেশ করিলেন ॥৮॥

বৃহৎসেনে ! পুনর্গচ্ছ বার্ষ্ণেয়ং নলশাসনাৎ ।
সূতমানয় কল্যাণি ! মহৎ কার্য্যমুপস্থিতম্ ॥১০॥
বৃহৎসেনা তু সা শ্রুত্বা দময়ন্ত্যাঃ প্রভাষিতম্ ।
বার্ষ্ণেয়মানয়ামাস পুরুষৈরাপ্তকারিভিঃ ॥১১॥
বার্ষ্ণেয়স্তু ততো ভৈমী সান্ত্ববচ্ছ্লক্ষ্ণয়া গিরা ।
উবাচ দেশকালজ্ঞা প্রাপ্তকালমনিন্দিতা ॥১২॥
জানীষে ত্বং যথা রাজা সম্যগ্‌বৃত্তঃ সদা ত্বয়ি ।
তস্য ত্বং বিষমস্থস্য সাহায্যং কর্ত্তুমর্হসি ॥১৩॥
যথা যথা হি নৃপতিঃ পুষ্করেণৈব জীয়তে ।
তথা তথাঽস্য বৈ দ্যূতে রাগো ভূয়োঽভিবর্দ্ধতে ॥১৪॥

ভারতকৌমুদী

নিশম্যেতি । অক্ষান্ পাশকান্, পুণ্যশ্লোকপরাঙ্মুখান্ নলপ্রতিকূলান্ ॥৯॥
বৃহদিতি । বার্ষ্ণেয়ং তদাখ্যম্, সূতং সারথিম্, নলশাসনাৎ নলাদেশং বিজ্ঞাপ্য ॥১০॥
বৃহদিতি । আনয়ামাস আনায়য়ামাস । আপ্তকারিভিবিশ্বাসেন কার্য্যকর্তৃভিঃ ॥১১॥
বার্ষ্ণেয়মিতি । সান্ত্ববৎ সামবাক্যবৎ, শ্লক্ষ্ণয়া কোমলয়া, গিরা বাক্যেন ॥১২॥
জানীষ ইতি । বৃত্তঃ সাদরং কৃতব্যবহারঃ । বিষমস্থস্য সঙ্কটাপন্নস্য ॥১৩॥
যথেতি । রাগ আসক্তিঃ, ভূয়োঽভিবর্দ্ধতে, ব্যসনস্বভাবাদিতি ভাবঃ ॥১৪॥

পাশাগুলি সর্ব্বদাই নলের প্রতিকূলভাবে পড়িতেছে এবং নল হৃতসর্ব্বস্ব হইয়াছেন ইহা শুনিয়া দময়ন্তী পুনরায় ধাত্রীকে বলিলেন—॥৯॥

'কল্যাণী বৃহৎসেনা ! তুমি আবার যাও, যাইয়া রাজার আদেশ জানাইয়া বার্ষ্ণেয়সারথিকে আনয়ন কর ; গুরুতর কার্য্য উপস্থিত হইয়াছে' ॥১০॥

সেই বৃহৎসেনা দময়ন্তীর কথা শুনিয়া বিশ্বস্ত লোক দ্বারা বার্ষ্ণেয়কে আনাইল ॥১১॥

তাহার পর, দেশকালজ্ঞা ও প্রশস্তস্বভাবা দময়ন্তী সামবাক্যতুল্য কোমল বাক্যে বার্ষ্ণেয়কে সময়োচিত বিষয় বলিলেন— ॥১২॥

'বার্ষ্ণেয় ! রাজা সর্ব্বদা তোমার উপর কিরূপ ব্যবহার করেন, তাহা তুমি সম্যক্ জান ; কিন্তু সে রাজা এখন সঙ্কটাপন্ন ; অতএব তুমি তাঁহার সাহায্য কর ॥১৩॥

পুষ্কর যেমন যেমন রাজাকে জয় করিতেছে, তেমন তেমনই উঁহার দ্যূতের প্রতি আসক্তি আরও বৃদ্ধি পাইতেছে । ॥১৪॥

---

(১২)···সান্ত্বয়ন্ শ্লক্ষ্ণয়া গিরা···বা ব কা নি।

যথা চ পুষ্করস্যাক্ষাঃ পতন্তি বশবর্ত্তিনঃ।
তথা বিপর্য্যয়শ্চাপি নলস্যাক্ষেষু দৃশ্যতে ॥১৫॥
সুহৃৎস্বজনবাক্যানি যথাবন্ন শৃণোতি চ।
মমাপি চ তথা বাক্যং নাভিনন্দতি মোহিতঃ ॥১৬॥
নূনং মন্যে ন দোষোঽস্তি নৈষধস্য মহাত্মনঃ।
যত্তু মে বচনং রাজা নাভিনন্দতি মোহিতঃ ॥১৭॥
শরণং ত্বাং প্রপন্নাস্মি সারথে! কুরু মদ্বচঃ।
ন হি মে শুধ্যতে ভাবঃ কদাচিদ্বিনশেদপি ॥১৮॥
নলস্য দয়িতানশ্বান্ যোজয়িত্বা মনোজবান্।
ইদমারোপ্য মিথুনং কুণ্ডিনং যাতুমর্হসি ॥১৯॥
মম জ্ঞাতিষু নিক্ষিপ্য দারকৌ স্যন্দনং তথা।
অশ্বাংশ্চেমান্ যথাকামং বস চান্যত্র গচ্ছ বা ॥২০॥

ভারতকৌমুদী

যথেতি। বশবর্ত্তিনঃ অনুকূলাঃ সন্তঃ। বিপর্য্যয়ঃ প্রাতিকূল্যম্ ॥১৫॥
সুহৃদিতি। নাভিনন্দতি সাদরং ন শৃণোতি। যতো মোহিত ইব জাতঃ ॥১৬॥
নূনমিতি। নৈষধস্য নলস্য। দৈবকৃত এবায়ং দোষঃ, পুর্ব্বমদর্শনাদিতি ভাবঃ ॥১৭॥
শরণমিতি। ভাবঃ অন্তরাত্মা, নহি শুধ্যতে ন নিরুদ্বেগো ভবতি। বিনশেদ্বিনশ্যেৎ ॥১৮॥
নলস্যেতি। দয়িতান্ প্রিয়ান্। মিথুনং মম পুত্রং কন্যাঞ্চ। কুণ্ডিনং মৎপিতৃনগরম্ ॥১৯॥

ভারতভাবদীপঃ

দময়ন্তীতি ॥১—৬॥ দ্বিতীয়ং দ্বিতীয়বারম্ ॥৭—১৭॥ বিনশেৎ বিনশ্যেৎ নল ইতি

পাশাগুলি পুষ্করের যেমন অনুকূল হইয়া পড়িতেছে, তেমন পাশাগুলিতে উঁহার (নলের) প্রতিকূলতা দেখা যাইতেছে। ॥১৫॥

রাজা যথানিয়মে সুহৃৎ ও স্বজনের বাক্য শুনিতেছেন না এবং আমার বাক্যও গ্রাহ্য করিতেছেন না। সুতরাং উনি মোহিতের ন্যায়ই হইয়াছেন। ॥১৬॥

অতএব আমি মনে করি—নিশ্চয়ই মহাত্মা নিষধরাজের দোষ নাই। যে হেতু রাজা মোহিত বলিয়া আমার কথাও গ্রাহ্য করিতেছেন না ॥১৭॥

সুতরাং সারথি! আমি তোমার শরণাপন্ন হইলাম, তুমি আমার কথা রক্ষা কর; আমার মন নিরুদ্বেগ হইতেছে না; হয় ত রাজা রাজ্যভ্রষ্টও হইতে পারেন ॥১৮॥

অতএব রাজার প্রিয় এবং মনের ন্যায় বেগগামী অশ্বগুলিকে রথে যোজিত করিয়া, তাহাতে এই বালক ও বালিকাটীকে তুলিয়া লইয়া তুমি আমার পিতৃরাজধানী কুণ্ডিননগরে গমন কর ॥১৯॥

দময়ন্ত্যাস্তু তদ্বাক্যং বার্ষ্ণেয়ো নলসারথিঃ ।
ন্যবেদয়দশেষেণ নলামাত্যেষু মুখ্যশঃ ॥২১॥
তৈঃ সমেত্য বিনিশ্চিত্য সোঽনুজ্ঞাতো মহীপতে ! ।
যযৌ মিথুনমারোপ্য বিদর্ভাংস্তেন বাহিনা ॥২২॥
হয়াংস্তত্র বিনিক্ষিপ্য সূতো রথবরঞ্চ তম্ ।
ইন্দ্রসেনাঞ্চ তাং কন্যামিন্দ্রসেনঞ্চ বালকম্ ॥২৩॥
আমন্ত্র্য ভীমং রাজানমার্ত্তঃ শোচন্ নলং নৃপম্ ।
অটমানস্ততোঽযোধ্যাং জগাম নগরীং তদা ॥২৪॥ (যুগ্মকম্)
ঋতুপর্ণং স রাজানমুপতস্থে সুদুঃখিতঃ ।
ভৃতিঞ্চোপযযৌ তস্য সারথ্যেন মহীপতেঃ ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি নলোপাখ্যানে নলদ্যূতে পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

মমেতি। জ্ঞাতিষু পিত্রাদিষু, দারকৌ ইমে মৎপুত্রকন্যে, স্যন্দনং রথম্ ॥২০॥
দমেতি। ন্যবেদয়ৎ, তদমাত্যানামভিপ্রায়জ্ঞানার্থমিত্যাশয়ঃ, মুখ্যশঃ প্রধানেষু ॥২১॥
তৈরিতি। সমেত্য মিলিত্বা। স বার্ষ্ণেয়ঃ। মিথুনং পুত্রকন্যে। বাহিনা রথেন ॥২২॥
হয়ানিতি। হয়ানশ্বান্, তত্র দময়ন্ত্যা জ্ঞাতিষু। অটমানঃ পর্য্যটন্ ॥২৩—২৪॥

তা'র পর, এই বালক দুইটাকে, রথখানাকে এবং এই অশ্বগুলিকে আমার জ্ঞাতিদের নিকটে রাখিয়া তুমি ইচ্ছানুসারে হয় সেখানে থাকিও, না হয় অন্যত্র যাইও' ॥২০॥

কিন্তু নলসারথি বার্ষ্ণেয় নলের প্রধান মন্ত্রিগণের নিকট যাইয়া দময়ন্তীর সেই কথা সম্পূর্ণ জানাইল ॥২১॥

রাজা! সেই মন্ত্রীরা মিলিত হইয়া স্থির করিয়া বার্ষ্ণেয়কে অনুমতি দিলেন ; তখন বার্ষ্ণেয় নলের পুত্রটী ও কন্যাটীকে রথে তুলিয়া লইয়া সেই রথেই বিদর্ভদেশে চলিয়া গেল ॥২২॥

বার্ষ্ণেয়—নলের কন্যা ইন্দ্রসেনাকে, পুত্র ইন্দ্রসেনকে, অশ্বগুলিকে এবং সেই উৎকৃষ্ট রথখানাকে সেখানে রাখিয়া, ভীমরাজার অনুমতি লইয়া, দুঃখিত অবস্থায় নলের সম্বন্ধে শোক করিতে থাকিয়া, বিচরণ করিতে করিতে অযোধ্যানগরে যাইয়া উপস্থিত হইল ॥২৩—২৪॥

---

* '...ষষ্টিতমঃ...' বা ব কা, '...অষ্টপঞ্চাশঃ...' পি, '...সপ্তপঞ্চাশঃ...' নি।

একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ

——:(•):——

বৃহদশ্ব উবাচ।

ততস্তু যাতে বার্ষ্ণেয়ে পুণ্যশ্লোকস্য দীব্যতঃ।
পুষ্করেণ হৃতং রাজ্যং যচ্চান্যদ্বসু কিঞ্চন ॥১॥
হৃতরাজ্যং নলং রাজন্! প্রহসন্ পুষ্করোঽব্রবীৎ।
দ্যূতং প্রবর্ত্ততাং ভূয়ঃ প্রতিপাণোঽস্তি কস্তব ॥২॥
শিষ্টা তে দময়ন্ত্যেকা সর্ব্বমন্যজ্জিতং ময়া।
দময়ন্ত্যাঃ পণঃ সাধু বর্ত্ততাং যদি মন্যসে ॥৩॥

ভারতকৌমুদী

ঋত্বিতি। ঋতুপর্ণং নাম, স বার্ষ্ণেয়ঃ, উপতস্থে সেবিতবান্। ভৃতিং বেতনম্ ॥২৫॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি নলোপাখ্যানে পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

————•:❀:•————

তত ইতি। বার্ষ্ণেয়ে সারথৌ, পুণ্যশ্লোকস্য নলস্য, দীব্যতঃ ক্রীড়তঃ। বসু ধনম্ ॥১॥

হৃতেতি। ভূয়ঃ পুনরপি। প্রতিপাণঃ প্রতিপক্ষভাবেন পণনীয়দ্রব্যম্ ॥২॥

শিষ্টেতি। শিষ্টা অবশিষ্টা। যদি সাধু মন্যসে ইতি সম্বন্ধঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

শেষঃ ॥১৮॥ মিথুনং কুমারীং কুমারঞ্চ, কুণ্ডিনং ভীমস্য নগরম্ ॥১৯—২০॥ মুখ্যশো মুখ্যেষু মুখ্যেষু ॥২১॥ বাহিনা অশ্বরথেন।২২—২৩॥ অটমানো বেতনার্থী পর্য্যটন্ ॥২৪॥ ভৃতিং বেতনম ॥২৫॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫০॥

অত্যন্তদুঃখিত বার্ষ্ণেয় অযোধ্যার রাজা ঋতুপর্ণের আশ্রয় লইল এবং সেই রাজারই সারথির কার্য্য লইয়া বেতন পাইতে লাগিল ॥২৫॥

——:○:——

বৃহদশ্ব বলিলেন—'বার্ষ্ণেয়সারথি চলিয়া গেলে পর, দ্যূতপ্রবৃত্ত নলের রাজ্য এবং অন্য যে কিছু ধন ছিল, তাহা পুষ্কর হরণ করিলেন ॥১॥

রাজা! নল হৃতসর্ব্বস্ব হইলে, পুষ্কর হাসিতে হাসিতে তাঁহাকে বলিলেন—'আবারও খেলা আরম্ভ হউক, আপনার প্রতিপণ কি আছে? ॥২॥

আপনার একমাত্র দময়ন্তীই অবশিষ্ট আছেন, আর সকলই ত আমি জয় করিয়াছি। সুতরাং আপনি যদি ভাল মনে করেন, তবে দময়ন্তীকেই পণ ধরুন' ॥৩॥

পুষ্করেণৈবমুক্তস্য পুণ্যশ্লোকস্য মন্যুনা।
ব্যদীর্য্যতেব হৃদয়ং ন চৈনং কিঞ্চিদব্রবীৎ ॥৪॥
ততঃ পুষ্করমালোক্য নলঃ পরমমন্যুমান্।
উৎসৃজ্য সর্ব্বগাত্রেভ্যো ভূষণানি মহাযশাঃ ॥৫॥
একবাসা হ্যসংবীতঃ সুহৃচ্ছোকবিবর্দ্ধনঃ।
নিশ্চক্রাম ততো রাজা ত্যক্ত্বা সুবিপুলাং শ্রিয়ম্ ॥৬॥ (যুগ্মকম্)
দময়ন্ত্যেকবস্ত্রাথ গচ্ছন্তং পৃষ্ঠতোঽন্বগাৎ।
স তয়া বাহ্যতঃ সার্দ্ধং ত্রিরাত্রং নৈষধোঽবসৎ ॥৭॥
পুষ্করস্তু মহারাজ! ঘোষয়ামাস বৈ পুরে।
নলে যঃ সম্যগাতিষ্ঠেৎ স গচ্ছেৎ বধ্যতাং মম ॥৮॥
পুষ্করস্য তু বাক্যেন তস্য বিদ্বেষণেন চ।
পৌরা ন তস্য সৎকারং কৃতবন্তো যুধিষ্ঠির! ॥৯॥

ভারতকৌমুদী

পুষ্করেণেতি। পুণ্যশ্লোকস্য নলস্য, মন্যুনা দৈন্যেন। এনং পুষ্করম্ ।৪।
তত ইতি। পরমমন্যুমান্ অতীবদৈন্যযুক্তঃ। অসংবীতঃ অনাবৃতোর্দ্ধকায়ঃ ।৫—৬।
দময়ন্তীতি। গচ্ছন্তং নলম্। বাহ্যতো রাজধানীতো বহির্দেশে ।৭।
পুষ্কর ইতি। সম্যগাতিষ্ঠেৎ উপযুক্তসৎকারমাশ্রয়েৎ কুর্য্যাদিত্যর্থঃ ।৮।

ভারতভাবদীপঃ

তত ইতি ।১। প্রতিপাণঃ পণনীয়ং দ্রব্যম্ ।২—৬। তয়া সার্দ্ধম্, বাহ্যতঃ বহিঃ ।৭—৮।

পুষ্কর এইরূপ বলিলে, নলের হৃদয় যেন বিষাদে বিদীর্ণ হইয়া গেল; অথ চ তিনি পুষ্করকে কিছুই বলিলেন না ॥৪॥

তাহার পর, মহাযশা ও অতিবিষণ্ণহৃদয় নল পুষ্করের দিকে দৃষ্টিপাত করিয়া, সমস্ত অঙ্গ হইতে অলঙ্কার খুলিয়া ফেলিয়া, একবস্ত্র, অনাবৃতদেহ এবং বন্ধুবর্গের শোকবর্দ্ধক হইয়া, অতিবিপুল সম্পদ পরিত্যাগ করিয়া, রাজধানী হইতে নির্গত হইলেন ॥৫—৬॥

তখন দময়ন্তীও একবস্ত্রে তাঁহার পিছনে পিছনে গমন করিলেন; এই ভাবে নলরাজা দময়ন্তীর সহিত রাজধানীর বাহিরে তিন দিন বাস করিলেন ॥৭॥

মহারাজ! পুষ্কর তখন রাজধানীতে ঘোষণা করিয়া দিলেন যে, 'যে লোক নলের সমাদর করিবে, সে আমার বধ্য হইবে' ॥৮॥

যুধিষ্ঠির! পুরবাসীরা পুষ্করের বাক্যে নলের প্রতি তাঁহার গুরুতর বিদ্বেষ জন্মিয়াছে বুঝিয়া নলের প্রতি সমাদর করিল না ॥৯॥

স তথা নগরাভ্যাসে সৎকারার্হো ন সৎকৃতঃ।
ত্রিরাত্রমুষিতো রাজা জলমাত্রেণ বর্ত্তয়ন্ ॥১০॥
পীড্যমানঃ ক্ষুধা তত্র ফলমূলানি কর্ষয়ন্।
প্রাতিষ্ঠত ততো রাজা দময়ন্তী তমন্বগাৎ ॥১১॥
ক্ষুধয়া পীড্যমানস্তু নলো বহুতিথেঽহনি।
অপশ্যচ্ছকুনান্ কাংশ্চিদ্ধিরণ্যসদৃশচ্ছদান্ ॥১২॥
স চিন্তয়ামাস তদা নিষধাধিপতির্বলী।
অস্তি ভক্ষ্যো মমাদ্যায়ং বসু চেদং ভবিষ্যতি ॥১৩॥
ততস্তান্ পরিধানেন বাসসা স সমাবৃণোৎ।
তস্য তদ্বস্ত্রমাদায় সর্ব্বে জগ্মুর্বিহায়সা ॥১৪॥
উৎপতন্তঃ খগা বাক্যমেতদাহুস্ততো নলম্।
দৃষ্ট্বা দিগ্বাসসং ভূমৌ স্থিতং দীনমধোমুখম্ ॥১৫॥

ভারতকৌমুদী

পুষ্করস্যেতি। তস্য পুষ্করস্য, বিদ্বেষণেন নলং প্রতি বিদ্বেষো জাত ইতি জ্ঞানেন ॥৯॥
স ইতি। স নলঃ নগরস্য অভ্যাসে নিকটে। উষিতঃ স্থিতঃ। বর্ত্তয়ন্ জীবন্ ॥১০॥
পীড্যমান ইতি। কর্ষয়ন্ অন্বিষ্যন্। ততো নগরাভ্যাসাদপি ॥১১॥
ক্ষুধয়েতি। বহুতিথে বহুপূরণে। শকুনান্ পক্ষিণঃ, হিরণ্যসদৃশচ্ছদান্ স্বর্ণতুল্যপক্ষান্ ॥১২॥
স ইতি। অয়ং পক্ষিগণঃ, ইদম্ এতেষাং পক্ষগতং স্বর্ণম্, বসু ধনম্ ॥১৩॥
তত ইতি। তান্ শকুনান্, বাসসা দেহাদুন্মুক্তেন। সর্ব্বে তে শকুনাঃ ॥১৪॥

সুতরাং আদরের যোগ্য নলরাজা আদৃত না হইয়াও কেবল জল পান করিয়াই তিন দিন রাজধানীর নিকটে বাস করিলেন ॥১০॥

নল সেখানে ক্ষুধায় পীড়িত হইতে থাকিয়া ফল-মূলের অন্বেষণ করিতে করিতে তথা হইতে প্রস্থান করিলেন; তখন দময়ন্তীও তাঁহার অনুসরণ করিতে লাগিলেন ॥১১॥

এই ভাবে বহুদিন অতীত হইলে, একদিন ক্ষুধার্ত্ত নল—স্বর্ণবর্ণপক্ষযুক্ত কতকগুলি পক্ষী দেখিতে পাইলেন ॥১২॥

তখন বলবান্ নল চিন্তা করিলেন যে, 'আজ আমার এই পাখীগুলি খাদ্য হইবে এবং এই পাখাগুলি ধন হইবে' ॥১৩॥

তাহার পর, তিনি আপন পরিধানের কাপড় খুলিয়া তাহা দ্বারা সেই পাখীগুলিকে ঢাকিয়া ফেলিলেন; অমনি সেই পাখীগুলি তাঁহার সেই কাপড় লইয়া আকাশে উড়িয়া গেল ॥১৪॥

বয়মক্ষাঃ সুদুর্বুদ্ধে ! তব বাসো জিহীর্ষবঃ ।
আগতা ন হি নঃ প্রীতিঃ সবাসসি গতে ত্বয়ি ॥১৬॥
তান্ সমীক্ষ্য গতানক্ষান্ আত্মানঞ্চ বিবাসসম্ ।
পুণ্যশ্লোকস্তদা রাজন্ ! দময়ন্তীমথাব্রবীৎ ॥১৭॥
যেষাং প্রকোপাদৈশ্বর্য্যাৎ প্রচ্যুতোঽহমনিন্দিতে ! ।
প্রাণযাত্রাং ন বিন্দেয়ং দুঃখিতঃ ক্ষুধয়ান্বিতঃ ॥১৮॥
যেষাং কৃতে ন সৎকারমকুর্ব্বন্ ময়ি নৈষধাঃ ।
ইমে তে শকুনা ভূত্বা বাসো ভীরু ! হরন্তি মে ॥১৯॥ (যুগ্মকম্)
বৈষম্যং পরমং প্রাপ্তো দুঃখিতো গতচেতনঃ ।
ভর্ত্তা তেঽহং নিবোধেদং বচনং হিতমাত্মনঃ ॥২০॥

ভারতকৌমুদী

উৎপতন্ত ইতি। খগাস্তে পক্ষিণঃ। আছক্রবস্তি স্ম। দিগ্বাসসং নগ্নম্ ॥১৫॥

বয়মিতি। জিহীর্ষবো হর্ত্তুমিচ্ছবঃ সন্ত আগতাঃ। হি যস্মাৎ ॥১৬॥

তানিতি। গতান্ ততঃ প্রস্থিতান্, অক্ষান্ পাশকান্। পুণ্যশ্লোকো নলঃ ॥১৭॥

যেষামিতি। ঐশ্বর্য্যাৎ রাজ্যাদিসম্পত্তিতঃ। প্রাণযাত্রাং প্রাণধারণোপযোগি খাদ্যম্, ন বিন্দেয়ং ন লভেয়। কৃতে নিমিত্তে। নৈষধা নিষধদেশবাসিনো জনাঃ ॥১৮—১৯॥

বৈষম্যমিতি। বৈষম্যং সঙ্কটম্। অহং তে ভর্ত্তা, অতো মদ্বচনং ত্বয়া গ্রাহ্যম্ ॥২০॥

তখন নল নগ্ন হওয়ায় কাতর ও অধোমুখ হইয়া ভূতলে অবস্থান করিতে লাগিলেন, ইহা দেখিয়া সেই উড্ডীন পক্ষীগুলি নলকে এই কথা বলিল— ॥১৫॥

'অতিদুর্বুদ্ধি নল! আমরা সেই পাশা, তোমার বস্ত্র হরণ করিবার ইচ্ছাতেই আসিয়াছিলাম। কারণ, তুমি সবস্ত্র অবস্থায় গেলে আমাদের আনন্দ হয় না' ॥১৬॥

রাজা! সেই পাশাগুলি চলিয়া গেল এবং নিজে বিবস্ত্র হইয়াই রহিলেন ইহা দেখিয়া নল তখন দময়ন্তীকে বলিলেন—॥১৭॥

'অনিন্দিতে! দময়ন্তি! যাহাদের কোপে আমি ঐশ্বর্য্যভ্রষ্ট হইয়াছি এবং দুঃখিত ও ক্ষুধার্ত্ত হইয়া প্রাণধারণের উপযোগী খাদ্য পাইতেছি না; আর যাহাদের জন্য নিষধবাসী লোকেরা আমার আদর করিল না, তাহারাই এই পক্ষী হইয়া আমার বস্ত্র হরণ করিতেছে। ॥১৮—১৯॥

আমি অত্যন্ত সঙ্কটে পড়িয়াছি এবং দুঃখিত ও চৈতন্যহীনের ন্যায় হইয়াছি। (সে যাহা হউক,) আমি তোমার স্বামী; সুতরাং তুমি নিজের হিতকর এই বাক্য শ্রবণ কর ॥২০॥

এতে গচ্ছন্তি বহবঃ পন্থানো দক্ষিণাপথম্।
অবন্তীমৃক্ষবন্তঞ্চ সমতিক্রম্য পর্ব্বতম্ ॥২১॥
এষ বিন্ধ্যো মহাশৈলঃ পয়োষ্ণী চ সমুদ্রগা।
আশ্রমাশ্চ মহর্ষীণাং বহুমূলফলান্বিতাঃ ॥২২॥
এষ পন্থা বিদর্ভাণামসৌ গচ্ছতি কোশলাম্।
অতঃ পরঞ্চ দেশোঽয়ং দক্ষিণে দক্ষিণাপথঃ ॥২৩॥
এতদ্বাক্যং নলো রাজা দময়ন্তীং সমাহিতঃ।
উবাচাসকৃদার্ত্তো হি ভৈমীমুদ্দিশ্য ভারত। ॥২৪॥
ততঃ সা বাষ্পকলয়া বাচা দুঃখেন কর্ষিতা।
উবাচ দময়ন্তী তং নৈষধং করুণং বচঃ ॥২৫॥
উদ্বেপতে মে হৃদয়ং সীদন্ত্যঙ্গানি সর্ব্বশঃ।
তব পার্থিব! সঙ্কল্পং চিন্তয়ন্ত্যাঃ পুনঃ পুনঃ ॥২৬॥

ভারতকৌমুদী

এত ইতি। দক্ষিণাপথং দেশম্, অবন্তীং তদাখ্যং দেশম্, ঋক্ষবন্তং নাম ॥২১॥
এষ ইতি। পয়োষ্ণী তদাখ্যা, সমুদ্রগা নদী। আশ্রমাশ্চ দৃশ্যন্তে ॥২২॥
এষ ইতি। বিদর্ভাণাং তব পিতৃদেশস্য। অসৌ পন্থাঃ। কোশলামযোধ্যাম্ ॥২৩॥
এতদিতি। সমাহিতঃ সাগ্রহ ইত্যর্থঃ, দময়ন্ত্যা বিদর্ভদেশে গমনায়েত্যাশয়ঃ ॥২৪॥
তত ইতি। বাষ্পেণ কলয়া মধুরাস্ফুটয়া গদ্গদয়েত্যর্থঃ। নৈষধং নলম্ ॥২৫॥

এই বহুতর পথ অবন্তীদেশ ও ঋক্ষবান্ পর্ব্বত অতিক্রম করিয়া দাক্ষিণাত্য-দেশের দিকে গিয়াছে ॥২১॥

এই বিন্ধ্যনামক মহাপর্ব্বত, এই পয়োষ্ণী নদী এবং এই সকল—মহর্ষিগণের প্রচুর ফল-মূলযুক্ত আশ্রম দেখা যাইতেছে ॥২২॥

এইটী বিদর্ভদেশের পথ, এই পথটী অযোধ্যার দিকে গিয়াছে এবং ইহার পর দক্ষিণদিকে এই দাক্ষিণাত্যদেশ দেখা যাইতেছে' ॥২৩॥

ভরতনন্দন! নলরাজা কাতর হইয়া আগ্রহসহকারে এই কথাগুলি বার বার ভীমনন্দিনী দময়ন্তীকে লক্ষ্য করিয়া বলিলেন ॥২৪॥

তাহার পর, দময়ন্তী অত্যন্তদুঃখিত হইয়া বাষ্পগদ্গদ বাক্যে করুণভাবে নলকে এই কথা বলিলেন—॥২৫॥

'মহারাজ! আপনার উদ্দেশ্যটাকে বার বার চিন্তা করিয়া আমার হৃদয় অত্যন্ত কম্পিত হইতেছে এবং অঙ্গ সকল অবসন্ন হইতেছে ॥২৬॥

(২৬) উদ্বেজতে মে হৃদয়ম্···বা ব কা।

হৃতরাজ্যং হৃতদ্রব্যং বিবস্ত্রং ক্ষুচ্ছ্রমান্বিতম্ ।
কথমুৎসৃজ্য গচ্ছেয়ং ত্বামহং নির্জনে বনে ॥২৭॥
শ্রান্তস্য তে ক্ষুধার্ত্তস্য চিন্তয়ানস্য তৎ সুখম্ ।
বনে ঘোরে মহারাজ ! নাশয়িষ্যাম্যহং ক্লমম্ ॥২৮॥
ন চ ভার্য্যাসমং কিঞ্চিদ্বিদ্যতে ভিষজাং মতম্ ।
ঔষধং সর্ব্বদুঃখেষু সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥২৯॥

নল উবাচ ।

এবমেতদ্‌যথাত্থ ত্বং দময়ন্তি ! সুমধ্যমে ! ।
নাস্তি ভার্য্যাসমং মিত্রং নরস্যার্ত্তস্য ভেষজম্ ॥৩০॥
ন চাহং ত্যক্তুকামস্ত্বাং কিমলং ভীরু ! শঙ্কসে ।
ত্যজেয়মপি চাত্মানং ন চৈব ত্বামনিন্দিতে ! ॥৩১॥

ভারতকৌমুদী

উদিতি। উদ্বেপতে অতীবকম্পতে! সঙ্কল্পং মৎপিতৃভবনগমনবিষয়কম্ ॥২৬॥
উক্তসঙ্কল্পে বিপ্রতিপত্তিমাহ হৃতেতি। হৃতদ্রব্যং হৃতধনম্। উৎসৃজ্য বিহায় ॥২৭॥
ত্বয়া স্থিত্বাপি কিং কর্ত্তব্যমিত্যাহ শ্রান্তস্যেতি। তৎ রাজত্বকালীনম্ ॥২৮॥
নেতি। ভিষজাং চিকিৎসকানামুপদেষ্টৃণামিত্যর্থঃ, মতমভিপ্রেতমৌষধম্ ॥২৯॥
এবমিতি। আত্থ ব্রবীষি। মিত্রং ভেষজঞ্চ, সাহায্যকরত্বাদার্ত্তিনাশকত্বাচ্চেতি ভাবঃ ॥৩০॥
নেতি। অলমত্যন্তম্, হে ভীরু! ভয়শীলে!। ত্যজেয়ং ত্যক্তুং শক্নুয়াম্ ॥৩১॥

আপনি হৃতরাজ্য, হৃতদ্রব্য, বিবস্ত্র, ক্ষুধার্ত্ত ও পরিশ্রান্ত; এই অবস্থায় নির্জন বনমধ্যে আপনাকে পরিত্যাগ করিয়া আমি কি প্রকারে পিতৃভবনে গমন করি ॥২৭॥

মহারাজ! আপনি যখন ভয়ঙ্কর-বন-মধ্যে পরিশ্রান্ত ও ক্ষুধার্ত্ত হইয়া সেই রাজত্বকালীন সুখের চিন্তা করিবেন, আমি তখন আপনার ক্লান্তি দূর করিব ॥২৮॥

রাজা! চিকিৎসকদিগের এই মত যে, সর্ব্বপ্রকার দুঃখেতেই ভার্য্যার তুল্য কোন ঔষধ নাই; ইহা আপনাকে সত্য বলিতেছি' ॥২৯॥

নল বলিলেন—'সুমধ্যমে! দময়ন্তি! তুমি যাহা বলিলে, তাহা সত্য—পীড়িত লোকের পক্ষে ভার্য্যার তুল্য সুহৃৎ বা ঔষধ নাই ॥৩০॥

ভয়শীলে! আমি ত তোমাকে ত্যাগ করিতে ইচ্ছা করিতেছি না, তবে তুমি কেন অধিক আশঙ্কা করিতেছ। আমি আপনাকেও ত্যাগ করিতে পারি, কিন্তু তোমাকে ত্যাগ করিতে পারি না' ॥৩১॥

(৩১)···ত্যজেয়মহমাত্মানম্···বা ব কা।

দময়ন্ত্যুবাচ।

যদি মাং ত্বং মহারাজ! ন বিহাতুমিহেচ্ছসি।
তৎ কিমর্থং বিদর্ভাণাং পন্থাঃ সমুপদিশ্যতে ॥৩২॥
অবৈমি চাহং নৃপতে! ন ত্বং মাং ত্যক্তুমর্হসি।
চেতসা ত্বপকৃষ্টেন মাং ত্যজেথা মহীপতে! ॥৩৩॥
পন্থানং হি মমাভীক্ষ্ণমাখ্যাসি চ নরোত্তম!।
অতো নিমিত্তং শোকং মে বর্দ্ধয়স্যমরোপম! ॥৩৪॥
যদি চায়মভিপ্রায়স্তব জ্ঞাতীন্ ব্রজেদিতি।
সহিতাবেব গচ্ছাবো বিদর্ভান্ যদি মন্যসে ॥৩৫॥
বিদর্ভরাজস্তত্র ত্বাং পূজয়িষ্যতি মানদ!।
তেন ত্বং পূজিতো রাজন্! সুখং বৎস্যসি নো গৃহে ॥৩৬॥

ভারতকৌমুদী

যদীতি। বিহাতুং ত্যক্তুম্। তৎ তদা। সমুপদিশ্যতে ময়মিতি শেষঃ ॥৩২॥
অবৈমীতি। অপকৃষ্টেন দৈবাকৃষ্টেন, দ্যূতে রাজ্যাদিত্যাগবদিত্যাশয়ঃ ॥৩৩॥
পন্থানমিতি। অভীক্ষ্ণং পুনঃ পুনঃ, আখ্যাসি ব্রবীষি, পুর্ব্বমসকৃদিত্যভিধানাৎ ॥৩৪॥
যদীতি। দময়ন্তী জ্ঞাতীন্ পিত্রাদীন্ ব্রজেৎ, ইত্যয়ং যদি তবাভিপ্রায় ইত্যন্বয়ঃ ॥৩৫॥
বিদর্ভেতি। যতস্ত্বং মানদস্তস্য শ্বশুরস্য সম্মানকারী। নঃ অস্মাকম্ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

তস্য নলস্য ॥১॥ নগরাভ্যাসে নগরসমীপে ॥১০—৩০॥ অলমত্যর্থম্ ॥৩১—৩২॥ অপকৃষ্টেন কলিকর্ষিতেন ॥৩৩—৩৫॥ যদ্যপি পূজয়িষ্যতি তথাপি ত্বং সুখং নো বৎস্যসি ন বাসং করিষ্যসি

দময়ন্তী বলিলেন—'মহারাজ! আপনি যদি আমাকে ত্যাগ করিতে ইচ্ছা না করেন, তবে কেন বিদর্ভদেশের পথের উপদেশ দিতেছেন? ॥৩২॥

রাজা! আমি জানি যে, আপনি আমাকে ত্যাগ করিতে পারেন না। কিন্তু দৈব যদি আপনার চিত্ত আকর্ষণ করে, তবে আমাকে ত্যাগ করিতেও পারেন ॥৩৩॥

হে দেবতুল্য! নরশ্রেষ্ঠ! আপনি বার বার আমার নিকট বিদর্ভদেশের পথের কথা বলিয়াছেন, সেই জন্যই আমার শোকবৃদ্ধি করিয়াছেন ॥৩৪॥

'দময়ন্তী তাঁহার জ্ঞাতিগণের নিকট গমন করুন' ইহাই যদি আপনার অভিপ্রায় হয় এবং ইহা যদি মত করেন, তবে চলুন, আমরা দুই জনেই মিলিত হইয়া বিদর্ভদেশে যাই ॥৩৫॥

(৩৩)…ন তু মাম্…বা ব কা নি। (৩৬) শ্লোকাৎ পরম্ '…একষষ্টিতমঃ…' বা ব কা, '…ঊনষষ্টিতমঃ…' পি, '…অষ্টপঞ্চাশঃ…' নি।

নল উবাচ।

যথা রাজ্যং তব পিতুস্তথা মম ন সংশয়ঃ।
ন তু তত্র গমিষ্যামি বিষমস্থঃ কথঞ্চন ॥৩৭॥
কথং সমৃদ্ধো গত্বাহং তব হর্ষবিবর্দ্ধনঃ।
পরিচ্যুতো গমিষ্যামি তব শোকবিবর্দ্ধনঃ ॥৩৮॥

বৃহদশ্ব উবাচ।

ইতি ব্রুবন্ নলো রাজা দময়ন্তীং পুনঃ পুনঃ।
সান্ত্বয়ামাস কল্যাণীং বাসসোঽর্দ্ধেন সংবৃতাম্ ॥৩৯॥
তাবেকবস্ত্রসংবীতাবটমানাবিতস্ততঃ।
ক্ষুৎপিপাসাপরিশ্রান্তৌ সভাং কাঞ্চিদুপেয়তুঃ ॥৪০॥

ভারতকৌমুদী

যথেতি। তু কিন্তু তথাপি তত্র তব পিতৃগৃহে। বিষমস্থো নিতান্তনিস্বঃ ॥৩৭॥
কথমিতি। সমৃদ্ধো গত্বা স্বয়ম্বরকালে। পরিচ্যুত ইদানীং তৎসমৃদ্ধিভ্রষ্টঃ ॥৩৮॥
ইতীতি। বাসসো দময়ন্ত্যা এব বস্ত্রস্ত। অপরেণার্দ্ধেনাত্মনঃ সংবৃতত্বাৎ ॥৩৯॥
তাবিতি। একেন বস্ত্রেণ সংবীতৌ আবৃতাধরকায়ৌ। সভাং পথিকবিশ্রামমণ্ডপম্ ॥৪০॥

ভারতভাবদীপঃ

শ্বশুরগৃহবাসস্থ নীচতাবহত্বাৎ ॥৩৬॥ এতদেব সমর্থয়ন্নল উবাচ—যথেতি ॥৩৭—৩৯॥

সম্মানকারী। বিদর্ভরাজ সেখানে আপনার সম্মানই করিবেন। অতএব রাজা! তৎকর্তৃক সম্মানিত হইয়া আপনি আমাদের গৃহে সুখেই বাস করিবেন' ॥৩৬॥

নল বলিলেন—'প্রিয়ে! সে রাজ্য যেমন তোমার পিতার, তেমন আমারও বটে, এ বিষয়ে কোন সন্দেহ নাই; কিন্তু তথাপি আমি এখন নিতান্ত-নিস্ব বলিয়া কোন প্রকারেই সেখানে যাইতে পারি না ॥৩৭॥

কারণ, পূর্ব্বে আমি সমৃদ্ধ অবস্থায় তোমার আনন্দবর্দ্ধকভাবে যাইয়া, এখন নিস্ব অবস্থায় তোমার শোকবর্দ্ধক হইয়া কি প্রকারে যাইব' ॥৩৮॥

বৃহদশ্ব বলিলেন—'এই সময়ে দময়ন্তীর বস্ত্রখানিরই এক অর্দ্ধ দময়ন্তী এবং অপর অর্দ্ধ নল পরিধান করিয়াছিলেন; এই অবস্থায় নল রাজা কল্যাণী দময়ন্তীকে বার বার ঐ কথা বলিয়া সান্ত্বনা দিতে লাগিলেন ॥৩৯॥

তাহার পর, একবস্ত্রপরিধায়ী নল ও দময়ন্তী ইতস্ততঃ বিচরণ করিতে করিতে ক্ষুৎপিপাসায় পরিশ্রান্ত হইয়া কোন পান্থশালায় উপস্থিত হইলেন ॥৪০॥

তাং সভামুপসংপ্রাপ্য তদা স নিষধাধিপঃ।
বৈদর্ভ্যা সহিতো রাজা নিষসাদ মহীতলে ॥৪১॥
স বৈ বিবস্ত্রো বিকটো মলিনঃ পাংশুগুণ্ঠিতঃ।
দময়ন্ত্যা সহ শ্রান্তঃ সুষ্বাপ ধরণীতলে ॥৪২॥
দময়ন্ত্যপি কল্যাণী নিদ্রয়াপহৃতা ততঃ।
সহসা দুঃখমাসাদ্য সুকুমারী তপস্বিনী ॥৪৩॥
সুপ্তায়াং দময়ন্ত্যান্তু নলো রাজা বিশাংপতে!।
শোকোন্মথিতচিত্তাত্মা ন স্ম শেতে যথা পুরা ॥৪৪॥
স তদ্রাজ্যাপহরণং সুহৃত্ত্যাগঞ্চ সর্ব্বশঃ।
বনে বস্ত্রপরিধ্বংসং প্রেক্ষ্য চিন্তামুপেযিবান্ ॥৪৫॥
কিং নু মে স্যাদিদং কৃত্বা কিং নু মে স্যাদকুর্বতঃ।
কিং নু মে মরণং শ্রেয়ঃ পরিত্যাগো জনস্য বা ॥৪৬॥

ভারতকৌমুদী

তামিতি। নিষসাদ উপবিবেশ, মহীতলে তত্রাসনাভাবাদিতি ভাবঃ ॥৪১॥
স ইতি। বিবস্ত্রঃ পূর্ববস্ত্ররহিতঃ, বিকটঃ পাংশুগুণ্ঠিতত্বাদেব বিকটাকৃতিঃ ॥৪২॥
দময়ন্তীতি। অপিশব্দস্ত্বর্থে। সুকুমারী কোমলাঙ্গী, তপস্বিনী দীনা ॥৪৩॥
সুপ্তায়ামিতি। সুপ্তায়াং নিদ্রিতায়াম্। ন শেতে স্ম ন নিদ্রিতবান্ ॥৪৪॥
স ইতি। স নলঃ। বস্ত্রস্য পরিধ্বংসং লোপম্। উপেযিবান্ প্রাপ্তবান্ ॥৪৫॥

ভারতভাবদীপঃ

পাঠান্তরে উপোষতুঃ উপেত্য বাসং চক্রতুঃ ॥৪০—৪১॥ বিকটঃ কটস্তৃণাসনং তদ্রহিতঃ, অত-

তখন নলরাজা সেই পান্থশালায় উপস্থিত হইয়া দময়ন্তীর সহিত ভূতলেই উপবেশন করিলেন ॥৪১॥

ক্রমে—বিবস্ত্র, বিকটাকৃতি, মলিনদেহ, ধূলিধূসরগাত্র ও পরিশ্রান্ত নলরাজা দময়ন্তীর সহিত ভূতলেই শয়ন করিলেন ॥৪২॥

তৎপরে কল্যাণী, কোমলাঙ্গী ও দীনা দময়ন্তী হঠাৎ দুঃখভোগ করায় তখনই নিদ্রিত হইয়া পড়িলেন ॥৪৩॥

মহারাজ! দময়ন্তী নিদ্রিত হইলে, নলরাজার চিত্ত শোকে উদ্বেলিত হইতে লাগিল; তাই তিনি পূর্ব্বের ন্যায় নিদ্রিত হইলেন না ॥৪৪॥

তিনি সেই রাজ্যাপহরণ, সমস্ত বন্ধুত্যাগ এবং বনে পক্ষিগণকর্ত্তৃক বস্ত্র হরণ এই সকল আলোচনা করিয়া চিন্তা করিতে লাগিলেন—॥৪৫॥

(৪৫)···বনে চ তং পরিধ্বংসম্···বা ব কা নি।

মামিয়ং হ্যনুরক্তৈবং দুঃখং প্রাপ্নোতি মৎকৃতে।
মদ্বিহীনা ত্বিয়ং গচ্ছেৎ কদাচিৎ স্বজনং প্রতি ॥৪৭॥
ময়ি নিঃসংশয়ং দুঃখমিয়ং প্রাপ্স্যত্যনুব্রতা।
উৎসর্গে সংশয়ঃ স্যাত্তু বিন্দেতাপি সুখং ক্বচিৎ ॥৪৮॥
স বিনিশ্চিত্য বহুধা বিচার্য্য চ পুনঃ পুনঃ।
উৎসর্গং মন্যতে শ্রেয়ো দময়ন্ত্যা নরাধিপঃ ॥৪৯॥
ন চৈষা তেজসা শক্যা কৈশ্চিদ্ধর্ষয়িতুং পথি।
যশস্বিনী মহাভাগা মদ্ভক্তেয়ং পতিব্রতা ॥৫০॥
এবং তস্য তদা বুদ্ধির্দময়ন্ত্যাং ন্যবর্ত্তত।
কলিনা দুষ্টভাবেন দময়ন্ত্যা বিসর্জ্জনে ॥৫১॥

ভারতকৌমুদী

চিন্তায়াঃ প্রকারমাহ ত্রিভিঃ কিমিতি। ইদং বনভ্রমণম্। জনস্য ভার্য্যায়াঃ ॥৪৬॥
মামিতি। মাম্ অনু লক্ষ্যীকৃত্য রক্তা। এবমিত্থম্, মৎকৃতে মন্নিমিত্তে ॥৪৭॥
ময়ীতি। ময়ি অনুব্রতা অনুগমনেনানুকূলা। উৎসর্গে ত্যাগে, বিন্দেত লভেত ॥৪৮॥
স ইতি। দময়ন্ত্যা উৎসর্গং ত্যাগমেব তস্যাঃ শ্রেয়ো মঙ্গলং মন্যতে স্ম ॥৪৯॥
নেতি। তেজসা পাতিব্রাত্যপ্রভাবেণ। ধর্ষয়িতুং বলাদ্রময়িতুম্ ॥৫০॥
এবমিতি। ন্যবর্ত্তত সাহচর্য্যবিষয়ে নিবৃত্তা; বিসর্জ্জনে তু নিশ্চয়েনাবর্ত্তত ॥৫১॥

'এইরূপ বনে বনে ভ্রমণ করিয়া আমার কি হইবে, ইহা না করিলেই বা কি হইবে, আমার মরণ কি ভাল, না—দময়ন্তীকে ত্যাগ করা ভাল ? ॥৪৬॥

(আমি পরিত্যাগ না করিলে,) আমার প্রতি অত্যন্ত অনুরক্তা দময়ন্তী আমার জন্য এইরূপ দুঃখই ভোগ করিতে থাকিবেন ; আর আমি পরিত্যাগ করিলে হয় ত ইনি কখনও পিতৃগৃহে যাইতে পারেন ॥৪৭॥

(আমি পরিত্যাগ না করিলে,) আমার অনুকূলা দময়ন্তী দুঃখভোগই করিবেন এ বিষয়ে কোন সন্দেহ নাই ; আর উঁহাকে ত্যাগ করিলে, উঁহার দুঃখভোগে সন্দেহ আছে ; হয় ত কখনও উনি সুখভোগ করিতেও পারেন' ॥৪৮॥

নলরাজা এইরূপ বার বার নানাবিধ আলোচনাপূর্ব্বক স্থির করিয়া ইহাই মনে করিলেন যে, দময়ন্তীকে পরিত্যাগ করাই দময়ন্তীর পক্ষে ভাল ॥৪৯॥

কিন্তু ইনি যশস্বিনী, ভাগ্যবতী, আমার ভক্তা ও পতিব্রতা ; সুতরাং ইঁহার তেজেই ইঁহাকে পথে কেহই ধর্ষণ করিতে পারিবে না ॥৫০॥

এই ভাবে খলপ্রকৃতি কলির প্রভাবে নলরাজার বুদ্ধি দময়ন্তীকে সহচরী রাখার পক্ষ হইতে ফিরিয়া গেল এবং তাঁহাকে পরিত্যাগ করিবার পক্ষেই প্রবৃত্ত হইল ॥৫১॥

সোঽবস্ত্রতামাত্মনশ্চ তস্যাশ্চাপ্যেকবস্ত্রতাম্।
চিন্তয়িত্বাধ্যগাদ্রাজা বস্ত্রার্দ্ধস্যাবকর্ত্তনম্ ॥৫২॥
কথং বাসো বিকর্ত্তেয়ং ন চ বুধ্যেত মে প্রিয়া।
বিচিন্ত্যৈবং নলো রাজা সভাং পর্য্যচরত্তদা ॥৫৩॥
পরিধাবন্নথ নল ইতশ্চেতশ্চ ভারত!।
আসসাদ সভোদ্দেশে বিকোষং খড়্গমুত্তমম্ ॥৫৪॥
তেনার্দ্ধং বাসসশ্ছিত্ত্বা বিবস্য চ পরন্তপঃ।
সুপ্তামুৎসৃজ্য বৈদর্ভীং প্রাদ্রবদ্‌গতচেতনাম্ ॥৫৫॥
ততো নিবৃত্তহৃদয়ঃ পুনরাগত্য তাং সভাম্।
দময়ন্তীং তদা দৃষ্ট্বা রুরোদ নিষধাধিপঃ ॥৫৬॥

ভারতকৌমুদী

স ইতি। অবস্ত্রতাং নগ্নতাম্। অধ্যগাৎ অবধারিতবান্। তস্যা এব বস্ত্রার্দ্ধস্য ॥৫২॥
কথমিতি। বিকর্ত্তেয়ং ছিন্দ্যাম্। কৃত্তেস্তৌবাদিকত্বমার্ষম্। পর্য্যচরদস্ত্রান্বেষণায় ॥৫৩॥
পরীতি। আসসাদ প্রাপ, সভায়া উদ্দেশে একপ্রান্তে, বিকোষমুন্মুক্তম্ ॥৫৪॥
তেনেতি। বাসসো দময়ন্তীপরিহিতবস্ত্রস্য। বিবস্য তদর্দ্ধং স্বয়ং পরিধায় ॥৫৫॥

ভারতভাবদীপঃ

এব পাংশুগুণ্ঠিতঃ ॥৪২—৪৪॥ পরিধ্বংসং কলিনা বস্ত্রাপহরণাদিক্লেশম্ ॥৪৫॥ জনস্য পরিশেষান্তার্য্যায়া এব ॥৪৬—৫০॥ দময়ন্ত্যাং বিষয়ে স্তবর্ত্তত নিবৃত্তা সতী বিসর্জ্জনেঽভূদিতি শেষঃ ॥৫২—৫৪॥ নিবস্য পরিধায় ॥৫৫—৫৬॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫১॥

তাহার পর, 'নিজের কাপড় নাই, দময়ন্তীরও একখানি মাত্র কাপড় আছে' এইরূপ চিন্তা করিয়া নল স্থির করিলেন যে, দময়ন্তীর কাপড় খানিরই অর্দ্ধচ্ছেদন করিতে হইবে ॥৫২॥

'কিন্তু দময়ন্তী বুঝিতে না পারেন এই ভাবে কি করিয়া উঁহার বস্ত্রখানি ছেদন করি' এইরূপ চিন্তা করিয়া নলরাজা তখন অস্ত্রান্বেষণে সেই পান্থশালায় বিচরণ করিতে লাগিলেন ॥৫৩॥

ভরতনন্দন। তাহার পর নল ইতস্ততঃ বিচরণ করিতে থাকিয়া সেই গৃহের একপ্রান্তে একখানি কোষমুক্ত উত্তম খড়্গ পাইলেন ॥৫৪॥

নল সেই খড়্গদ্বারা দময়ন্তীর বস্ত্রের অর্দ্ধ ছেদনপূর্ব্বক তাহা পরিধান করিয়া নিদ্রিতা চৈতন্যহীনা দময়ন্তীকে পরিত্যাগপূর্ব্বক দ্রুত প্রস্থান করিলেন ॥৫৫॥

(৫২)···চিন্তয়িত্বাভ্যগাদ্রাজা···বা ব কা।

যাং ন বায়ুর্ন চাদিত্যঃ পুরা পশ্যতি মে প্রিয়াম্ ।
সেয়মদ্য সভামধ্যে শেতে ভূমাবনাথবৎ ॥৫৭॥
ইয়ং বস্ত্রাবকর্ত্তেন সংবীতা চারুহাসিনী ।
উন্মত্তেব ময়া হীনা কথং বুদ্ধা ভবিষ্যতি ॥৫৮॥
কথমেকা সতী ভৈমী ময়া বিরহিতা শুভা ।
চরিষ্যতি বনে ঘোরে মৃগব্যালনিষেবিতে ॥৫৯॥
আদিত্যা বসবো রুদ্রা অশ্বিনৌ সমরুদ্গণৌ ।
রক্ষন্তু ত্বাং মহাভাগে ! ধর্ম্মেণাসি সমাবৃতা ॥৬০॥
এবমুক্ত্বা প্রিয়াং ভার্য্যাং রূপেণাপ্রতিমাং ভুবি ।
কলিনাপহৃতজ্ঞানো নলঃ প্রাতিষ্ঠতান্যতঃ ॥৬১॥

ভারতকৌমুদী

তত ইতি। নিবৃত্তহৃদয়ো দময়ন্তীং প্রত্যাগতচিত্তঃ। সভাং পান্থশালাম্ ॥৫৬॥
যামিতি। পুরা ন পশ্যতি স্ম, অনবরতমেবান্তঃপুরে স্থিতেরিতি ভাবঃ ।৫৭।
ইয়মিতি। বস্ত্রস্য অবকর্ত্তেন ছেদনেন, সংবীতা বস্ত্রার্দ্ধেনাবৃতা। কথমিতি খেদে।৫৮।
কথমিতি। মৃগৈর্ব্যাঘ্রাদিভিঃ পশুভিঃ ব্যালৈঃ সর্পৈশ্চ নিষেবিতে।৫৯।
আদিত্যা ইতি। মরুদ্গণৈরপরৈর্দেবগণৈঃ সহেতি সমরুদ্গণৌ ।৬০।

তাহার পর তখনই নলের হৃদয় ফিরিল বলিয়া তিনি আবার সেই ঘরে আসিয়া দময়ন্তীকে দেখিয়া রোদন করিতে লাগিলেন ॥৫৬॥

'পূর্ব্বে বায়ু বা সূর্য্যও আমার যে প্রিয়তমাকে দেখিতে পান নাই, সেই প্রিয়তমা আজ এই পান্থশালায় ভূতলে অনাথার ন্যায় শয়ন করিয়া রহিয়াছেন ॥৫৭॥

বস্ত্রচ্ছেদন করায় অর্দ্ধবস্ত্রাবৃতা এই মধুরহাসিনী চৈতন্য লাভ করিয়া আমা ব্যতীত হায় উন্মত্তার ন্যায়ই হইবেন ॥৫৮॥

কল্যাণী দময়ন্তী আমা ব্যতীত একাকিনী হইয়া হিংস্র পশু ও সর্পগণে পরিপূর্ণ এই ভয়ঙ্কর বনে কি প্রকারে বিচরণ করিবেন ॥৫৯॥

মহাভাগে। তুমি ত ধর্ম্মদ্বারাই আবৃত রহিয়াছ; তথাপি আদিত্য-গণ, বসুগণ, রুদ্রগণ, অশ্বিনীকুমারদ্বয় এবং অন্যান্য দেবগণ তোমাকে রক্ষা করুন' ॥৬০॥

কলি নলের বুদ্ধি হরণ করিয়াছিলেন; তাই নল জগতে অতুলনীয় সুন্দরী প্রিয়তমা ভার্য্যাকে এইরূপ বলিয়া অন্যত্র প্রস্থান করিলেন ॥৬১॥

[৫৮]…উন্মত্তেব বরারোহা…বা ব কা নি। [৬১]…নলঃ প্রাতিষ্ঠদ্দুতঃ—বা ব কা নি।

গত্বা গত্বা নলো রাজা পুনরেতি সভাং মুহুঃ।
আকৃষ্যমাণঃ কলিনা সৌহৃদেনাবকৃষ্যতে ॥৬২॥
দ্বিধেব হৃদয়ং তস্য দুঃখিতস্যাভবত্তদা।
দোলেব মুহুরায়াতি যাতি চৈব সভাং প্রতি ॥৬৩॥
সোঽবকৃষ্টস্তু কলিনা মোহিতঃ প্রাদ্রবন্নলঃ।
সুপ্তামুৎসৃজ্য তাং ভার্য্যাং বিলপ্য করুণং বহু ॥৬৪॥
নষ্টাত্মা কলিনা স্পৃষ্টস্তত্তদ্বিগণয়ন্ নৃপঃ।
জগামৈকাং বনে শূন্যে ভার্য্যামুৎসৃজ্য দুঃখিতঃ ॥৬৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি নলোপাখ্যানে নলস্য দময়ন্তীত্যাগে একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:০:——

ভারতকৌমুদী

এবমিতি। অন্ততঃ অন্তত্র প্রাতিষ্ঠত, কলিনাপহৃতজ্ঞানত্বাদেবেত্যাশয়ঃ ॥৬১॥
গত্বেতি। যদা কলেরাকর্ষণং তদা গমনম্, যদা প্রণয়াকর্ষণং তদা চাগমনম্ ॥৬২॥
দ্বিধেতি। কলেরাকর্ষণাদ্‌যিযাসু, প্রণয়াকর্ষণাচ্চ তিষ্ঠাসু ইতি দ্বিবিধম্ ॥৬৩॥
স ইতি। অবকৃষ্টো দময়ন্তীং বিহায় গমনায়াকৃষ্টঃ। সুপ্তাং নিদ্রিতাম্ ॥৬৪॥
উক্তমেবার্থং কিঞ্চিদ্বিশেষং বক্তুং পুনরাহ নষ্টেতি। নষ্টাত্মা লুপ্তপূর্ব্বস্বভাবঃ, স্পৃষ্টঃ অধিষ্ঠিতঃ, তত্তৎ দময়ন্ত্যাঃ স্বজনালয়গমনাদিকম্, বিগণয়ন্ পর্য্যালোচয়ন্ ॥৬৫॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি নলোপাখ্যানে একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

——•:•——

নলরাজা যাইয়া যাইয়া আবার সেই পান্থনিবাসে বার বার আসিতে লাগিলেন। কারণ, কলি তাঁহাকে বাহিরের দিকে আকর্ষণ করিতেছিলেন এবং দময়ন্তীর প্রণয় ভিতরের দিকে আকর্ষণ করিতেছিল ॥৬২॥

তখন দুঃখিত নলরাজার হৃদয় দুই প্রকার হইয়াছিল; তাই সে হৃদয় দোলার ন্যায় বার বার সেই সভাগৃহে আসিতে লাগিল ও যাইতে লাগিল ॥৬৩॥

তৎপরে নলরাজা কলিকর্ত্তৃক আকৃষ্ট ও মোহিত হইয়া, বহুতর করুণ বিলাপ করিয়া, নিদ্রিত ভার্য্যা দময়ন্তীকে পরিত্যাগপূর্ব্বক দ্রুত প্রস্থান করিলেন ॥৬৪॥

কলির সংস্পর্শে নলরাজার পূর্ব্বস্বভাব নষ্ট হইয়াছিল; তাই তিনি দুঃখিত-চিত্তে সেই সেই বিষয় পর্য্যালোচনাপূর্ব্বক শূন্য বনে একাকিনী দময়ন্তীকে পরিত্যাগ করিয়া চলিয়া গিয়াছিলেন ॥৬৫॥

* '…দ্বিষষ্টিতমঃ…' বা ব কা, '…ষষ্টিতমঃ…' পি, '…একোনষষ্টিতমঃ…' নি।

দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ

——:(*):——

বৃহদশ্ব উবাচ।

অপক্রান্তে নলে রাজন্! দময়ন্তী গতক্লমা।
অবুধ্যত বরারোহা সন্ত্রস্তা বিজনে বনে ॥১॥
অপশ্যমানা ভর্ত্তারং শোকদুঃখসমন্বিতা।
প্রাক্রোশদুচ্চৈঃ সন্ত্রস্তা মহারাজেতি নৈষধম্ ॥২॥
হা নাথ! হা মহারাজ! হা স্বামিন্! কিং জহাসি মাম্।
হা হতাস্মি বিনষ্টাস্মি ভীতাস্মি বিজনে বনে ॥৩॥
ননু নাম মহারাজ! ধর্ম্মজ্ঞঃ সত্যবাগসি।
কথমুক্ত্বা তথা সত্যং সুপ্তামুৎসৃজ্য মাং গতঃ ॥৪॥
কথমুৎসৃজ্য গন্তাসি দক্ষাং ভার্য্যামনুব্রতাম্।
বিশেষতোঽনপকৃতে পরেণাপকৃতে সতি ॥৫॥

ভারতকৌমুদী

অপেতি। গতক্লমা নিদ্রয়া নষ্টক্লান্তিঃ। অবুধ্যত জাগরিতবতী ॥১॥
অপশ্যেতি। অপশ্যমানা অপশ্যন্তী। প্রাক্রোশদাহূতবতী ॥২॥
হেতি। হতা দৈবেন, বিনষ্টা তবাদর্শনং গতা ॥৩॥
নন্বিতি। তথা সত্যম্ "ত্যজেয়মহমাত্মানং ন চৈব ত্বামনিন্দিতে!" ইতি প্রাক্তনম্ ॥৪॥
কথমিতি। অনপকৃতে মৎকৃতাপকারাভাবে, পরেণ পুষ্করেণৈব বিশেষতঃ অপকৃতে সতি, দক্ষাং ত্বৎসেবানিপুণাম্ অনুব্রতামনুকূলাঞ্চ ভার্য্যামুৎসৃজ্য কথং গন্তাসি ॥৫॥

বৃহদশ্ব বলিলেন—'রাজা! নল চলিয়া গেলে, সুনিতম্বা দময়ন্তী সেই নির্জ্জন-বন-মধ্যে ক্লান্তিশূন্য অথ চ ভীত হইয়া জাগরিত হইলেন ॥১॥

তিনি স্বামীকে না দেখিয়া শোক, দুঃখ ও ত্রাসযুক্ত হইয়া 'মহারাজ!' বলিয়া উচ্চস্বরে নলকে ডাকিতে লাগিলেন ॥২॥

হা নাথ! হা মহারাজ! হা স্বামিন্! আপনি কেন আমাকে ত্যাগ করিলেন; আমি আপনার অদর্শনে ভীত ও হত হইলাম ॥৩॥

মহারাজ! আপনি ত ধর্ম্মজ্ঞ এবং সত্যবাদী। সুতরাং সেইরূপ সত্য-কথা বলিয়া, এখন নিদ্রিত অবস্থায় আমাকে পরিত্যাগ করিয়া কেন চলিয়া গেলেন ॥৪॥

আমি আপনার কোন অপকার করি নাই; অন্য ব্যক্তিই আপনার বিশেষ

---

[২]···প্রাক্রোশদুচ্চৈঃ সহসা···পি। [৪]···সুপ্তামুৎসৃজ্য কাননে বা ব কা।

শক্যাসে তা গিরঃ সম্যক্ কর্ত্তুং ময়ি নরেশ্বর ! ।
যাস্তেষাং লোকপালানাং সন্নিধৌ কথিতাঃ পুরা ॥৬॥
নাকালে বিহিতো মৃত্যুর্মর্ত্ত্যানাং পুরুষর্ষভ ! ।
যত্র কান্তা ত্বয়োৎসৃষ্টা মুহূর্ত্তমপি জীবতি ॥৭॥
পর্য্যাপ্তঃ পরিহাসোঽয়মেতাবান্ পুরুষর্ষভ ! ।
ভীতাহমতিদুর্দ্ধর্ষ ! দর্শয়াত্মানমীশ্বর ! ॥৮॥
দৃশ্যসে দৃশ্যসে রাজন্ ! এষ দৃষ্টোঽসি নৈষধ ! ।
আবার্য্য গুল্মৈরাত্মানং কিং মাং ন প্রতিভাষসে ॥৯॥
নৃশংসং বত রাজেন্দ্র ! যন্মামেবং গতামিহ ।
বিলপন্তীং সমাগম্য নাশ্বাসয়সি পার্থিব ! ॥১০॥

ভারতকৌমুদী

শক্যস ইতি। শকধাতুরয়ং দৈবাদিক উভয়পদী। সম্যক্ সমীচীনাঃ, মদ্বচনেনৈবাত্রা-গমনাদিতি ভাবঃ। যাঃ—"যদ্বং ভজসি কল্যাণি! পুমাংসং দেবসন্নিধৌ। তস্মান্মাং বিদ্ধি ভর্ত্তারমেবং তে বচনে রতম্" ইত্যাদিরূপাঃ ॥৬॥

নেতি। হে পুরুষর্ষভ! বিধাত্রা অকালে মর্ত্ত্যানাং মরণধর্ম্মণাং প্রাণিনাং মৃত্যুর্ন বিহিতঃ। অতএব ত্বয়া যত্র কান্তা ভার্য্যা উৎসৃষ্টা ত্যক্তা, তত্রাপি সা মুহূর্ত্তমপি জীবতি। ঈদৃগধিককালাৎ পরন্তু ম্রিয়েতৈবেতি ভাবঃ ॥৭॥

পরিহাসেন পলায়নং মত্বাহ পর্য্যাপ্ত ইতি। পর্য্যাপ্তঃ প্রচুরো জাতঃ ॥৮॥

দৃশ্যস ইতি। আবার্য্য আচ্ছাদ্য, গুল্মৈর্ব্বৃক্ষস্তম্বৈঃ, আত্মানং দেহম্ ॥৯॥

অপকার করিয়াছে; তা'র পর আমি আপনার পরিচর্য্যায় নিপুণা, অনুকূলা এবং ভার্য্যা; তথাপি আমাকে ত্যাগ করিয়া কেন যাইতেছেন ॥৫॥

নরনাথ! আপনি স্বয়ম্বরসভায় দিক্পালগণের নিকটে যে সকল কথা বলিয়াছিলেন, আমার বিষয়ে সে কথাগুলি এখন সত্য করিতে পারেন ॥৬॥

পুরুষশ্রেষ্ঠ! বিধাতা অকালে প্রাণিগণের মৃত্যু বিধান করেন নাই বলিয়াই আপনি যেখানে আপনার ভার্য্যাকে পরিত্যাগ করিয়াছেন, সেখানেও সে মুহূর্ত্তকালও জীবিত রহিতেছে ॥৭॥

নরশ্রেষ্ঠ! এতখানি এই পরিহাসই যথেষ্ট হইয়াছে; হে অতিদুর্দ্ধর্ষ! আমি ভয়ে আকুল হইয়াছি; প্রাণেশ্বর! দর্শন দান করুন ॥৮॥

রাজা! আপনাকে দেখিতেছি দেখিতেছি। নিষধেশ্বর! এই আপনাকে দেখিয়া ফেলিয়াছি। মহারাজ! আপনি বৃক্ষস্তম্বে আপনাকে আবৃত রাখিয়া কেন আমার কথার প্রত্যুত্তর দিতেছেন না ॥৯॥

ন শোচাম্যহমাত্মানং ন চান্যদপি কিঞ্চন।
কথং নু ভবিতাস্যেক ইতি ত্বাং নৃপ! শোচয়ে ॥১১॥
কথং নু রাজংস্তৃষিতঃ ক্ষুধিতঃ শ্রমকর্ষিতঃ।
সায়াহ্নে বৃক্ষমূলেষু মামপশ্যন্ ভবিষ্যসি ॥১২॥
ততঃ সা তীব্রশোকার্ত্তা প্রদীপ্তেব চ মন্যুনা।
ইতশ্চেতশ্চ রুদতী পর্য্যধাবত দুঃখিতা ॥১৩॥
মুহুরুৎপততে বালা মুহুঃ পততি বিহ্বলা।
মুহুরালীয়তে ভীতা মুহুঃ ক্রোশতি রোদিতি ॥১৪॥
সা তীব্রশোকসন্তপ্তা মুহুর্নিশ্বস্য দুঃখিতা।
উবাচ ভৈমী নিষ্ক্রান্তা রোদমানা পতিব্রতা ॥১৫॥

ভারতকৌমুদী

নৃশংসমিতি। এতৎ নৃশংসং নিষ্ঠুরকার্য্যম্। বত খেদে। এবং দুঃখম্ ॥১০॥

নেতি। কথং কীদৃশঃ, এক একাকী, ইতি বিভাব্য ॥১১॥

কথমিতি। কথং কীদৃশো ভবিষ্যসি, অতীবাকুলো ভবিষ্যসীত্যর্থঃ ॥১২॥

তত ইতি। মন্যুনা বিষাদানলেন, প্রদীপ্তা প্রজ্বলিতেব ॥১৩॥

মুহুরিতি। উৎপততে উত্তিষ্ঠতি স্ম। আলীয়তে মণ্ডপস্তম্ভান্তরালে লুকায়িতাভূৎ ॥১৪॥

হা রাজশ্রেষ্ঠ! আমি এখানে এইরূপ দুঃখভোগ করিতে থাকিয়া বিলাপ করিতেছি, তথাপি আপনি আসিয়া যে আমাকে আশ্বস্ত করিতেছেন না, ইহা আপনার পক্ষে নৃশংসের কার্য্য হইতেছে ॥১০॥

রাজা! আমি নিজের জন্য শোক করিতেছি না, অন্য কিছুর জন্যও শোক করিতেছি না; কিন্তু আপনি একাকী কিরূপ হইয়া পড়িবেন ইহা ভাবিয়া আপনার জন্যই শোক করিতেছি ॥১১॥

রাজা! আপনি তৃষিত, ক্ষুধিত ও পরিশ্রান্ত হইয়া অদ্য সন্ধ্যাকালেই বৃক্ষমূলে আমাকে না দেখিয়া কিরূপ হইয়া পড়িবেন।' ॥১২॥

তাহার পর, দুঃখিতা ও তীব্রশোকার্ত্তা দময়ন্তী বিষাদানলে যেন দগ্ধ হইতে থাকিয়া রোদন করিতে করিতে ইতস্ততঃ ধাবিত হইতে লাগিলেন ॥১৩॥

এবং আকুলা দময়ন্তী বার বার উঠিতে লাগিলেন, বার বার পড়িতে থাকিলেন, আবার ভীত হইয়া বার বার মণ্ডপস্তম্ভের অন্তরালে লুকায়িত হইতে লাগিলেন এবং বার বার নলকে ডাকিতে লাগিলেন ও রোদন করিতে থাকিলেন ॥১৪॥

(১১)···নৃপ! শোচিমি—বা ব ক.,···নৃপ! রোদিমি—পি।

যস্যাভিশাপাদ্দুঃখার্ত্তো দুঃখং বিন্দতি নৈষধঃ।
তস্য ভূতস্য নো দুঃখাদ্দুঃখমপ্যধিকং ভবেৎ ॥১৬॥
অপাপচেতসং পাপো য এবং কৃতবান্ নলম্।
তস্মাদ্দুঃখতরং প্রাপ্য জীবত্বসুখজীবিকাম্ ॥১৭॥
এবন্তু বিলপন্তী সা রাজ্ঞো ভার্য্যা মহাত্মনঃ।
অন্বেষতি স্ম ভর্ত্তারং বনে শ্বাপদসেবিতে ॥১৮॥
উন্মত্তবদ্ভীমসুতা বিলপন্তী ততস্ততঃ।
হা হা রাজন্নিতি মুহুরিতশ্চেতশ্চ ধাবতি ॥১৯॥

ভারতকৌমুদী

সেতি। নিক্রান্তা নলস্যান্বেষণায় তস্মাৎ পান্থনিবাসমণ্ডপান্নির্গতা ॥১৫॥
কিমুবাচেত্যাহ যস্যেতি। বিন্দতি লভতে। ভূতস্য প্রাণিনঃ, নঃ অস্মাকম্ ॥১৬॥
অপাপেতি। স পাপঃ, অসুখজীবিকাং প্রাপ্য তস্মান্নলাদপি দুঃখতরং জীবতু ॥১৭॥
এবমিতি। অন্বেষতীতি বন্‌বিকরণাভাব আর্ষঃ। শ্বাপদৈর্হিংস্রজন্তুভিঃ সেবিতে ॥১৮॥
উন্মত্তবদিতি। ভীমসুতা দময়ন্তী। ধাবতীতি স্মপদাধ্যাহারেণ বর্ত্তমানা ॥১৯॥

ভারতভাবদীপঃ

অপেতি ॥১—৩॥ তথা সত্যং যৎ স্বয়ম্বরে উক্তং ত্বাং ন ত্যক্ষ্যামীতি ॥৪॥ অনপকৃতে অপকারাভাবে ॥৫—১০॥ শোচিমি শোচামি ॥১১—১২॥ মহ্যনা শোকেন ॥১৩—১৫॥ কলিং শপতি যস্যেতি। অভিশাপাৎ বৃথাবৈরাৎ, নো দুঃখাৎ অস্মৎসম্বন্ধিদুঃখাৎ ॥১৬—১৯॥

তাহার পর, তীব্রশোকসন্তপ্তা ও অত্যন্তদুঃখিতা পতিব্রতা দময়ন্তী বার বার নিশ্বাস ত্যাগ করিয়া রোদন করিতে করিতে সেই পান্থশালা হইতে নির্গত হইয়া বলিলেন– ॥১৫॥

'নলরাজা যাহার অভিশাপে দুঃখার্ত্ত হইয়া আরও দুঃখ পাইতেছেন, সেই প্রাণীর আমাদের দুঃখ অপেক্ষাও অধিক দুঃখ হইবে ॥১৬॥

যে পাপাত্মা নিষ্পাপচিত্ত নলরাজাকে এইরূপ করিয়াছে, সে পাপাত্মা দুঃখময় জীবিকা পাইয়া নল অপেক্ষাও গুরুতর দুঃখে জীবন যাপন করুক' ॥১৭॥

মহাত্মা নলের ভার্য্যা দময়ন্তী এইরূপ বিলাপ করিতে থাকিয়া হিংস্রজন্তু-পরিপূর্ণ বনে স্বামীর অন্বেষণ করিতে লাগিলেন ॥১৮॥

দময়ন্তী উন্মত্তের ন্যায় নানাদিকে যাইয়া বিলাপ করতঃ 'হা হা রাজা!' বলিয়া বার বার ইতস্ততঃ ধাবিত হইতে লাগিলেন ॥১৯॥

(১৫) অতীবশোকসন্তপ্তা…বা ব কা। (১৮)…অন্বেষতি ভর্ত্তারম্…পি, অন্বেষমাণা ভর্ত্তারম্…বা ব কা।

তাং শুষ্যমাণামত্যর্থং কুররীমিব বাশতীম্।
করুণং বহু শোচন্তীং বিলপন্তীং মুহুর্মুহুঃ ॥২০॥
সহসাভ্যাগতাং ভৈমীমভ্যাসপরিবর্ত্তিনীম্।
জগ্রাহাজগরো গ্রাহো মহাকায়ঃ ক্ষুধান্বিতঃ ॥২১॥ (যুগ্মকম্)
সা গ্রস্যমানা গ্রাহেণ শোকেন চ পরিপ্লুতা।
নাত্মানং শোচতি তথা যথা শোচতি নৈষধম্ ॥২২॥
হা নাথ! মামিহ বনে গ্রস্যমানামনাথবৎ।
গ্রাহেণানেন বিজনে কিমর্থং নানুধাবসি ॥২৩॥
কথং ভবিষ্যসি পুনর্মামনুস্মৃত্য নৈষধ!।
কথং ভবান্ জগামাদ্য মামুৎসৃজ্য বনে প্রভো! ॥২৪॥
পাপান্মুক্তঃ পুনর্লব্ধ্বা বুদ্ধিং চেতো ধনানি চ।
শ্রান্তস্য তে ক্ষুধার্ত্তস্য পরিম্লানস্য নৈষধ!।
কঃ শ্রমং রাজশার্দ্দূল! নাশয়িষ্যতি তেঽনঘ! ॥২৫॥

ভারতকৌমুদী

তামিতি। শুষ্যমাণাং শোকেন। কুররীং তদাখ্যাং পক্ষিণীমিব, বাশতীম্ উচ্চৈঃ শব্দায়মানাম্। অভ্যাসপরিবর্ত্তিনীং নিকটবর্ত্তিনীম্। গ্রাহো জলজন্তুরিব ॥২০—২১॥
সেতি। গ্রাহেণ জলজন্তুতুল্যাকৃতিনা অজগরেণ। পরিপ্লুতা সমাকুলা ॥২২॥
হেতি। অনাথবৎ অনাথামিব। নানুধাবসি রক্ষিতুং দ্রুতং নাগচ্ছসি ॥২৩॥
কথমিতি। কথং কীদৃশো ভবিষ্যসি, নিতান্তবিহ্বল এব ভবিষ্যসীত্যর্থঃ ॥২৪॥
পাপাদিতি। পাপান্মোহাৎ। ইতঃ পরম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥

শোকে শুষ্কপ্রায়া, কুররী—(বাজকুরুল) পক্ষিণীর ন্যায় উচ্চস্বরে শব্দায়মানা, করুণস্বরে বহুতরশোককারিণী এবং অনবরত বিলাপপরায়ণা দময়ন্তী নিকটবর্ত্তিনী হইলে, তৎক্ষণাৎ জলজন্তুর ন্যায় বিশালদেহ ও ক্ষুধার্ত্ত এক অজগর তাঁহাকে ধরিল ॥২০—২১॥

অজগর গ্রাস করিতে লাগিলে, শোকাকুলা দময়ন্তী নলের জন্য যেরূপ শোক করিতে লাগিলেন, নিজের জন্য সেরূপ শোক করিলেন না ॥২২॥

'হা নাথ! এই অজগর এই নির্জন-বন-মধ্যে অনাথার ন্যায় আমাকে গ্রাস করিতেছে; আপনি কেন সত্বর আসিতেছেন না ॥২৩॥

নিষধরাজ! আপনি আমাকে স্মরণ করিয়া কি প্রকার হইয়া পড়িবেন; প্রভু! আপনি কেন আজ আমাকে বনে পরিত্যাগ করিয়া চলিয়া গেলেন ॥২৪॥

[২০] তাং ক্রন্দমানামত্যর্থম্...বা ব কা।

ততঃ কশ্চিন্মৃগব্যাধো বিচরন্ গহনে বনে।
আক্রন্দমানাং সংশ্রুত্য জবেনাভিসসার হ ॥২৬॥
তাং স দৃষ্ট্বা তথা গ্রস্তামুরগেণায়তেক্ষণাম্।
ত্বরমাণো মৃগব্যাধঃ সমভিক্রম্য বেগতঃ ॥২৭॥
মুখতঃ পাটয়ামাস শস্ত্রেণ নিশিতেন চ।
নির্বিচেষ্টং ভুজঙ্গং তং বিশস্য মৃগজীবনঃ ॥২৮॥
মোক্ষয়িত্বা স তাং ব্যাধঃ প্রক্ষাল্য সলিলেন হ।
সমাশ্বাস্য কৃতাহারামথ পপ্রচ্ছ ভারত ! ॥২৯॥ (বিশেষকম্)
কস্য ত্বং মৃগশাবাক্ষি ! কথঞ্চাভ্যাগতা বনম্।
কথঞ্চেদং মহৎ কৃচ্ছ্রং প্রাপ্তবত্যসি ভাবিনি ! ॥৩০॥

ভারতকৌমুদী

তত ইতি। মৃগং বিধ্যতীতি মৃগব্যাধঃ কিরাতঃ। গহনে নিবিড়ে। জবেন বেগেন ॥২৬॥

তামিতি। উরগেণ অজগরেণ। সমভিক্রম্য দ্রুতমাক্রম্য। বেগতো বেগেন, মুখতো মুখৈকপার্শ্বম্। নির্বিচেষ্টং বৃহত্ত্বাদচলম্। অতএব ব্যাধোপরি লাঙ্গুলেনাঘাতেঽপ্যসামসমর্থ ইতি ভাবঃ। বিশস্য বিনাশ্য, মৃগজীবনো মৃগৈর্জীবিকানির্ব্বাহী। কৃত আহারো ব্যাধদত্তফলাদিভক্ষণং যয়া তাম্, সমাশ্বাস্য পপ্রচ্ছ ॥২৭—২৯॥

কস্যেতি। কস্য সম্বন্ধিনী। ইদম্ অজগরমুখপ্রবেশজনিতম্, কৃচ্ছ্রং কষ্টম্ ॥৩০॥

হে নিষ্পাপ রাজশ্রেষ্ঠ নিষধরাজ! আপনি ইহার পরে মোহমুক্ত হইয়া নিজের প্রকৃত জ্ঞান ও ধন লাভ করিয়া যখন পরিশ্রান্ত, ক্ষুধার্ত্ত ও অত্যন্ত ম্লান হইবেন, তখন কে আপনার ক্লান্তি দূর করিবে' ॥২৫॥

তাহার পর, কোন ব্যাধ নিবিড় বনে বিচরণ করিতেছিল, সে—দময়ন্তীর আর্ত্তনাদ শুনিয়া সত্বর আগমন করিল ॥২৬॥

তৎপরে বৃহৎ অজগর আয়তনয়না দময়ন্তীকে গ্রাস করিতেছে দেখিয়া সেই ব্যাধ সত্বর আক্রমণ করিয়া, নিশিত অস্ত্রদ্বারা বেগে সেই অজগরের মুখের একপার্শ্ব ফাড়িয়া ফেলিল। এই ভাবে সেই ব্যাধ সেই অচল সর্পকে সংহার করিয়া দময়ন্তীকে মুক্ত করিল এবং জলদ্বারা তাঁহার অঙ্গ প্রক্ষালন করিয়া তাঁহাকে কিছু খাইতে দিল, দময়ন্তী তাহা আহার করিলে, ব্যাধ তাঁহাকে আশ্বস্ত করিয়া জিজ্ঞাসা করিল—॥২৭—২৯॥

'হরিণশাবকনয়নে! তুমি কাহার লোক? কি জন্যই বা বনে আসিয়াছ? এবং কি কারণেই বা এই গুরুতর কষ্ট ভোগ করিলে?' ॥৩০॥

দময়ন্তী তথা তেন পৃচ্ছ্যমানা বিশাংপতে ! ।
সর্ব্বমেতদ্‌যথাবৃত্তমাচচক্ষেঽস্য ভারত ! ॥৩১॥
তামর্দ্ধবস্ত্রসংবীতাং পীনশ্রোণিপয়োধরাম্ ।
সুকুমারানবদ্যাঙ্গীং পূর্ণচন্দ্রনিভাননাম্ ॥৩২॥
অরালপক্ষ্মনয়নাং তথা মধুরভাষিণীম্ ।
লক্ষয়িত্বা মৃগব্যাধঃ কামস্য বশমীয়িবান্ ॥৩৩॥ (যুগ্মকম্)
তামথ শ্লক্ষ্ণয়া বাচা লুব্ধকো মৃদুপূর্ব্বয়া ।
সান্ত্বয়ামাস কামার্ত্তস্তদবুধ্যত ভাবিনী ॥৩৪॥
দময়ন্ত্যপি তং দুষ্টমুপলভ্য পতিব্রতা ।
তীব্ররোষসমাবিষ্টা প্রজজ্বালেব মন্যুনা ॥৩৫॥

ভারতকৌমুদী

দময়ন্তীতি। তেন ব্যাধেন। আচচক্ষে উবাচ, অস্য ব্যাধস্য সমীপে ॥৩১॥

তামিতি। অর্দ্ধবস্ত্রেণ সংবীতাম্ আবৃতাধরকায়াম্, পীনৌ স্থূলৌ শ্রোণী নিতম্বৌ পয়োধরৌ স্তনৌ চ যস্যাস্তাম্। অরালানি সরলানি পক্ষ্মাণি লোমানি যয়োস্তে তাদৃশে নয়নে যস্যাস্তাম্। লক্ষয়িত্বা অবলোক্য। ঈয়িবান্ প্রাপ্তবান্ ॥৩২—৩৩॥

তামিতি। শ্লক্ষ্ণয়া কোমলয়া, লুব্ধকো ব্যাধঃ, মৃদুপূর্ব্বয়া কোমলভাবপূর্ব্বয়া ॥৩৪॥

দময়ন্তীতি। দুষ্টং দুষ্টাভিপ্রায়ম্, উপলভ্য জ্ঞাত্বা। মন্যুনা ক্রোধেন ॥৩৫॥

ভারতভাবদীপঃ

বাশতীং ক্রোশন্তীম্ ॥২০॥ গ্রাহঃ সর্পঃ, অজগরঃ তদ্বৎ স্থূলঃ ॥২১—২৩॥ বুদ্ধিলাভাদূর্দ্ধং মাং বিনা কথং জীবিষ্যসি ॥২৪—২৭॥ বিশস্য বিদার্য্য ॥২৮—৩২॥ অরালানি কুটিলানি শোভমানানি বা পক্ষ্মাণি নয়নপ্রান্তকেশা যয়োস্তাদৃশে নয়নে যস্যা ইতি তথা ॥৩৩—৩৪॥ মন্যুনা

ভরতনন্দন রাজা ! ব্যাধ সেইরূপ জিজ্ঞাসা করিলে, দময়ন্তী যথাবৎ বৃত্তান্ত সমস্তই তাহার নিকট বলিলেন ॥৩১॥

তখন দময়ন্তীর নাভি হইতে নিম্নভাগ বস্ত্রখণ্ডে আবৃত ছিল, নিতম্ব দুইটী ও স্তন দুইটী স্থূল, সমস্ত অঙ্গ কোমল ও অনিন্দনীয়, মুখখানি পূর্ণচন্দ্রের তুল্য, নয়নের লোমগুলি সরল এবং ভাষা সুমধুর ; এই সমস্ত দেখিয়া ব্যাধ কামের বশবর্ত্তী হইল ॥৩২—৩৩॥

তাহার পর, কামার্ত্ত ব্যাধ কোমল বাক্যে ও কোমল ভাবে দময়ন্তীর অনুনয় করিতে লাগিল ; দময়ন্তী তাহা বুঝিতে পারিলেন ॥৩৪॥

তখন পতিব্রতা দময়ন্তী ব্যাধের দুরভিসন্ধি বুঝিতে পারিয়া অত্যন্তক্রুদ্ধ হইলেন, ক্রমে ক্রোধে যেন জ্বলিয়া উঠিলেন ॥৩৫॥

স তু পাপমতিঃ ক্রুদ্ধঃ প্রধর্ষয়িতুমাতুরঃ।
দুর্দ্ধর্ষাং তর্কয়ামাস দীপ্তামগ্নিশিখামিব ॥৩৬॥
দময়ন্তী তু দুঃখার্ত্তা পতিরাজ্যবিনাকৃতা।
অতীতবাক্‌পথে কালে শশাপৈনং রুষান্বিতা ॥৩৭॥
যথাহং নৈষধাদন্যং মনসাপি ন চিন্তয়ে।
তথায়ং পততাং ক্ষুদ্রঃ পরাসুর্ম্মৃগজীবনঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

স ইতি। আতুরঃ কামার্ত্তঃ পাপমতিশ্চ স তু ব্যাধঃ, ক্রুদ্ধঃ সন্, প্রধর্ষয়িতুং বলাদ্রময়িতুমিচ্ছন্নপি, দীপ্তাং প্রজ্বলিতামগ্নিশিখামিব, দময়ন্তীং দুর্দ্ধর্ষাং তর্কয়ামাস ॥৩৬॥

দময়ন্তীতি। পত্যা নলেন রাজ্যেন চ বিনাকৃতা বিরহিতা। এতেন ক্রোধপ্রাপ্তিপ্রবলত্বং সূচিতম্। অতএব দুঃখার্ত্তা দময়ন্তী তু রুষান্বিতা সতী, অতীতো বাক্‌পথো বাগ্‌বিষয়ো যেন তস্মিন্ পতিরাজ্যাদিবিনাকৃতত্বাদ্দময়ন্তীপক্ষে বর্ণয়িতুমযোগ্যে ইত্যর্থঃ, কালে সময়ে, এনং ব্যাধং শশাপ। অত্র "অতীতবাক্‌পথে বাচাপ্যনিবার্য্যে সতি, কালে ধূম্রবর্ণে ব্যাধে" ইতি নীলকণ্ঠব্যাখ্যানং হেয়ম্, বাচা নিবারণস্যাকৃতত্বাৎ এনমিত্যস্য পুনরুক্তত্বাপত্তেশ্চ।

অথ জীবনদাতুর্ব্যাধস্য জীবননাশায়ৈব শাপেন দময়ন্ত্যাঃ কৃতঘ্নতাপাপমিতি চেৎ সত্যম্, তৎপাপাপেক্ষয়া সতীধর্ম্মো গরীয়ানিতি মহাসতী দময়ন্তী তৎপাপমঙ্গীকৃত্যৈব শাপেনাত্মনঃ সতীধর্ম্মং ররক্ষ। দৃশ্যতেঽপি লোকে বেদে চ লঘুপাপাঙ্গীকারেণ গরীয়সো ধর্ম্মস্য রক্ষণমর্জনঞ্চ। যথা ধর্ম্মজ্ঞ এব জনো মিথ্যাভাষণেন কস্যচিজ্জীবনং রক্ষতি। স্মৃতিশ্চাত্রোক্তযুক্তিমূলা—"নানৃতবচনে দোষো জীবনঞ্চেত্তদধীনম্"। "অগ্নীষোমীয়ং পশুমালভেত" ইতি শ্রুত্যা অগ্নীষোমযাগধর্ম্মার্জনার্থং পশ্বালম্ভনম্। মিথ্যাভাষণেন পাপং স্মৃতিশাস্ত্রাদৌ হিংসামাত্রেণ চ পাপং সাংখ্যশাস্ত্রে দ্রষ্টব্যম্ ॥৩৭॥

কিং শশাপেত্যাহ যথেতি। নৈষধান্নলাৎ। পততাং ভূমৌ পততু, পরাসুর্নিষ্প্রাণঃ ॥৩৮॥

কিন্তু কামাতুর এবং পাপবুদ্ধি ব্যাধও ক্রুদ্ধ হইয়া বলপূর্ব্বক রমণ করিবার ইচ্ছা করিয়াও প্রজ্বলিত অগ্নিশিখার তুল্যই দময়ন্তীকে দুর্দ্ধর্ষা বলিয়া মনে করিল ॥৩৬॥

রাজ্য ত পূর্ব্বেই গিয়াছে, পতিও চলিয়া গিয়াছেন; তাই অত্যন্তদুঃখার্ত্তা দময়ন্তী অত্যন্তক্রুদ্ধ হইয়া সেই অবর্ণনীয় সময়ে ব্যাধকে অভিসম্পাত করিলেন—॥৩৭॥

'যখন আমি নলভিন্ন অন্য পুরুষকে মনেও চিন্তা করি না, তখন এই ক্ষুদ্র ব্যাধ প্রাণশূন্য হইয়া ভূতলে পতিত হউক' ॥৩৮॥

[৩৭]…পতিরাজ্যনিরাকৃতা…রুষা কিল—পি। [৩৮] যদ্যহং নৈষধাৎ…বা ব কা নি।

উক্তমাত্রে তু বচনে তথা স মৃগজীবনঃ।
ব্যসুঃ পপাত মেদিন্যামগ্নিদগ্ধ ইব দ্রুমঃ ॥৩৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
নলোপাখ্যানে দময়ন্তীব্যাধশাপে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

---:(*):---

ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ

---:(*):---

বৃহদশ্ব উবাচ।
সা নিহত্য মৃগব্যাধং প্রতস্থে কমলেক্ষণা।
বনং প্রতিভয়ং শূন্যং ঝিল্লিকাগণনাদিতম্ ॥১॥
সিংহ-দ্বীপি-রুরু-ব্যাঘ্র-মহিষর্ক্ষ-মৃগৈর্যুতম্।
নানাপক্ষিগণাকীর্ণং ম্লেচ্ছতস্করসেবিতম্ ॥২॥

ভারতকৌমুদী

উক্তেতি। তথা তাদৃশে, মৃগজীবনো ব্যাধঃ। ব্যসুর্বিগতপ্রাণঃ ॥৩৯॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি নলোপাখ্যানে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

---:০:---

সেতি। মৃগব্যাধং কিরাতম্। প্রতিভয়ং ভয়ঙ্করম্। ঝিল্লিকা তীব্ররবঃ কীটবিশেষঃ

ভারতভাবদীপঃ

ক্রোধেন ॥৩৫—৩৬॥ পতিরাজ্যবিনাকৃতা পত্যা রাজ্যেন চ রহিতা, অতীতবাক্পথে
বাচাপ্যনিবার্য্যে সতি, কালে ধূম্রবর্ণে ব্যাধে ॥৩৭॥ পরাসুর্গতপ্রাণঃ ॥৩৮॥ ব্যসুর্বিগতপ্রাণঃ ॥৩৯
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫২॥

দময়ন্তী সেইরূপ কথা বলিবামাত্র সেই ব্যাধ—অগ্নিদগ্ধ বৃক্ষের ন্যায় প্রাণশূন্য হইয়া ভূতলে পতিত হইল' ॥৩৯॥

---:০:---

বৃহদশ্ব বলিলেন—'পদ্মনয়না দময়ন্তী ব্যাধকে বধ করিয়া (নলের অন্বেষণে) ভয়ঙ্কর শূন্য বনে প্রবেশ করিলেন। সে বনে ঝিঁঝী ডাকিতেছিল এবং সে বন—সিংহ, ব্যাঘ্রবিশেষ (কেঁদুয়া বাঘ), সাধারণ ব্যাঘ্র, রুরুহরিণ, অন্যান্য হরিণ, মহিষ, ভল্লুক ও নানাবিধ পক্ষিগণে পরিপূর্ণ ছিল; আর তাহাতে

[৩৯]...তয়া স মৃগজীবনঃ...পি। * '...ত্রিষষ্টিতমঃ...' বা ব কা, '...একষষ্টিতমঃ...' পি, '...ষষ্টিতমঃ...' নি।

শাল-বেণু-ধবাশ্বত্থ-তিন্দুকেঙ্গুদ-কিংশুকৈঃ।
অর্জ্জুনারিষ্টসংছন্নং স্যন্দনৈশ্চ সশাল্মলৈঃ ॥৩॥
জম্ব্বাম্র-লোধ্র-খদির-শাক-বেত্র-সমাকুলম্।
পদ্মকামলক-প্লক্ষ-কদম্বোডুম্বরাবৃতম্ ॥৪॥
বদরী-বিল্ব-সংছন্নং ন্যগ্রোধৈশ্চ সমাকুলম্।
প্রিয়াল-তাল-খর্জ্জূর-হরীতক-বিভীতকৈঃ ॥৫॥ (কুলকম্)
নানাধাতুশতৈর্নদ্ধান্ বিবিধানপি চাচলান্।
নিকুঞ্জান্ পক্ষিসংঘুষ্টান্ দরীশ্চাদ্ভুতদর্শনাঃ ॥৬॥
নদীঃ সরাংসি বাপীশ্চ বিবিধাংশ্চ মৃগদ্বিজান্।
সা বহূন্ ভীমরূপাংশ্চ পিশাচোরগরাক্ষসান্ ॥৭॥
পল্বলানি তড়াগানি গিরিকূটানি সর্ব্বশঃ।
সরিতো নির্ঝরাংশ্চৈব দদর্শাদ্ভুতদর্শনান্ ॥৮॥ (বিশেষকম্)
যূথশো দদৃশে তত্র বিদর্ভাধিপনন্দিনী।
মহিষাংশ্চ বরাহাংশ্চ ঋক্ষাংশ্চ বনপন্নগান্ ॥৯॥

ভারতকৌমুদী

দ্বীপী ব্যাঘ্রবিশেষঃ, রুরুর্হরিণবিশেষঃ, ঋক্ষো ভল্লুকঃ। বেণুর্বংশঃ। অরিষ্টো নিম্বঃ। স্যন্দনৈস্তিনিশৈঃ সংছন্নমিতি শেষঃ। প্লক্ষঃ পর্কটী। ন্যগ্রোধৈর্বটৈঃ ॥১—৫॥

নানেতি। নদ্ধান্ বদ্ধান্ আবৃতানিত্যর্থঃ। অচলান্ পর্ব্বতান্। দরীর্গুহাঃ। মৃগদ্বিজান্ পশুপক্ষিণঃ। পল্বলানি অল্পজলাশয়ান্। গিরীণাং কূটানি শৃঙ্গাণি ॥৬—৮॥

ম্লেচ্ছ ও তস্করগণ বিচরণ করিত এবং সে বন—শাল, বাঁশ, ধব, অশ্বত্থ, তিন্দুক, ইঙ্গুদ, কিংশুক, অর্জ্জুন, নিম্ব, তিনিশ, শাল্মলী, জম্বু, আম্র, লোধ্র, খদির, শাক, বেত্র, পদ্মক, আমলকী, পর্কটী, কদম্ব, উডুম্বর, বদরী, বিল্ব, বট, পিয়াল, তাল, খর্জ্জূর, হরীতকী ও বিভীতকীবৃক্ষে পরিপূর্ণ ছিল ॥১—৫॥

ক্রমে দময়ন্তী দেখিলেন সেই বনে নানাবিধ পর্ব্বত রহিয়াছে, সেগুলি হইতে বহুবিধ ধাতু নির্গত হইতেছে; বহুতর কুঞ্জ আছে, তাহার ভিতরে পক্ষিগণ রব করিতেছে এবং অনেক গুহা আছে, সেগুলির আকৃতি অদ্ভুত; আর দেখিলেন—বহুতর নদী, সরোবর, দীর্ঘী, নানাবিধ পশু ও পক্ষী, ভয়ঙ্করাকৃতি বহুতর পিশাচ, সর্প ও রাক্ষস; অনেক ক্ষুদ্র জলাশয়, বৃহৎ জলাশয়, সর্ব্বপ্রকার পর্ব্বতশৃঙ্গ, ক্ষুদ্র নদী এবং অদ্ভুতাকৃতি নির্ঝর রহিয়াছে ॥৬—৮॥

[৪] ···শাল-বেত্র···খা ব কা পি। [৫]···পিয়ালতাল···কা পি। [৭]···হ্যবহূন্ ভীমরূপাংশ্চ···পি। (৯)···মহিষান্ বরাহান্ গোমায়ুঋক্ষবানরপন্নগান্—পি নি।

তেজসা যশসা লক্ষ্ম্যা স্থিত্যা চ পরয়া যুতা।
বৈদর্ভী বিচরত্যেকা নলমন্বেষতী তদা ॥১০॥
নাবিভ্যৎ সা নৃপসুতা ভৈমী তত্রাথ কস্যচিৎ।
দারুণামটবীং প্রাপ্য ভর্ত্তৃব্যসনপীড়িতা ॥১১॥
বিদর্ভতনয়া রাজন্! বিললাপ সুদুঃখিতা।
ভর্ত্তৃশোকপরীতাঙ্গী শিলাতলমথাশ্রিতা ॥১২॥

দময়ন্ত্যুবাচ।

সিংহোরস্ক! মহাবাহো! নিষধানাং জনাধিপ!।
ক নু রাজন্! গতোঽস্যদ্য ত্যক্ত্বা মাং নির্জনে বনে ॥১৩॥
অশ্বমেধাদিভির্বীর! ক্রতুভির্ভূরিদক্ষিণৈঃ।
কথমিষ্ট্বা নরব্যাঘ্র! ময়ি মিথ্যা প্রবর্ত্তসে ॥১৪॥

ভারতকৌমুদী

যূথশ ইতি। যূথশো বহুশ্রেণীবদ্ধভাবান্, দদৃশে দদর্শ। ঋক্ষান্ ভল্লূকান্ ॥৯॥
তেজসেতি। স্থিত্যা সতীমর্য্যাদয়া, পরয়া উত্তময়া। অন্বেষতী অন্বিষ্যন্তী ॥১০॥
নেতি। নাবিভ্যৎ ন ভীতা। অটবীং বনম্। ভর্ত্তৃব্যসনেন বিরহবিপদা পীড়িতা ॥১১॥
বিদর্ভেতি। ভর্ত্তৃশোকেন পরীতানি ব্যাপ্তানি ব্যাপ্ততয়া আকুলানি অঙ্গানি যস্যাঃ সা ॥১২॥
সিংহেতি। সিংহস্যেব উরো বক্ষো যস্য তৎসম্বোধনম্। নিষধানাং তদ্দেশস্থ ॥১৩॥

দময়ন্তী সেই বনমধ্যে বহুশ্রেণীবদ্ধভাবে মহিষ, শূকর, ভল্লূক ও বন্য সর্প দেখিলেন ॥৯॥

অসাধারণ তেজ, যশ, কান্তি ও মর্য্যাদাসম্পন্না দময়ন্তী তখন একাকিনীই নলের অন্বেষণে বিচরণ করিতে লাগিলেন ॥১০॥

ভর্ত্তৃবিরহপীড়িতা দময়ন্তী সেই ভয়ঙ্করবনমধ্যেও কোন জন্তু হইতেই ভীত হইলেন না ॥১১॥

রাজা! তাহার পর, ভর্ত্তৃশোকে আকুলা ও অতিদুঃখিতা দময়ন্তী একখানি শিলার উপরে বসিয়া বিলাপ করিতে লাগিলেন ॥১২॥

দময়ন্তী বলিলেন—'সিংহবক্ষা মহাবাহু নিষধরাজ! আপনি আজ আমাকে নির্জন বনে পরিত্যাগ করিয়া কোথায় গেলেন ॥১৩॥

বীর নরশ্রেষ্ঠ! আপনি প্রচুর-দক্ষিণাযুক্ত অশ্বমেধপ্রভৃতি যজ্ঞ করিয়া আমার উপরে কেন মিথ্যা ব্যবহার করিতেছেন ॥১৪॥

(১৩)···ব্যূঢোরস্ক!···বা ব কা, গতোঽস্যস্ত বিসৃজ্য বিজনে বনে—বা ব কা নি।

যত্ত্বয়োক্তং নরশ্রেষ্ঠ ! মৎসমক্ষং মহাদ্যুতে ! ।
কর্ত্তুমর্হসি কল্যাণ ! তদৃতং পার্থিবর্ষভ ! ॥১৫॥
যচ্চোক্তং বিহগৈর্হংসৈঃ সমীপে তব ভূমিপ ! ।
মৎসমক্ষং যদুক্তঞ্চ তদবেক্ষিতুমর্হসি ॥১৬॥
চত্বার একতো বেদাঃ সাঙ্গোপাঙ্গাঃ সবিস্তরাঃ ।
স্বধীতা মনুজব্যাঘ্র ! সত্যমেকং কিলৈকতঃ ॥১৭॥
তস্মাদর্হসি শত্রুঘ্ন ! সত্যং কর্ত্তুং নরেশ্বর ! ।
উক্তবানসি যদ্বীর ! মৎসকাশে পুরা বচঃ ॥১৮॥
হা বীর ! ননু নামাহমিষ্টা কিল তবানঘ ! ।
অস্যামটব্যাং ঘোরায়াং কিং মাং ন প্রতিভাষসে ॥১৯॥

ভারতকৌমুদী

অশেতি। ইষ্টা দেবান্ পৃষ্ঠয়িত্বা। মিথ্যা প্রবর্ত্তসে, পূর্বোক্তিব্যত্যয়করণাৎ ।১৪।

যদিতি। "ত্যজেয়মপি চাত্মানং ন চৈব ত্বামনিন্দিতে !" ইতি যদুক্তম্। ঋতং সত্যম্ ।১৫।

যদিতি। "ত্বঞ্চাপি রত্নং নারীণাং নরেষু চ নলো বরঃ" ইত্যাদিরূপং পূর্ব্বং যচ্চোক্তম্। তথা চ রত্নত্বং বরত্বঞ্চ সত্যব্যাঘাতাধ্যাহস্তু এবেতি ভাবঃ ।১৬।

চত্বার ইতি। অঙ্গৈর্ব্যাকরণাদিভিঃ উপাঙ্গৈর্মীমাংসাদিভিশ্চ সহেতি সাঙ্গোপাঙ্গাঃ, বিস্তরৈঃ পুরাণাদিভিঃ সহেতি সবিস্তরাঃ। স্বধীতাঃ সম্যক্ শিক্ষিতাঃ ।১৭।

তস্মাদিতি। যৎ—"ত্যজেয়মপি চাত্মানম্" ইত্যাদিরূপম্ ।১৮।

হেতি। ইষ্টা প্রিয়া। নাম সম্ভাবনায়াম্। অটব্যাম্ অরণ্যে ।১৯।

নরশ্রেষ্ঠ ! মহাতেজা ! মঙ্গলভাজন ! রাজশ্রেষ্ঠ ! আপনি আমার সমক্ষে যাহা বলিয়াছিলেন, তাহা সত্য করুন ॥১৫॥

এবং রাজা ! হংসপক্ষীরা আপনার নিকটে যাহা বলিয়াছিল এবং আমার সমক্ষে যাহা কহিয়াছিল, সেই সকল বিষয়ে লক্ষ্য করুন ॥১৬॥

নরশ্রেষ্ঠ ! অঙ্গ, উপাঙ্গ ও পুরাণপ্রভৃতির সহিত সম্যক্ অধীত চারিটী বেদ একদিক্ এবং সত্য একদিক্ ॥১৭॥

অতএব হে শত্রুহন্তা বীর নরনাথ ! আপনি পূর্ব্বে আমার নিকটে যে সকল কথা বলিয়াছিলেন, তাহা সত্য করুন ॥১৮॥

হা নিষ্পাপ বীর ! আমি ধারণা করি যে, আমি আপনার প্রিয়। কিন্তু তবে, এই ভয়ঙ্কর বনে আমার কথার উত্তর দিতেছেন না কেন ? ॥১৯॥

---

(১৫)…স্মর্ত্তুমর্হসি কল্যাণ ! বচনম্…বা ব কা। (১৬)…মৎসকাশে চ তৈরুক্তম্…পি। [১৭] একতশ্চতুরো বেদাঃ…পি।

ধর্ষয়ত্যেব মাং রৌদ্রো ব্যাত্তাস্যো দারুণাকৃতিঃ।
অরণ্যরাট্ ক্ষুধাবিষ্টঃ কিং মাং ন ত্রাতুমর্হসি ॥২০॥
ন মে ত্বদন্যা কাচিদ্ধি প্রিয়াস্তীত্যব্রবীঃ সদা।
তামৃতাং কুরু কল্যাণ! পুরোক্তাং ভারতীং নৃপ! ॥২১॥
উন্মত্তাং বিলপন্তীং মাং ভার্য্যামিষ্টাং নরাধিপ!।
ঈপ্সিতামীপ্সিতোঽসি ত্বং কিং মাং ন প্রতিভাষসে ॥২২॥
কৃশাং দীনাং বিবর্ণাঞ্চ মলিনাং বসুধাধিপ!।
বস্ত্রার্দ্ধপ্রাবৃতামেকাং বিলপন্তীমনাথবৎ ॥২৩॥
যূথভ্রষ্টামিবৈকাং মাং হরিণীং পৃথুলোচন!।
ন মানয়সি মানার্হ! রুদতীমরিকর্ষণ! ॥২৪॥ (যুগ্মকম্)
মহারাজ! মহারণ্যে অহমেকাকিনী সতী।
দময়ন্ত্যভিভাষে ত্বাং কিং মাং ন প্রতিভাষসে ॥২৫॥

ভারতকৌমুদী

ধর্ষয়তীতি। ধর্ষয়তি বলাদ্‌গ্রহীষ্যতি, ব্যাত্তাস্যো বিবৃতবদনঃ, অরণ্যরাট্ সিংহঃ ॥২০॥
নেতি। ঋতাং সত্যাম্। পুরা পূর্ব্বম্। ভারতীং বাচম্ ॥২১॥
উন্মত্তামিতি। ইষ্টাং দ্রষ্টুমভিলষিতাম্, ঈপ্সিতাং প্রিয়াম্, ঈপ্সিতঃ প্রিয়ঃ ॥২২॥
কৃশামিতি। দীনাং কাতরাম্। মলিনাং ধূল্যাদিমললিপ্তাঙ্গীম্। একামেকাকিনীম্। যূথভ্রষ্টাং শ্রেণীচ্যুতাম্। হে পৃথুলোচন! বিশালনেত্র!। মানয়সি আদ্রিয়সে ॥২৩—২৪॥

ভয়ঙ্করস্বভাব, দারুণাকৃতি ও বিবৃতবদন ক্ষুধার্ত্ত সিংহ আমাকে নিশ্চয়ই আক্রমণ করিবে, আপনি কি রক্ষা করিবেন না ॥২০॥

মঙ্গলভাজন! আপনি সর্ব্বদা বলিতেন যে, তুমি ভিন্ন অন্য কোন রমণীই আমার প্রিয় নহে। রাজা। আপনার এই পূর্ব্বোক্ত কথা সত্য করুন ॥২১॥

নরনাথ! আপনি আমার প্রিয় ভর্ত্তা, আমিও আপনার প্রিয়া ভার্য্যা, এই অবস্থায় আমি উন্মত্ত হইয়া বিলাপ করিতেছি, আপনি উত্তর দেন না কেন? ॥২২॥

হে বিশালনয়ন সম্মানযোগ্য শত্রুহন্তা রাজা! আমি এখন যূথভ্রষ্টা একাকিনী হরিণীর ন্যায় কৃশা, কাতরা, বিবর্ণা, ধূলিধূসরা ও অর্দ্ধবস্ত্রে আবৃতা হইয়া অনাথার ন্যায় একা বিলাপ ও রোদন করিতেছি; আপনি আসিয়া কেন আদর করিতেছেন না? ॥২৩—২৪॥

[২০] কর্ষয়ত্যেব মাম্…বা ব কা, তৎ'সয়ত্যেব মাম্…নি। (২৪)…মামার্য্য! রুদতীম্…বা ব কা নি,…ন মানয়সি কল্যাণ! রুদতীম্…পি। (২৫)…মামিহৈকাকিনীং সতীম্। স্বপন্তীমভিভাষন্তীম্…পি,…আভাষমাণাং ত্বাং পত্নীম্…নি।

কুলশীলোপসম্পন্নং চারুসর্ব্বাঙ্গশোভনম্।
নাদ্য ত্বামনুপশ্যামি গিরাবস্মিন্ নরোত্তম ! ॥২৬॥
বনে চাস্মিন্ মহাঘোরে সিংহব্যাঘ্রনিষেবিতে।
শয়ানমুপবিষ্টং বা স্থিতং বা নিষধাধিপ ! ॥২৭॥
প্রস্থিতং বা নরশ্রেষ্ঠ ! মম শোকবিবর্দ্ধন !।
কং নু পৃচ্ছামি দুঃখার্ত্তা ত্বদর্থে শোককর্ষিতা ॥২৮॥ (যুগ্মকম্)
কচ্চিদ্দৃষ্টস্ত্বয়ারণ্যে সঙ্গত্যেহ নলো নৃপঃ।
কো নু মে বাথ প্রষ্টব্যো বনেঽস্মিন্ প্রস্থিতং নলম্ ॥২৯॥
অভিরূপং মহাত্মানং পরব্যূহবিনাশনম্।
যমন্বেষসি রাজানং নলং পদ্মনিভেক্ষণম্ ॥৩০॥

ভারতকৌমুদী

মহেতি। দময়ন্তী ভবতঃ পরমপ্রিয়া ভার্য্যেত্যাশয়ঃ ॥২৫॥
কুলেতি। চারুভিঃ সর্ব্বৈরঙ্গৈঃ শোভনং সমুদায়েন সুন্দরম্। গিরৌ পর্ব্বতে ॥২৬॥
বন ইতি। স্থিতং দণ্ডায়মানম্। প্রস্থিতং গচ্ছন্তম্। কং জনম্ ॥২৭—২৮॥
কচ্চিদিতি। সঙ্গত্যা সম্মেলনেন। পূর্ব্বার্দ্ধবাক্যেন কো জনঃ প্রষ্টব্য ইত্যর্থঃ ॥২৯॥
অভীতি। অভিরূপং পরমসুন্দরম্। পরব্যূহস্য শত্রুসৈন্যস্য বিনাশনম্। অন্বেষসি

ভারতভাবদীপঃ

সেতি। প্রতিভয়ং ভীষণং ঝিল্লিকাতীক্ষ্ণশব্দঃ পতঙ্গবিশেষঃ ॥১—১৯॥ অরণ্যরাট্ শার্দ্দূলঃ, মাং মম চিত্তং কর্ষয়তি ব্যথয়তি ॥২০—২৯॥ পরব্যূহাঃ শত্রুসৈন্যানি। পর-

মহারাজ। আমি দময়ন্তী এই মহাবনে একাকিনী হইয়া আপনার উদ্দেশে কত বলিতেছি, আপনি কেন আমাকে কিছুই বলিতেছেন না ? ॥২৫॥

নরশ্রেষ্ঠ। আপনি কুল ও শীলসম্পন্ন এবং সর্ব্বাঙ্গসুন্দর ; হায়। সেই অবস্থায় আপনাকে আজ এই পর্ব্বতে দেখিতে পাইতেছি না ॥২৬॥

নিষধরাজ ! নরশ্রেষ্ঠ ! আমার শোকবর্দ্ধক ! সিংহ ও ব্যাঘ্রে পরিপূর্ণ এই মহাভয়ঙ্কর বনে আমি দুঃখার্ত্তা ও শোকাকুলা অবস্থায় শয়িত, উপবিষ্ট, দণ্ডায়মান বা গমনকারী কোন্ ব্যক্তিকে আপনার বিষয় জিজ্ঞাসা করিব ॥২৭-২৮॥

'আপনি কি সম্মিলিত হইয়া এই বনে নলরাজাকে দেখিয়াছেন ?' এই ভাবে আমি এই বনমধ্যে প্রস্থিত নলরাজার বিষয় কাহার নিকট জিজ্ঞাসা করিব ॥২৯॥

'সুন্দরি ! মনোহরমূর্ত্তি, মহাত্মা, শত্রুসৈন্যহন্তা এবং পদ্মনয়ন যে নল-

(২৬) কুলশীলোপসম্পন্ন ! . চারুসর্ব্বাঙ্গশোভন···পি।

অয়ং স ইতি কস্যাদ্য শ্রোষ্যামি মধুরাং গিরম্।
অরণ্যরাড়য়ং শ্রীমাংশ্চতুর্দ্দংষ্ট্রো মহাহনুঃ ॥৩১॥
শার্দ্দূলোঽভিমুখোঽভ্যেতি প্রক্ষ্যাম্যেনমশঙ্কিতা।
ভবান্ মৃগাণামধিপস্ত্বমস্মিন্ কাননে প্রভুঃ ॥৩২॥
বিদর্ভরাজতনয়াং দময়ন্তীতি বিদ্ধি মাম্।
নিষধাধিপতের্ভার্য্যাং নলস্যামিত্রঘাতিনঃ ॥৩৩॥
পতিমন্বেষতীমেকাং কৃপণাং শোককর্ষিতাম্।
আশ্বাসয় মৃগেন্দ্রেহ! যদি দৃষ্টস্ত্বয়া নলঃ ॥৩৪॥ (কুলকম্)
অথবা ত্বং বনপতে! নলং যদি ন শংসসি।
মাং খাদয় মৃগশ্রেষ্ঠ! দুঃখাদস্মাদ্বিমোচয় ॥৩৫॥
শ্রুত্বারণ্যে বিলপিতং ন মামাশ্বাসয়ত্যয়ম্।
যাত্যেতাং স্বাদুসলিলামাপগাং সাগরঙ্গমাম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

অন্বিষ্যসি। ইতি ইত্থম্। অরণ্যরাট্ বনাধিপতিঃ, শ্রীমান্ কান্তিশালী, চত্বারো দংষ্ট্রাঃ সম্মুখবর্ত্তিনো বৃহন্তো দন্তা যস্য সঃ। প্রক্ষ্যামি প্রশ্নং করিষ্যামি। মৃগাণাং পশূনাম্। কৃপণাং দীনাম্। আশ্বাসয় নলবৃত্তান্তকথনেন।৩০—৩৪।

অথবেতি। ন শংসসি ন ব্রবীষি। খাদয়েতি স্বার্থে ইন্। মৃগশ্রেষ্ঠ! পশুশ্রেষ্ঠ!।৩৫।

রাজাকে তুমি অন্বেষণ করিতেছ, এই তিনি।' এইরূপ মধুর বাক্য আজ আমি কাহার নিকট শুনিব। (সে যাহা হউক,) হৃষ্ট-পুষ্ট-শরীর, বিশালদন্তচতুষ্টয়যুক্ত ও বিশাল-হনু-শালী এই বনাধিপতি ব্যাঘ্র এই দিকেই আসিতেছে; আমি নিঃশঙ্কচিত্তে উহাকেই জিজ্ঞাসা করি—'পশুশ্রেষ্ঠ! আপনি পশুদের অধিপতি এবং এই বনের রাজা; আপনি অবগত হউন যে, আমি বিদর্ভরাজের দুহিতা এবং শত্রুহন্তা নিষধাধিপতি নলরাজার ভার্য্যা, আমার নাম—'দময়ন্তী'; আমি শোকার্ত্তা ও কাতরা হইয়া একাকিনী পতির অন্বেষণ করিতেছি। অতএব পশুরাজ! আপনি যদি নলরাজাকে দেখিয়া থাকেন, তবে তাঁহার বৃত্তান্ত বলিয়া আমাকে আশ্বস্ত করুন' ॥৩০—৩৪॥

অথবা, বনাধিপতি, পশুশ্রেষ্ঠ! আপনি যদি নলরাজার বিষয় না বলেন, তবে আমাকে ভক্ষণ করুন এবং এই দুঃখ হইতে মুক্ত করুন ॥৩৫॥

হায়! এই ব্যাঘ্র আমার বিলাপ শুনিয়াও আমাকে আশ্বস্ত করিল না, কিন্তু স্বাদুজলা সাগরগামিনী এই নদীর দিকে যাইতেছে ॥৩৬॥

[৩২]···ব্রজাম্যেনমশঙ্কিতা···বা ব কা,···পৃচ্ছাম্যেনমশঙ্কিতা···নি।

ইমং শিলোচ্চয়ং পুণ্যং শৃঙ্গৈর্বহুভিরুচ্ছ্রিতৈঃ।
বিরাজিতং দিবস্পৃগ্‌ভির্নৈকবর্ণৈর্মনোরমৈঃ ॥৩৭॥
নানাধাতুসমাকীর্ণং বিবিধোপলভূষিতম্।
অস্যারণ্যস্য মহতঃ কেতুভূতমিবোত্থিতম্ ॥৩৮॥
সিংহশার্দ্দূলমাতঙ্গ-বরাহর্ক্ষমৃগাযুতম্।
পতত্রিভির্বহুবিধৈঃ সমন্তাদনুনাদিতম্ ॥৩৯॥
কিংশুকাশোকবকুল-পুন্নাগৈরুপশোভিতম্।
কর্ণিকারধবপ্লক্ষৈঃ সুপুষ্পৈরুপশোভিতম্ ॥৪০॥
সরিদ্ভিঃ সবিহঙ্গাভিঃ শিখরৈশ্চ সমাকুলম্।
গিরিরাজমিমং তাবৎ পৃচ্ছামি নৃপতিং প্রতি ॥৪১॥ (কুলকম্)
ভগবন্নচলশ্রেষ্ঠ! দিব্যদর্শন! বিশ্রুত!।
শরণ্য! বহুকল্যাণ! নমস্তেঽস্তু মহীধর! ॥৪২॥

ভারতকৌমুদী

শ্রদ্ধেতি। অয়ং শার্দ্দূলঃ। আপগাং নদীম্, সাগরঙ্গমাং নক্ষত্ররামিলিতাম্ ॥৩৬॥

ইমমিতি। শিলোচ্চয়ং পর্ব্বতম্। উচ্ছ্রিতৈরুচ্চৈঃ। দিবস্পৃগ্‌ভির্গগনস্পর্শিভিঃ। বিবিধৈরুপলৈঃ পাষাণৈর্ভূষিতম্। কেতুভূতং ধ্বজরূপম্। ঋক্ষো ভল্লূকঃ, আযুতং সমন্বিতম্। পতত্রিভিঃ পক্ষিভিঃ। কর্ণিকারৈঃ স্থলপদ্মবৃক্ষৈঃ, প্লক্ষৈঃ পর্কটীবৃক্ষৈঃ। শিখরৈর্জলপর্য্যন্তাবনতৈর্বৃক্ষাগ্রৈঃ। নৃপতিং প্রতি নলরাজবিষয়ে ॥৩৭—৪১॥

এই একটী পবিত্র পর্ব্বত উন্নত, আকাশস্পর্শী, নানাবর্ণ ও মনোহর বহুতর শৃঙ্গে শোভা পাইতেছে; এই পর্ব্বতটী গৈরিকপ্রভৃতি বহুধাতুতে ব্যাপ্ত, নানাবিধ প্রস্তরে ভূষিত এবং এই মহারণ্যের ধ্বজের ন্যায় উত্থিত রহিয়াছে; ইহাতে সিংহ, ব্যাঘ্র, হস্তী, বরাহ, ভল্লূক ও হরিণগণ বিচরণ করিতেছে; নানাবিধ পক্ষী সকল দিকে রব করিয়া বেড়াইতেছে; মনোহরপুষ্পশালী কিংশুক, অশোক, বকুল, পুন্নাগ, স্থলপদ্ম, ধব ও পর্কটীবৃক্ষ সকল শোভা জন্মাইতেছে; অনেক নদী প্রবাহিত হইতেছে, তাহাতে আবার পক্ষিগণ বিচরণ করিতেছে এবং বহুতর বৃক্ষের অগ্রদেশ আসিয়া জলস্পর্শ করিয়াছে। এই পর্ব্বতরাজের নিকট নলরাজার বিষয় জিজ্ঞাসা করি ॥৩৭—৪১॥

ভগবন্! দিব্যদর্শন! বিশ্ববিখ্যাত! শরণাগতরক্ষক! বহুমঙ্গলময়! পৃথিবীধর! পর্ব্বতশ্রেষ্ঠ! আপনাকে নমস্কার ॥৪২॥

(৩৭)…বিরাজদ্ভিরিবানেকৈঃ…বা ব কা,…বিরাজদ্ভির্দিবস্পৃগ্‌ভিঃ…পি।
(৪১)…শিখরৈশ্চোপশোভিতম্…পি।

প্রণমে ত্বাভিগম্যাহং রাজপুত্রীং নিবোধ মাম্ ।
রাজ্ঞঃ স্নুষাং রাজভার্য্যাং দময়ন্তীতি বিশ্রুতাম্ ॥৪৩॥
রাজা বিদর্ভাধিপতিঃ পিতা মম মহারথঃ ।
ভীমো নাম ক্ষিতিপতিশ্চাতুর্বর্ণ্যস্য রক্ষিতা ॥৪৪॥
রাজসূয়াশ্বমেধানাং ক্রতূনাং দক্ষিণাবতাম্ ।
আহর্ত্তা পার্থিবশ্রেষ্ঠঃ পৃথুচার্বঞ্চিতেক্ষণঃ ॥৪৫॥
ব্রহ্মণ্যঃ সাধুবৃত্তশ্চ সত্যবাগনসূয়কঃ ।
শীলবান্ বীর্য্যসম্পন্নঃ পৃথুশ্রীর্ধর্ম্মবিচ্ছুচিঃ ॥৪৬॥
সম্যগ্‌গোপ্তা বিদর্ভাণাং নির্জ্জিতারিগণঃ প্রভুঃ ।
তস্য মাং বিদ্ধি তনয়াং ভগবংস্ত্বামুপস্থিতাম্ ॥৪৭॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

ভগবন্নিতি। হে ভগবন্! মাহাত্ম্যশালিন্! দিব্যদর্শন! অলৌকিকাকৃতে! ॥৪২॥

প্রণম ইতি। প্রণমে প্রণমামি, ত্বা ত্বাম্। স্নুষাং পুত্রবধূম্ ॥৪৩॥

রাজপুত্রীমিত্যাদ্যুক্তং বিশ্রুণোতি রাজেতি। রাজা ক্ষত্রিয়ঃ, ক্ষিতিপতির্ভূপাল ইত্যপৌনরুক্ত্যম্। দক্ষিণাবতাং প্রশস্তদক্ষিণাযুক্তানাম্। আহর্ত্তা অনুষ্ঠাতা। পৃথুনী বিশালে চারুণী মনোহরে অঞ্চিতে সরলে চ ঈক্ষণে চক্ষুষী যস্য সঃ। ব্রহ্মসু ব্রাহ্মণেষু সাধুরিতি ব্রহ্মণ্যঃ, সাধুবৃত্তঃ সদ্ব্যবহারী। পৃথুশ্রীর্বিশালসমৃদ্ধিঃ। গোপ্তা রক্ষিতা ॥৪৪—৪৭॥

ভারতভাবদীপঃ

ব্যসনেতি পাঠে—পরেষাং দুঃখস্য নাশনম্ ॥৩০—৪৫॥ ব্রহ্মণ্যঃ ব্রহ্মণি ব্রাহ্মণজাতৌ বেদে

আমি আপনার নিকটে উপস্থিত হইয়া আপনাকে নমস্কার করিতেছি। আপনি জানুন যে, আমি রাজার কন্যা, রাজার পুত্রবধূ এবং রাজার ভার্য্যা; আমার নাম—'দময়ন্তী' ॥৪৩॥

বিদর্ভদেশের অধিপতি ও ব্রাহ্মণপ্রভৃতি চারি বর্ণের রক্ষক মহারথ ভীমরাজা আমার পিতা। তিনি প্রশস্ত-দক্ষিণা-যুক্ত রাজসূয় ও অশ্বমেধপ্রভৃতি যজ্ঞের অনুষ্ঠান করেন ও রাজাদের মধ্যে শ্রেষ্ঠ এবং তাঁহার নয়নযুগল বিশাল মনোহর ও সরল। আর তিনি ব্রাহ্মণগণের হিতৈষী, সকলের সঙ্গেই সদ্ব্যবহারকারী, সত্যবাদী, অসূয়াশূন্য, সচ্চরিত্র, বীর্য্যশালী, মহাসমৃদ্ধিসম্পন্ন, ধর্ম্মজ্ঞ, পবিত্র, যথাযথভাবে বিদর্ভদেশের রক্ষক, শত্রুবিজয়ী ও প্রভাবসম্পন্ন। ভগবন্ পর্ব্বতরাজ! আমি তাঁহারই কন্যা, আপনার নিকট উপস্থিত হইয়াছি, ইহা আপনি অবগত হউন ॥৪৪—৪৭॥

নিষধেষু মহারাজঃ শ্বশুরো মে নরোত্তমঃ।
গৃহীতনামা বিখ্যাতো বীরসেন ইতি স্ম হ ॥৪৮॥
তস্য রাজ্ঞঃ সুতো বীরঃ শ্রীমান্ সত্যপরাক্রমঃ।
ক্রমপ্রাপ্তং পিতুঃ স্বং যো রাজ্যং সমনুশাস্তি হ ॥৪৯॥
নলো নামারিদমনঃ পুণ্যশ্লোক ইতি শ্রুতঃ।
ব্রহ্মণ্যো বেদবিদ্বাগ্মী পুণ্যকৃৎ সোমপোঽগ্নিমান্ ॥৫০॥
যষ্টা দাতা চ যোদ্ধা চ সম্যক্ চৈব প্রশাসিতা।
তস্য মামচলশ্রেষ্ঠ! বিদ্ধি ভার্য্যামিহাগতাম্ ॥৫১॥
ত্যক্তশ্রিয়ং ভর্তৃহীনামনাথাং ব্যসনান্বিতাম্।
অন্বেষমাণাং ভর্ত্তারং ত্বং মাং পর্ব্বতসত্তম! ॥৫২॥ (কলাপকম্)
সমুল্লিখদ্ভিরেতৈর্হি ত্বয়া শৃঙ্গশতৈর্নৃপঃ।
কচ্চিদ্দৃষ্টোঽচলশ্রেষ্ঠ! বনেঽস্মিন্ দারুণে নলঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

নিষধেম্বিতি। নিষধেষু তদাখ্যে দেশে। গৃহীতনামা প্রাতঃস্মরণীয়নামা ॥৪৮॥

তস্যেতি। শ্রীমান্ কান্তিমান্। ক্রমপ্রাপ্তম্ উত্তরাধিকারক্রমেণোপস্থিতম্, স্বং স্বম্বাস্পদীভূতম্। পুণ্যঃ শ্লোকো যশো যস্য সঃ, "পদ্যে যশসি চ শ্লোকঃ" ইত্যমরঃ। ব্রহ্মণ্যো ব্রাহ্মণেষু সাধুঃ। সোমপো যজ্ঞে সোমরসপায়ী, অগ্নিমান্ সাগ্নিকঃ। যষ্টা যজ্ঞকর্ত্তা। ত্যক্তশ্রিয়ং হীনকান্তিম্। ব্যসনান্বিতাং বিপদ্যুক্তাম্ ॥৪৯—৫২॥

সমিতি। সমুল্লিখদ্ভির্গগনস্পর্শিভিঃ, শৃঙ্গশতৈর্মস্তকস্বরূপৈরিত্যাশয়ঃ ॥৫৩॥

নিষধদেশের অধিপতি, নরশ্রেষ্ঠ এবং প্রাতঃস্মরণীয়নামা মহারাজ বীরসেন আমার শ্বশুর ছিলেন ॥৪৮॥

সেই রাজার পুত্র, মহাবীর, পরমসুন্দর এবং যথার্থবিক্রমশালী যে নল উত্তরাধিকারিক্রমে পিতার রাজ্য শাসন করিতেন, যিনি শত্রুবিজয়ী, 'পুণ্যশ্লোক'-নামে বিখ্যাত, ব্রাহ্মণগণের হিতৈষী, বেদবিৎ, বাগ্মী, পুণ্যকারী, সোমপায়ী, সাগ্নিক, যজ্ঞকারী, দাতা, যোদ্ধা এবং সম্যক্ শাসনকর্ত্তা, হে পর্ব্বতশ্রেষ্ঠ! সেই নলরাজারই আমি ভার্য্যা; কিন্তু সম্প্রতি সেই ভর্ত্তৃপরিত্যক্তা, অনাথা, কান্তিহীনা ও বিপন্না হইয়া সেই ভর্ত্তারই অন্বেষণ করিতে করিতে এখানে আসিয়াছি, ইহাও আপনি অবগত হউন ॥৪৯—৫২॥

পর্ব্বতশ্রেষ্ঠ! আপনি এই সকল গগনস্পর্শী শৃঙ্গদ্বারা এই ভয়ঙ্কর বনমধ্যে নলরাজাকে কি দেখিয়াছেন? ॥৫৩॥

(৫০) নলো নামারিহা শ্যামঃ···বা ব কা নি। (৫১) তস্য মামবলাং শ্রেষ্ঠাম্···বা ব কা।

প্রণমে ত্বাভিগম্যাহং রাজপুত্রীং নিবোধ মাম্।
রাজ্ঞঃ স্নুষাং রাজভার্য্যাং দময়ন্তীতি বিশ্রুতাম্ ॥৪৩॥
রাজা বিদর্ভাধিপতিঃ পিতা মম মহারথঃ।
ভীমো নাম ক্ষিতিপতিশ্চাতুর্বর্ণ্যস্য রক্ষিতা ॥৪৪॥
রাজসূয়াশ্বমেধানাং ক্রতূনাং দক্ষিণাবতাম্।
আহর্ত্তা পার্থিবশ্রেষ্ঠঃ পৃথুচার্বঞ্চিতেক্ষণঃ ॥৪৫॥
ব্রহ্মণ্যঃ সাধুবৃত্তশ্চ সত্যবাগনসূয়কঃ।
শীলবান্ বীর্য্যসম্পন্নঃ পৃথুশ্রীর্ধর্ম্মবিচ্ছুচিঃ ॥৪৬॥
সম্যগ্‌গোপ্তা বিদর্ভাণাং নির্জ্জিতারিগণঃ প্রভুঃ।
তস্য মাং বিদ্ধি তনয়াং ভগবংস্ত্বামুপস্থিতাম্ ॥৪৭॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

ভগবন্নিতি। হে ভগবন্! মাহাত্ম্যশালিন্! দিব্যদর্শন! অলৌকিকাকৃতে! ॥৪২॥
প্রণম ইতি। প্রণমে প্রণমামি, ত্বা ত্বাম্। স্নুষাং পুত্রবধূম্ ॥৪৩॥

রাজপুত্রীমিত্যাদ্যুক্তং বিবৃণোতি রাজেতি। রাজা ক্ষত্রিয়ঃ, ক্ষিতিপতির্ভূপাল ইত্যপৌনরুক্ত্যম্। দক্ষিণাবতাং প্রশস্তদক্ষিণাযুক্তানাম্। আহর্ত্তা অনুষ্ঠাতা। পৃথুনী বিশালে চারুণী মনোহরে অঞ্চিতে সরলে চ ঈক্ষণে চক্ষুষী যস্য সঃ। ব্রহ্মসু ব্রাহ্মণেষু সাধুরিতি ব্রহ্মণ্যঃ, সাধুবৃত্তঃ সদ্ব্যবহারী। পৃথুশ্রীর্বিশালসমৃদ্ধিঃ। গোপ্তা রক্ষিতা ॥৪৪—৪৭॥

ভারতভাবদীপঃ

ব্যসনেতি পাঠে—পরেষাং দুঃখস্য নাশনম্ ॥৩০—৪৫॥ ব্রহ্মণ্যঃ ব্রহ্মণি ব্রাহ্মণজাতৌ বেদে

আমি আপনার নিকটে উপস্থিত হইয়া আপনাকে নমস্কার করিতেছি। আপনি জানুন যে, আমি রাজার কন্যা, রাজার পুত্রবধূ এবং রাজার ভার্য্যা; আমার নাম—'দময়ন্তী' ॥৪৩॥

বিদর্ভদেশের অধিপতি ও ব্রাহ্মণপ্রভৃতি চারি বর্ণের রক্ষক মহারথ ভীমরাজা আমার পিতা। তিনি প্রশস্ত-দক্ষিণা-যুক্ত রাজসূয় ও অশ্বমেধপ্রভৃতি যজ্ঞের অনুষ্ঠান করেন ও রাজাদের মধ্যে শ্রেষ্ঠ এবং তাঁহার নয়নযুগল বিশাল মনোহর ও সরল। আর তিনি ব্রাহ্মণগণের হিতৈষী, সকলের সঙ্গেই সদ্ব্যবহারকারী, সত্যবাদী, অসূয়াশূন্য, সচ্চরিত্র, বীর্য্যশালী, মহাসমৃদ্ধিসম্পন্ন, ধর্ম্মজ্ঞ, পবিত্র, যথাযথভাবে বিদর্ভদেশের রক্ষক, শত্রুবিজয়ী ও প্রভাবসম্পন্ন। ভগবন্ পর্ব্বতরাজ! আমি তাঁহারই কন্যা, আপনার নিকট উপস্থিত হইয়াছি, ইহা আপনি অবগত হউন ॥৪৪—৪৭॥

ইতি সা তং গিরিশ্রেষ্ঠমুক্ত্বা পার্থিবনন্দিনী।
দময়ন্তী ততো ভূয়ো জগাম দিশমুত্তরাম্ ॥৫৯॥
সা গত্বা ত্রীনহোরাত্রান্ দদর্শ পরমাঙ্গনা।
তাপসারণ্যমতুলং দিব্যকাননশোভিতম্ ॥৬০॥
বশিষ্ঠভৃগ্বত্রিসমৈস্তাপসৈরুপশোভিতম্।
নিয়তৈঃ সংযতাহারৈর্দমশৌচসমন্বিতৈঃ ॥৬১॥
অব্ভক্ষৈর্বায়ুভক্ষৈশ্চ পর্ণাহারৈস্তথৈব চ।
জিতেন্দ্রিয়ৈর্মহাভাগৈঃ স্বর্গমার্গদিদৃক্ষুভিঃ ॥৬২॥
বল্কলাজিনসংবীতৈর্মুনিভিঃ সংযতেন্দ্রিয়ৈঃ।
তাপসাধ্যুষিতং রম্যং দদর্শাশ্রমমণ্ডলম্ ॥৬৩॥

ভারতকৌমুদী

ইতীতি। গিরিশ্রেষ্ঠং প্রত্যুক্তৈর্বিশেষণাত্তন্মাত্রমুক্তম্, নলং প্রত্যুক্তিস্তু প্রাকরণিকত্বান্নোক্তা ॥৫৯॥

সেতি। তাপসারণ্যং তপোবনম্। সন্নিহিতেন দিব্যকাননেন শোভিতম্ ॥৬০॥

বশিষ্ঠেতি। নিয়তৈর্ব্রতিভিঃ। দমঃ কর্ম্মেন্দ্রিয়নিগ্রহঃ, শৌচং বাহ্যাভ্যন্তরপবিত্রতা তাভ্যাং সমন্বিতৈঃ। অব্ভক্ষৈর্জলমাত্রপায়িভিঃ। অন্যয়োরপ্যেবম্। জিতেন্দ্রিয়ৈর্জ্ঞানেন্দ্রিয়জয়িভিঃ। সংযতেন্দ্রিয়ৈর্মনোজয়িভিঃ। আশ্রমাণাং মণ্ডলং সমূহম্ ॥৬১—৬৩॥

ভারতভাবদীপঃ

বৈদিককর্ম্মণি পরমাত্মনি বা সাধুঃ ॥৩৬—৪৭॥ অগ্নিমান্ নিত্যযোগে মতুপ্, সর্ব্বদৈবাগ্নিবিচ্ছেদশূন্য ইত্যর্থঃ ॥৫০—৫৭॥ আম্নায়সারিণীং বেদানুগাং সত্যামিত্যর্থঃ, ঋদ্ধামদীনাম্। আশাসয়তেতি বহুত্বং বক্তুর্বৈরূপ্যাদ্ দোষাবহম্ ॥৫৮—৬১॥ অব্ভক্ষৈরিতি

সম্পন্ন 'বৈদর্ভি!' এই প্রকার নলরাজার বাক্য আবার কবে শুনিতে পাইব। হা ধর্ম্মবৎসল রাজা! আমি ভীত হইয়া পড়িয়াছি, আমাকে আশ্বস্ত করুন' ॥৫৭—৫৮॥

রাজনন্দিনী দময়ন্তী এই ভাবে পর্ব্বতশ্রেষ্ঠকে বলিয়া, তাহার পর আবার উত্তরদিকে গমন করিতে লাগিলেন ॥৫৯॥

নারীশ্রেষ্ঠ দময়ন্তী তিন অহোরাত্র উত্তরদিকে যাইয়া দিব্যবনসন্নিধানে একটী অতুলনীয় তপোবন দেখিতে পাইলেন ॥৬০॥

সেই তপোবনের মধ্যে অনেকগুলি মনোহর আশ্রম দেখিলেন; তত্রত্য তপস্বীরা সকলেই ব্রতপরায়ণ, সংযতাহার, পবিত্র, মহাত্মা, স্বর্গলিপ্সু এবং বল্কল ও অজিনধারী ছিলেন, আর কর্ম্মেন্দ্রিয়, জ্ঞানেন্দ্রিয় ও অন্তরিন্দ্রিয় জয় করিয়াছিলেন এবং তাঁহাদের মধ্যে অনেকে জলমাত্র পান করিতেন, অনেকে

নানামৃগগণৈর্জুষ্টং শাখামৃগগণাযুতম্ ।
তাপসৈঃ সমুপেতঞ্চ সা দৃষ্ট্বৈব সমাশ্বসৎ ॥৬৪॥
সুভ্রূঃ সুকেশী সুশ্রোণী সুকুচা সুদ্বিজাননা ।
বর্চ্চস্বিনী সুপ্রতিষ্ঠা স্বসিতায়তলোচনা ॥৬৫॥
সা বিবেশাশ্রমপদং বীরসেনসুতপ্রিয়া ।
যোষিদ্রত্নং মহাভাগা দময়ন্তী তপস্বিনী ॥৬৬॥ (যুগ্মকম্)
সাভিবাদ্য তপোবৃদ্ধান্ বিনয়াবনতা স্থিতা ।
স্বাগতং ত ইতি প্রোক্তা তৈঃ সর্ব্বৈস্তাপসোত্তমৈঃ ॥৬৭॥
পূজাঞ্চাস্যা যথান্যায়ং কৃত্বা তত্র তপোধনাঃ ।
আস্যতামিত্যথোচুস্তে ব্রূহি কিং করবামহে ॥৬৮॥

ভারতকৌমুদী

নানেতি। জুষ্টং সেবিতম্। শাখামৃগাণাং বানরাণাং গণেন আযুতং যুক্তম্ ॥৬৪॥

সুভ্রূরিতি। সুশ্রোণী সুনিতম্বা, সুকুচা সুস্তনী, শোভনা দ্বিজা দন্তা যস্মিন্ তৎ সুদ্বিজম্ আননং যস্যাঃ সা, বর্চ্চস্বিনী তেজস্বিনী লাবণ্যবতীত্যর্থঃ, সুষ্ঠু প্রতিষ্ঠা অবস্থিতির্যস্যাঃ সা, শোভনে অসিতে কৃষ্ণে আয়তে দীর্ঘে চ লোচনে যস্যাঃ সা। বীরসেনসুতস্য নলস্য প্রিয়া। তপস্বিনী শোচ্যা ॥৬৫—৬৬॥

সেতি। সা দময়ন্তী। তে তব, স্বাগতং সুখেনাগমনং জাতম্ ॥৬৭॥

ভারতভাবদীপঃ

সর্ব্বং বাক্যং সাবধারণমিতি ন্যায়েন অম্বুমাত্রভক্ষৈরিত্যর্থঃ ॥৬২—৬৪। সুদ্বিজাননা শোভনদন্তযুক্তমুখী, বর্চ্চস্বিনী ধর্ম্মজেন তেজসা যুক্তা, সুপ্রতিষ্ঠা সুজঘনা প্রতিতিষ্ঠত্যস্মিন্নিতি

বায়ুমাত্র ভোজন করিতেন, আর অনেকে বৃক্ষের পত্রমাত্র আহার করিতেন ॥৬১—৬৩॥

আর, সেই তপোবনে নানাবিধ হরিণ ও বানর বিচরণ করিত এবং বহুতর তপস্বী বাস করিতেন ; এ হেন তপোবন দেখিয়াই দময়ন্তী আশ্বস্ত হইলেন ॥৬৪॥

যাঁহার ভ্রূযুগল, কেশকলাপ, নিতম্বযুগল, স্তনযুগল, দন্তসমূহ, অঙ্গের লাবণ্য ও অবস্থানের ভঙ্গী সুন্দর ছিল এবং নয়নযুগল কৃষ্ণবর্ণ, আয়ত ও মনোহর ছিল, সেই নলপ্রিয়া, রমণীরত্ন, মহাভাগা, অথ চ শোচনীয়া দময়ন্তী সেই আশ্রমে প্রবেশ করিলেন ॥৬৫—৬৬॥

তিনি বৃদ্ধ তপস্বীদিগকে নমস্কার করিয়া বিনয়ে অবনত হইয়া রহিলেন ; তখন সেই সকল শ্রেষ্ঠ তপস্বীরা তাঁহাকে বলিলেন—'আপনার সুখে আগমন হইয়াছে ত ?' ॥৬৭॥

(৬৭)···তৈঃ সর্ব্বৈস্তাপসৈশ্চ সা—বা ব,···তৈঃ সর্ব্বৈস্তাপসৈর্বনে—কা।

তানুবাচ বরারোহা কচ্চিদ্ভগবতামিহ।
তপস্যগ্নিষু ধর্ম্মেষু মৃগপক্ষিষু চানঘাঃ ॥৬৯॥
কুশলং বো মহাভাগাঃ! স্বধর্ম্মাচরণেষু চ।
তৈরুক্তা কুশলং ভদ্রে! সর্ব্বত্রেতি যশস্বিনি! ॥৭০॥
ব্রূহি সর্ব্বানবদ্যাঙ্গি! কা ত্বং কিঞ্চ চিকীর্ষসি।
দৃষ্ট্বৈব তে পরং রূপং দ্যুতিঞ্চ পরমামিহ ॥৭১॥
বিস্ময়ো নঃ সমুৎপন্নঃ সমাশ্বসিহি মা শুচঃ।
অস্যারণ্যস্য দেবী ত্বমুতাহোঽস্য মহীভৃতঃ ॥৭২॥ (যুগ্মকম্)
অস্যাশ্চ নদ্যাঃ কল্যাণি! বদ সত্যমনিন্দিতে!।
সাব্রবীত্তানৃষীন্ নাহমরণ্যস্যাস্য দেবতা ॥৭৩॥
ন চাপ্যস্য গিরের্বিপ্রাঃ! নৈব নদ্যাশ্চ দেবতা।
মানুষীং মাং বিজানীত যূয়ং সর্ব্বে তপোধনাঃ ॥৭৪॥

ভারতকৌমুদী

পূজামিতি। পূজাং সম্মানম্। আস্যতাম্ উপবিশ্যতাম্। তে তপোধনাঃ ॥৬৮॥

তানিতি। বরৌ উত্তমৌ আরোহৌ নিতম্বৌ যস্যাঃ সা বরারোহা দময়ন্তী, তান্ তপোধনানুবাচ। ইহ ভগবতাং ভবতাম্, তপসি, অগ্নিষু হোমসাধকেষু, ধর্ম্মেষু, মৃগপক্ষিষু চ, অনঘা ভবন্তো নির্বিপদঃ কচ্চিৎ এষাং বিপন্নাস্তি কিমিত্যর্থঃ ॥৬৯॥

কুশলমিতি। বো যুষ্মাকম্। তৈস্তপোধনৈঃ, ইতি উক্তা দময়ন্তী ॥৭০॥

ব্রূহীতি। দ্যুতিং কান্তিম্। উতাহোঽস্যেতি অকারলোপ আর্ষঃ ॥৭১—৭২॥

অস্যা ইতি। অস্যা নদ্যাশ্চ দেবী ত্বমিতি পূর্ব্বানুকর্ষঃ। সা দময়ন্তী ॥৭৩॥

এবং তপস্বীরা যথানিয়মে উঁহার সম্মান করিয়া বলিলেন যে, আপনি উপবেশন করুন এবং আমরা আপনার কি করিব—বলুন' ॥৬৮॥

দময়ন্তী তাঁহাদিগকে বলিলেন—'এখানে আপনাদের তপস্যা, হোমাগ্নি, ধর্ম্ম ও পশু-পক্ষীদিগের কোন বিপদ নাই ত? ॥৬৯॥

মহাশয়গণ! আপনাদের ধর্ম্মাচরণের মঙ্গল ত?'। তাঁহারা বলিলেন—'ভদ্রে! যশস্বিনি! আমাদের সর্ব্বত্র মঙ্গল ॥৭০॥

সর্ব্বাঙ্গসুন্দরি! বল—তুমি কে? কি করিতেই বা ইচ্ছা করিতেছ? তোমার পরম রূপ এবং গুরুতর তেজ দেখিয়াই আমাদের বিস্ময় জন্মিয়াছে; তুমি আশ্বস্ত হও, শোক করিও না। তুমি কি এই বনের দেবী? না—এই পর্ব্বতের দেবী? ॥৭১—৭২॥

অথবা, এই নদীর দেবী? কল্যাণি! অনিন্দিতে! সত্য বল'। তখন দময়ন্তী সেই ঋষিগণকে বলিলেন—'আমি এই বনের দেবতা নহি ॥৭৩॥

বিস্তরেণাভিধাস্যামি তন্মে শৃণুত সর্ব্বশঃ।
বিদর্ভেষু মহীপালো ভীমো নাম মহাদ্যুতিঃ ॥৭৫॥
তস্য মাং তনয়াং সর্ব্বে জানীত দ্বিজসত্তমাঃ !।
নিষধাধিপতির্ধীমান্ নলো নাম মহাযশাঃ ॥৭৬॥
বীরঃ সংগ্রামজিদ্বিদ্বান্ মম ভর্ত্তা বিশাং পতিঃ।
দেবতাভ্যর্চ্চনপরো দ্বিজাতিজনবৎসলঃ ॥৭৭॥
গোপ্তা নিষধবংশস্য মহাতেজা মহাবলঃ।
সত্যবান্ ধর্ম্মবিৎ প্রাজ্ঞঃ সত্যসন্ধোঽরিমর্দ্দনঃ ॥৭৮॥
ব্রহ্মণ্যো দৈবতপরঃ শ্রীমান্ পরপুরঞ্জয়ঃ।
নলো নাম নৃপশ্রেষ্ঠো দেবরাজসমদ্যুতিঃ ॥৭৯॥ (কলাপকম্)
স মে ভর্ত্তা বিশালাক্ষঃ পূর্ণেন্দুবদনোঽরিহা।
আহর্ত্তা ক্রতুমুখ্যানাং বেদবেদাঙ্গপারগঃ ॥৮০॥

ভারতকৌমুদী

নেতি। গিরিরয়ং পূর্ব্বদৃষ্টাদন্যঃ, দিনত্রয়গমনাৎ পরং তস্য গিরেদর্শনাসম্ভবাৎ ॥৭৪॥

বিস্তরেণেতি। সর্ব্বশঃ সর্ব্বে যূয়ম্। মহীপালঃ, অস্তীতি শেষঃ ॥৭৫॥

তস্যেতি। তস্য ভীমস্য। বিশাং প্রজানাম্। দ্বিজাতিজনবৎসলো ব্রাহ্মণক্ষত্রিয়-বৈশ্যপ্রিয়ঃ; গোপ্তা রক্ষিতা। সত্যসন্ধঃ সত্যপ্রতিজ্ঞঃ। ব্রহ্মণ্যো ব্রাহ্মণেষু সাধুঃ, দৈবতপরো দেবতাধ্যানপরায়ণঃ, পূর্ব্বং দেবতাভ্যর্চ্চনপর ইত্যাস্তভিধানাৎ ॥৭৬—৭৯॥

স ইতি। বিশালাক্ষো দীর্ঘনেত্রঃ, অরিহা শত্রুহন্তা, আহর্ত্তা অনুষ্ঠাতা। সপত্নানাং

কিংবা এই পর্ব্বত বা এই নদীরও দেবতা নহি। তপোধন ব্রাহ্মণগণ! আপনারা সকলে আমাকে মানুষী বলিয়া জানুন ॥৭৪॥

আমি বিস্তরক্রমে বলিতেছি,—তাহা আপনারা সকলে শ্রবণ করুন,—বিদর্ভদেশে 'ভীম'— নামে এক মহাতেজা রাজা আছেন ॥৭৫॥

ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! আমাকে তাঁহার কন্যা বলিয়া আপনারা সকলে অবগত হউন। আর, বুদ্ধিমান্, যশস্বী, বীর, যুদ্ধবিজয়ী, বিদ্বান্ এবং প্রজাপালক নিষধরাজ নল আমার ভর্ত্তা; তিনি দেবতাপূজাপরায়ণ, দ্বিজাতিবৎসল, নিষধ-বংশের রক্ষক, মহাতেজা, মহাবল, সত্যপরায়ণ, ধর্ম্মজ্ঞ, প্রাজ্ঞ, সত্যপ্রতিজ্ঞ, শত্রুবিজেতা, ব্রাহ্মণহিতৈষী, দেবতাধ্যানতৎপর, কান্তিসম্পন্ন, শত্রুনগরবিজয়ী এবং ইন্দ্রের তুল্য তেজীয়ান্ শ্রেষ্ঠ রাজা ॥৭৬—৭৯॥

[৭৫]···ভীমো নাম মহীপতিঃ—বা ব কা নি।

সপত্নানাং মৃধে হন্তা রবিসোমসমপ্রভঃ।
স কৈশ্চিন্নিকৃতিপ্রজ্ঞৈরনার্য্যৈরকৃতাত্মভিঃ ॥৮১॥
আহূয় পৃথিবীপালঃ সত্যধর্ম্মপরায়ণঃ।
দেবনে কুশলৈর্জিহ্মৈর্জিতো রাজ্যং বসূনি চ ॥৮২॥ (বিশেষকম্)
তস্য মামবগচ্ছধ্বং ভার্য্যাং রাজর্ষভস্য বৈ।
দময়ন্তীতি বিখ্যাতাং ভর্ত্তুর্দর্শনলালসাম্ ॥৮৩॥
সা বনানি গিরীংশ্চৈব সরাংসি সরিতস্তথা।
পল্বলানি চ সর্ব্বাণি তথারণ্যানি সর্ব্বশঃ ॥৮৪॥
অন্বেষমাণা ভর্ত্তারং নলং রণবিশারদম্।
মহাত্মানং কৃতাস্ত্রঞ্চ বিচরামীহ দুঃখিতা ॥৮৫॥ (যুগ্মকম্)
কচ্চিদ্ভগবতাং পুণ্যং তপোবনমিদং নৃপঃ।
ভবেৎ প্রাপ্তো নলো নাম নিষধানাং জনাধিপঃ ॥৮৬॥

ভারতকৌমুদী

শত্রূণাম্, মৃধে যুদ্ধে। বক্তুর্দময়ন্ত্যা উন্মত্তত্বাদত্র পুনরুক্ত্যাদয়ো দোষাঃ সোঢ়ব্যাঃ। নিকৃতিপ্রজ্ঞৈঃ শাঠ্যনিপুণৈঃ, অনার্য্যৈরসভ্যৈঃ, অকৃতাত্মভিরশিক্ষিতৈঃ। অত্র বহুবচনাদ্দ্যূতক্রীড়াসময়ে পুষ্করপক্ষে অপরেঽপ্যাসন্নিতি প্রতীয়তে। দেবনে দ্যূতক্রীড়ায়াম্, জিহ্মৈঃ কুটিলৈঃ। বসূনি ধনানি ॥৮০—৮২॥

তস্যেতি। অবগচ্ছধ্বং জানীত। আত্মনেপদমার্ষম্। দর্শনে লালসামিচ্ছুম্ ॥৮৩॥

সেতি। সা অহম্, বনানি উপবনানি, অরণ্যানীতি পৃথগুপাদানাৎ। পল্বলানি ক্ষুদ্রজলাশয়ান্। কৃতাস্ত্রং শিক্ষিতাস্ত্রম্ ॥৮৪—৮৫॥

আমার ভর্ত্তা সেই আয়তনয়ন, পূর্ণচন্দ্রবদন, শত্রুহন্তা, প্রধান প্রধান যজ্ঞের অনুষ্ঠাতা, বেদ ও বেদাঙ্গের পারদর্শী, যুদ্ধে বিপক্ষবিজয়ী, চন্দ্র ও সূর্য্যের তুল্য তেজস্বী এবং সত্য ও ধর্ম্মপরায়ণ নলরাজাকে আহ্বান করিয়া কতকগুলি শাঠ্যনিপুণ, অসভ্য, অশিক্ষিত, ক্রীড়াদক্ষ ও কুটিলপ্রকৃতি লোক দ্যূতক্রীড়ায় তাঁহার রাজ্য ও ধন জয় করিয়া নিয়াছে ॥৮০—৮২॥

আপনারা অবগত হউন যে, আমি সেই রাজশ্রেষ্ঠ নলের ভার্য্যা ; আমার নাম—'দময়ন্তী' ; আমি ভর্ত্তাকে দেখিবার ইচ্ছা করিতেছি ॥৮৩॥

সুতরাং যুদ্ধবিশারদ, উদারচেতা ও অস্ত্রে সুশিক্ষিত সেই ভর্ত্তা নলকে অন্বেষণ করিতে প্রবৃত্ত হইয়া দুঃখিত অবস্থায় আমি এখন উপবন, পর্ব্বত, সরোবর, নদী, সমস্ত ক্ষুদ্রজলাশয় এবং সমস্ত অরণ্যে বিচরণ করিতেছি ॥৮৪-৮৫॥

[৮৬] কচ্চিদ্ভগবতাং রম্যম্···বা ব কা নি।

যৎকৃতেঽহমিদং ব্রহ্মন্ ! প্রপন্না ভৃশদারুণম্ ।
বনং প্রতিভয়ং ঘোরং শার্দ্দূলমৃগসেবিতম্ ॥৮৭॥
যদি কৈশ্চিদহোরাত্রৈর্ন দ্রক্ষ্যামি নলং নৃপম্ ।
আত্মানং শ্রেয়সা যোক্ষ্যে দেহস্যাস্য বিমোচনাৎ ॥৮৮॥
কো নু মে জীবিতেনার্থস্তমৃতে পুরুষর্ষভম্ ।
কথং ভবিষ্যাম্যদ্যাহং ভর্ত্তৃশোকাভিপীড়িতা ॥৮৯॥
এবং বিলপতীমেকামরণ্যে ভীমনন্দিনীম্ ।
দময়ন্তীমথোচুস্তে তাপসাঃ সত্যবাদিনঃ ॥৯০॥
উদর্কস্তব কল্যাণি ! কল্যাণো ভবিতা শুভে ! ।
বয়ং পশ্যাম তপসা ক্ষিপ্রং দ্রক্ষ্যসি নৈষধম্ ॥৯১॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। ভগবতাং ভবতাম্। প্রাপ্ত আগতঃ। কচ্চিৎ ইতি বেদিতুমিচ্ছামি ॥৮৬॥
যদিতি। যৎকৃতে যস্য নলস্য নিমিত্তে। প্রপন্না প্রাপ্তা। প্রতিভয়ং ভয়ঙ্করম্। একার্থে অনেকশব্দপ্রয়োগো বক্তৃদময়ন্ত্যা উন্মত্তত্বাৎ সোঢ়ব্যঃ। এবমন্যত্রাপি ॥৮৭॥
যদীতি। শ্রেয়সা মঙ্গলময়েন লোকান্তরেণ; মঙ্গলময়ত্বঞ্চাত্রত্যাশোকাদিহানাৎ ॥৮৮॥
অথ কথং স্রিয়েথা ইত্যাহ ক ইতি। অর্থঃ প্রয়োজনম্, ঋতে বিনা, কথং কীদৃশী ॥৮৯॥
এবমিতি। বিলপতীং বিলপন্তীম্, একাম্ একাকিনীম্ ॥৯০॥

ভারতভাবদীপঃ

প্রতিষ্ঠশব্দো জঘনবাচী ॥৬৫॥ বীরসেনসুতস্য নলস্য প্রিয়া ॥৬৬—৮৭॥ শ্রেয়সা মোক্ষেণ, যোক্ষ্যে যোজয়িষ্যে যোগবলেন দেহং ত্যক্ত্বা মোক্ষং প্রাপ্স্যে ইত্যর্থঃ। অন্যথা আত্মহত্যা-

তাই জানিতে ইচ্ছা করি যে, নিষধাধিপতি নলরাজা আপনাদের এই পবিত্র তপোবনে আসিয়াছেন কি ? ॥৮৬॥

ব্রাহ্মণ! যাঁহার জন্য আমি এই ব্যাঘ্র ও অন্যান্য পশুগণে পরিপূর্ণ ভয়ঙ্কর বনে আসিয়াছি ॥৮৭॥

যদি আমি কয়েক দিনের মধ্যে নলরাজাকে দেখিতে না পাই, তবে এই দেহ পরিত্যাগ করিয়া মঙ্গলময় পরলোকে গমন করিব ॥৮৮॥

কারণ, সেই পুরুষশ্রেষ্ঠ ব্যতীত আমার জীবনের প্রয়োজন কি ? আমি ভর্ত্তৃশোকে পীড়িত থাকিয়া কি প্রকার হইয়া যাইব ॥৮৯॥

একাকিনী ভীমনন্দিনী দময়ন্তী বনমধ্যে এইরূপ বিলাপ করিতে লাগিলেন; তখন সেই সত্যবাদী তপস্বীরা তাঁহাকে বলিলেন— ॥৯০॥

[৯০]…তাপসাঃ সত্যদর্শিনঃ…বা ব কা।

নিষধানামধিপতিং নলং রিপুনিপাতিনম্।
ভৈমি! ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠং দ্রক্ষ্যসে বিগতজ্বরম্ ॥৯২॥
বিমুক্তং সর্ব্বপাপেভ্যঃ সর্ব্বরত্নসমন্বিতম্।
তদেব নগরং শ্রেষ্ঠং প্রশাসতমরিন্দমম্ ॥৯৩॥
দ্বিষতাং ভয়কর্ত্তারং সুহৃদাং শোকনাশনম্।
পতিং দ্রক্ষ্যসি কল্যাণি! কল্যাণাভিজনং নৃপম্ ॥৯৪॥ (যুগ্মকম্)
এবমুক্ত্বা নলস্যেষ্টাং মহিষীং পার্থিবাত্মজাম্।
অন্তর্হিতাস্তাপসাস্তে সাগ্নিহোত্রাশ্রমাস্তথা ॥৯৫॥
সা দৃষ্ট্বা মহদাশ্চর্য্যং বিস্মিতা হ্যভবত্তদা।
দময়ন্ত্যনবদ্যাঙ্গী বীরসেননৃপস্নুষা ॥৯৬॥
কিং নু স্বপ্নো ময়া দৃষ্টঃ কোঽয়ং বিধিরিহাভবৎ।
ক্ব নু তে তাপসাঃ সর্ব্বে ক্ব তদাশ্রমমণ্ডলম্ ॥৯৭॥

ভারতকৌমুদী

উদর্ক ইতি। উদর্কো ভাবিফলম্, "উদর্কঃ ফলমুত্তরম্" ইত্যমরঃ ॥৯১॥

নিষধানামিতি। বিগতজ্বরং তিরোহিতসন্তাপম্, রাজ্যাদীনাং পুনর্লাভাৎ ॥৯২॥

বিমুক্তমিতি। সর্বপাপেভ্যঃ পাপজনিতসর্ব্বকষ্টেভ্যঃ। প্রশাসতং শিষ্টানুগ্রহদুষ্টনিগ্রহাদিনা পালয়ন্তম্। কল্যাণাভিজনং মঙ্গলময়কুলোৎপন্নম্ ॥৯৩—৯৪॥

এবমিতি। ইষ্টাং প্রিয়তমাম্। অগ্নিহোত্রৈরাশ্রমৈশ্চ সহেতি সাগ্নিহোত্রাশ্রমাঃ ॥৯৫॥

সেতি। বিস্মিতা অভবৎ, কলের্মায়েত্যনবগমাদিতি ভাবঃ। স্নুষা পুত্রবধূঃ ॥৯৬॥

কল্যাণি! তোমার ভাবী ফল ভালই হইবে; আমরা যোগবলে দেখিতেছি—তুমি শীঘ্রই নলরাজাকে দেখিতে পাইবে ॥৯১॥

দময়ন্তি! শত্রুহন্তা ও ধার্ম্মিকশ্রেষ্ঠ নিষধরাজ নলকে সন্তাপশূন্য অবস্থাতেই তুমি দেখিতে পাইবে ॥৯২॥

কল্যাণি! শত্রুহন্তা ও সৎকুলজাত নলরাজা সমস্ত কষ্ট হইতে বিমুক্ত হইয়া এবং সমস্ত রত্ন লাভ করিয়া সেই শ্রেষ্ঠ নগরই শাসন করিবেন, শত্রুদিগের ভয় জন্মাইবেন এবং বন্ধুদিগের শোক নাশ করিবেন; এই অবস্থাতেই তুমি তাঁহাকে দেখিতে পাইবে' ॥৯৩—৯৪॥

নলের প্রিয়তমা মহিষী রাজনন্দিনী দময়ন্তীকে এইরূপ বলিয়া সেই তপস্বীরা অগ্নিহোত্র ও আশ্রমের সহিত অন্তর্হিত হইলেন ॥৯৫॥

বীরসেনরাজার পুত্রবধূ অনিন্দ্যসুন্দরী দময়ন্তী তখন সেই গুরুতর আশ্চর্য্য দেখিয়া বিস্ময়াপন্ন হইলেন (এবং মনে মনে ভাবিলেন—) ॥৯৬॥

---

(৯৩)…সর্ব্বরত্নবিভূষিতম্…পি। (৯৫)…তাপসান্তর্হিতাঃ সর্ব্বে…বা ব কা।

ক সা পুণ্যজলা রম্যা নানাদ্বিজনিষেবিতা।
নদী তে চ নগা হৃদ্যাঃ ফলপুষ্পোপশোভিতাঃ ॥৯৮॥
ধ্যাত্বা চিরং ভীমসুতা দময়ন্তী শুচিস্মিতা।
ভর্তৃশোকপরা দীনা বিবর্ণবদনাভবৎ ॥৯৯॥
সা গত্বাথাপরাং ভূমিং বাষ্পসন্দিগ্ধয়া গিরা।
বিললাপাশ্রুপূর্ণাক্ষী দৃষ্ট্বাঽশোকতরুং ততঃ ॥১০০॥
উপগম্য তরুশ্রেষ্ঠমশোকং পুষ্পিতং বনে।
পল্লবাপীড়িতং হৃদ্যং বিহঙ্গৈরনুনাদিতম্ ॥১০১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কিমিতি। বিধির্ব্যাপারঃ। আশ্রমাণাং মণ্ডলং সমূহঃ ॥৯৭॥

কেতি। নানাদ্বিজৈর্বহুবিধপক্ষিভিনিষেবিতা। নগা বৃক্ষাঃ, হৃদ্যাঃ প্রিয়াঃ ॥৯৮॥

ধ্যাত্বেতি। ধ্যাত্বা বিচিন্ত্য। শুচিস্মিতা সতি সম্ভবে শুভ্রমন্দহাস্যা ॥৯৯॥

সেতি। ভূমিং স্থানম্। বাষ্পেণ বাষ্পাগমেন সন্দিগ্ধা অস্পষ্টত্বাৎ সন্দিগ্ধার্থা তয়া। পল্লবা এবাপীড়াঃ শেখরা অস্য সঞ্জাতা ইতি তম্ ॥১০০—১০১॥

ভারতভাবদীপঃ

দোষাৎ শ্রেয়োযোগো ন সম্ভবেৎ ॥৮৮—৯০॥ উদর্কঃ উত্তরকালঃ ॥৯১—৯২॥ প্রশাসতং ভক্ষিত্যাদয়ঃ ষড়িতি সুমভাবঃ ॥৯৩—৯৪॥ তাপসা ইতি ছেদঃ, সন্দিগ্ধার্থঃ ॥৯৫—৯৯॥ বাষ্পো বাষ্পবদুষ্ণ উচ্ছ্বাসবায়ুস্তেন সন্দিগ্ধয়াঽস্ফুটাক্ষরয়া ॥১০০॥ পল্লবৈরাপীড়িতং ভূষিতম্ ॥১০১॥

আমি কি স্বপ্ন দেখিলাম। এ ঘটনাটা কি হইল। সেই তপস্বীরা সকলে কোথায় গেলেন! সে আশ্রমগুলিই বা কোথায় গেল। ॥৯৭॥

পুণ্যসলিলা ও নানাপক্ষিসমাকুলা সেই মনোহরা নদী এবং ফল-পুষ্প-শোভিত ও সুস্নিগ্ধ সেই বৃক্ষগুলি কোথায় গেল।' ॥৯৮॥

ভর্তৃশোকপরায়ণা, দীনা ও শুভ্রহাসিনী ভীমরাজনন্দিনী দময়ন্তী এইরূপ বহুসময় চিন্তা করিয়া বিবর্ণবদনা হইলেন ॥৯৯॥

তাহার পর দময়ন্তী বনের অন্যস্থানে যাইয়া, একটা অশোকবৃক্ষ দেখিয়া, তাহার নিকটে উপস্থিত হইয়া, বাষ্পগদ্গদবাক্যে অশ্রুপূর্ণনয়নে বিলাপ করিতে লাগিলেন; তখন সেই তরুশ্রেষ্ঠ সুন্দর অশোকতরুটীতে প্রচুর ফুল ফুটিয়া রহিয়াছিল, পল্লবগুলি মুকুটের ন্যায় শোভা পাইতেছিল এবং পক্ষিগণ রব করিয়া বেড়াইতেছিল ॥১০০—১০১॥

(৯৮) শ্লোকাৎ পরং বাপুশাস্ত্রিপুস্তকে অধ্যায়সমাপ্তিরভিমতা শ্লোকাঙ্কসমাপনাৎ, কিন্তু সা ন লিখিতা। আশ্চর্য্যমিদম্। বৃহদশ্ব উবাচ—বা।

অহোবতায়মগমঃ শ্রীমানস্মিন্ বনান্তরে।
আপীড়ৈর্বহুভির্ভাতি শ্রীমান্ পর্ব্বতরাড়িব ॥১০২॥
বিশোকাং কুরু মাং ক্ষিপ্রমশোক! প্রিয়দর্শন!।
বীতশোকভয়াবাধং কচ্চিত্ত্বং দৃষ্টবান্ নৃপম্ ॥১০৩॥
নলং নামারিদমনং দময়ন্ত্যাঃ প্রিয়ং পতিম্।
নিষধানামধিপতিং দৃষ্টবানসি মে প্রিয়ম্ ॥১০৪॥
একবস্ত্রার্দ্ধসংবীতং সুকুমারতনুত্বচম্।
ব্যসনেনার্দ্দিতং বীরমরণ্যমিদমাগতম্ ॥১০৫॥ (যুগ্মকম্)
যথা বিশোকা গচ্ছেয়মশোকনগ! তৎ কুরু।
সত্যনামা ভবাশোক! অশোকঃ শোকনাশনঃ ॥১০৬॥
এবং সাঽশোকবৃক্ষং তমার্ত্তা ত্রিঃ পরিগম্য হ।
জগাম দারুণতরং দেশং ভৈমী বরাঙ্গনা ॥১০৭॥

ভারতকৌমুদী

অহো ইতি। অহোবতেতি খেদে। ন গচ্ছতীত্যগমো বৃক্ষঃ। আপীড়ৈঃ শেখরৈঃ ॥১০২॥
বিশোকামিতি। বীতাস্ত্যক্তাঃ শোকভয়াবাধা যেন তম্। আবাধঃ পীড়া ॥১০৩॥
নলমিতি। দৃষ্টবানসীতি কাকুঃ। একস্য বস্ত্রস্য অর্দ্ধেন সংবীতম্ আবৃতাধরকায়ম্, সুকুমারা তনুত্বক্ শরীরচর্ম যস্য তম্, ব্যসনেন বিপদা ॥১০৪—১০৫॥
যথেতি। হে অশোকনগ! অশোকবৃক্ষ!। সত্যনামত্বমাহ অশোক ইতি ॥১০৬॥
এবমিতি। ত্রির্বারত্রয়ম্, পরিগম্য প্রদক্ষিণীকৃত্য, তৎসম্মানার্থমিতি ভাবঃ ॥১০৭॥

'হায়! এই অপর বনে এই মনোহর অশোকবৃক্ষটী—মনোহর পর্ব্বতরাজের ন্যায় বহুতর শেখরে শোভা পাইতেছে! ॥১০২॥

হে প্রিয়দর্শন অশোক! সত্বর তুমি আমাকে শোকবিহীন কর। শোক, ভয় ও পীড়াবিহীন নলরাজাকে তুমি দেখিয়াছ কি? ॥১০৩॥

শত্রুদমনকারী, দময়ন্তীর প্রিয়পতি এবং নিষধদেশের অধিপতি আমার পতি নলকে তুমি দেখিয়াছ কি? তাঁহার দেহের নিম্নভাগ একখানি বস্ত্রের এক অর্দ্ধে আবৃত রহিয়াছে এবং শরীরের চর্ম্ম অতিশয়কোমল, আর সেই বীর বিপন্ন হইয়া এই বনে আসিয়াছেন ॥১০৪—১০৫॥

অশোকবৃক্ষ! আমি যাহাতে শোকবিহীন হইয়া যাইতে পারি, তুমি তাহা কর; অশোক! তুমি শোকনাশক অশোক হইয়া সত্যনামা হও' ॥১০৬॥

এইরূপ বলিয়া নারীশ্রেষ্ঠা শোকার্ত্তা দময়ন্তী সেই অশোকবৃক্ষটীকে তিন বার প্রদক্ষিণ করিয়া আরও ভয়ঙ্কর স্থানে গমন করিলেন ॥১০৭॥

সা দদর্শ নগান্ নৈকান্ নৈকাশ্চ সরিতস্তথা।
নৈকাংশ্চ পর্ব্বতান্ রম্যান্ নৈকাংশ্চ মৃগপক্ষিণঃ ॥১০৮॥
কন্দরাংশ্চ নিতম্বাংশ্চ নদীশ্চাদ্ভুতদর্শনাঃ।
দদর্শ সা ভীমসুতা পতিমন্বেষতী তদা ॥১০৯॥
গত্বা প্রকৃষ্টমধ্বানং দময়ন্তী শুচিস্মিতা।
দদর্শাথ মহাসার্থং হস্ত্যশ্বরথসঙ্কুলম্ ॥১১০॥
উত্তরন্তং নদীং রম্যাং প্রসন্নসলিলাং শুভাম্।
সুশীততোয়াং বিস্তীর্ণাং হ্রদিনীং বেতসৈর্ব্বৃতাম্ ॥১১১॥
প্রোদ্‌ঘুষ্টাং ক্রৌঞ্চকুররৈশ্চক্রবাকোপকূজিতাম্।
কূর্ম্মগ্রাহঝষাকীর্ণাং বিপুলদ্বীপশোভিতাম্ ॥১১২॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

সেতি। নগান্ বৃক্ষান্, "শৈলবৃক্ষৌ নগাবগৌ" ইত্যমরঃ, নৈকান্ অনেকান্ ॥১০৮॥

কন্দরানিতি। কন্দরান্ গুহাঃ, নিতম্বান্ পর্ব্বতানাং মধ্যভাগান্ ॥১০৯॥

গত্বেতি। প্রকৃষ্টং দূরম্। মহাসার্থং বিশালং বণিক্‌সমূহম্, "সার্থো বণিগ্‌গণে বৃন্দে ধনেন সহিতেঽপি চ" ইতি হেমচন্দ্রঃ। হ্রদিনীং হ্রদবতীম্। প্রোদ্‌ঘুষ্টাং শব্দিতাম্। গ্রাহা মকরাদয়ো জলজন্তবঃ, ঝষা মৎস্যাঃ ॥১১০—১১২॥

ভারতভাবদীপঃ

অগমঃ বৃক্ষঃ, আপীড়ৈঃ পুষ্পফলাদিরূপৈরলঙ্কারৈঃ ॥১০২—১০৪॥ সুকুমারা দুঃখাসহা যত্ত-শুভ্রমূর্দ্ধী ত্বক্ যস্য তম্ ॥১০৫॥ অশোকনগ! হে বীতশোকবৃক্ষ! ॥১০৬—১০৭॥ মহাসার্থঃ

তখন তিনি—অনেক বৃক্ষ, অনেক নদী, অনেক পর্ব্বত এবং অনেক মনোহর পশু-পক্ষী দর্শন করিলেন ॥১০৮॥

এবং পতির অন্বেষণকারিণী দময়ন্তী পর্ব্বতের গুহা ও মধ্যদেশ এবং অদ্ভুতমূর্ত্তি নদী সকল দর্শন করিলেন ॥১০৯॥

তাহার পর, শুভ্রহাসিনী দময়ন্তী কিছু দূর যাইয়া হস্তী, অশ্ব ও রথে পরিপূর্ণ এক বিশাল বণিক্‌সমবায় দেখিলেন; তাহারা মনোহর ও বিশাল একটী নদী পার হইতেছিল; সে নদীটীর জল নির্ম্মল ও শীতল ছিল, নিকটে হ্রদ ছিল, তীর হইতে বেত আসিয়া জলে পড়িয়াছিল, কোঁচবক, বাজকুরল ও চক্রবাকপ্রভৃতি পক্ষিগণ রব করিয়া বেড়াইতেছিল এবং সে নদীটী কচ্ছপ, অন্যান্য জলজন্তু ও মৎস্যে পরিপূর্ণ ছিল, আর বৃহৎ বৃহৎ দ্বীপে শোভিত ছিল ॥১১০—১১২॥

(১০৯)···পতিমন্বেষতী সতী—পি।

সা দৃষ্ট্বৈব মহাসার্থং নলপত্নী যশস্বিনী।
উপসর্প্য বরারোহা জনমধ্যং বিবেশ হ ॥১১৩॥
উন্মত্তরূপা শোকার্ত্তা তথা বস্ত্রার্দ্ধসংবৃতা।
কৃশা বিবর্ণা মলিনা পাংশুধ্বস্তশিরোরুহা ॥১১৪॥ (যুগ্মকম্)
তাং দৃষ্ট্বা তত্র মনুজাঃ কেচিদ্ভীতাঃ প্রদুদ্রুবুঃ।
কেচিচ্চিন্তাং পরাং জগ্মুঃ কেচিত্তত্র বিচুক্রুশুঃ ॥১১৫॥
প্রহসন্তি স্ম তাং কেচিদভ্যসূয়ন্তি চাপরে।
অকুর্ব্বত দয়াং কেচিৎ পপ্রচ্ছুশ্চাপি ভারত! ॥১১৬॥
কাসি কস্যাসি কল্যাণি! কিং বা মৃগয়সে বনে।
ত্বাং দৃষ্ট্বা ব্যথিতাঃ স্মেহ কচ্চিত্ত্বমসি মানুষী ॥১১৭॥
বদ সত্যং বনস্যাস্য পর্ব্বতস্যাস্য বা দিশঃ।
দেবতা ত্বং হি কল্যাণি! ত্বাং বয়ং শরণং গতাঃ ॥১১৮॥

ভারতকৌমুদী

সেতি। মহাসার্থং বিশালং বণিক্সমূহম্। উপসর্প্য উপসৃপ্য, গুণ আর্ষঃ। পাংশুভিঃ ধূলিভিঃ করণৈর্ধ্বস্তা নষ্টা অদর্শনং গতাঃ শিরোরুহাঃ কেশা যস্যাঃ সা ॥১১৩—১১৪॥

তামিতি। প্রদুদ্রুবুঃ পলায়িতাঃ। পরামত্যন্তাম্। বিচুক্রুশুঃ অন্যমাহূতবন্তঃ ॥১১৫॥

প্রহসন্তীতি। অভ্যসূয়ন্তি স্ম তদ্দোষমাবিষ্কুর্ব্বন্তি স্ম ॥১১৬॥

কিং পপ্রচ্ছুরিত্যাহ কেতি। মৃগয়সে অন্বিষ্যসি। স্মেহেতি বিসর্গলোপে সন্ধিরার্ষঃ ॥১১৭॥

বদেতি। অলৌকিকরূপদর্শনাদিত্থং বিকল্পিতঃ প্রশ্নঃ ॥১১৮॥

যশস্বিনী ও সুনিতম্বা দময়ন্তী সেই বিশাল বণিক্সমবায় দেখিয়াই তাহার নিকটে যাইয়া সেই জনপ্রবাহমধ্যে প্রবেশ করিলেন; তখন তিনি উন্মত্তা, শোকার্ত্তা, অর্দ্ধবস্ত্রে আবৃতা, কৃশা, বিবর্ণা ও মলিনা ছিলেন এবং তাঁহার চুলগুলি ধূলীতে ঢাকিয়া ফেলিয়াছিল ॥১১৩—১১৪॥

তখন তাঁহাকে দেখিয়া কতকগুলি লোক ভয়ে পলাইয়া গেল, কতকগুলি লোক অত্যন্তচিন্তানিমগ্ন হইল এবং কতকগুলি লোক অন্য লোককে ডাকিতে লাগিল ॥১১৫॥

কেহ কেহ তাঁহাকে হাসিতে লাগিল, কেহ কেহ অসূয়া করিতে থাকিল, কেহ কেহ দয়া করিল এবং কেহ কেহ প্রশ্ন করিতে লাগিল ॥১১৬॥

'কল্যাণি! তুমি কে? কাহার স্ত্রী? বনেই বা কি অন্বেষণ করিতেছ? তোমাকে দেখিয়া আমরা দুঃখিত হইয়াছি; তুমি কি মানবী? ॥১১৭॥

(১১৩)...উপসর্প বরারোহা...বা ব কা।

যক্ষী বা রাক্ষসী বাসি উতাহোস্বিৎ সুরাঙ্গনা।
সর্ব্বথা কুরু নঃ স্বস্তি রক্ষস্বাস্মাননিন্দিতে! ॥১১৯॥
যথায়ং সর্ব্বথা সার্থঃ ক্ষেমী শীঘ্রমিতো ব্রজেৎ।
তথা বিধৎস্ব কল্যাণি! যথা শ্রেয়ো হি নো ভবেৎ ॥১২০॥
তথোক্তা তেন সার্থেন দময়ন্তী নৃপাত্মজা।
প্রত্যুবাচ ততঃ সাধ্বী ভর্ত্তৃব্যসনপীড়িতা ॥১২১॥
সার্থবাহঞ্চ সার্থঞ্চ জনা যে চাত্র কেচন।
যুবস্থবিরবালাশ্চ সার্থস্য চ পুরোগমাঃ ॥১২২॥
মানুষীং মাং বিজানীত মনুজাধিপতেঃ সুতাম্।
নৃপস্নুষাং রাজভার্য্যাং ভর্ত্তৃদর্শনলালসাম্ ॥১২৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

যক্ষীতি। সুরাঙ্গনা দেবী। স্বস্তি মঙ্গলম্, "স্বস্ত্যাশীঃক্ষেমপুণ্যাদৌ" ইত্যমরঃ ॥১১৯॥

যথেতি। সার্থো বণিগ্‌জনসমূহঃ, ক্ষেমী কুশলী। শ্রেয়ো মঙ্গলম্ ॥১২০॥

তথেতি। সার্থেন বণিজা, তথোক্তা দময়ন্তী, সার্থবাহং বণিক্‌প্রধানঞ্চ, সার্থঞ্চ বণিক্‌-সমূহঞ্চ, প্রত্যুবাচ। কিং প্রত্যুবাচেত্যাহ জনা ইত্যাদি। সার্থস্য বণিক্‌সমূহস্য, পুরোগমা অগ্রগামিনঃ, চকারাদন্যত্র গামিনশ্চ। স্নুষা পুত্রবধূঃ ॥১২১—১২৩॥

ভারতভাবদীপঃ

মহান্তং জনসমূহম্ ॥১১০—১১২॥ উপসর্প উপসসর্প, অভ্যাসলোপ আর্ষঃ। বরারোহা বিস্তীর্ণজঘনা ॥১১৩॥ পাংসুযুক্তা ধ্বস্তা মুক্তবদ্ধাশ্চ শিরোরুহাঃ কেশাঃ যস্যাঃ ॥১১৪—১২৩॥

কল্যাণি! সত্য বল—তুমি কি এই বনের দেবতা? না—এই পর্ব্বতের দেবতা? না—দিগ্‌দেবতা? (যাহা হউক,) আমরা তোমার শরণাপন্ন হইলাম ॥১১৮॥

অনিন্দিতে! তুমি যক্ষী, বা রাক্ষসী, বা দেবী, যেই হও না কেন, সর্ব্ব-প্রকারে আমাদের মঙ্গল কর এবং আমাদিগকে রক্ষা কর ॥১১৯॥

কল্যাণি! এই বণিক্‌সমূহ যাহাতে কুশলে থাকিয়া সত্বর এ স্থান হইতে যাইতে পারে এবং যাহাতে আমাদের মঙ্গল হয়, তুমি তাহা কর' ॥১২০॥

সেই বণিক্ সেইরূপ বলিলে, ভর্ত্তৃশোকার্ত্তা রাজনন্দিনী সাধ্বী দময়ন্তী বণিক্‌দিগের নেতাকে এবং সাধারণ বণিক্‌দিগকে বলিলেন—'এই বণিক্‌সমূহের অগ্র, মধ্য ও পশ্চাদ্বর্ত্তী বালক, যুবক ও বৃদ্ধ যে কোন লোক আছেন, তাঁহারা সকলেই জানুন যে, আমি মানুষী, রাজার তনয়া, রাজার পুত্রবধূ এবং রাজারই ভার্য্যা, এখন ভর্ত্তৃদর্শনাভিলাষিণী ॥১২১—১২৩॥

বিদর্ভরাড্ মম পিতা ভর্ত্তা রাজা চ নৈষধঃ।
নলো নাম মহাভাগস্তং মার্গাম্যপরাজিতম্ ॥১২৪॥
যদি জানীথ নৃপতিং ক্ষিপ্রং শংসত মে প্রিয়ম্।
নলং পুরুষশার্দ্দূলমমিত্রগণসূদনম্ ॥১২৫॥
তামুবাচানবদ্যাঙ্গীং সার্থস্য মহতঃ প্রভুঃ।
সার্থবাহঃ শুচির্নাম শৃণু কল্যাণি! মদ্বচঃ ॥১২৬॥
অহং সার্থস্য নেতা বৈ সার্থবাহঃ শুচিস্মিতে!।
মনুষ্যং নলনামানং ন পশ্যামি যশস্বিনি! ॥১২৭॥
কুঞ্জরদ্বীপিমহিষান্ শার্দ্দূলর্ক্ষমৃগানপি।
পশ্যাম্যস্মিন্ বনে কৃৎস্নে হ্যমনুষ্যনিষেবিতে ॥১২৮॥
ঋতে ত্বাং মানুষীং মর্ত্ত্যং ন পশ্যামি মহাবনে।
তথা নো যক্ষরাড়দ্য মণিভদ্রঃ প্রসীদতু ॥১২৯॥

ভারতকৌমুদী

উক্তমেব বিবৃণোতি বিদর্ভেতি। নৈষধো নিষধাধিপতিঃ। মার্গামি অন্বিষ্যামি ॥১২৪॥
যদীতি। শংসত ব্রূত। অমিত্রগণসূদনং শত্রুসমূহদমযিতারম্ ॥১২৫॥
তামিতি। সার্থস্য বণিক্‌সমূহস্য। সার্থবাহো বণিজাং নায়কঃ ॥১২৬॥
অহমিতি। নেতা নায়কঃ, অতএব সার্থং বণিক্‌সমূহং বহতি চালয়তীতি সঃ ॥১২৭॥
কুঞ্জরেতি। দ্বীপী ব্যাঘ্রবিশেষঃ, শার্দ্দূলশ্চ ব্যাঘ্র ইত্যপৌনরুক্ত্যম্ ॥১২৮॥
ঋত ইতি। ঋতে বিনা, মর্ত্ত্যং মানুষম্। নঃ অস্মাকম্, মণিভদ্রো বাণিজ্যদেবতা ॥১২৯॥

বিদর্ভদেশের রাজা আমার পিতা এবং নিষধদেশের রাজা মহাত্মা নল আমার ভর্ত্তা; আমি সেই চিরবিজয়ী ভর্ত্তারই অন্বেষণ করিতেছি ॥১২৪॥

আপনারা যদি জানেন, তবে সেই শত্রুবিজয়ী পুরুষশ্রেষ্ঠ আমার প্রিয়তম নলরাজার সংবাদ সত্বর বলুন' ॥১২৫॥

তখন সেই বিশাল বণিক্‌সমূহের নায়ক 'শুচি—'নামক সার্থবাহ অনিন্দ্য-সুন্দরী দময়ন্তীকে বলিলেন—'কল্যাণি! আপনি আমার কথা শ্রবণ করুন ॥১২৬॥

শুভ্রহাসিনি! আমি এই বণিক্‌সমূহের নায়ক, সুতরাং সার্থবাহ। যশস্বিনি! আমি নলনামক কোন মনুষ্যকে দেখি নাই ॥১২৭॥

মনুষ্যবিহীন এই সমস্ত বনটার মধ্যে কেবল হাতী, নেকড়ে বাঘ, মহিষ, বাঘ, ভল্লুক এবং হরিণ দেখিতেছি ॥১২৮॥

কেবল আপনিই মানুষী, তাহা ভিন্ন অন্য মানুষ এই মহাবনে দেখিতেছি

(১২৫) যদি জানীত…বা ব কা।

সাব্রবীদ্বণিজঃ সর্বান্ সার্থবাহঞ্চ তং ততঃ।
ক নু যাস্যতি সার্থোঽয়মেতদাখ্যাতুমর্হসি ॥১৩০॥

সার্থবাহ উবাচ।

সার্থোঽয়ং চেদিরাজস্য সুবাহোঃ সত্যবাদিনঃ।
ক্ষিপ্রং জনপদং গন্তা লাভায় নৃবরাত্মজে ! ॥১৩১॥

বৃহদশ্ব উবাচ।

সা তচ্ছ্রুত্বানবদ্যাঙ্গী সার্থবাহবচস্তদা।
জগাম সহ তেনৈব সার্থেন পতিলালসা ॥১৩২॥
অথ কালে বহুতিথে বনে মহতি দারুণে।
তড়াগং সর্বতোভদ্রং পদ্মসৌগন্ধিকং মহৎ ॥১৩৩॥

ভারতকৌমুদী

সেতি। সা দময়ন্তী। সার্থবাহং বণিজাং নায়কং প্রাগুক্তং শুচিনামানম্ ॥১৩০॥

সার্থ ইতি। সার্থো বণিক্‌সমূহঃ। জনপদং দেশং চেদিরাজ্যম্ ॥১৩১॥

সেতি। অনবদ্যাঙ্গী দময়ন্তী। সার্থেন বণিক্‌সমূহেন ॥১৩২॥

অথেতি। বহুতিথে দীর্ঘে কালে গতে সতি। তড়াগম্ অগাধজলাশয়ম্, "পদ্মাকর-স্তড়াগোঽস্ত্রী" ইত্যমরঃ, সর্ব্বতোভদ্রং নাম, পদ্মানি সৌগন্ধিকানি কহ্লারাণি চ অস্য সন্তীতি

ভারতভাবদীপঃ

মার্গামি অন্বেষয়ামি ॥১২৪—১৩২॥ পদ্মৈঃ সৌগন্ধিকৈশ্চ পদ্মবিশেষৈর্যুক্তত্বাৎ সৌগন্ধিকং

না। (সে যাহা হউক,) আজ আমাদের উপরে যক্ষরাজ মণিভদ্র প্রসন্ন হউন ॥১২৯॥

তাহার পর, দময়ন্তী সকল বণিক্‌কে এবং বণিক্‌দের প্রভুকে বলিলেন—'এই বণিকের দল কোথায় যাইবেন, ইহা বলুন' ॥১৩০॥

বণিক্‌দের প্রভু বলিলেন—"রাজনন্দিনি ! এই বণিকের দল লাভ করিবার জন্য সত্যবাদী চেদিরাজ সুবাহুর রাজ্যে সত্বর গমন করিবেন' ॥১৩১॥

বৃহদশ্ব বলিলেন—'তখন অনিন্দ্যসুন্দরী দময়ন্তী সার্থবাহের সেই কথা শুনিয়া পতিকে দেখিবার ইচ্ছায় সেই বণিক্‌দের সঙ্গেই গমন করিতে লাগিলেন ॥১৩২॥

তাহার পর, বহুসময় অতীত হইলে, সেই বণিকেরা ভয়ঙ্কর বিশাল বনমধ্যে 'সর্ব্বতোভদ্র'—নামে একটী মনোহর বৃহৎ সরোবর দেখিতে পাইলেন;

(১৩১)···সত্যদর্শিন···বা ব কা নি। ইতঃ পরম্ '···চতুঃষষ্টিতমঃ···' বা ব কা, '···দ্বিষষ্টিতমঃ···' পি, '···একষষ্টিতমঃ···' নি।

দদৃশুর্বণিজো রম্যং প্রভূতযবসেন্ধনম্।
বহুপুষ্পফলোপেতং নানাপক্ষিনিষেবিতম্ ॥১৩৪॥
নির্ম্মলস্বাদুসলিলং মনোহারি সুশীতলম্।
সুপরিশ্রান্তবাহাস্তে নিবেশায় মনো দধুঃ ॥১৩৫॥ (বিশেষকম্)
সম্মতে সার্থবাহস্য বিবিশুর্বনমুত্তমম্।
উবাস সার্থঃ স মহান্ বেলামাসাদ্য পশ্চিমাম্ ॥১৩৬॥
অথার্দ্ধরাত্রসময়ে নিঃশব্দস্তিমিতে তথা।
সুপ্তে সার্থে পরিশ্রান্তে হস্তিযূথমুপাগমৎ ॥১৩৭॥
পানীয়ার্থং গিরিনদীং মদপ্রস্রবণাবিলাম্।
অথাপশ্যত সার্থং তং সার্থজান্ সুবহূন্ গজান্ ॥১৩৮॥ (যুগ্মকম্)
তে তান্ গ্রাম্যগজান্ দৃষ্ট্বা সর্ব্বে বনগজাস্তদা।
সমাদ্রবস্ত বেগেন জিঘাংসন্তো মদোৎকটাঃ ॥১৩৯॥

ভারতকৌমুদী

তৎ, অর্ণ আদিস্বাদৎ। প্রভূতানি যবসা ঘাসা ইন্ধনানি কাষ্ঠানি চ যত্র যস্য তীর ইত্যর্থঃ তৎ। ঘাসেনাশ্বাদীনাং ভক্ষণে ইন্ধনেন চ পাকে সুবিধেতি ভাবঃ। সুপরিশ্রান্তা বাহা অশ্বাদয়ো যেষাং তে, নিবেশায় বাসায় ॥১৩৩—১৩৫॥

সম্মত ইতি। সম্মতে তত্র বাসসম্মতৌ সত্যাম্। পশ্চিমাং বেলাম্ অপরাহ্নসময়ম্ ॥১৩৬॥

অথেতি। নিঃশব্দশ্চাসৌ স্তিমিতঃ প্রাণিনাং গমনাগমনাভাবান্নিশ্চল ইব চেতি তস্মিন্। মদপ্রস্রবণেন সার্থহস্তিমদজলস্রাবেণ আবিলাম্। সার্থজান্ সার্থগতান্ ॥১৩৭—১৩৮॥

ত ইতি। সমাদ্রবস্ত সমাগচ্ছন্, জিঘাংসন্তো হন্তুমিচ্ছন্তঃ ॥১৩৯॥

তাহাতে পদ্ম ও সুঁদি ছিল, তাহার তীরে প্রচুর ঘাস, কাষ্ঠ, নানাবিধ ফুল, ফল ও পক্ষী ছিল এবং জল নির্ম্মল, সুস্বাদু, সুশীতল ও মনোহর ছিল। তাই পরিশ্রান্তবাহন বণিকেরা সেই সরোবরের তীরেই বাস করিবার ইচ্ছা করিলেন ॥১৩৩—১৩৫॥

প্রভুর সম্মতিক্রমে সেই বণিকেরা উত্তম বনমধ্যে প্রবেশ করিল এবং সেই বিশাল বণিক্সমূহ অপরাহ্নকালে সেখানে বাস করিতে আরম্ভ করিল ॥১৩৬॥

তাহার পর, নীরব ও নিস্তব্ধ অর্দ্ধরাত্রসময়ে পরিশ্রান্ত বণিকেরা নিদ্রিত হইলে, কতকগুলি বন্যহস্তী জল পান করিবার জন্য পার্ব্বত্যনদীতে যাইতে লাগিল; তখন সেই নদীর জল বণিক্দের হস্তিগণের মদজলস্রাবে আবিল হইয়াছিল। তৎপরে সেই বন্য হস্তীগুলি সেই বণিক্দিগকে এবং তাহাদের হস্তীগুলিকে দেখিতে পাইল ॥১৩৭—১৩৮॥

তেষামাপততাং বেগঃ করিণাং দুঃসহোঽভবৎ।
নগাগ্রাদিব শীর্ণানাং শৃঙ্গাণাং পততাং ক্ষিতৌ ॥১৪০॥
স্পন্দতামপি নাগানাং মার্গা নষ্টা বনোদ্ভবাঃ।
মার্গং সংরুধ্য সংসুপ্তং পদ্মিন্যাঃ সার্থমুত্তমম্ ॥১৪১॥
তে তং মমর্দ্দুঃ সহসা চেষ্টমানং মহীতলে।
হাহাকারং প্রমুঞ্চন্তঃ সার্থিকাঃ শরণার্থিনঃ ॥১৪২॥
বনগুল্মাংশ্চ ধাবন্তো নিদ্রান্ধা বহবোঽভবন্।
কেচিদ্দন্তৈঃ করৈঃ কেচিৎ কেচিৎ পদ্ভ্যাং হতা গজৈঃ ॥১৪৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তেষামিতি। তেষাং বন্যানাম্। দুঃসহঃ সার্থস্থদগজৈশ্চ। নগাগ্রাৎ পর্ব্বতাগ্রাৎ ॥১৪০॥

স্পন্দতামিতি। অপিঃ সমুচ্চয়ে। অপি চেত্যর্থঃ। স্পন্দতাং স্পন্দমানানাং সার্থসংস্থহস্তিজিঘাংসয়া আপততামিত্যর্থঃ, নাগানাং বন্যহস্তিনাম্, বনোদ্ভবা মার্গা নষ্টাঃ, সার্থৈরেব শয়িতৈঃ সমাকীর্ণত্বাদিতি ভাবঃ। অতএব তে বন্যা নাগাঃ, পদ্মিন্যাঃ পদ্মবত্যাঃ প্রাগুক্তসরস্যা মার্গং সংরুধ্য সংসুপ্তং নিদ্রিতম্, মহীতলে সহসা চেষ্টমানম্ উত্থায় পলায়িতুং প্রবর্ত্তমানম্, তমুত্তমং সার্থং মমর্দ্দুঃ। তেন চ হাহাকারং প্রমুঞ্চন্তঃ, নিদ্রান্ধাঃ, শরণার্থিনঃ, বনগুল্মান্ ধাবন্তঃ, কেচিৎ সার্থাঃ, গজৈর্বন্যহস্তিভিঃ কর্ত্তৃভিঃ, দন্তৈঃ করণৈঃ, কেচিৎ করৈঃ শুণ্ডাভিঃ, কেচিচ্চ পদ্ভ্যাং হতাঃ। অতএব বহব এব সার্থিকাঃ সার্থা হতা অভবন্ ॥১৪১—১৪৩॥

ভারতভাবদীপঃ

নাম সরঃ ॥১৩৩॥ যবসং ঘাসঃ ॥১৩৪॥ শ্রান্তবাহাঃ শ্রান্তবাহনাঃ, নিবেশায় বাসায় ॥১৩৫॥ পশ্চিমাং বেলাং সন্ধ্যাং সরস্তীরভুবং বা ॥১৩৬—১৪০॥ পদ্মিন্যাঃ পদ্মবত্যাঃ সরস্যাঃ

তখন মদমত্ত সেই সকল বন্য হস্তী গ্রাম্য হস্তীগুলিকে দেখিয়া সেগুলিকে বধ করিবার ইচ্ছায় বেগে ধাবিত হইল ॥১৩৯॥

পর্ব্বতের উপরিভাগ হইতে ভূতলে পতনশীল বিশীর্ণ শৃঙ্গসমূহের ন্যায় সেই বন্য হস্তিগণের আগমনের বেগ তাহাদের পক্ষে দুঃসহ হইল ॥১৪০॥

এদিকে বন্যহস্তীদের আগমনের পথ রুদ্ধ ছিল। কারণ, বণিকেরা সেই পদ্মসরোবরের পথ রুদ্ধ করিয়া নিদ্রা যাইতেছিল; এমন সময়ে সেই বন্যহস্তিগণের আগমনের শব্দে সেই বণিকেরা অনেকেই জাগিয়া উঠিয়া নিদ্রান্ধ অবস্থাতেই আত্মরক্ষার জন্য তৎক্ষণাৎ পলাইতে আরম্ভ করিল এবং হাহাকার করিতে করিতে বনগুল্মের (ঝুলার) দিকে ধাবিত হইল; তখন সেই বন্য হস্তীরা কতকগুলি বণিক্‌কে দন্তদ্বারা, কতকগুলিকে শুণ্ডদ্বারা এবং কতকগুলিকে পদদ্বারা মারিয়া ফেলিল; তাহাতে বণিক্‌দের মধ্যে অনেকেই নিহত হইল ॥১৪১—১৪৩॥

নিহতোষ্ট্রাশ্ববহুলাঃ পদাতিজনসঙ্কুলাঃ।
ভয়াদাধাবমানাশ্চ পরস্পরহতাস্তদা ॥১৪৪॥
ঘোরান্ নাদান্ বিমুঞ্চন্তো নিপেতুর্ধরণীতলে।
বৃক্ষমারুহ্য সংরব্ধাঃ পতিতা বিষমেষু চ ॥১৪৫॥ (যুগ্মকম্)
এবংপ্রকারৈর্বহুভির্দৈবেনাক্রম্য হস্তিভিঃ।
রাজন্! বিনিহতং সর্ব্বং সমৃদ্ধং সার্থমণ্ডলম্ ॥১৪৬॥
আরাবঃ সুমহাংশ্চাসীৎ ত্রৈলোক্যভয়কারকঃ।
এষোঽগ্নিরুত্থিতঃ কষ্টস্ত্রায়ধ্বং ধাবতাধুনা ॥১৪৭॥
রত্নরাশির্বিশীর্ণোঽয়ং গৃহ্নীধ্বং কিং প্রধাবত।
সামান্যমেতদ্দ্রবিণং ন মিথ্যা বচনং মম ॥১৪৮॥

ভারতকৌমুদী

নিহতেতি। নিহতা উষ্ট্রা অশ্বাশ্চ বহুলা যেষাং তে, অতএব পদাতিজনৈঃ সঙ্কুলা ব্যাপ্তাঃ, ভয়াৎ, আধাবমানাঃ পলায়িতুমারভমাণাঃ সার্থাঃ, পরস্পরহতাঃ, অন্ধকারে বন্যহস্তিজ্ঞানেনেতি ভাবঃ, ঘোরান্ নাদান্ বিমুঞ্চন্তঃ সন্তঃ, ধরণীতলে নিপেতুঃ। অপরে চ সংরব্ধাঃ সম্ভ্রান্তাঃ সার্থাঃ, বৃক্ষমারুহ্য, বিষমেষু গর্ত্তাদিষু পতিতা অভবন্ ॥১৪৪—১৪৫॥

এবমিতি। হস্তিভির্বন্যৈঃ। সার্থমণ্ডলং বণিক্‌সমূহঃ ॥১৪৬॥

আরাব ইতি। আরাব আর্ত্তনাদঃ। অগ্নিরুত্থিত ইত্যুক্তিস্তু লোকানাং শীঘ্রাগমার্থা ॥১৪৭॥

পলায়মানান্ প্রতি কস্যচিদুক্তিমনুবদতি দ্বাভ্যাং রত্নেতি। সামান্যং সাধারণম্, দ্রবিণং ধনম্ ॥১৪৮॥

আর, বহুসংখ্যক উষ্ট্র ও অশ্ব নিহত হওয়ায় পাদচারী বণিকেরা ভয়ে পলাইতে থাকিয়া পরস্পর পরস্পরকে আহত করিল; তখন তাহারা ভয়ঙ্কর আর্ত্তনাদ করিতে করিতে ভূতলে পতিত হইল এবং অনেকে ব্যস্ত হইয়া বৃক্ষে আরোহণ করিয়া সঙ্কটময়স্থানে পতিত হইল ॥১৪৪—১৪৫॥

রাজা! এই ভাবে সেই বহুতর বন্য হস্তী দৈববশতঃ আক্রমণ করিয়া সমৃদ্ধিশালী প্রায় সকল বণিক্‌কেই নিহত করিল ॥১৪৬॥

তখন ত্রিভুবনের ভয়জনক এইরূপ গুরুতর আর্ত্তনাদ হইতে লাগিল যে, 'এই দারুণ অগ্নি উঠিয়াছে, আপনারা এখনই আসুন এবং আমাদিগকে রক্ষা করুন ॥১৪৭॥

এই রত্নরাশি বিনষ্ট হইতেছে, ওগুলি গ্রহণ কর, দৌড়াইতেছ কেন; এগুলি ত সরকারি ধন, আমার কথা মিথ্যা নহে ॥১৪৮॥

(১৪৭) ইতঃ প্রভৃত্যষ্টাদশ শ্লোকাঃ পিতামহপুস্তকে ন সন্তি।

পুনরেবাভিধাস্যামি চিন্তয়ধ্বং সুকাতরাঃ ! ।
এবমেবাভিভাষন্তো বিদ্রবন্তি ভয়াত্তদা ॥১৪৯॥
তস্মিংস্তথা বর্ত্তমানে দারুণে জনসংক্ষয়ে ।
দময়ন্তী চ বুবুধে ভয়সন্ত্রস্তমানসা ।
অপশ্যদ্বৈশসং তত্র সর্ব্বলোকভয়ঙ্করম্ ॥১৫০॥
অদৃষ্টপূর্ব্বং তদ্দৃষ্ট্বা বালা পদ্মনিভেক্ষণা ।
সংসক্তবদনাশ্বাসা উত্তস্থৌ ভয়বিহ্বলা ॥১৫১॥
যে চ তত্র বিনির্ম্মুক্তাঃ সার্থাৎ কেচিদবিক্ষতাঃ ।
তেঽব্রুবন্ সহিতাঃ সর্ব্বে কস্যেদং কর্ম্মণঃ ফলম্ ॥১৫২॥
নূনং ন পূজিতোঽস্মাভির্মণিভদ্রো মহাযশাঃ ।
তথা যক্ষাধিপঃ শ্রীমান্ ন বৈ বৈশ্রবণঃ প্রভুঃ ॥১৫৩॥

ভারতকৌমুদী

পুনরিতি। পুনরেব অভিধাস্যামি উক্তমর্থং ব্রবীমি। হে সুকাতরা ভয়বিপ্লুতাঃ! চিন্তয়ধ্বং সাধারণদ্রব্যং বিহায় গমনমুচিতং ন বেতি ভাবয়ত। এবমেব অভিভাষন্তো ব্রুবন্তঃ সার্থাঃ, তদা ভয়াৎ, বিদ্রবন্তি পলায়ন্তে স্ম ॥১৪৯॥

তস্মিন্নিতি। বুবুধে জাগরিতা। বৈশসং মহামারীম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫০॥

অদৃষ্টেতি। সংসক্তবৎ ভয়েন ভূমৌ সংলগ্নবৎ, অনাশ্বাসা আশ্বাসরহিতা ॥১৫১॥

য ইতি। সার্থাৎ বণিক্সংঘাৎ। কিমব্রুবন্নিত্যাহ কস্যেত্যাদি ॥১৫২॥

নূনমিতি। মণিভদ্রো নাম বাণিজ্যদেবতা। তথা ন পূজিতঃ, বৈশ্রবণঃ কুবেরঃ ॥১৫৩॥

আমি আবারও বলি—হে নিতান্তকাতর বণিক্সমুদায়! আপনারা চিন্তা করুন'। এইরূপ বলিতে বলিতে বণিকেরা ভয়ে তখনই পলায়ন করিল ॥১৪৯॥

সেই দারুণ লোকক্ষয় উপস্থিত হইলে, দময়ন্তী ভয়ে অস্থিরচিত্ত হইয়া জাগরিত হইলেন এবং সমস্ত লোকের ভয়জনক মহামারী দর্শন করিলেন ॥১৫০॥

বালিকা, ভয়বিহ্বলা ও আশ্বাসশূন্যা পদ্মনয়না দময়ন্তী সেই অদৃষ্টপূর্ব্ব দুর্ঘটনা দেখিয়া দেহ যেন উঠে না এই অবস্থায় গাত্রোত্থান করিলেন ॥১৫১॥

যাহারা অক্ষত অবস্থায় সেই বণিক্সংঘ হইতে মুক্তি পাইয়াছিল, তাহারা সকলে মিলিত হইয়া বলিতে লাগিল—'ইহা কোন্ কর্ম্মের ফল ॥১৫২॥

আমরা যে মহাযশা মণিভদ্রের পূজা করি নাই এবং প্রভু যক্ষরাজ শ্রীকুবেরদেবের পূজা করি নাই, ইহা নিশ্চয়ই তাহার ফল ॥১৫৩॥

(১৪৯) অস্য পূর্বার্দ্ধং পরন্তু, বা ব কা পি।

> ন পূজা বিঘ্নকর্ত্তৄণামথবা প্রথমং কৃতা।
> শকুনানাং ফলং বাথ বিপরীতমিদং ধ্রুবম্।
> গ্রহা ন বিপরীতাস্তু কিমন্যদিদমাগতম্ ॥১৫৪॥
> অপরে ত্বব্রুবন্ দীনা জ্ঞাতিদ্রব্যবিনাকৃতাঃ।
> যাঽসাবদ্য মহাসার্থে নারী হ্যুন্মত্তদর্শনা ॥১৫৫॥
> প্রবিষ্টা বিকৃতাকারা কৃত্বা রূপমমানুষম্।
> তয়েয়ং বিহিতা পূর্ব্বং মায়া পরমদারুণা ॥১৫৬॥ (যুগ্মকম্)
> রাক্ষসী বা ধ্রুবং যক্ষী পিশাচী বা ভয়ঙ্করী।
> তস্যাঃ সর্ব্বমিদং পাপং নাত্র কার্য্যা বিচারণা ॥১৫৭॥
> যদি পশ্যাম তাং পাপাং সার্থঘ্নীং নৈকদুঃখদাম্।
> লোষ্টভিঃ পাংশুভিশ্চৈব তৃণৈঃ কাষ্ঠৈশ্চ মুষ্টিভিঃ ॥১৫৮॥
> অবশ্যমেব হন্যামঃ সার্থস্য কিল কৃত্যকাম্।
> দময়ন্তী তু তচ্ছ্রুত্বা বাক্যং তেষাং সুদারুণম্ ॥১৫৯॥

ভারতকৌমুদী

নেতি। বিঘ্নকর্ত্তৄণাং দেবানাম্। শকুনানাম্ অশুভসূচকানাং বামনয়নস্পন্দনাদীনাম্। গ্রহা ন বিপরীতাঃ, তত্তু দৈবজ্ঞগণনয়া জ্ঞাতমিতি ভাবঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১৫৪॥

অপর ইতি। জ্ঞাতিভির্দ্রব্যৈশ্চ বিনাকৃতা বিরহিতাঃ। অমানুষং দিব্যম্ ॥১৫৫—১৫৬॥

রাক্ষসীতি। পাপং পাপজনকং মহামারীসংঘটনম্ ॥১৫৭॥

যদীতি। সার্থং বণিক্‌সমূহং হন্তীতি তাম্। লোষ্টভিরিতি ঐশভাব আর্ষঃ। সার্থস্য

অথবা, আমরা প্রথমে যে বিঘ্নকারী দেবগণের পূজা করি নাই, কিংবা যে অশুভসূচনা হইয়াছিল, ইহা নিশ্চয়ই তাহার ফল। না হইলে, আমাদের গ্রহ ত বিপরীত ছিল না, তবে এই বিপরীত ফল কেন হইল ?॥১৫৪॥

অন্য কতকগুলি লোক বন্ধু ও ধন বিনষ্ট হওয়ায় অতিকাতর হইয়া বলিল— 'আজ আমাদের বণিক্‌সংঘের মধ্যে উন্মত্তপ্রায়া ও বিকৃতাকারা সেই যে নারী অলৌকিকরূপধারণপূর্ব্বক প্রবেশ করিয়াছিল, সে-ই পূর্ব্বে এই অতিদারুণ মায়া প্রকাশ করিয়াছে ॥১৫৫—১৫৬॥

অতএব নিশ্চয়ই সেই নারী ভয়ঙ্কর রাক্ষসী, যক্ষী, বা পিশাচী হইবে এবং এই দুর্ঘটনা সমস্তই তাহার ; এ বিষয়ে কোন বিচারই কর্ত্তব্য নহে ॥১৫৭॥

সুতরাং নানাদুঃখদায়িনী বণিক্‌সমূহনাশিনী সেই পাপীয়সীকে যদি আমরা দেখিতে পাইতাম, তবে অবশ্যই বণিক্‌দিগের অনিষ্টকারিণী অপদেবতাস্বরূপা সেই নারীকে—লোষ্ট্র, ধূলি, তৃণ, কাষ্ঠ, বা মুষ্টি দ্বারা হত্যা করিতাম'। কিন্তু

হ্রীতা ভীতা চ সংবিগ্না প্রাদ্রবদ্‌যত্র কাননম্ ।
আশঙ্কমানা তৎ পাপমাত্মানং পর্য্যদেবয়ৎ ॥১৬০॥ (বিশেষকম্)
অহো মমোপরি বিধেঃ সংরম্ভো দারুণো মহান্ ।
নানুবধ্নাতি কুশলং কস্যেদং কর্ম্মণঃ ফলম্ ॥১৬১॥
ন স্মরাম্যশুভং কিঞ্চিৎ কৃতং কস্যচিদণ্বপি ।
কর্ম্মণা মনসা বাচা কস্যেদং কর্ম্মণঃ ফলম্ ॥১৬২॥
নূনং জন্মান্তরকৃতং পাপমাপতিতং মহৎ ।
অপশ্চিমামিমাং কষ্টামাপদং প্রাপ্তবত্যহম্ ॥১৬৩॥
ভর্ত্তৃরাজ্যাপহরণং স্বজনাচ্চ পরাজয়ঃ ।
ভর্ত্রা সহ বিয়োগশ্চ তনয়াভ্যাঞ্চ বিচ্যুতিঃ ।
নির্নাথতা বনে বাসো বহুব্যালনিষেবিতে ॥১৬৪॥

ভারতকৌমুদী

বণিক্‌সমূহস্য, কুৎসিতা কৃত্যেতি কৃত্যকা অনিষ্টকারিণী দেবতা, "কৃত্যা ক্রিয়াদেবতয়োস্ত্রিষু বিধিষ্টকার্য্যয়োঃ" ইতি মেদিনী। হ্রীতা লজ্জিতা ।১৫৮—১৬০।

অহো ইতি। সংরম্ভঃ ক্রোধঃ। নানুবধ্নাতি ন জনয়তি ।১৬১।

নেতি। কৃতং ময়া, অণ্বপি ক্ষুদ্রমপি। তর্হি কস্য কর্ম্মণ ইদং ফলম্ ।১৬২।

নূনমিতি। আপতিতমুপস্থিতম্। ততশ্চ অপশ্চিমাম্ অশেষাম্ ।১৬৩।

আপদং বিবৃণোতি ভর্ত্তৃিতি। স্বজনাৎ ভর্ত্তুরেব ভ্রাতুঃ পুষ্করাৎ। তনয়াভ্যাং পুত্র-

ভারতভাবদীপঃ

।১৪১—১৫৭। লোষ্টভিরিতি প্রয়োগাদেব লোষ্টশব্দো নকারান্তোঽপ্যস্তীতি জ্ঞায়তে ।১৫৮। কৃত্যৈব কৃত্যকা কুৎসিতা কৃত্যা কৃত্যকেতি বা তাম্ ।১৫৯—১৬২। অপশ্চিমামপরাবর্ত্তিনীম্

দময়ন্তী তাহাদের সেই সুদারুণ বাক্য শুনিয়া লজ্জিতা, ভীতা ও অস্থিরা হইয়া—যেখানে বন ছিল, সেইখানে দৌড়াইয়া গেলেন এবং সেইরূপ নিজের মৃত্যু আশঙ্কা করিয়া নিজের বিষয়েই বিলাপ করিতে লাগিলেন—॥১৫৮—১৬০॥

'হায়! আমার উপরে বিধাতার দারুণ ও বিশাল কোপ। কারণ, তিনি মঙ্গল করিতেছেনই না। আমার কোন্ কর্ম্মের এই ফল হইতেছে! ॥১৬১॥

আমি ত কর্ম্ম, মন, বা বাক্যদ্বারা কোন ব্যক্তিরই অল্পও কোন অপকার করিয়াছি বলিয়া স্মরণ হইতেছে না; তবে কোন্ কর্ম্মের এই ফল হইতেছে। ॥১৬২॥

নিশ্চয়ই আমার জন্মান্তরকৃত গুরুতর পাপের ফল উপস্থিত হইয়াছে। সেই জন্যই আমি কষ্টজনক এই অনন্ত বিপদ ভোগ করিতেছি ॥১৬৩॥

অথাপরেহ্যুঃ সম্প্রাপ্তে হতশিষ্টা জনাস্তদা।
দেশাত্তস্মাদ্বিনিক্রম্য শোচন্তে বৈশসং কৃতম্ ॥১৬৫॥
ভ্রাতরং পিতরং পুত্রং সখায়ঞ্চ নরাধিপ !।
অশোচত্তত্র বৈদর্ভী কিং নু মে দুষ্কৃতং কৃতম্ ॥১৬৬॥
যোঽপি মে নির্জনেঽরণ্যে সংপ্রাপ্তোঽয়ং জনার্ণবঃ।
স হতো হস্তিযূথেন মন্দভাগ্যং মমৈব তৎ ॥১৬৭॥
প্রাপ্তব্যং সুচিরং দুঃখং নূনমদ্যাপি বৈ ময়া।
নাপ্রাপ্তকালো ম্রিয়তে শ্রুতং বৃদ্ধানুশাসনম্ ॥১৬৮॥
যা নাহমদ্য মৃদিতা হস্তিযূথেন দুঃখিতা।
ন হ্যদৈবকৃতং কিঞ্চিন্নরাণামিহ বিদ্যতে ॥১৬৯॥

ভারতকৌমুদী

কন্যাভ্যাং সকাশাৎ, বিচ্যুতির্ভ্রংশঃ। নির্নাথতা রক্ষকহীনতা। বহুভির্ব্যালৈর্হিংস্রজন্তুভিঃ নিষেবিতে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬৪॥

অথেতি। অপরেহ্যুঃ পরদিনে। হস্তিযূথেন কৃতং বৈশসং মহামারীম্ ॥১৬৫॥

ভ্রাতরমিতি। মে ময়া কিং নু দুষ্কৃতং পাপং কৃতমিতি ব্রুবতী অশোচৎ ॥১৬৬॥

য ইতি। জনার্ণবো বণিক্সমূহঃ। মন্দভাগ্যং মন্দভাগ্যফলম্ ॥১৬৭॥

প্রাপ্তব্যমিতি। অধানেন দুঃখেন অং যদি ম্রিয়েথা ইত্যাহ নেতি ॥১৬৮॥

ভর্ত্তার রাজ্যনাশ, স্বজন হইতে পরাজয়, ভর্ত্তার সহিত বিয়োগ, পুত্র ও কন্যার সহিত বিচ্ছেদ, রক্ষকশূন্য অবস্থায় ভ্রমণ এবং বহুহিংস্রজন্তুপূর্ণ বনে বাস করা' ॥১৬৪॥

তদনন্তর পরদিন প্রভাতকালে হতাবশিষ্ট বণিকেরা সেই স্থান হইতে নির্গত হইয়া হস্তিযূথকৃত মহামারীর বিষয় লইয়া শোক করিতে লাগিল ॥১৬৫॥

'আমি কি দুষ্কার্য্য করিয়াছি' এই কথা বলিয়া দময়ন্তীও তখন ভ্রাতা, পিতা, পুত্র ও বন্ধুবর্গের বিষয় উল্লেখ করিয়া শোক করিতে লাগিলেন ॥১৬৬॥

'আমি নির্জন-বন-মধ্যে এই যে জনসমূহ পাইয়াছিলাম, তাহাও হস্তিযূথ আসিয়া সংহার করিল ; হায় ! সেটাও আমারই মন্দভাগ্যের ফল ॥১৬৭॥

অতএব নিশ্চয়ই এখনও আমার দীর্ঘকাল দুঃখভোগ করিতে হইবে। কারণ, সময় উপস্থিত না হইলে কেহই মরে না, ইহা আমি বৃদ্ধবর্গের নিকট শুনিয়াছি ॥১৬৮॥

আমি দুঃখিতা, তথাপি হস্তিগণ আমাকে বধ করিল না। কারণ, এই জগতে মানুষের কিছুই দৈবকৃতভিন্ন হয় না ॥১৬৯॥

(১৬৭)···মন্দভাগ্যান্মমৈব তৎ—বা ব কা নি।

ন চ মে বালভাবেঽপি কিঞ্চিৎ পাপকৃতং কৃতম্।
কর্ম্মণা মনসা বাচা যদিদং দুঃখমাগতম্ ॥১৭০॥
মন্যে স্বয়ম্বরকৃতে লোকপালাঃ সমাগতাঃ।
প্রত্যাখ্যাতা ময়া তত্র নলস্যার্থায় দেবতাঃ ॥১৭১॥
নূনং তেষাং প্রভাবেণ বিয়োগং প্রাপ্তবত্যহম্।
এবমাদীনি দুঃখানি সা বিলপ্য বরাঙ্গনা ॥১৭২॥
হতশিষ্টৈঃ সহ তদা ব্রাহ্মণৈর্বেদপারগৈঃ।
অগচ্ছদ্রাজশার্দ্দূল! চন্দ্রলেখেব শারদী ॥১৭৩॥ (যুগ্মকম্)
গচ্ছন্তী সা চিরাদ্বালা পুরমাসাদয়ন্মহৎ।
সায়াহ্নে চেদিরাজস্য সুবাহোঃ সত্যদর্শিনঃ ॥১৭৪॥
সা তু তচ্চারুসর্ব্বাঙ্গী সুবাহোস্তুঙ্গগোপুরম্।
বস্ত্রার্দ্ধেন চ সংবীতা প্রবিবেশ পুরোত্তমম্ ॥১৭৫॥

ভারতকৌমুদী

যেতি। ন মৃদিতা চরণাদিনা ন হতা। কিঞ্চিৎ সুখং দুঃখাদিকং বা ॥১৬৯॥

নেতি। মে ময়া, বালভাবেঽপি শৈশবেঽপি, পাপকৃতং পাপজনিকা ক্রিয়া ॥১৭০॥

মন্য ইতি। স্বয়ম্বরকৃতে মৎস্বয়ম্বরণনিমিত্তে, সমাগতা লোকপালাঃ ॥১৭১॥

নূনমিতি। প্রভাবেণ কোপশক্ত্যা। বিলপ্য বিলাপপ্রকারেণোদাহৃত্য। ব্রাহ্মণৈঃ "নাব্রাহ্মণো ব্রজেদৃদ্ধিম্" ইতি শাস্ত্রাদ্বণিগ্ভিরেব সহচরীকৃতৈরিতি ভাবঃ ॥১৭২—১৭৩॥

গচ্ছন্তীতি। সা দময়ন্তী, চিরাদ্দীর্ঘকালাৎ পরম্, আসাদয়ৎ প্রাপৎ ॥১৭৪॥

সেতি। তুঙ্গমুচ্চং গোপুরং দ্বারং যস্য তৎ, "দ্বারমাত্রেঽপি গোপুরম্" ইত্যমরঃ ॥১৭৫॥

আমি বাল্যকালেও বাক্য, মন, বা কর্ম্ম দ্বারা কোন পাপ করি নাই, যাহাতে আমার এইরূপ দুঃখ উপস্থিত হইতে পারে ॥১৭০॥

অতএব আমি মনে করি—ইন্দ্রপ্রভৃতি দিক্পালগণ আমার স্বয়ম্বরে আসিয়াছিলেন, আমি নলের জন্য তাঁহাদিগকে প্রত্যাখ্যান করিয়াছি ॥১৭১॥

সুতরাং নিশ্চয়ই তাঁহাদের কোপপ্রভাবে আমি (পতি-পুত্রাদির) বিয়োগ-যন্ত্রণা ভোগ করিতেছি'। রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির! দময়ন্তী এইরূপ অনেক দুঃখের উল্লেখপূর্ব্বক বিলাপ করিয়া হতাবশিষ্ট বেদজ্ঞ ব্রাহ্মণগণের সহিত তখন শরৎকালের চন্দ্রলেখার ন্যায় গমন করিতে লাগিলেন ॥১৭২—১৭৩॥

বালিকা দময়ন্তী গমন করিতে করিতে অনেক দিনের পর একদিন সায়াহ্ন-কালে সত্যদর্শী চেদিরাজ সুবাহুর বিশাল রাজধানীতে উপস্থিত হইলেন ॥১৭৪॥

[১৭২]…এবমাদীনি দুঃখার্ত্তা…বা ব কা নি। [১৭৩]…বিদ্যুল্লেখেব শারদী—পি।
[১৭৪]…চিরাৎ কালাৎ…পি। [১৭৫] পূর্ব্বার্দ্ধং বা ব কা পি নাস্তি।

তাং বিহ্বলাং কৃশাং দীনাং মুক্তকেশীমমার্জ্জিতাম্।
উন্মত্তামিব গচ্ছন্তীং দদৃশুঃ পুরবাসিনঃ ॥১৭৬॥
প্রবিশন্তীঞ্চ তাং দৃষ্ট্বা চেদিরাজপুরীং তদা।
অনুজগ্মুস্তত্র বালা গ্রামিপুত্রাঃ কুতূহলাৎ ॥১৭৭॥
সা তৈঃ পরিবৃতাগচ্ছৎ সমীপং রাজবেশ্মনঃ।
তাং প্রাসাদগতাপশ্যদ্রাজমাতা জনৈর্বৃতাম্ ॥১৭৮॥
ধাত্রীমুবাচ গচ্ছৈনামানয়েতি মমান্তিকম্।
জনেন ক্লিশ্যতেঽনাথা দুঃখিতা শরণার্থিনী ॥১৭৯॥
যাদৃগ্রূপাঞ্চ পশ্যামি বিদ্যোতয়তি মে গৃহম্।
উন্মত্তবেশা কল্যাণী শ্রীরিবায়তলোচনা ॥১৮০॥

ভারতকৌমুদী

তামিতি। অমার্জ্জিতাম্ অপরিষ্কৃতদেহাম্, স্নানাস্তকরণাদিত্যাশয়ঃ ॥১৭৬॥
প্রেতি। কিঞ্চ, চেদিরাজপুরীং প্রবিশন্তীমিতি সম্বন্ধঃ ॥১৭৭॥
রাজা ! ঋতুপর্ণরাজা অশ্বহৃদয় গ্রহণ করিয়া, নলকেও অক্ষহৃদয় দান করিয়া, অন্য সারথি লইয়া, আপন রাজধানীতেই চলিয়া গেলেন ॥১৯॥

নরনাথ যুধিষ্ঠির ! ঋতুপর্ণরাজা চলিয়া গেলে, নলরাজা অতিদীর্ঘকাল কুণ্ডিননগরে বাস করেন নাই ॥২০॥

বৃহদশ্ব বলিলেন—'কুন্তীনন্দন ! নলরাজা কুণ্ডিননগরে একমাসমাত্র থাকিয়া, ভীমরাজার অনুমতি লইয়া, অল্পপরিজনের সহিত কুণ্ডিননগর হইতে নিষধদেশে গমন করিলেন ॥১॥

মহামনা নলরাজা শুভ্রবর্ণ একখানি রথ, ষোলটী হস্তী, পঞ্চাশটী অশ্ব এবং

* '…সপ্তসপ্ততিতমঃ…বা' ব কা পি, '…পঞ্চসপ্ততিতমঃ…' নি ।

ততঃ পুষ্করমাসাদ্য বীরসেনসুতো বলী।
উবাচ দীব্যাব পুনর্বহু বিত্তং ময়ার্জ্জিতম্ ॥৪॥
দময়ন্তী চ যচ্চান্যন্মম কিঞ্চন বিদ্যতে।
এষ বৈ মম সন্ন্যাসস্তব রাজ্যন্তু পুষ্কর! ॥৫॥
পুনঃ প্রবর্ত্ততাং দ্যূতমিতি মে নিশ্চিতা মতিঃ।
একপাণেন ভদ্রং তে প্রাণয়োশ্চ পণাবহে ॥৬॥
জিত্বা পরস্বমাহৃত্য রাজ্যং বা যদি বা বসু।
প্রতিপাণঃ প্রদাতব্যঃ পরমো ধর্ম্ম উচ্যতে ॥৭॥
ন চেদ্বাঞ্ছসি দ্যূতং ত্বং যুদ্ধদ্যূতং প্রবর্ত্ততাম্।
দ্বৈরথেনাস্তু বৈ শান্তিস্তব বা মম বা নৃপ! ॥৮॥

ভারতকৌমুদী

রথেনেতি। দন্তিভির্হস্তিভিঃ, পরিষোড়শৈঃ ষোড়শভিঃ। হয়ৈরশ্বৈঃ। প্রবিবেশ স্বরাজধানীমিতি শেষঃ, সুসংরব্ধো নিতান্তদর্পিতঃ, তরসৈব বলেনৈব ॥২—৩॥

তত ইতি। পুষ্করং তন্নাম্যং তদানীন্তনং রাজানং ভ্রাতরম্। দীব্যাব দ্যূতেন ক্রীড়াব ॥৪॥

দময়ন্তীতি। যচ্চান্যদ্ধনম্। সন্ন্যাসঃ পণঃ, তব তু রাজ্যং সন্ন্যাসঃ পণঃ ॥৫॥

পুনরিতি। একপাণেন একমাত্রপণেনৈব পুনর্দ্যূতং প্রবর্ত্ততাম; তেনৈব তে ভদ্রং ভবেৎ। অন্যথা প্রাণয়োশ্চ পণাবহে আবয়োঃ প্রাণদ্বয়ং পণীকৃত্য যুদ্ধং কুর্বহে ॥৬॥

জিত্বেতি। পরস্বং পরস্বত্বাস্পদীভূতম্। বসু ধনম্। প্রতিপাণঃ প্রতিপণঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

সেতি। উদ্ধ বাসং কৃত্বা ॥১—৪॥ রাজ্যমেকপাণেনৈব মম তু দময়ন্ত্যাদি চ প্রাণয়োশ্চ পণাবহে যুদ্ধমপি বর্ত্ততামিত্যর্থঃ ॥৫—৩২॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৪॥

ছয়শত পদাতিদ্বারা পৃথিবী কম্পিত করিয়া, সত্বর যাইয়া, মহাদর্পে বলপূর্ব্বক রাজধানীতে প্রবেশ করিলেন ॥২—৩॥

তাহার পর বলবান্ নলরাজা পুষ্করের নিকট যাইয়া বলিলেন—'আবার আমরা দ্যূতক্রীড়া করিব, আমি বহুতর ধন উপার্জ্জন করিয়াছি ॥৪॥

দময়ন্তী এবং আমার অন্য যে কিছু ধন আছে, এই সমস্তই আমার পণ; কিন্তু পুষ্কর! তোমার পণ—রাজ্য ॥৫॥

এই একমাত্র পণ রাখিয়াই আবার দ্যূতক্রীড়া আরম্ভ হউক, তোমার মঙ্গল হইবে। আর ইহা না হইলে, আমরা প্রাণদ্বয়ের পণও করিব। এইরূপ বুদ্ধিই আমি স্থির করিয়াছি ॥৬॥

পণে পরের রাজ্য ও ধন জয় করিয়া লইয়া প্রতিপণও দিতে হয়; ইহাকেই মনস্বীরা পরম ধর্ম্ম বলেন ॥৭॥

বংশভোগ্যমিদং রাজ্যং মার্গিতব্যং যথা তথা।
যেন তেনাপ্যুপায়েন বৃদ্ধানামিতি শাসনম্ ॥৯॥
দ্বয়োরেকতরে বুদ্ধিঃ ক্রিয়তামদ্য পুষ্কর!।
কৈতবেনাক্ষবত্যাং বা যুদ্ধে বা নাম্যতাং ধনুঃ ॥১০॥
নৈষধেনৈবমুক্তস্তু পুষ্করঃ প্রহসন্নিব।
ধ্রুবমাত্মজয়ং মত্বা প্রত্যাহ পৃথিবীপতিম্ ॥১১॥
দিষ্ট্যা ত্বয়ার্জ্জিতং বিত্তং প্রতিপাণায় নৈষধ!।
দিষ্ট্যা চ দুষ্কৃতং কর্ম্ম দময়ন্ত্যাঃ ক্ষয়ং গতম্ ॥১২॥
দিষ্ট্যা চ ধ্রিয়সে রাজন্! সদারোঽদ্য মহাভুজ!।
ধনেনানেন বৈদর্ভী জিতেন সমলঙ্কৃতা ॥১৩॥

ভারতকৌমুদী

নেতি। যুদ্ধদ্যূতং যুদ্ধরূপা ক্রীড়া। শান্তিঃ—একতররাজ্যলিপ্সানিবৃত্তিঃ ॥৮॥
বংশেতি। বংশভোগ্যং বংশজাতপ্রাপ্যম্। মার্গিতব্যং লব্ধুং যতিতব্যম্ ॥৯॥
দ্বয়োরিতি। কৈতবেন ছলেন, অক্ষবত্যাং দ্যূতক্রীড়ায়াম্। যুদ্ধে চেন্নাম্যতাং ধনুঃ ॥১০॥
নৈষধেনেতি। আত্মজয়ং ধ্রুবং মত্বা, পূর্ব্বক্রীড়াপ্রামাণ্যাদিতি ভাবঃ ॥১১॥
দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন, প্রতিপাণায় পুনঃ ক্রীড়নায়। দময়ন্ত্যা দুষ্কৃতং কর্ম্ম ॥১২॥
দিষ্ট্যেতি। ধ্রিয়সে অবতিষ্ঠসে জীবসীত্যর্থঃ। ময়া জিতেন অনেন তব ধনেনৈব

রাজা। তুমি যদি দ্যূতক্রীড়া করিতে ইচ্ছা না কর, তবে যুদ্ধক্রীড়া হউক। দ্বৈরথযুদ্ধ দ্বারা তোমার বা আমার রাজ্যলিপ্সার নিবৃত্তি হউক ॥৮॥

কারণ, বৃদ্ধবর্গের এইরূপ উপদেশ আছে যে, যে সে প্রকারে এবং যে সে উপায়ে এই বংশপরম্পরাপ্রাপ্য রাজ্য উদ্ধারের চেষ্টা করিবে ॥৯॥

অতএব পুষ্কর! এই দুইটীর একটীতে তুমি আজ বুদ্ধি স্থির কর, ছলপূর্ব্বক দ্যূতক্রীড়ায়, কিংবা যুদ্ধে; যদি যুদ্ধে স্থির কর, তবে ধনু আকর্ষণ কর' ॥১০॥

নল এইরূপ বলিলে, 'নিশ্চয়ই নিজের জয় হইবে' ইহা ভাবিয়া পুষ্কর হাসিতে হাসিতেই যেন নলকে বলিলেন—॥১১॥

'নলরাজা! আপনি আমার ভাগ্যবশতঃ আবার খেলা করিবার জন্য ধন উপার্জ্জন করিয়াছেন এবং আমার ভাগ্যবশতই দময়ন্তীর পাপক্ষয় হইয়াছে ॥১২॥

মহাবাহু রাজা! আপনি আমার ভাগ্যবশতই আজ ভার্য্যার সহিত জীবিত

(৯) বংশভোজ্যমিদং রাজ্যমর্থিতব্যং যথা তথা। যেন কেনাপ্যুপায়েন···বা ব কা নি।
(১০)···অক্ষবত্যাং তু···বা ব কা নি। (১৩)···ধনেনানেন বৈ ভৈমী···বা ব কা।

মামুপস্থাস্যতি ব্যক্তং দিবি শক্রমিবাপ্সরাঃ।
নিত্যশো হি স্মরামি ত্বাং প্রতীক্ষেঽপি চ নৈষধ!।
দেবনে চ মম প্রীতির্ভবত্যেবাসুহৃদ্‌গণৈঃ ॥১৪॥ (যুগ্মকম্)
জিত্বা ত্বদ্য বরারোহাং দময়ন্তীমনিন্দিতাম্।
কৃতকৃত্যো ভবিষ্যামি সা হি মে নিত্যশো হৃদি ॥১৫॥
শ্রুত্বা তস্য তু তা বাচো বহ্ববদ্ধপ্রলাপিনঃ।
ইয়েষ স শিরশ্ছেত্তুং খড়্গেন কুপিতো নলঃ ॥১৬॥
স্ময়ংস্তু রোষতাম্রাক্ষস্তমুবাচ নলো নৃপঃ।
পণাবঃ কিং ব্যাহরসে জিত্বা বৈ ব্যাহরিষ্যসি ॥১৭॥
ততঃ প্রাবর্ত্তত দ্যূতং পুষ্করস্য নলস্য চ।
একপাণেন বীরেণ নলেন স পরাজিতঃ ॥১৮॥

ভারতকৌমুদী

সমলঙ্কৃতা বৈদর্ভী, দিবি অপ্সরাঃ শক্রমিব, ব্যক্তং ধ্রুবং মামুপস্থাস্যতি সেবিষ্যতে। দেবনে দ্যূতক্রীড়ায়াম্। চতুর্দ্দশঃ শ্লোকঃ ষট্‌পাদঃ ॥১৩—১৪॥

জিত্বেতি। বরৌ উত্তমৌ আরোহৌ নিতম্বৌ যস্যাস্তাম্। হৃদি বর্ত্ততে ॥১৫॥

শ্রুত্বেতি। বহ্ববদ্ধপ্রলাপিনঃ প্রচুরাসম্বদ্ধানর্থকভাষিণঃ পুষ্করস্য ॥১৬॥

স্ময়ন্নিতি। স্ময়ন্ ঈষদ্ধসন্। পণাবঃ পণেন ক্রীড়াবঃ, ব্যাহরসে বদসি ॥১৭॥

রহিয়াছেন। কারণ, অপ্সরা যেমন স্বর্গে ইন্দ্রের সেবা করে, সেইরূপ আমি আপনার ধন জয় করিলে, তাহা দ্বারাই সুসজ্জিত হইয়া দময়ন্তী আমার সেবা করিবে। এই জন্য সর্ব্বদাই আমি আপনাকে স্মরণ করিতেছি এবং প্রতীক্ষা করিতেছি। বিশেষতঃ শত্রুদিগের সহিত দ্যূতক্রীড়ায় আমার বড়ই আনন্দ হয় ॥১৩—১৪॥

আজ অনিন্দ্যসুন্দরী সুনিতম্বা দময়ন্তীকে জয় করিয়া কৃতকার্য্য হইব। কারণ, তিনি আমার হৃদয়ে সর্ব্বদাই রহিয়াছেন' ॥১৫॥

বহুতর অসম্বদ্ধপ্রলাপী পুষ্করের সেই কথাগুলি শুনিয়া নল ক্রুদ্ধ হইয়া তরবারিদ্বারা তাঁহার মস্তকচ্ছেদন করিবার ইচ্ছা করিলেন ॥১৬॥

পরে, নলরাজা ক্রোধে আরক্তনয়ন হইয়া, ঈষৎ হাস্য করিয়া, পুষ্করকে বলিলেন—'আমরা পণ রাখিয়া খেলা করিব, ইহার মধ্যে কথা বলিতেছ কেন, জয় করিয়া কথা বলিবে' ॥১৭॥

তাহার পর নল ও পুষ্করের দ্যূতক্রীড়া আরম্ভ হইল এবং এক পণেই বীর

(১৪)···প্রতীক্ষ্যামি চ নৈষধ!—পি, দেবনেন মম প্রীতির্ন ভবত্যসুহৃদ্‌গণৈঃ বা ব কা।
(১৮)···একপাণেন ভদ্রং তে···বা ব কা নি।

স রত্নকোষনিচয়ৈঃ প্রাণেন পণিতোঽপি চ।
জিত্বা চ পুষ্করং রাজা প্রহসন্নিদমব্রবীৎ ॥১৯॥ (যুগ্মকম্)
মম সর্ব্বমিদং রাজ্যমব্যগ্রং হতকণ্টকম্।
বৈদর্ভী ন ত্বয়া শক্যা রাজাপসদ! বীক্ষিতুম্।
তস্যাস্ত্বং সপরীবারো মূঢ়! দাসত্বমাগতঃ ॥২০॥
ন ত্বয়া তৎ কৃতং কর্ম্ম যেনাহং বিজিতঃ পুরা।
কলিনা তৎ কৃতং কর্ম্ম মূঢ়! ত্বঞ্চ ন বুধ্যসে ॥২১॥
নাহং পরকৃতং দোষং ত্বয্যাধাস্যে কথঞ্চন।
যথাসুখং বৈ জীব ত্বং প্রাণানবসৃজামি তে ॥২২॥
তথৈব সর্ব্বসম্ভারং স্বমংশং বিতরামি তে।
তথৈব চ মম প্রীতিস্ত্বয়ি বীর! ন সংশয়ঃ ॥২৩॥
সৌহার্দ্দঞ্চাপি মে ত্বত্তো ন কদাচিৎ প্রহাস্যতি।
পুষ্কর! ত্বং হি মে ভ্রাতা সঞ্জীব শরদঃ শতম্ ॥২৪॥

ভারতকৌমুদী

তত ইতি। একশ্চাসৌ পাণঃ পণশ্চেতি তেন। পণিতঃ কৃতপণঃ ।১৮—১৯।
মমেতি। অব্যগ্রং দুর্জ্জনশাসনাপগমাদনাকুলম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ।২০।
নেতি। তৎ কর্ম্ম পূর্ব্বং ক্রীড়নম্। কলিনা কলিযুগাধিষ্ঠায়িনা দেবেন ।২১।
নেতি। আধাস্যে আরোপয়িষ্যামি। অবসৃজামি বিতরামি ।২২।
তথেতি। সর্ব্বে সম্ভারা অস্ত্রাদীন্যুপকরণানি যত্র তম্, স্বমংশং রাজ্যভাগম্ ।২৩।

নলরাজা পুষ্করকে জয় করিলেন। পুষ্কর—রত্ন, কোষসমূহ এবং প্রাণও পণ ধরিয়াছিলেন; এই অবস্থাতেই তাঁহাকে জয় করিয়া নলরাজা হাসিতে হাসিতে এই কথা বলিলেন—॥১৮—১৯॥

'এই সমস্ত রাজ্যই এখন আমার সুস্থ ও নিষ্কণ্টক হইল। মূর্খ! রাজাধম! তুই দময়ন্তীকে দেখিতেও পারিলি না, বরং পরিবারবর্গের সহিত তুই তাঁহার দাস হইলি। ॥২০॥

তুই সে কার্য্য করিস্ নাই, যাহাতে আমাকে জয় করিয়াছিলি। মূর্খ! সে কার্য্য কলিই করিয়াছিলেন, তুই তাহা বুঝিতে পারিস্ নাই ॥২১॥

আমি পরকৃত দোষ তোমার উপরে কোন প্রকারেই আরোপ করিব না; তুমি যথাসুখে বাঁচিয়া থাক, তোমার প্রাণ দান করিলাম ॥২২॥

এবং সমস্ত উপকরণের (আসবাবের) সহিত তোমার রাজ্যাংশ তোমাকে দিলাম; আর বীর! তোমার উপরে আমার প্রীতি সেইরূপই থাকিবে, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥২৩॥

এবং নলঃ সান্ত্বয়িত্বা ভ্রাতরং সত্যবিক্রমঃ।
বচনৈস্তোষয়ামাস পরিষজ্য পুনঃ পুনঃ ॥২৫॥
সান্ত্বিতো নৈষধেনৈবং পুষ্করঃ প্রত্যুবাচ তম্।
পুণ্যশ্লোকং তদা রাজন্নভিবাদ্য কৃতাঞ্জলিঃ ॥২৬॥
কীর্ত্তিরস্তু তবাক্ষয্যা জীব বর্ষাযুতং সুখী।
যো মে বিতরসি প্রাণানধিষ্ঠানঞ্চ পার্থিব ! ॥২৭॥
স তথা সংকৃতো রাজ্ঞা মাসমুষ্য ততো নৃপ !।
প্রযযৌ স্বপুরং হৃষ্টঃ পুষ্করঃ স্বজনাবৃতঃ ॥২৮॥
মহত্যা সেনয়া সার্দ্ধং বিনীতৈঃ পরিচারকৈঃ।
ভ্রাজমান ইবাদিত্যো বপুষা ভরতর্ষভ ! ॥২৯॥ (যুগ্মকম্)
প্রস্থাপ্য পুষ্করং রাজা বিত্তবন্তমনাময়ম্।
প্রবিবেশ পুরীং শ্রীমানত্যর্থমুপশোভিতাম্ ॥৩০॥

ভারতকৌমুদী

সৌহার্দ্দমিতি। প্রহাস্যতি প্রচ্যুতং ভবিষ্যতি। শরদো বৎসরান্ ॥২৪॥
এবমিতি। সান্ত্বয়িত্বা আশ্বাস্য। পরিষজ্য আলিঙ্গ্য ॥২৫॥
সান্ত্বিত ইতি। নৈষধেন নলেন। পুণ্যশ্লোকং নলম্ ॥২৬॥
কীর্ত্তিরিতি। অক্ষয্যা ক্ষেতুমশক্যা। অধিষ্ঠীয়তে অস্মিন্নিত্যধিষ্ঠানং রাজ্যম্ ॥২৭॥
স ইতি। রাজ্ঞা নলেন, উষ্য বাসং কৃত্বা। বিনীতৈর্বিনয়াবনতৈঃ ॥২৮—২৯॥

এবং আমার সৌহার্দ্দ তোমা হইতে কখনও স্খলিত হইবে না। পুষ্কর! তুমি আমার ভ্রাতা; সুতরাং একশত বৎসর জীবিত থাক' ॥২৪॥

যথার্থবিক্রমশালী নল এই ভাবে ভ্রাতাকে আশ্বস্ত করিয়া এবং বার বার তাঁহাকে আলিঙ্গন করিয়া, আরও নানাবিধ বাক্যে সন্তুষ্ট করিলেন ॥২৫॥

রাজা! নল এই ভাবে আশ্বস্ত করিলে, তখন পুষ্কর অভিবাদন করিয়া কৃতাঞ্জলি হইয়া, নলকে বলিলেন—॥২৬॥

'রাজা! আপনার অক্ষয় কীর্ত্তি হউক এবং আপনি দশহাজার বৎসর সুখে জীবন ধারণ করুন; যে হেতু আপনি আমার প্রাণ ও রাজ্য দান করিলেন ॥২৭॥

ভরতশ্রেষ্ঠ যুধিষ্ঠির! নলরাজা সেইরূপ সদ্ব্যবহার করিলে, পুষ্কর সেখানে একমাস থাকিয়া, স্বজনে পরিবেষ্টিত হইয়া এবং বিশাল সৈন্য ও বিনীত অনুচরবর্গ লইয়া, শরীরতেজে সূর্য্যের ন্যায় দীপ্তি পাইতে থাকিয়া, হৃষ্টচিত্তে আপন রাজধানীতে চলিয়া গেলেন ॥২৮—২৯॥

(২৫)···স্বপুরং প্রেষয়ামাস পরিষজ্য···বা ব কা, পি।

প্রবিশ্য সান্ত্বয়ামাস পৌরাংশ্চ নিষধাধিপঃ।
হিতেষু চৈষাং সততং পিতেবাবহিতোঽভবৎ ॥৩১॥
পৌরজানপদাশ্চাপি সম্প্রহৃষ্টতনূরুহাঃ।
উচুঃ প্রাঞ্জলয়ঃ সর্ব্বে সামাত্যপ্রমুখা জনাঃ ॥৩২॥
অদ্য স্ম নির্বৃতা রাজন্! পুরে জনপদেঽপি চ।
উপাসিতুং পুনঃ প্রাপ্তা দেবা ইব শতক্রতুম্ ॥৩৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
নলোপাখ্যানে পুষ্করাশ্বাসনে চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

প্রস্থাপ্যেতি। পুরীং স্বভবনম্, পুরীপ্রবেশস্য পূর্ব্বমেবোক্তত্বাৎ ॥৩০॥
প্রবিশ্যেতি। সান্ত্বয়ামাস আশ্বাসয়ামাস, পৌরাংশ্চেতি চকারাদন্যাংশ্চ ॥৩১॥
পৌরেতি। সম্প্রহৃষ্টতনূরুহা আনন্দাতিরেকাৎ রোমাঞ্চিতশরীরাঃ ॥৩২॥
অদ্যেতি। নির্বৃতাঃ সুখিনঃ সঞ্জাতাঃ। উপাসিতুং সেবিতুম্, প্রাপ্তা ভবন্তম্ ॥৩৩॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি নলোপাখ্যানে চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

মনোহরমূর্ত্তি নলরাজা প্রচুর ধন দিয়া, নিরাময়দেহ পুষ্করকে প্রেরণ করিয়া, অত্যন্ত সুসজ্জিত রাজভবনে প্রবেশ করিলেন ॥৩০॥

নলরাজা রাজভবনে প্রবেশ করিয়া পুরবাসিপ্রভৃতিকে আশ্বস্ত করিলেন এবং পিতার ন্যায় তাহাদের হিতকার্য্যে মনোযোগী হইলেন ॥৩১॥

তখন অমাত্যপ্রভৃতি পুরবাসী ও দেশবাসী সমস্ত লোক আনন্দে রোমাঞ্চিত হইয়া কৃতাঞ্জলিপুটে বলিল—॥৩২॥

'রাজা! আজ আমরা পুরবাসী ও দেশবাসী লোকেরা নির্বৃতি লাভ করিলাম। কারণ, দেবতারা যেমন সেবার জন্য দেবরাজকে পাইয়া থাকেন, আমরাও তেমন সেবার জন্য আবার আপনাকে পাইয়াছি' ॥৩৩॥

---

(৩১) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি। * '...অষ্টসপ্ততিতমঃ...' বা ব কা পি, '...ষট্‌সপ্ততিতমঃ...' নি।

পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ

—:(•):—

বৃহদশ্ব উবাচ।

প্রশান্তে তু পুরে হৃষ্টে সম্প্রবৃত্তে মহোৎসবে।
মহত্যা সেনয়া রাজা দময়ন্তীমুপানয়ৎ ॥১॥
দময়ন্তীমপি পিতা সৎকৃত্য পরবীরহা।
প্রাস্থাপয়দমেয়াত্মা ভীমো ভীমপরাক্রমঃ ॥২॥
আগতায়াস্তু বৈদর্ভ্যাং সপুত্রায়াং নলো নৃপঃ।
বর্ত্তয়ামাস মুদিতো দেবরাড়িব নন্দনে ॥৩॥
ততঃ প্রকাশতাং যাতো জম্বূদ্বীপে স রাজসু।
পুনঃ শশাস তদ্রাজ্যং প্রত্যাহৃত্য মহাযশাঃ ॥৪॥
ঈজে চ বিবিধৈর্যজ্ঞৈর্বিধিবচ্চাপ্তদক্ষিণৈঃ।
তথা ত্বমপি রাজেন্দ্র! সসুহৃদ্যক্ষ্যসেঽচিরাৎ ॥৫॥

ভারতকৌমুদী

প্রশান্ত ইতি। প্রশান্তে নিবৃত্তনলসম্বন্ধোদ্বেগে, পুরে পুরবাসিনি জনে ॥১॥
দময়ন্তীমিতি। সৎকৃত্য প্রচুরোপহারদানেন সম্মান্য ॥২॥
আগতায়ামিতি। বর্ত্তয়ামাস ররাজ, "বৃতু ভাসার্থঃ" ইতি চৌরাদিকো ধাতুঃ ॥৩॥
তত ইতি। প্রকাশতাং পুনরাগত ইতি প্রচারম্। প্রত্যাহৃত্য পুষ্করাৎ ॥৪॥
ঈজ ইতি। ঈজে দেবান্ পূজয়ামাস, আপ্তদক্ষিণৈঃ প্রচুরদক্ষিণৈঃ ॥৫॥

বৃহদশ্ব বলিলেন—'পুরবাসিগণের উদ্বেগ নিবৃত্তি পাইলে, আনন্দ জন্মিলে এবং মহোৎসব চলিতে থাকিলে, নলরাজা বিশাল সৈন্য প্রেরণ করিয়া দময়ন্তীকে আনয়ন করিলেন ॥১॥

শত্রুহন্তা, উদারচেতা এবং ভয়ঙ্করপরাক্রমশালী পিতা ভীমরাজাও সম্মানিত করিয়া দময়ন্তীকে পাঠাইয়া দিলেন ॥২॥

পুত্র ও কন্যার সহিত দময়ন্তী আসিলে, নন্দনবনে দেবরাজের ন্যায় নল-রাজা আনন্দিত হইয়া নগরে শোভা পাইতে লাগিলেন ॥৩॥

তদনন্তর মহাযশা নলরাজা জম্বূদ্বীপের রাজাদের মধ্যে ক্রমশঃ প্রচার পাইয়া সেই প্রত্যাহৃত রাজ্য পুনরায় শাসন করিতে লাগিলেন ॥৪॥

এবং তিনি প্রচুরদক্ষিণাযুক্ত নানাবিধ যজ্ঞদ্বারা যথাবিধানে দেবগণের পূজা

(৪)…জম্বুদ্বীপে ররাজ সঃ…বা ব কা। [৫]…সহৃদ্যক্ষ্যসেঽচিরাৎ—বা ব কা।

দুঃখমেতাদৃশং প্রাপ্তো নলঃ পরপুরঞ্জয়ঃ।
দেবনেন নরশ্রেষ্ঠ ! সভার্য্যো ভরতর্ষভ ! ॥৬॥
একাকিনৈব সুমহন্নলেন পৃথিবীপতে ! ।
দুঃখমাসাদিতং ঘোরং প্রাপ্তশ্চাভ্যুদয়ঃ পুনঃ ॥৭॥
ত্বং পুনর্ভ্রাতৃসহিতঃ কৃষ্ণয়া চৈব পার্থিব ! ।
রমসেঽস্মিন্ মহারণ্যে ধর্ম্মমেবানুচিন্তয়ন্ ॥৮॥
ব্রাহ্মণৈশ্চ মহাভাগৈর্বেদবেদাঙ্গপারগৈঃ।
নিত্যমন্বাস্যসে রাজন্ ! তত্র কা পরিদেবনা ॥৯॥
কর্কোটকস্য নাগস্য দময়ন্ত্যা নলস্য চ।
ঋতুপর্ণস্য রাজর্ষেঃ কীর্ত্তনং কলিনাশনম্ ॥১০॥

ভারতকৌমুদী

দুঃখমিতি। এতাদৃশং প্রাগুক্তরূপম্। দেবনেন দ্যূতক্রীড়য়া ॥৬॥

একাকিনেতি। আসাদিতং প্রাপ্তম্। অভ্যুদয়ঃ সর্ব্বথৈবোন্নতিঃ ॥৭॥

ত্বমিতি। কৃষ্ণয়া দ্রৌপদ্যা চ সহিতঃ। অতো নলসদৃশং দুঃখং নাস্তীতি ভাবঃ ॥৮॥

ব্রাহ্মণৈরিতি। অন্বাস্যসে পশ্চাদবস্থানেনাশ্রীয়সে, "অন্বাসিতমরুন্ধত্যা" ইত্যাদিবৎ কর্ম্মত্বম্। পরিদেবনা বিলাপঃ। ন খলু তে নলসদৃশং বিলাপকারণমস্তীতি ভাবঃ ॥৯॥

কর্কোটকস্যেতি। কলিনাশনম্, কর্কোটকেন বিষজ্বালাপ্রবর্ত্তনাৎ, দময়ন্ত্যা অভিসম্পাতাৎ, নলেন শাপারম্ভাৎ, ঋতুপর্ণেন চ পরম্পরয়া তৎপ্রযোজকত্বাৎ, সর্ব্বেষাঞ্চ ধার্ম্মিকত্বাতিশয়াৎ ধার্ম্মিককীর্ত্তনে চাধার্ম্মিকনাশস্য স্বাভাবিকত্বাদিত্যাশয়ঃ ॥১০॥

করিতে লাগিলেন। রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির ! আপনিও সেইরূপ বন্ধুবর্গের সহিত মিলিত হইয়া অচিরকালমধ্যে যজ্ঞ করিবেন ॥৫॥

হে নরশ্রেষ্ঠ ভরতপ্রধান যুধিষ্ঠির ! শত্রুনগরবিজয়ী নলরাজা দ্যূতক্রীড়া করিয়া ভার্য্যার সহিত এইরূপ দুঃখ ভোগ করিয়াছিলেন ॥৬॥

যুধিষ্ঠির ! নলরাজা একাকীই গুরুতর ও ভয়ঙ্কর দুঃখ পাইয়াছিলেন, আবার উন্নতিলাভও করিয়াছিলেন ॥৭॥

আর আপনি ভ্রাতৃগণ ও দ্রৌপদীর সহিত মিলিত হইয়া এই মহাবনমধ্যে ধর্ম্মের আলোচনা করিতে থাকিয়াই আমোদ অনুভব করিতেছেন ॥৮॥

এবং বেদ-বেদাঙ্গপারদর্শী মহাত্মা ব্রাহ্মণেরা সর্ব্বদাই আপনার সঙ্গে অবস্থান করিতেছেন। অতএব রাজা ! আপনার এই বনবাসে বিলাপের কারণ কি আছে ? ॥৯॥

[১০] এষ শ্লোকঃ পি নাস্তি।

ইতিহাসমিমঞ্চাপি কলিনাশনমচ্যুত ! ।
শক্যমাশ্বসিতুং শ্রুত্বা ত্বদ্বিধেন বিশাংপতে ! ॥১১॥
অস্থিরত্বঞ্চ সঞ্চিন্ত্য পুরুষার্থস্য নিত্যদা ।
তস্যোদয়ে ব্যয়ে চাপি ন চিন্তয়িতুমর্হসি ॥১২॥
শ্রুত্বেতিহাসং নৃপতে ! সমাশ্বসিহি মা শুচঃ ।
ব্যসনে ত্বং মহারাজ ! ন বিষীদিতুমর্হসি ॥১৩॥
বিষমাবস্থিতে দৈবে পৌরুষেঽফলতাং গতে ।
বিষাদয়ন্তি নাত্মানং সত্ত্বাপাশ্রয়িণো নরাঃ ॥১৪॥
যে চেদং কথয়িষ্যন্তি নলস্য চরিতং মহৎ ।
শ্রোষ্যন্তি চাপ্যভীক্ষ্ণং বৈ নালক্ষ্মীস্তান্ ভজিষ্যতি ॥১৫॥
অর্থাস্তস্যোপপৎস্যন্তে ধন্যতাঞ্চ গমিষ্যতি ।
ইতিহাসমিমং শ্রুত্বা পুরাণং শশ্বদুত্তমম্ ॥১৬॥

ভারতকৌমুদী

ইতীতি। হে অচ্যুত ! ধর্ম্মাদভ্রষ্ট ! । অধিকদুঃখিনলকথাশ্রবণাদিতি ভাবঃ ॥১১॥
অস্থিরত্বমিতি। পুরুষার্থস্য ধর্ম্মার্থকামানাম্। উদয়ে আবির্ভাবে, ব্যয়ে নাশে ॥১২॥
শ্রুত্বেতি। ব্যসনে বিপদি। বিষীদিতুমিতি তুমি সদেঃ সীদাদেশ আর্ষঃ ॥১৩॥
বিষমেতি। বিষমাবস্থিতে অনিষ্টপরায়ণে। সত্ত্বাপাশ্রয়িণঃ অধ্যবসায়শালিনঃ ॥১৪॥
য ইতি। অভীক্ষ্ণং পুনঃ পুনঃ। ভজিষ্যতি আশ্রয়িষ্যতি ॥১৫॥

কর্কোটকনাগ, দময়ন্তী, নল এবং রাজর্ষি ঋতুপর্ণের নাম কীর্ত্তন করিলে কলি অপসৃত হন ॥১০॥

ধার্ম্মিক নরনাথ ! এই কলিনাশক ইতিহাস শুনিয়াও আপনার মত লোক আশ্বস্ত হইতে পারেন ॥১১॥

আর, পুরুষার্থ সকল চিরকালই অচিরস্থায়ী, ইহা ভাবিয়াও তাহার প্রাপ্তিতে এবং বিনাশে চিন্তা করিতে পারেন না ॥১২॥

রাজা ! আপনি এই ইতিহাস শুনিয়া আশ্বস্ত হউন, শোক করিবেন না এবং মহারাজ ! আপনি বিপদে বিষণ্ণ হইবার যোগ্য নহেন ॥১৩॥

দৈব অনিষ্ট করিতে থাকিলেও এবং পুরুষকার বিফল হইলেও, অধ্যবসায়ী লোকেরা মনকে বিষণ্ণ করেন না ॥১৪॥

যাহারা বার বার এই প্রশস্ত নলচরিত্র বলিবে বা শুনিবে, তাহাদিগকে অলক্ষ্মী স্পর্শ করিবে না ॥১৫॥

[১৩]…মা শুচ…মা ব শ্চা।

পুত্রান্ পৌত্রান্ পশূংশ্চাপি লভতে নৃষু চাগ্র্যতাম্ ।
নীরোগঃ প্রীতিমাংশ্চৈব ভবিষ্যতি ন সংশয়ঃ ॥১৭॥ (যুগ্মকম্)
ভয়াত্ত্রস্যসি যচ্চ ত্বমাহ্বয়িষ্যতি মাং পুনঃ ।
অক্ষজ্ঞ ইতি তত্তেঽহং নাশয়িষ্যামি পার্থিব ! ॥১৮॥
বেদাক্ষহৃদয়ং কৃৎস্নমহং সত্যপরাক্রম ! ।
উপপদ্যস্ব কৌন্তেয় ! প্রসন্নোঽহং ব্রবীমি তে ॥১৯॥
বৈশম্পায়ন উবাচ ।
ততো হৃষ্টমনা রাজা ! বৃহদশ্বমুবাচ হ ।
ভগবন্নক্ষহৃদয়ং জ্ঞাতুমিচ্ছামি তত্ত্বতঃ ॥২০॥

ভারতকৌমুদী

অর্থা ইতি। অর্থা ধর্ম্মার্থকামাঃ, উপপৎস্যন্তে ভবিষ্যন্তি। অগ্র্যতাং প্রাধান্যম্ ॥১৬--১৭॥

ভয়াদিতি। হে পার্থিব! অক্ষজ্ঞঃ শকুনিপ্রভৃতির্জ্জনঃ পুনরপি মাম্ আহ্বয়িষ্যতি বনবাসাৎ পরং রাজ্যাদিলাভে সতি পূর্ব্ববদ্দ্যূতায় আহ্বাস্যতি ইতি ভয়াৎ যচ্চ ত্বং ত্রস্যসি, তত্তে অহং নাশয়িষ্যামি ॥১৮॥

বেদেতি। বেদ জানামি, অক্ষহৃদয়ম্ অক্ষবিদ্যাম্। উপপদ্যস্ব গৃহাণ ॥১৯॥

তত ইতি। রাজা যুধিষ্ঠিরঃ। যেনাক্ষা অনুকূলাঃ পতন্তি তদক্ষহৃদয়ম্ ॥২০॥

ভারতভাবদীপঃ

প্রশান্ত ইতি। প্রশান্তে বীতশোকে ॥১—৪॥ বৰ্ব্যাসে দীর্ঘাসে, বশকান্তাবিত্যন্ত রূপম্ ॥৫—১৮॥ পুনর্দ্যূতং করিষ্যসীতি রাজানং প্রতি পূর্ব্বং ভীমসেনেনোক্তং তত্র পরিহারমাহ—

এবং তাহাদের ধর্ম্ম, অর্থ ও কাম সম্পন্ন হইবে, আর তাহারা ধন্য হইয়া যাইবে। আর, এই উত্তম ও প্রাচীন ইতিহাস সর্ব্বদা শ্রবণ করিয়া মানুষ পুত্র, পৌত্র, পশু ও প্রাধান্য লাভ করিবে এবং নীরোগ ও আনন্দিত হইবে এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১৬—১৭॥

রাজা। 'কোন দ্যূতজ্ঞ লোক আবার আমাকে দ্যূতক্রীড়ার জন্য আহ্বান করিবে' এই ভয়ে আপনি যে অস্থির হইতেছেন, তাহা আমি দূর করিব ॥১৮॥

হে সত্যপরাক্রম! আমি সমস্ত অক্ষবিদ্যাই জানি; কুন্তীনন্দন! আপনি তাহা গ্রহণ করুন, আমি প্রসন্ন হইয়া তাহা আপনাকে বলিতেছি' ॥১৯॥

বৈশম্পায়ন কহিলেন—তাহার পর যুধিষ্ঠির হৃষ্টচিত্ত হইয়া মহর্ষি বৃহদশ্বকে বলিলেন—'ভগবন্! আমি যথার্থরূপে অক্ষহৃদয় জানিতে ইচ্ছা করি' ॥২০॥

[১৭]…সারোগ্যঃ প্রীতিমান্…কা,…আরোগ্যঃ প্রীতিমান্…বা ব,…আরোগ্যপ্রীতিমান্…নি। [১৮] ভয়ং পশ্যসি যচ্চ ত্বাম্…পি।

ততোঽক্ষহৃদয়ং প্রাদাৎ পাণ্ডবায় মহাত্মনে ।
দত্ত্বা চাশ্বশিরোঽগচ্ছদুপস্প্রষ্টুং মহাতপাঃ ॥২১॥
বৃহদশ্বে গতে পার্থমশ্রৌষীৎ সব্যসাচিনম্ ।
বর্ত্তমানং তপস্যুগ্রে বায়ুভক্ষং মনীষিণম্ ॥২২॥
ব্রাহ্মণেভ্যস্তপস্বিভ্যঃ সম্পতদ্ভ্যস্ততস্ততঃ ।
তীর্থশৈলবনেভ্যশ্চ সমেতেভ্যো দৃঢ়ব্রতঃ ॥২৩॥ (যুগ্মকম্)
ইতি পার্থো মহাবাহুর্দুরাপং তপ আস্থিতঃ ।
ন তথা দৃষ্টপূর্ব্বোঽন্যঃ কশ্চিদুগ্রতপা ইতি ॥২৪॥
যথা ধনঞ্জয়ঃ পার্থস্তপস্বী নিয়তব্রতঃ ।
মুনিরেকচরঃ শ্রীমান্ ধর্ম্মো বিগ্রহবানিব ॥২৫॥ (যুগ্মকম্)
তং শ্রুত্বা পাণ্ডবো রাজন্ ! তপ্যমানং মহাবনে ।
অন্বশোচত কৌন্তেয়ঃ প্রিয়ং বৈ ভ্রাতরং জয়ম্ ॥২৬॥

ভারতকৌমুদী

তত ইতি। পাণ্ডবায় যুধিষ্ঠিরায়, অশ্বশিরো হয়শীর্ষং নাম তীর্থম্, উপস্প্রষ্টুং স্নাতুম্, "উপস্পর্শঃ স্পর্শমাত্রে স্নানাচমনয়োরপি" ইতি মেদিনী ॥২১॥

বৃহদিতি। অশ্রৌষীৎ দৃঢ়ব্রতো যুধিষ্ঠির ইতি সম্বন্ধঃ, সব্যসাচিনমর্জ্জুনম্। বায়ুং তন্মাত্রং ভক্ষয়তীতি তম্। সম্পতদ্ভ্য আগচ্ছদ্ভ্যঃ, সমেতেভ্য আগতেভ্যঃ ॥২২—২৩॥

কীদৃশমশ্রৌষীদিত্যাহ ইতীতি। আস্থিত আশ্রিতঃ। বিগ্রহবান্ মূর্ত্তিমান্ ॥২৪—২৫॥

তমিতি। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ। রাজন্নিতি জনমেজয়সম্বোধনম্। জয়মর্জ্জুনম্ ॥২৬॥

ভারতভাবদীপঃ

বেদেতি। বেদ বেদ্মি, উপপদ্যস্ব গৃহাণ ॥১৯॥ অশ্বশিরোঽশ্ববিত্তাং যয়া বৃহদশ্ব ইতি মুনের্নাম। উপস্প্রষ্টুং স্নানাদিকং কর্ত্তুম্ ॥২১—২৫॥ জয়ং জয়ভাজমর্জ্জুনম্ ॥২৬—২৭॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৫॥

তদনন্তর মহাতপা বৃহদশ্ব মহাত্মা যুধিষ্ঠিরকে অক্ষহৃদয় দান করিলেন এবং দান করিয়া স্নান করিবার জন্য হয়শীর্ষতীর্থে গমন করিলেন ॥২১॥

বৃহদশ্বমুনি চলিয়া গেলে, দৃঢ়ভাবে বনবাসব্রতচারী যুধিষ্ঠির সেই সেই স্থান হইতে আগত ব্রাহ্মণগণ এবং তীর্থ, পর্ব্বত ও বন হইতে আগত তপস্বিগণের নিকট শুনিলেন যে, জ্ঞানী অর্জ্জুন বায়ুমাত্র ভক্ষণ করিয়া ভয়ঙ্কর তপস্যায় প্রবৃত্ত হইয়াছেন ॥২২—২৩॥

ইহাও শুনিলেন যে, মহাবাহু অর্জ্জুন দুষ্কর তপস্যা অবলম্বন করিয়াছেন; তাঁহার ন্যায় ভয়ঙ্করতপস্যাকারী অন্য কোন লোককেই পূর্ব্বে দেখা যায় নাই, পৃথানন্দন শ্রীমান্ অর্জ্জুন মুনি ও একাকী হইয়া, মূর্ত্তিমান্ ধর্ম্মের ন্যায় থাকিয়া নির্দ্দিষ্ট নিয়মে যেরূপ তপস্বী হইয়াছেন ॥২৪—২৫॥

দহ্যমানেন তু হৃদা শরণার্থী মহাবনে।
ব্রাহ্মণান্ বিবিধজ্ঞানান্ পর্য্যপৃচ্ছদ্‌যুধিষ্ঠিরঃ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি নলোপাখ্যানং সমাপ্তং নাম পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:(:):—

[৭। তীর্থযাত্রা পর্ব্ব।]

ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ

—:*:—

জনমেজয় উবাচ।

ভগবন্! কাম্যকাৎ পার্থে গতে মে প্রপিতামহে।
পাণ্ডবাঃ কিমকুর্ব্বংস্ত তমৃতে সব্যসাচিনম্ ॥১॥
স হি তেষাং মহেষ্বাসো গতিরাসীদনীকজিৎ।
আদিত্যানাং যথা বিষ্ণুস্তথৈব প্রতিভাতি মে ॥২॥

ভারতকৌমুদী

দহ্যেতি। শরণার্থী অর্জ্জুনবার্ত্তালাভেনাত্মনো রক্ষার্থী। পর্য্যপৃচ্ছদর্জ্জুনবার্ত্তাম্ ॥২৭॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি নলোপাখ্যানসমাপ্তৌ পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভগবন্নিতি। কাম্যকাত্তদাখ্যাদ্বনাৎ,পার্থে অর্জ্জুনে। ঋতে বিনা ॥১॥
স ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ, গতিরুপায়ঃ, অনীকজিৎ পরসৈন্যবিজয়ী ॥২॥

ভারতভাবদীপঃ

ভগবন্নিতি। "ভগবন্! কাম্যকাৎ পার্থে গতে মে প্রপিতামহে" ইত্যাদিরধ্যায়স্তীর্থ-যাত্রাপ্রস্তাবার্থঃ। যজ্ঞদানাত্মসমর্থস্য হি তীর্থযাত্রৈবাবশ্যকী, যথোক্তম্—"দ্বাবিমৌ গ্রসতে

রাজা! কুন্তীনন্দন যুধিষ্ঠির অর্জ্জুনকে মহাবনে তপস্যা করিতে শুনিয়া, সেই প্রিয়ভ্রাতা অর্জ্জুনের জন্য শোক করিতে লাগিলেন ॥২৬॥

যুধিষ্ঠির বিরহসন্তপ্ত হৃদয়ে শরণার্থী হইয়া মহাবনমধ্যে নানাবিধজ্ঞান-সম্পন্ন ব্রাহ্মণগণের নিকট অর্জ্জুনের বিষয় জিজ্ঞাসা করিতে লাগিলেন ॥২৭॥

—:(*):—

জনমেজয় বলিলেন—'মহর্ষি! আমার প্রপিতামহ অর্জ্জুন কাম্যকবন হইতে চলিয়া গেলে, সেই অর্জ্জুন ব্যতীত অপর পাণ্ডবেরা কি করিলেন? ॥১॥

* '...একোনাশীতিতমঃ...' বা ব কা পি, '...সপ্তসপ্ততিতমঃ...' নি।

তেনেন্দ্রসমবীর্য্যেণ সংগ্রামেষ্বনিবর্ত্তিনা।
বিনাভূতা বনে বীরাঃ কথমাসন্ পিতামহাঃ ॥৩॥

বৈশম্পায়ন উবাচ।

গতে তু পাণ্ডবে তাত! কাম্যকাৎ সত্যবিক্রমে।
বভূবুঃ পাণ্ডবেয়াস্তে দুঃখশোকপরায়ণাঃ ॥৪॥
আক্ষিপ্তসূত্রা মণয়শ্ছিন্নপক্ষা ইব দ্বিজাঃ।
অপ্রীতমনসঃ সর্বে বভূবুরথ পাণ্ডবাঃ ॥৫॥
বনঞ্চ তদভূত্তেন হীনমক্লিষ্টকর্ম্মণা।
কুবেরেণ যথা হীনং বনং চৈত্ররথং তথা ॥৬॥
তমৃতে পুরুষব্যাঘ্রং পাণ্ডবা জনমেজয়!।
মুদমপ্রাপ্ত বন্তো বৈ কাম্যকে ন্যবসংস্তদা ॥৭॥

ভারতকৌমুদী

তেনেতি। বিনাভূতা বিরহিতাঃ। পিতামহাঃ প্রপিতামহাঃ ॥৩॥
গত ইতি। পাণ্ডবে অর্জ্জুনে। দুঃখশোকপরায়ণা অর্জ্জুনবিচ্ছেদাৎ ॥৪॥
আক্ষিপ্তেতি। আক্ষিপ্তম্ আকৃষ্য নীতং সূত্রং যেষাং তে। দ্বিজাঃ পক্ষিণঃ ॥৫॥
বনমিতি। চৈত্ররথং তদাখ্যম্, বনমুদ্যানম্, তথা শোভাশূন্যমিত্যর্থঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

ভূমিঃ সর্পো বিলশয়ানিব। রাজানং চাবিরোদ্ধারং দরিদ্রং চাপ্রবাসিনম্" ইতি। তত্রাপি বন্ধুবিয়োগঃ সর্ব্বেষাং দুঃখদত্বেন চ চিত্তস্থানবস্থিতত্বং ভবতীত্যবান্তরতাৎপর্য্যম্ ॥১—৪॥

বিষ্ণু যেমন দেবগণের গতি, সেইরূপই মহাধনুর্দ্ধর ও শত্রুসৈন্যবিজয়ী অর্জ্জুনই তাঁহাদের গতি ছিলেন ইহা আমার ধারণা হয় ॥২॥

ইন্দ্রের তুল্য পরাক্রমশালী এবং যুদ্ধে অনিবর্ত্তী অর্জ্জুন ব্যতীত আমার প্রপিতামহ যুধিষ্ঠিরপ্রভৃতি কি করিয়া বনে ছিলেন? ॥৩॥

বৈশম্পায়ন বলিলেন—বৎস! যথার্থবিক্রমশালী অর্জ্জুন কাম্যকবন হইতে চলিয়া গেলে, অপর পাণ্ডবেরা অত্যন্ত দুঃখিত ও শোকার্ত্ত হইলেন ॥৪॥

সূত্র আকর্ষণ করিয়া নিলে মণিগণের ন্যায় এবং পক্ষচ্ছেদন করিলে পক্ষিগণের ন্যায় শ্রীহীন ও গতিহীন পাণ্ডবেরা সকলেই বিষণ্ণ হইলেন ॥৫॥

কুবের ব্যতীত চৈত্ররথবন যেমন শোভাশূন্য হয়, তেমন অক্লিষ্টকর্ম্মা অর্জ্জুন ব্যতীত সে কাম্যকবনটীও শোভাশূন্য হইল ॥৬॥

জনমেজয়! তখন পাণ্ডবগণ সেই পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন ব্যতীত অত্যন্ত বিষণ্ণচিত্ত হইয়া কাম্যকবনে বাস করিতে লাগিলেন ॥৭॥

(৭) তমৃতে তে নরব্যাঘ্রাঃ...বা ব কা নি।

ব্রাহ্মণার্থে পরাক্রান্তাঃ শুদ্ধৈর্বাণৈর্মহারথাঃ ।
নিঘ্নন্তো ভরতশ্রেষ্ঠা মেধ্যান্ বহুবিধান্ মৃগান্ ॥৮॥
নিত্যং হি পুরুষব্যাঘ্রা বন্যাহারমরিন্দমাঃ ।
উপাকৃত্য সমাহৃত্য ব্রাহ্মণেভ্যো ন্যবেদয়ন্ ॥৯॥ (যুগ্মকম্)
এবং তে ন্যবসংস্তত্র শোকার্ত্তাঃ পুরুষর্ষভাঃ ।
অহৃষ্টমনসঃ সর্বে গতে রাজন্ ! ধনঞ্জয়ে ॥১০॥
বিশেষতস্তু পাঞ্চালী স্মরন্তী মধ্যমং পতিম্ ।
উদ্বিগ্নং পাণ্ডবশ্রেষ্ঠমিদং বচনমব্রবীৎ ॥১১॥
যোঽর্জ্জুনেনার্জ্জুনস্তুল্যো দ্বিবাহুর্বহুবাহুনা ।
তমৃতে পাণ্ডবশ্রেষ্ঠং বনং ন প্রতিভাতি মে ॥১২॥
শূন্যামিব চ পশ্যামি তত্র তত্র মহীমিমাম্ ।
বহ্বাশ্চর্য্যমিদঞ্চাপি বনং কুসুমিতদ্রুমম্ ।
ন তথা রমণীয়ং বৈ তমৃতে সব্যসাচিনম্ ॥১৩॥

ভারতকৌমুদী

তমিতি। তমর্জ্জুনম্, ঋতে বিনা। মুদমপ্রাপ্নুবন্তোঽতীববিষণ্ণা ইত্যর্থঃ ॥৭॥

ব্রাহ্মণেতি। শুদ্ধৈঃ অবিষলিপ্তমুখৈঃ, অন্যথা তন্মাংসভক্ষণে অনিষ্টসম্ভব ইতি ভাবঃ। মেধ্যান্ পবিত্রান্। উপাকৃত্য ছিত্ত্বা, উপাহৃত্য আশ্রমমানীয় ॥৮—৯॥

এবমিতি। তে পাণ্ডবাঃ। অহৃষ্টমনসো নিতরাং বিষণ্ণচিত্তাঃ ॥১০॥

বিশেষত ইতি। মধ্যমং পতিমর্জ্জুনম্। পাণ্ডবশ্রেষ্ঠং যুধিষ্ঠিরম্ ॥১১॥

য ইতি। অর্জ্জুনেন কার্ত্তবীর্য্যেণ। ঋতে বিনা। ন প্রতিভাতি ন শোভতে ॥১২॥

পরাক্রমশালী, মহারথ, ভরতবংশপ্রধান, পুরুষশ্রেষ্ঠ ও শত্রুদমনকারী পাণ্ডবগণ ব্রাহ্মণগণের জন্য প্রত্যহই নির্দ্দোষ বাণদ্বারা নানাবিধ পবিত্র মৃগ বধ করিয়া, তাহা ছেদনপূর্ব্বক আশ্রমে আনিয়া, ব্রাহ্মণদিগকে বন্য আহাররূপে সমর্পণ করিতেন ॥৮—৯॥

রাজা ! অর্জ্জুন চলিয়া গেলে, সেই শোকার্ত্ত পুরুষশ্রেষ্ঠ পাণ্ডবেরা সকলেই অত্যন্তবিষণ্ণচিত্তে কাম্যকবনে এই ভাবে বাস করিতে লাগিলেন ॥১০॥

একদা দ্রৌপদী অর্জ্জুনকে স্মরণ করিতে থাকিয়া বিশেষবিষণ্ণচিত্ত হইয়া উদ্বিগ্নমনা যুধিষ্ঠিরকে এই কথা বলিলেন—॥১১॥

'যে অর্জ্জুন দ্বিবাহু হইয়াও বহুবাহু কার্ত্তবীর্য্যার্জ্জুনের তুল্য, সেই পাণ্ডবশ্রেষ্ঠ অর্জ্জুন ব্যতীত এই বনটাই আমার নিকট ভাল লাগিতেছে না ॥১২॥

(৮)···নিঘ্নন্তো ভরতশ্রেষ্ঠ।···বা ব কা নি। (১১) অথ বিপ্রোষিতং বীরং পাঞ্চালী মধ্যমং পতিম্। স্মরন্তী···পি নি।

নীলাম্বুদচয়প্রখ্যং মত্তমাতঙ্গবিক্রমম্।
তমৃতে পুণ্ডরীকাক্ষং কাম্যকং নাতিভাতি মে ॥১৪॥
যস্য স্ম ধনুষো ঘোষঃ শ্রূয়তেঽশনিনিস্বনঃ।
ন লভে শর্ম্ম বৈ রাজন্! তং স্মরন্তী কিরীটিনম্ ॥১৫॥
তথা লালপ্যমানাং তাং নিশাম্য পরবীরহা।
ভীমসেনো মহারাজ! দ্রৌপদীমিদমব্রবীৎ ॥১৬॥
মনঃপ্রীতিকরং ভদ্রে! যদ্ব্রবীষি সুমধ্যমে!।
তন্মে প্রীণাতি হৃদয়মমৃতপ্রাশনোপমম্ ॥১৭॥
যস্য দীর্ঘৌ সমৌ পীনৌ ভুজৌ পরিঘসন্নিভৌ।
মৌর্ব্বীকৃতকিণৌ বৃত্তৌ খড়্গায়ুধধনুর্দ্ধরৌ ॥১৮॥

ভারতকৌমুদী

শূন্যামিতি। কুসুমিতাঃ সঞ্জাতপুষ্পা দ্রুমা যত্র তৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥
নীলেতি। নীলাম্বুদচয়প্রখ্যং নীলমেঘসমূহতুল্যবর্ণম্। তমর্জ্জুনম্, ঋতে বিনা ॥১৪॥
যস্যেতি। শ্রূয়তে স্মেতি সম্বন্ধঃ, অশনিনিস্বনো বজ্রতুল্যধ্বনিঃ। শর্ম্ম সুখম্ ॥১৫॥
তথেতি। লালপ্যমানাং পুনঃ পুনর্লপন্তীং বদন্তীম্। নিশাম্য দৃষ্ট্বা ॥১৬॥
মন ইতি। অমৃতপ্রাশনোপমং সুধাপানতুল্যম্ ॥১৭॥

অর্জ্জুন ব্যতীত, সেই সেই স্থানে এই পৃথিবীটাকেই যেন শূন্য দেখিতেছি এবং বহুতরাশ্চর্য্যময় ও পুষ্পিত বৃক্ষে পরিপূর্ণ এই বনটাও সুন্দর বলিয়া বোধ হইতেছে না ॥১৩॥

জলপূর্ণ মেঘের ন্যায় শ্যামবর্ণ, মত্ত হস্তীর ন্যায় বিক্রমশালী এবং পদ্মের ন্যায় সুন্দরনয়ন সেই অর্জ্জুন ব্যতীত এই কাম্যকবন আমার নিকট বিশেষ শোভা পাইতেছে না ॥১৪॥

রাজা! বজ্রের নির্ঘোষের ন্যায় যাঁহার ধনুর নির্ঘোষ শুনিতাম, সেই অর্জ্জুনকে স্মরণ করিয়া আমি আরামই পাইতেছি না' ॥১৫॥

মহারাজ! দ্রৌপদী বার বার সেইরূপ বলিতেছেন দেখিয়া পরবীরহন্তা ভীমসেন দ্রৌপদীকে এই কথা বলিলেন—॥১৬॥

'ভদ্রে! সুমধ্যমে! তুমি মনঃপ্রীতিজনক যাহা বলিতেছ, তাহা—অমৃত-পানের তুল্য আমার হৃদয়কে আপ্যায়িত করিতেছে ॥১৭॥

(১৪) নীলাম্বুদসমপ্রখ্যং মত্তমাতঙ্গগামিনম্...বা নি। (১৫)...স্মরন্তী সব্যসাচিনম্—বা ব কা নি। [১৬]...নিশম্য পরবীরহা...ভীমসেন উবাচ। বা ব কা পি। [১৮]...খড়্গায়ুধ-গদাধরৌ—পি।

নিষ্কাঙ্গদকৃতাপীড়ৌ পঞ্চশীর্ষাবিবোরগৌ।
তমৃতে পুরুষব্যাঘ্রং নষ্টসূর্য্যমিবাম্বরম্ ॥১৯॥ (যুগ্মকম্)
যমাশ্রিত্য মহাবাহুং পাঞ্চালাঃ কুরবস্তথা।
সুরাণামপি যত্তানাং পৃতনাসু ন বিভ্যতি ॥২০॥
যস্য বাহু সমাশ্রিত্য বয়ং সর্ব্বে মহাত্মনঃ।
মন্যামহে জিতানাজৌ পরান্ প্রাপ্তাঞ্চ মেদিনীম্ ॥২১॥
তমৃতে ফাল্গুনং বীরং ন লভে কাম্যকে ধৃতিম্।
শূন্যামিব চ পশ্যামি তত্র তত্র মহীমিমাম্ ॥২২॥ (বিশেষকম্)
পশ্যামি চ দিশঃ সর্ব্বাস্তিমিরেণাবৃতা ইব।
ততোঽব্রবীৎ সাশ্রুকণ্ঠো নকুলঃ পাণ্ডুনন্দনঃ ॥২৩॥

ভারতকৌমুদী

যস্যেতি। পীনৌ স্থূলৌ। মৌর্ব্যা ধনুর্গুণেন তদ্ঘর্ষণেনেত্যর্থঃ কৃতঃ কিণশ্চিহ্নং যয়োস্তৌ, বৃত্তৌ গোলৌ। নিষ্কাঙ্গদেন স্বর্ণকেয়ূরেণ কৃত আপীড়ঃ শোভা যয়োস্তৌ, "নিষ্কো দীনারকর্ষয়োঃ" ইত্যনেকার্থধ্বনিমঞ্জরী। পঞ্চশীর্ষাবিত্যনেন পঞ্চাঙ্গুলয় আক্ষিপ্যন্তে। নষ্টসূর্য্যমম্বরমাকাশমিব ইদং বনং লক্ষ্যত ইতি শেষঃ ॥১৮—১৯॥

যমিতি। যত্তানাং জয়ায় যত্নপরায়ণানাম্, পৃতনাসু সেনাসু। আজৌ যুদ্ধে। ঋতে বিনা, ফাল্গুনমর্জ্জুনম্। ধৃতিং ধৈর্য্যম্। তত্র তত্র অবস্থানস্থানে ॥২০—২২॥

ভারতভাবদীপঃ

আক্ষিপ্তস্ত্রাশ্ছিন্নস্ত্রাঃ, দ্বিজাঃ পক্ষিণঃ ॥৫—৭॥ মেধ্যান্ যজ্ঞার্হান্ ॥৮॥ উপাকৃত্য হিংসিত্বা, উপাহৃত্য যজ্ঞার্থং সমাহৃত্য ॥৯—১৭॥ মৌর্বীকৃতকিণৌ কিণম্ আঘাতচিহ্নম্ ॥১৮॥

যাঁহার পরিঘতুল্য বাহুযুগল—দীর্ঘ, সমান, স্থূল, ধনুর গুণঘর্ষণে কৃতচিহ্ন, গোল, তরবারি ও কার্ম্মুকধারী, স্বর্ণকেয়ূরে ভূষিত এবং পঞ্চমস্তকযুক্ত সর্পযুগলের ন্যায় বিরাজিত, সেই পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন উপস্থিত না থাকায় সূর্য্যবিহীন আকাশের ন্যায় এই বনটাকে লক্ষ্য করিতেছি ॥১৮—১৯॥

যে মহাবাহুকে অবলম্বন করিয়া পাঞ্চালগণ ও কৌরবগণ যত্নপরায়ণ দেবগণের সৈন্য হইতেও ভয় করেন না এবং যে মহাত্মার বাহু আশ্রয় করিয়া আমরা সকলেই যুদ্ধে শত্রুদিগকে বিজিত বলিয়া মনে করিতেছি এবং পুনরায় রাজ্য যেন পাইয়াছি বলিয়া ধারণা করিতেছি, সেই মহাবীর অর্জ্জুন ব্যতীত কাম্যকবনে ধৈর্য্যই পাইতেছি না এবং সেই সেই স্থানে এই পৃথিবীটাকেই যেন শূন্য বলিয়া ধারণা করিতেছি ॥২০—২২॥

[১৯]···নষ্টসূর্য্যমিদং বনম্—পি। (২১) যস্য বাহুম্···পি। (২৩) • পরং 'নকুল উবাচ' বা ব কা পি।

যস্য দিব্যানি কর্ম্মাণি কথয়ন্তি রণাজিরে।
দেবা অপি যুধাং শ্রেষ্ঠং তমৃতে কা রতির্বনে ॥২৪॥
উদীচীং যো দিশং গত্বা জিত্বা যুধি মহাবলান্।
গন্ধর্ব্বমুখ্যান্ শতশো হয়ান্ লেভে মহাদ্যুতিঃ ॥২৫॥
রাজন্! তিত্তিরিকল্মাষান্ শ্রীমতোঽনিলরংহসঃ।
প্রাদাদ্ভ্রাতৃপ্রিয়ঃ প্রেম্ণা রাজসূয়ে মহাক্রতৌ ॥২৬॥
তমৃতে ভীমধন্বানং ভীমাদবরজং বনে।
কাময়ে কাম্যকে বাসং নেদানীমমরোপম! ॥২৭॥! (বিশেষকম্)

সহদেব উবাচ।

যো ধনানি চ কন্যাশ্চ যুধি জিত্বা মহারথঃ।
আজহার পুরা রাজ্ঞো রাজসূয়ে মহাক্রতৌ ॥২৮॥

ভারতকৌমুদী

পঞ্চাশীতি। তিমিরেণান্ধকারেণ। সাশ্রুকণ্ঠো বাষ্পাবরুদ্ধকণ্ঠঃ ॥২৩॥

যস্তেতি। দিব্যানি অলৌকিকানি। রণাজিরে সমরাঙ্গনে। রতিঃ সুখম্ ॥২৪॥

উদীচীমিতি। গন্ধর্ব্বেষু মুখ্যান্ শ্রেষ্ঠান্। হয়ানশ্বান্, তিত্তিরিপক্ষিবৎ কল্মাষান্ বিচিত্রবর্ণান্, শ্রীমতঃ সুন্দরানশ্বান্। অবরজং পরজাতম্। বাসং ন কাময়ে, অশান্ত্যাপাতাৎ ॥২৫—২৭॥

এবং সকল দিক্ই যেন অন্ধকারাবৃত দেখিতেছি'। তাহার পর নকুল বাষ্পাবরুদ্ধকণ্ঠ হইয়া বলিলেন—॥২৩॥

'দেবগণও সমরাঙ্গনে যাঁহার অলৌকিক কর্ম্মের প্রশংসা করিয়া থাকেন, সেই যোদ্ধৃশ্রেষ্ঠ অর্জ্জুন ব্যতীত বনের ভিতরে কি সুখ আছে। ॥২৪॥

হে দেবোপম রাজা! যে ভ্রাতৃপ্রিয় মহাতেজা উত্তরদিকে যাইয়া, শত শত মহাবল গন্ধর্ব্বশ্রেষ্ঠকে যুদ্ধে জয় করিয়া, অশ্ব লাভ করিয়াছিলেন এবং মহাযজ্ঞ রাজসূয়ের সময়ে তিত্তিরিপক্ষীর ন্যায় বিচিত্রবর্ণ, পরমসুন্দর ও বায়ুর ন্যায় বেগগামী সেই অশ্বগুলি আপনাকে দিয়াছিলেন, সেই ভীমধন্বা অর্জ্জুন ব্যতীত এই কাম্যকবনে এখন আর বাস করিতে ইচ্ছা করি না' ॥২৫—২৭॥

সহদেব বলিলেন—'মহারাজ! পূর্ব্বে আপনার রাজসূয়মহাযজ্ঞ উপলক্ষ্যে

(২৪) যস্মিন্ দিব্যানি···বা ব কা নি। [২৫]···হয়ান্ লেভে স বাসবিঃ—পি। [২৬] রাজ্ঞে তিত্তিরি···প্রাদাদ্ ভ্রাত্রে প্রিয়ঃ···বা ব কা নি। [২৭]···অমরোপমম্—বা ব কা নি। (২৮)···জিত্বা মহারথান্।···পুরা রাজ্ঞে···পি।

যঃ সমেতান্ মৃধে জিত্বা যাদবানমিতদ্যুতিঃ।
সুভদ্রামাজহারৈকো বাসুদেবস্য সম্মতে ॥২৯॥
তস্য জিষ্ণোর্বৃষীং দৃষ্ট্বা শূন্যাং মম নিবেশনে।
হৃদয়ং বৈ মহারাজ! ন শাম্যতি কদাচন ॥৩০॥ (বিশেষকম্)
বনাদস্মাদ্বিবাসন্তু রোচয়েঽহমরিন্দম!।
ন হি নস্তমৃতে বীরং রমণীয়মিদং বনম্ ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামর্জ্জুনানুশোচনে ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

ভারতকৌমুদী

য ইতি। আজহার আনিনায়। সমেতান্ সম্মিলিতান্, মৃধে যুদ্ধে। জিষ্ণোর্যতীভূতস্যার্জ্জুনস্য, বৃষীমাসনম্, "যতীনামাসনং বৃষী" ইত্যমরঃ ॥২৮—৩০॥

বনাদিতি। বিবাসং স্থানান্তরবাসম্। নঃ অস্মাকম্, তমর্জ্জুনম্, ঋতে বিনা ॥৩১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

—০:০:০—

ভারতভাবদীপঃ

নিষ্কাঙ্গদকৃতাপীড়ৌ সাষ্টশতং সুবর্ণা নিষ্কস্তৎকৃতেনাঙ্গদেন কৃতভূষণৌ ॥১৯—২৯॥ বৃষীমাসনম্ ॥৩০—৩১॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৬॥

—:০:—

যে মহারথ যুদ্ধে ধন ও কন্যা জয় করিয়া আনিয়াছিলেন এবং যে অমিততেজা একাকী, কৃষ্ণের সম্মতিক্রমে, সম্মিলিত যাদবগণকে যুদ্ধে জয় করিয়া সুভদ্রাকে আনয়ন করিয়াছিলেন, আশ্রমে সেই অর্জ্জুনের আসনখানি শূন্য দেখিয়া আমার মন কোন সময়েই শান্তিলাভ করিতেছে না ॥২৮—৩০॥

অতএব অরিন্দম! আমি এই বন হইতে অন্যত্র বাস করিবারই ইচ্ছা করি। কারণ, সেই মহাবীর ব্যতীত এ বনটী আমাদের নিকট রমণীয় নহে' ॥৩১॥

—:০:—

[২৯]…বাসুদেবস্য সম্মনি—পি। [৩০]…হৃদয়ং মে…বা ব কা নি।

* '…অশীতিতমঃ…' বা ব কা পি, '…অষ্টসপ্ততিতমঃ…' নি।

সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ

——:(*):——

বৈশম্পায়ন উবাচ।

ধনঞ্জয়োৎসুকানাস্তু ভ্রাতৃণাং কৃষ্ণয়া সহ।
শ্রুত্বা বাক্যানি বিমনা ধর্ম্মরাজোঽপ্যজায়ত ॥১॥
অথাপশ্যন্মহাত্মানং দেবর্ষিং তত্র নারদম্
দীপ্যমানং শ্রিয়া ব্রাহ্ম্যা হুতার্চ্চিষমিবানলম্ ॥২॥
তমাগতমভিপ্রেক্ষ্য ভ্রাতৃভিঃ সহ ধর্ম্মরাট্।
প্রত্যুত্থায় যথান্যায়ং পূজাঞ্চক্রে মহাত্মনে ॥৩॥
স তৈঃ পরিবৃতঃ শ্রীমান্ ভ্রাতৃভিঃ কুরুসত্তমঃ।
বিবভাবতিদীপ্তৌজা দেবৈরিব শতক্রতুঃ ॥৪॥
যথা চ বেদান্ সাবিত্রী যাজ্ঞসেনী তথা পতীন্।
ন জহৌ ধর্ম্মতঃ পার্থান্ মেরুমর্কপ্রভা যথা ॥৫॥

ভারতকৌমুদী

ধনেতি। কৃষ্ণয়া দ্রৌপদ্যা সহ ধনঞ্জয়োৎসুকানামিতি সম্বন্ধঃ ॥১॥

অথেতি। ব্রাহ্ম্যা তপোজনিতয়া, হুতা ঘৃতাহুতিপাত্রীকৃতা অর্চ্চির্যস্য তম্ ॥২॥

তমিতি। যথান্যায়ং পাদ্যাদিভিরিত্যর্থঃ। মহাত্মনে তস্মৈ নারদায় ॥৩॥

স ইতি। বিবভৌ বিশেষেণ ররাজ, অতিদীপ্তৌজা অত্যুজ্জ্বলতেজাঃ ॥৪॥

যথেতি। ন জহাবিত্যনেন যাজ্ঞসেন্যা অপি তত্র স্থিতিরুক্তা ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—অর্জ্জুনের জন্য উৎকণ্ঠিত দ্রৌপদী এবং ভ্রাতৃগণের বাক্য শুনিয়া যুধিষ্ঠিরও বিষণ্ণচিত্ত হইলেন ॥১॥

তাহার পর তিনি তখনই—আহুত অগ্নির ন্যায় ব্রাহ্মতেজে দীপ্যমান মহাত্মা দেবর্ষি নারদকে দেখিতে পাইলেন ॥২॥

এবং নারদকে আগত দেখিয়া যুধিষ্ঠির ভ্রাতাদের সহিত গাত্রোত্থান করিয়া যথানিয়মে সেই মহাত্মার পূজা করিলেন ॥৩॥

মনোহরাকৃতি ও উজ্জ্বলতেজা যুধিষ্ঠির সেই ভ্রাতৃগণে পরিবেষ্টিত থাকিয়া, দেবগণে পরিবেষ্টিত দেবরাজের ন্যায় বিশেষ শোভা পাইতে লাগিলেন ॥৪॥

সাবিত্রী যেমন বেদসমূহকে পরিত্যাগ করিয়া থাকেন না এবং সূর্য্যের

(১) শ্লোকাৎ পূর্ব্বম্ 'ধনঞ্জয়োৎসুকাস্তে তু বনে তস্মিন্ মহারথাঃ। ন্যবসন্ত মহাভাগা দ্রৌপদ্যা সহ পাণ্ডবাঃ। অয়মধিকঃ শ্লোকঃ—পি নি। [২]···ব্রাহ্ম্যা দীপ্তাগ্নিসমতেজসম্—পি।

প্রতিগৃহ্য চ তাং পূজাং নারদো ভগবানৃষিঃ।
আশ্বাসয়দ্ধর্ম্মসুতং যুক্তরূপমিবানঘ ! ॥৬॥
উবাচ চ মহাত্মানং ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্‌।
ব্রূহি ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠ ! কেনার্থঃ কিং দদামি তে ॥৭॥
অথ ধর্ম্মসুতো রাজা প্রণম্য ভ্রাতৃভিঃ সহ।
উবাচ প্রাঞ্জলির্ভূত্বা নারদং দেবসম্মতম্‌ ॥৮॥
ত্বয়ি তুষ্টে মহাভাগ ! সর্ব্বলোকাভিপূজিতে।
কৃতমিত্যেব মন্যেঽহং প্রসাদাত্তব সুব্রত ! ॥৯॥
যদি ত্বহমনুগ্রাহ্যো ভ্রাতৃভিঃ সহিতোঽনঘ !।
সন্দেহং মে মুনিশ্রেষ্ঠ ! তত্ত্বতশ্ছেত্তুমর্হসি ॥১০॥

ভারতকৌমুদী

প্রতীতি। যুক্তরূপং যথাযোগ্যম্‌। ইবশব্দো বাক্যালঙ্কারে ॥৬॥
উবাচেতি। নারদ ইত্যনুবৃত্তিঃ। কেন বস্তুনা, তে অর্থঃ প্রয়োজনম্‌ ॥৭॥
অথেতি। দেবসম্মতং দেবানামপি পূজ্যত্বেনাভিমতম্‌, দেবর্ষিত্বাদিত্যাশয়ঃ ॥৮॥
ত্বয়ীতি। কৃতং সর্ব্বং প্রয়োজনমস্মাভিঃ সম্পাদিতম্‌, অতো নান্যৎ প্রার্থয়ে ॥৯॥
যদীতি। তত্ত্বতো যাথার্থ্যেন যথাযথকথনেনেত্যর্থঃ ॥১০॥

প্রভাও যেমন সুমেরুকে ছাড়িয়া থাকে না, দ্রৌপদীও তেমন ধর্ম্মানুসারেই পাণ্ডবগণকে ছাড়িয়া থাকিতেন না ॥৫॥

নিষ্পাপ জনমেজয় ! ভগবান্‌ নারদমুনি সেই পূজা গ্রহণ করিয়া উপযুক্তভাবেই যুধিষ্ঠিরকে আশ্বস্ত করিলেন ॥৬॥

এবং তিনি মহাত্মা ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে বলিলেন—'ধার্ম্মিকশ্রেষ্ঠ ! তোমার কোন্‌ বস্তুর প্রয়োজন এবং আমি তোমাকে কি দিব তাহা বল' ॥৭॥

তাহার পর ধর্ম্মপুত্র যুধিষ্ঠির ভ্রাতাদের সহিত মিলিত হইয়া, দেবর্ষি নারদকে প্রণাম করিয়া, কৃতাঞ্জলি হইয়া বলিলেন—॥৮॥

'মহাভাগ ! ব্রতপরায়ণ ! আপনি সমস্ত জগৎকর্ত্তৃক পরিপূজিত; সুতরাং আপনি সন্তুষ্ট থাকায় আপনার অনুগ্রহে আমার সকল প্রয়োজনই সম্পাদিত হইয়াছে বলিয়া আমি মনে করিতেছি ॥৯॥

তবে, নিষ্পাপ মুনিশ্রেষ্ঠ ! ভ্রাতাদের সহিত আমি যদি আপনার অনুগ্রহের যোগ্য হই, তাহা হইলে যথার্থ বিষয় বলিয়া আমার সংশয় দূর করুন ॥১০॥

[৭]…কিং দদানি তে—কা নি। [৮]…নারদং দেবসম্মিতম্‌—পি। (১০)…হৃদিস্থং ছেত্তুমর্হসি—পি।

প্রদক্ষিণাং যঃ কুরুতে পৃথিবীং তীর্থতৎপরঃ।
কিং ফলং তস্য কাৎর্স্ন্যেন তদ্ভবান্ বক্তুমর্হতি ॥১১॥

নারদ উবাচ।

শৃণু রাজন্নবহিতো যথা ভীষ্মেণ ধীমতা।
পুলস্ত্যস্য সকাশাদ্বৈ সর্ব্বমেতদুপশ্রুতম্ ॥১২॥
পুরা ভাগীরথীতীরে ভীষ্মো ধর্ম্মভৃতাং বরঃ।
পিত্র্যং ব্রতং সমাস্থায় ন্যবসন্মুনিভিঃ সহ ॥১৩॥
শুভে দেশে মহারাজ! পুণ্যে দেবর্ষিসেবিতে।
গঙ্গাদ্বারে মহাতেজা দেবগন্ধর্ব্বসেবিতে ॥১৪॥ (যুগ্মকম্)
স পিতৄংস্তর্পয়ামাস দেবাংশ্চ পরমদ্যুতিঃ।
ঋষীংশ্চ তর্পয়ামাস বিধিদৃষ্টেন কর্ম্মণা ॥১৫॥
কস্যচিত্ত্বথ কালস্য জপন্নেব মহাযশাঃ।
দদর্শাদ্ভুতসঙ্কাশং পুলস্ত্যমৃষিসত্তমম্ ॥১৬॥

ভারতকৌমুদী

প্রদক্ষিণামিতি। তীর্থতৎপরঃ তীর্থপর্য্যটনব্যাপৃতঃ। কাৎর্স্ন্যেন সাকল্যেন ॥১১॥

শৃণ্বিতি। অবহিতঃ কৃতমনোযোগস্ত্বম্। পুলস্ত্যস্য তদাখ্যস্য দেবর্ষেঃ ॥১২॥

পুরেতি। পিত্র্যং ব্রতং পিতৃতর্পণাদিনিয়মম্, সমাস্থায় অবলম্ব্য। শুভে দিব্যনাভ-সভৌমাধ্যাত্মিবিধোৎপাতরহিতে। গঙ্গাদ্বারে গঙ্গায়া নির্গমস্থানে ॥১৩—১৪॥

স ইতি। বিধিদৃষ্টেন কর্ম্মণা শাস্ত্রদৃষ্টেন প্রকারেণ, ন পুনরাত্মকল্পিতেনেত্যাশয়ঃ ॥১৫॥

কস্যচিদিতি। কালস্য অতিক্রমে সতীতি শেষঃ। মহাযশা ভীষ্মঃ ॥১৬॥

যে লোক তীর্থপর্য্যটনে ব্যাপৃত হইয়া সমগ্র পৃথিবী প্রদক্ষিণ করে, তাহার কি ফল হয়, তাহা আপনি সমস্ত বলুন' ॥১১॥

নারদ বলিলেন—'রাজা! মনোযোগী হইয়া শ্রবণ করুন,—যেমন বুদ্ধিমান্ ভীষ্ম পুলস্ত্যের নিকট এই সকল শ্রবণ করিয়াছিলেন ॥১২॥

মহারাজ! পূর্ব্বে ধার্ম্মিকশ্রেষ্ঠ ও মহাবীর ভীষ্ম গঙ্গাতীরে দেব, দেবর্ষি ও গন্ধর্ব্বগণসেবিত পবিত্র এবং উৎপাতশূন্য গঙ্গাদ্বারে পিতৃলোকের সেবায় ব্যাপৃত হইয়া মুনিগণের সহিত বাস করিয়াছিলেন ॥১৩—১৪॥

মহাতেজা ভীষ্ম শাস্ত্রদৃষ্ট নিয়ম অনুসারে পিতৃগণ, দেবগণ ও ঋষিগণের তর্পণ করিতেন ॥১৫॥

(১৪)…শুভে দেশে তথা রাজন্!…গঙ্গাদ্বারে মহাভাগ!…বা ব কা নি।

(১৫)…অগ্নীংশ্চ তোষয়ামাস বিধি…পি।

স তং দৃষ্ট্বোগ্রতপসং দীপ্যমানমিব শ্রিয়া।
প্রহর্ষমতুলং লেভে বিস্ময়ঞ্চ পরং যযৌ ॥১৭॥
উপস্থিতং মহারাজ! পূজয়ামাস ভারত!।
ভীষ্মো ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠো বিধিদৃষ্টেন কর্ম্মণা ॥১৮॥
শিরসা চার্ঘ্যমাদায় শুচিঃ প্রয়তমানসঃ।
নাম সঙ্কীর্ত্তয়ামাস তস্মিন্ ব্রহ্মর্ষিসত্তমে ॥১৯॥
ভীষ্মোঽহমিতি ভদ্রং তে দাসোঽস্মি তব সুব্রত!।
তব সন্দর্শনাদেব মুক্তোঽহং সর্ব্বকিল্বিষৈঃ ॥২০॥
এবমুক্ত্বা মহারাজ! ভীষ্মো ধর্ম্মভৃতাং বরঃ।
বাগ্‌যতঃ প্রাঞ্জলির্ভূত্বা তূষ্ণীমাসীদ্‌যুধিষ্ঠির! ॥২১॥

ভারতকৌমুদী

স ইতি। প্রহর্ষমানন্দম্। পরমত্যন্তম্। উভয়ত্রাপি মহাপুরুষদর্শনাদিতি ভাবঃ ॥১৭॥
উপেতি। উপস্থিতং তং পুলস্ত্যমিতি পূর্ব্বানুবৃত্তিঃ ॥১৮॥
শিরসেতি। শুচিঃ পবিত্রঃ, প্রয়তমানস একাগ্রচিত্তঃ। নাম নিজসংজ্ঞাম্ ॥১৯॥
কেন প্রকারেণ নাম সঙ্কীর্ত্তয়ামাসেত্যাহ ভীষ্ম ইতি। তে ভদ্রং মঙ্গলমস্তু ॥২০॥
এবমিতি। বাচি যতো বাগ্‌যতো বিশুদ্ধবাগপীত্যর্থঃ, তূষ্ণীং মৌনী আসীৎ ॥২১॥

তাহার পর কিছু কাল অতীত হইলে, একদা মহাযশা ভীষ্ম জপ করিতেছিলেন এমন সময়েই তিনি অদ্ভুতের মত ঋষিশ্রেষ্ঠ পুলস্ত্যকে দেখিতে পাইলেন ॥১৬॥

তখন উগ্রতপা পুলস্ত্য আপন তেজে যেন জ্বলিতেছিলেন, এই অবস্থায় তাঁহাকে দেখিয়া ভীষ্ম অতুল আনন্দ লাভ করিলেন এবং অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন ॥১৭॥

ভরতনন্দন মহারাজ! ক্রমে পুলস্ত্য আসিয়া উপস্থিত হইলে, ধার্ম্মিকশ্রেষ্ঠ ভীষ্ম শাস্ত্রদৃষ্ট নিয়ম অনুসারে তাঁহার পূজা করিলেন ॥১৮॥

পবিত্র ও একাগ্রচিত্ত ভীষ্ম মস্তকে অর্ঘ্য লইয়া সেই ব্রহ্মর্ষিশ্রেষ্ঠের নিকটে আপনার নাম কীর্ত্তন করিলেন (এবং বলিলেন—) ॥১৯॥

'অসাধারণব্রতপরায়ণ! আপনার মঙ্গল হউক, আমি ভীষ্ম, আপনার দাস; আজ আপনার দর্শনেই আমি সমস্তপাপমুক্ত হইলাম' ॥২০॥

মহারাজ যুধিষ্ঠির! এইরূপ বলিয়া ধার্ম্মিকশ্রেষ্ঠ ও বিশুদ্ধভাষী ভীষ্ম কৃতাঞ্জলি ও মৌনী হইয়া রহিলেন ॥২১॥

---

(১৭)···বিস্ময়ং পরমং যযৌ-পি। [১৮] উপস্থিতং মহাভাগম্···বা ব কা।

তং দৃষ্ট্বা নিয়মেনাথ স্বাধ্যায়েন চ কর্শিতম্।
ভীষ্মং কুরুকুলশ্রেষ্ঠং মুনিঃ প্রীতমনাঽভবৎ ॥২২॥

পুলস্ত্য উবাচ।

অনেন তব ধর্ম্মজ্ঞ! প্রশ্রয়েণ দমেন চ।
সত্যেন চ মহাভাগ! তুষ্টোঽস্মি তব সুব্রত! ॥২৩॥
যস্যেদৃশস্তে ধর্ম্মোঽয়ং পিতৃভক্ত্যাশ্রিতোঽনঘ!।
তেন পশ্যসি মাং পুত্র! প্রীতিশ্চাপি মম ত্বয়ি ॥২৪॥
অমোঘদর্শী ভীষ্মাহং ব্রূহি কিং করবাণি তে।
যদ্বক্ষ্যসি কুরুশ্রেষ্ঠ! তস্য দাতাস্মি তেঽনঘ! ॥২৫॥

ভীষ্ম উবাচ।

প্রীতে ত্বয়ি মহাভাগ! সর্ব্বলোকাভিপূজিতে।
কৃতমেতাবতা মন্যে যদহং দৃষ্টবান্ প্রভুম্ ॥২৬॥

ভারতকৌমুদী

তমিতি। নিয়মেন কৃচ্ছ্রচান্দ্রায়ণাদিনা ব্রতেন, স্বাধ্যায়েন বেদপাঠেন, কর্শিতং কৃশীকৃতশরীরম্। প্রীতমনাঽভবদিতি বিসর্গলোপেঽপি পুনঃ সন্ধিরার্ষঃ ॥২২॥

অনেনেতি। প্রশ্রয়েণ বিনয়েন, দমেন ইন্দ্রিয়দমনেন চ ॥২৩॥

যস্যেতি। তেন ধর্ম্মেণ। মহাত্মং ধর্ম্মং বিনা মাদৃশানাং দর্শনাসম্ভব ইতি ভাবঃ ॥২৪॥

অমোঘেতি। অমোঘঃ অব্যর্থো দর্শো দর্শনমস্যাস্তীতি সঃ ॥২৫॥

তদনন্তর, কুরুকুলশ্রেষ্ঠ ভীষ্মকে ব্রত ও বেদপাঠে ক্ষীণশরীর দেখিয়া পুলস্ত্যমুনি সন্তুষ্ট হইলেন ॥২২॥

পুলস্ত্য বলিলেন 'হে ধর্ম্মজ্ঞ! মহাভাগ! ব্রতপরায়ণ! তোমার এই বিনয়, ইন্দ্রিয়দমন এবং সত্যপালনে আমি তোমার উপরে সন্তুষ্ট হইয়াছি ॥২৩॥

হে নিষ্পাপ পুত্র! যে হেতু তোমার এইরূপ পিতৃভক্তিসংশ্রিত ধর্ম্ম রহিয়াছে, সেই হেতুই তুমি আমাকে দেখিতেছ এবং তোমার উপরে আমার প্রীতি জন্মিয়াছে ॥২৪॥

হে নিষ্পাপ কুরুশ্রেষ্ঠ ভীষ্ম! আমার দর্শন অব্যর্থ; অতএব বল—আমি তোমার কি করিব? তুমি যাহা বলিবে, তাহাই আমি তোমাকে দান করিব' ॥২৫॥

[২২]...কর্ষিতম্...বা ব কা পি। ইতঃ পরম্ '...একাশীতিতমোঽধ্যায়ঃ' বা ব কা পি, '...একোনাশীতিতমোঽধ্যায়ঃ' নি। [২৬]...কৃতমিত্যেব মন্যামি পি,...কৃতমিত্যেব মন্যেঽহম্...নি।

যদি ত্বহমনুগ্রাহ্যস্তব ধর্ম্মভৃতাং বর ! ।
প্রক্ষ্যামি কৃৎস্নং সন্দেহং তং মে ত্বং ছেত্তুমর্হসি ॥২৭॥
অস্তি মে ভগবন্ ! কশ্চিত্তীর্থেভ্যো ধর্ম্মসংশয়ঃ ।
তমহং শ্রোতুমিচ্ছামি পৃথক্ সঙ্কীর্ত্তিতং ত্বয়া ॥২৮॥
প্রদক্ষিণাং যঃ পৃথিবীং করোত্যমরসন্নিভ ! ।
কিং ফলং তস্য বিপ্রর্ষে ! তন্মে ব্রূহি তপোধন ! ॥২৯॥

পুলস্ত্য উবাচ ।

হন্ত তে কথয়িষ্যামি যদৃষীণাং পরায়ণম্ ।
তদেকাগ্রমনাস্তাত ! শৃণু তীর্থেষু যৎ ফলম্ ॥৩০॥
যস্য হস্তৌ চ পাদৌ চ মনশ্চৈব সুসংযতম্ ।
বিদ্যা তপশ্চ কীর্ত্তিশ্চ স তীর্থফলমশ্নুতে ॥৩১॥

ভারতকৌমুদী

প্রীত ইতি। কৃতং সর্ব্বং প্রয়োজনং সম্পাদিতম্, এতাবতা দর্শনেনৈব ॥২৬॥

যদীতি। প্রক্ষ্যামি প্রশ্নবিষয়ং করিষ্যামি, কৃৎস্নং সর্ব্বম্ ॥২৭॥

অস্তীতি। তীর্থেভ্যস্তাদ্যদিশ্য। পৃথক্ ভিন্নভিন্নম্, সঙ্কীর্ত্তিতমুক্তম্ ॥২৮॥

প্রেতি। প্রদক্ষিণাং করোতি, তীর্থসেবোদ্দেশেনেত্যাশয়ঃ ॥২৯॥

হন্তেতি। হর্ষে হন্তশব্দঃ। হর্ষশ্চ ধর্ম্মোপদেশাবসরলাভাৎ। পরায়ণং প্রাধান্যেনাশ্রয়ণীয়ম্। একাগ্রমনাঃ, অন্যথা অসাকল্যেন গ্রহণাৎ কর্ম্মারম্ভে ব্যতিক্রমঃ স্যাদিতি ভাবঃ ॥৩০॥

ভীষ্ম বলিলেন—'মহাভাগ ! আপনি সমস্তজগতের পূজিত; সুতরাং আপনি যে সন্তুষ্ট হইয়াছেন এবং আমি যে আপনাকে দেখিতে পাইয়াছি, ইহাতেই আমার সমস্ত করা হইয়াছে ॥২৬॥

তবে—হে ধার্ম্মিকশ্রেষ্ঠ ! আমি যদি আপনার অনুগ্রহের যোগ্য হইয়া থাকি, তাহা হইলে আমি সমস্ত সন্দেহ বলিব, আপনি তাহা দূর করুন ॥২৭॥

ভগবন্ ! তীর্থধর্ম্মবিষয়ে আমার কোন কোন সন্দেহ আছে, আপনি তাহার পৃথক্ পৃথক্‌ভাবে সমাধান করুন, আমি তাহা শুনিতে ইচ্ছা করি ॥২৮॥

দেবতুল্য তপোধন ! যে লোক তীর্থসেবার উদ্দেশে পৃথিবী প্রদক্ষিণ করে, তাহার কি ফল হয়, তাহা আপনি আমার নিকট বলুন' ॥২৯॥

পুলস্ত্য বলিলেন—'ভাল, ঋষিদিগেরও যাহা পরম আদরণীয়, তাহা আমি তোমার নিকট বলিব। বৎস ! তীর্থকার্য্যে যে ফল হয়, তাহা তুমি একাগ্রচিত্ত হইয়া শ্রবণ কর ॥৩০॥

[২৭]…সন্দেহং তে প্রবক্ষ্যামি…বা ব কা নি। (২৯)…তন্মে ব্রূহি সুনিশ্চিতম্—বা ব কা। (৩০)…তদেকাগ্রমনাঃ পুত্র ! …বা ব কা।

প্রতিগ্রহাদপাবৃত্তঃ সন্তুষ্টো যেন কেনচিৎ।
অহঙ্কারনিবৃত্তশ্চ স তীর্থফলমশ্নুতে ॥৩২॥
অকল্ককো নিরারম্ভো লঘ্বাহারো জিতেন্দ্রিয়ঃ।
বিমুক্তঃ সর্ব্বপাপেভ্যঃ স তীর্থফলমশ্নুতে ॥৩৩॥

ভারতকৌমুদী

অথ তীর্থফলং ব্রুবাণঃ প্রথমং সামান্ততস্তীর্থকৃত্যান্যমাহ যস্যেতি। অত্র সুসংযতমিতি লিঙ্গবচনবিপরিণামেন পূর্ব্বার্দ্ধে হস্তাবিত্যাদিষু ত্রিষ্বেবান্বেতি। তত্র হস্তসংযমো নিরপরাধপ্রহারাদিনিবৃত্তিঃ, পাদসংযমঃ অপবিত্রদেশগমননিবৃত্তিঃ, মনঃসংযমশ্চ কামাদিনিবৃত্তিঃ। বিদ্যা তীর্থকৃত্যজ্ঞাপকশাস্ত্রাদিজ্ঞানম্, তপ আমিষাদিনিবৃত্তিঃ, কীর্ত্তিশ্চ সাধুতাদিনিবন্ধনং যশঃ, বিদ্যত ইতি শেষঃ; স এব তীর্থফলমশ্নুতে। এতেন হস্তসংযমাদিমান্ গৃহে সন্নপি তীর্থফলমশ্নুতে, হস্তসংযমাদিশূন্যশ্চ তীর্থে সন্নপি তীর্থফলং নাশ্নুত ইতি সূচিতম্। এবং পরবচনত্রয়েঽপ্যূহ্যম্ ॥৩১॥

তীর্থকৃত্যান্তরাণ্যাহ প্রতিগ্রহাদিতি। যত্তু "অস্যৈব শ্লোকস্য ব্যাখ্যানং প্রতিগ্রহাদিত্রিতয়ম্" ইতি নীলকণ্ঠেনোক্তম্, তদসৎ অস্মিন্ শ্লোকত্রয়ে পূর্ব্বানুক্তানাং ধর্ম্মান্তরাণামপ্যভিধানাৎ। যচ্চ কল্পতরৌ প্রায়শ্চিত্ততত্ত্বে চ যস্যেত্যাদ্যেকমাত্রবচনমেবোক্ত্বা "হস্তসংযমোঽত্র নিন্দিতপ্রতিগ্রহাদিনিবৃত্তিঃ" ইত্যাদি ব্যাখ্যানম্, তদ্বচনচতুষ্টয়ার্থসামান্তপর্য্যালোচনানিবন্ধনং জ্ঞেয়ম্। প্রতিগ্রহাৎ নিন্দিতানিন্দিতসামান্তত এব গ্রহণাৎ, "তীর্থে ন প্রতিগৃহ্লীয়াৎ প্রাণৈঃ কণ্ঠগতৈরপি" ইতি প্রায়শ্চিত্ততত্ত্বাদিধৃতবচনান্তরৈকবাক্যত্বাৎ, অপাবৃত্তো নিবৃত্তঃ। যেন কেনচিৎ স্বল্পভোজনাদিনাপি ॥৩২॥

অকল্কক ইতি। অকল্ককঃ কাপট্যরহিতঃ "কল্কোঽস্ত্রী ঘৃততৈলাদিশেষে দম্ভে বিভীতকে। বিট্‌কিট্টয়োশ্চ পাপে চ ত্রিষু পাপাশয়ে পুনঃ।" ইতি মেদিনী, "কপটোঽস্ত্রী ব্যাজদম্ভোপধয়ঃ" ইত্যমরশ্চ। নিরারম্ভো বাণিজ্যাদিব্যাপারান্তররহিতঃ। লঘ্বাহারো লঘুপাকদ্রব্যভোক্তা। জিতেন্দ্রিয়ো লোভাদিরহিতঃ। সর্বপাপেভ্যো মিথ্যাভাষণাদিভ্যঃ ॥৩৩॥

ভারতভাবদীপঃ

ধনঞ্জয়েতি ॥১—৩০॥ যস্য হস্তৌ চেতি। দুষ্প্রতিগ্রহপরপীড়াদিভ্যো নিবৃত্তির্হস্তসংযমঃ। দৃষ্টিপূতে দেশে পাদন্যাসঃ পাদসংযমঃ। পরানিষ্টচিন্তনাভাবো মনঃসংযমঃ। বিদ্যাসংযমোঽভিচাররাহিত্যম্। তপঃসংযমো দম্ভরাহিত্যম্। কীর্ত্তিসংযমঃ পাপকীর্ত্তিরাহিত্যম্ ॥৩১॥ অস্যৈব শ্লোকস্য ব্যাখ্যানং প্রতিগ্রহাদিত্যাদিত্রিতয়ম্। অপাবৃত্তো নিবৃত্তঃ। সন্তোষোঽলম্বুদ্ধিঃ ॥৩২॥ অকল্ককঃ দম্ভাদিহীনঃ। "কল্কঃ শাঠ্যে চ দম্ভে চে"তি বিশ্বঃ ॥৩৩॥ আত্মো-

যাহার হস্তযুগল, চরণযুগল ও মন অত্যন্ত সংযত থাকে এবং বিদ্যা, তপস্যা ও কীর্ত্তি থাকে, সেই লোকই তীর্থের ফল লাভ করে ॥৩১॥

যে লোক কোন প্রকার প্রতিগ্রহ করে না, যে কোন বস্তু দ্বারা সন্তুষ্ট হয় এবং অহঙ্কারশূন্য থাকে, সেই লোকই তীর্থের ফল লাভ করে ॥৩২॥

(৩৩)…বিমুক্তঃ সর্ব্বসঙ্গৈর্যঃ…ইতি প্রায়শ্চিত্ততত্ত্বধৃতঃ পাঠঃ।

অক্রোধনশ্চ রাজেন্দ্র ! সত্যশীলো দৃঢ়ব্রতঃ ।
আত্মোপমশ্চ ভূতেষু স তীর্থফলমশ্নুতে ॥৩৪॥
ঋষিভিঃ ক্রতবঃ প্রোক্তা বেদেষ্বপি যথাক্রমম্ ।
ফলঞ্চৈব যথাতত্ত্বং প্রেত্য চেহ চ সর্ব্বশঃ ॥৩৫॥
ন তে শক্যা দরিদ্রেণ যজ্ঞাঃ প্রাপ্তুং মহীপতে ! ।
বহূপকরণা যজ্ঞা নানাসম্ভারবিস্তরাঃ ॥৩৬॥
প্রাপ্যন্তে পার্থিবৈরেতে সমৃদ্ধৈর্বা নরৈঃ ক্বচিৎ ।
নার্থন্যূনৈর্নাবগণৈরেকাত্মভিরসাধনৈঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

অক্রোধন ইতি। হে রাজেন্দ্র ! যুধিষ্ঠির !। ভীষ্মং প্রতি পুলস্ত্যোনোক্তমনুবদন্ নারদ এব সম্বোধয়তীতি নাসামঞ্জস্যম্। এবমন্যত্রাপি। দৃঢ়ব্রতো নিবন্ধেন বিহিতোপবাসাদিকরঃ। ভূতেষ্বাত্মোপমশ্চ দয়ালুরিত্যর্থঃ ॥৩৪॥

দরিদ্রাণাং তীর্থপর্য্যটনধর্ম্ম এব সম্ভবতীতি বক্তুমুপক্রমতে ঋষিভিরিতি। ক্রতবো যজ্ঞাঃ। প্রেত্য পরলোকে স্বর্গাদিরূপম্, ইহলোকে চ পুত্রাদিরূপং ফলম্ ॥৩৫॥

নেতি। প্রাপ্তুমনুষ্ঠাতুম্। কথং ন শক্যা ইত্যাহ বহ্বিতি। বহূনি উপকরণানি ঘৃতাদীনি যেষু তে, নানাসম্ভারাণাং মণ্ডপাদিবহুবিধদ্রব্যাণাং বিস্তরো বাহুল্যং যেষু তে ॥৩৬॥

প্রাপ্যন্ত ইতি। প্রাপ্যন্তে অনুষ্ঠাতুং শক্যন্তে। অর্থন্যূনৈরর্থহীনৈর্ন, অব অবকৃষ্টা গণাঃ পরিজনা যেষাং তৈর্ন, একাত্মভিরেকাকিভির্ন, অসাধনৈরনুপকরণৈশ্চ ন ॥৩৭॥

যে লোকের কপটতা বা অর্থোপার্জ্জনের চেষ্টা থাকে না, লঘু আহার করে, জিতেন্দ্রিয় হয় এবং সমস্ত পাপ হইতে বিমুক্ত থাকে, সেই লোকই তীর্থের ফল লাভ করে ॥৩৩॥

এবং রাজশ্রেষ্ঠ ! যে লোক ক্রোধশূন্য, সত্যপরায়ণ, দৃঢ়ভাবে ব্রতনিষ্ঠ এবং সকল প্রাণীর প্রতিই নিজের মত ব্যবহার করে, সেই লোকই তীর্থের ফল লাভ করে ॥৩৪॥

ঋষিরা যজ্ঞের কথা বলিয়াছেন, বেদেও যথাক্রমে যজ্ঞের কথা রহিয়াছে এবং ঋষিগণ ও বেদসমূহ ইহলোকে ও পরলোকে যজ্ঞের সর্ব্বপ্রকার ফল বলিয়াছেন ॥৩৫॥

কিন্তু দরিদ্রেরা সে যজ্ঞ করিতে সমর্থ হয় না। কারণ, যজ্ঞে বহুতর উপকরণের প্রয়োজন এবং নানাবিধ বস্তুর আবশ্যকতা আছে ॥৩৬॥

অতএব রাজারাই যজ্ঞ করিতে পারেন এবং ধনী লোকেরাও কখন কখন পারেন ; কিন্তু অর্থহীন ভাল-পরিজনহীন, নিঃসহায় এবং দ্রব্যসম্ভারশূন্য লোকেরা পারে না ॥৩৭॥

(৩৭)···নার্থন্যূনৈরবিকলৈঃ···পি,···নার্থন্যূনোপকরণৈরেকাত্মভিরসংহতৈঃ—নি।

যো দরিদ্রৈরপি বিধিঃ শক্যঃ প্রাপ্তুং নরেশ্বরঃ!।
তুল্যো যজ্ঞফলৈঃ পুণ্যৈস্তন্নিবোধ যুধাং বর! ॥৩৮॥
ঋষীণাং পরমং গুহ্যমিদং ভরতসত্তম!।
তীর্থাভিগমনং পুণ্যং যজ্ঞৈরপি বিশিষ্যতে ॥৩৯॥
অনুপোষ্য ত্রিরাত্রাণি তীর্থান্যনভিগম্য চ।
অদত্ত্বা কাঞ্চনং গাশ্চ দরিদ্রো নাম জায়তে ॥৪০॥
অগ্নিষ্টোমাদিভির্যজ্ঞৈরিষ্ট্বা বিপুলদক্ষিণৈঃ।
ন তৎ ফলমবাপ্নোতি তীর্থাভিগমনেন যৎ ॥৪১॥
নৃলোকে দেবদেবস্য তীর্থং ত্রৈলোক্যবিশ্রুতম্।
পুষ্করং তীর্থমাসাদ্য দেবদেবসমো ভবেৎ ॥৪২॥

ভারতকৌমুদী

য ইতি। বিধির্বিধিবোধিতং তীর্থকৃত্যম্। প্রাপ্তুমনুষ্ঠাতুম্। যুধাং যোদ্ধৃণাম্ ॥৩৮॥

ঋষীণামিতি। গুহ্যম্ আদরণীয়তয়া গোপ্যম্। বিশিষ্যতে উৎকৃষ্যতে ॥৩৯॥

অনুপোষ্যেতি। ত্রিরাত্রাণি অনুপোষ্য যেন কেনাপি নিমিত্তেন অক্রমেণ দিনত্রয়ে উপবাসত্রয়মকৃত্বা। সামান্যতোঽভিধানাদেবমর্থঃ। তীর্থানীতি বহুবচনং কপিঞ্জলন্যায়াৎ ত্রিত্বপর্য্যবসিতম্। তেন তীর্থত্রয়মাত্রগমনেঽপি বিধ্যর্থনির্ব্বাহঃ। গাশ্চেতি বহুবচনমবিবক্ষিতম্। এতেন ত্রিরাত্রোপবাসাদীনাং নিত্যত্বমভিহিতম্, "যদকরণে প্রত্যবায়স্তন্নিত্যম্" ইতি বেদান্তসারোক্তেঃ প্রত্যবায়মন্তরেণ দারিদ্র্যদুঃখাসম্ভবাৎ ॥৪০॥

অগ্নীতি। ইষ্ট্বা দেবান্ পূজয়িত্বা। এতেন তীর্থগমনস্য কাম্যত্বমপ্যুক্তম্ ॥৪১॥

প্রাধান্যাদাদৌ পুষ্করতীর্থফলমাহ নৃলোক ইতি। দেবদেবস্য তীর্থং মহাদেবতীর্থভূতম্। আসাদ্য প্রাপ্য তত্র বিহিতং কর্ম্ম কৃত্বেত্যর্থঃ ॥৪২॥

সুতরাং দরিদ্রেরাও যে কার্য্য করিতে সমর্থ হয় এবং যে কার্য্য যজ্ঞের তুল্যই ফল জন্মায়, নরশ্রেষ্ঠ বীরবর! তাহা তুমি শ্রবণ কর ॥৩৮॥

ভরতশ্রেষ্ঠ! এই পুণ্যজনক তীর্থপর্য্যটন যজ্ঞ অপেক্ষাও উৎকৃষ্ট এবং ঋষিদের নিকটও পরম আদরণীয় ॥৩৯॥

তিন দিন উপবাস, তীর্থগমন এবং স্বর্ণদান ও গোদান না করিয়া মানুষ পরজন্মে দরিদ্র হয় ॥৪০॥

আবার তীর্থগমনে যে ফল পাওয়া যায়, প্রচুরদক্ষিণাযুক্ত অগ্নিষ্টোমপ্রভৃতি যজ্ঞ করিয়াও সে ফল পাওয়া যায় না ॥৪১॥

(৩৮)...তন্নিবোধ মহীপতে! পি। (৪২)...পুষ্করং নাম বিখ্যাতং মহাভাগঃ সমাবিশেৎ।" বা ব কা।

দশ কোটিসহস্রাণি তীর্থানাং বৈ মহামতে ! ।
সান্নিধ্যং পুষ্করে চৈষাং ত্রিসন্ধ্যং কুরুনন্দন ! ॥৪৩॥
আদিত্যা বসবো রুদ্রাঃ সাধ্যাশ্চ সমরুদ্‌গণাঃ ।
গন্ধর্ব্বাপ্সরসশ্চৈব তত্র সন্নিহিতা বিভো ! ॥৪৪॥
যত্র দেবাস্তপস্তপ্ত্বা দৈত্যা ব্রহ্মর্ষয়স্তথা ।
দিব্যযোগা মহারাজ ! পুণ্যেন মহতান্বিতাঃ ॥৪৫॥
মনসাঽভ্যেতুকামস্য পুষ্করাণি মনস্বিনঃ ।
পূয়ন্তে সর্ব্বপাপানি নাকপৃষ্ঠে চ পূজ্যতে ॥৪৬॥
অস্মিংস্তীর্থে মহাভাগ ! নিত্যমেব পিতামহঃ ।
উবাস পরমপ্রীতো ভগবান্ কমলাসনঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

ত্রিভিঃ শ্লোকৈঃ পুষ্করস্য প্রাধান্যে হেতুমাহ দশেতি। এষাং শাস্ত্রোক্তানাম্। ত্রিসন্ধ্যমিত্যনেন সায়াহ্নেঽপি তৎকৃত্যং সূচয়তি ॥৪৩॥

আদিত্যা ইতি। মরুদ্‌গণৈঃ উক্তেতরৈর্দেবসমূহৈঃ সহেতি সমরুদ্‌গণাঃ ॥৪৪॥

যত্রেতি। দিব্যা অলৌকিকা যোগাঃ কার্য্যসাধনোপায়া যেষাং তে ॥৪৫॥

মনসেতি। অভ্যেতুকামস্য গন্তুমিচ্ছতঃ। পূয়ন্তে নশ্যন্তি। নাকপৃষ্ঠে স্বর্গে ॥৪৬॥

অস্মিন্নিতি। অস্মিন্ পুষ্করে। পিতামহো ব্রহ্মা উবাস, তেনাপ্যস্য প্রাধান্যম্ ॥৪৭॥

মনুষ্যলোকে মহাদেবের তীর্থ ত্রিভুবনবিখ্যাত পুষ্করতীর্থে যাইয়া মানুষ মহাদেবের তুল্য হয় ॥৪২॥

কারণ, মহামতি কুরুনন্দন ! পুষ্করতীর্থে তিন বেলায়ই শাস্ত্রোক্ত দশসহস্রকোটি তীর্থ সন্নিহিত থাকে ॥৪৩॥

এবং আদিত্যগণ, বসুগণ, রুদ্রগণ, সাধ্যগণ, অন্যান্য দেবগণ, গন্ধর্ব্বগণ ও অপ্সরোগণ সর্ব্বদাই পুষ্করতীর্থে সন্নিহিত থাকেন ॥৪৪॥

মহারাজ ! দেবগণ, দৈত্যগণ ও ব্রহ্মর্ষিগণ যে পুষ্করতীর্থে তপস্যা করিয়া অলৌকিক-শক্তিশালী ও মহাপুণ্যশালী হইয়াছেন ॥৪৫॥

যে মনস্বী মনে মনেও পুষ্করতীর্থে যাইতে ইচ্ছা করে, তাহারও সকল পাপ নষ্ট হয় এবং সে—স্বর্গলোকে পূজিত হয় ॥৪৬॥

মহাত্মন্ ! ভগবান্ পদ্মাসন ব্রহ্মা অত্যন্ত আনন্দিত হইয়া সর্ব্বদাই এই পুষ্করতীর্থে বাস করিতেন ॥৪৭॥

(৪৩)···সান্নিধ্যংপুষ্করে যেষাম্···বা ব কা। (৪৬) মনসাঽপ্যভিকামস্য···বা ব কা পি।
(৪৭) অস্মিংস্তীর্থে মহারাজ !···বা ব কা।

পুষ্করেষু মহাভাগ! দেবাঃ সর্ষিগণাঃ পুরা।
সিদ্ধিং পরমিকাং প্রাপ্তাঃ পুণ্যেন মহতান্বিতাঃ ॥৪৮॥
তত্রাভিষেকং যঃ কুর্য্যাৎ পিতৃদেবার্চ্চনে রতঃ।
সোঽশ্বমেধমবাপ্নোতি ব্রহ্মলোকে চ পূজ্যতে ॥৪৯॥
অপ্যেকং ভোজয়েদ্বিপ্রং পুষ্করারণ্যমাশ্রিতঃ।
তেনাসৌ কর্ম্মণা ভীষ্ম! প্রেত্য চেহ চ মোদতে ॥৫০॥
শাকৈর্মূলৈঃ ফলৈর্বাপি যেন বর্ত্তয়তে স্বয়ম্।
তদ্বৈ দদ্যাদ্ব্রাহ্মণায় শ্রদ্ধাবাননসূয়কঃ।
তেনৈব প্রাপ্নুয়াৎ প্রাজ্ঞো হয়মেধফলং নরঃ ॥৫১॥
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ শূদ্রা বা রাজসত্তম!।
ন বৈ যোনৌ প্রজায়ন্তে স্নাতাস্তীর্থে মহাত্মনঃ ॥৫২॥

ভারতকৌমুদী

পুষ্করেষ্বিতি। ঋষিগণৈঃ সহেতি সর্ষিগণাঃ। সিদ্ধিমণিমাদিনিষ্পত্তিম্ ॥৪৮॥
তত্রেতি। অভিষেকং স্নানম্। অশ্বমেধম্ অশ্বমেধযজ্ঞফলম্ ॥৪৯॥
অপীতি। একমপি বিপ্রম্। পুষ্করারণ্যং তৎসংস্পৃষ্টং বনম্। প্রেত্য পরলোকে ॥৫০॥
শাকৈরিতি। বর্ত্তয়তে জীবনং ধারয়তি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫১॥

এবং পূর্ব্বকালে ঋষিগণের সহিত দেবগণ এই পুষ্করতীর্থেই মহাপুণ্যশালী হইয়া পরম সিদ্ধি লাভ করিয়াছিলেন ॥৪৮॥

অতএব যে লোক পিতৃগণ ও দেবগণের পূজায় ব্যাপৃত থাকিয়া সেই পুষ্করতীর্থে স্নান করে, সে—অশ্বমেধযজ্ঞের ফল পায় এবং ব্রহ্মলোকে পূজিত হয় ॥৪৯॥

ভীষ্ম। যে লোক পুষ্করবনে থাকিয়া একটীমাত্র ব্রাহ্মণকেও ভোজন করায়, সে লোক সেই কার্য্যদ্বারাই ইহলোক ও পরলোকে আনন্দ লাভ করে ॥৫০॥

মানুষ ফল, মূল, শাক, কিংবা অন্য যে কোন বস্তুদ্বারা নিজে জীবন ধারণ করে, তাহাই—অসূয়া না করিয়া শ্রদ্ধাপূর্ব্বক ব্রাহ্মণকে দান করিবে; তাহাতেই অশ্বমেধযজ্ঞের ফল পাইবে ॥৫১॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র, কিংবা অন্য যে কোন জাতি শিবের তীর্থ পুষ্করে স্নান করিয়া আর যোনিতে জন্মগ্রহণ করে না ॥৫২॥

(৪৮)…সিদ্ধিং সমতিসম্প্রাপ্তাঃ…বা ব কা। [৪৯]…অশ্বমেধাদ্দশগুণং ফলং প্রাহুর্মনীষিণঃ—বা ব কা নি।

কার্ত্তিকীন্তু বিশেষেণ যোঽভিগচ্ছতি পুষ্করম্ ।
প্রাপ্নুয়াৎ স নরো লোকান্ ব্রহ্মণঃ সদনেঽক্ষয়ান্ ॥৫৩॥
সায়ং প্রাতঃ স্মরেদ্‌যস্তু পুষ্করাণি কৃতাঞ্জলিঃ ।
উপস্পৃষ্টং ভবেত্তেন সর্ব্বতীর্থেষু ভারত ! ॥৫৪॥
জন্মপ্রভৃতি যৎ পাপং স্ত্রিয়া বা পুরুষস্য বা ।
পুষ্করে স্নাতমাত্রস্য সর্ব্বমেব প্রণশ্যতি ॥৫৫॥
যথা সুরাণাং সর্বেষামাদিস্তু মধুসূদনঃ ।
তথৈব পুষ্করং রাজন্ ! তীর্থানামাদিরুচ্যতে ॥৫৬॥
উষ্ট্বা দ্বাদশ বর্ষাণি পুষ্করে নিয়তঃ শুচিঃ ।
ক্রতূন্ সর্বানবাপ্নোতি ব্রহ্মলোকে স গচ্ছতি ॥৫৭॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণা ইতি। বাশব্দাচ্চাণ্ডালাদয়োঽপি। মহাত্মনো দেবদেবস্য ॥৫২॥
কার্ত্তিকীমিতি। কার্ত্তিকীং কার্ত্তিকপূর্ণিমাম্। লোকান্ তত্রত্যবন্ধুজনান্ ॥৫৩॥
সায়মিতি। উপস্পৃষ্টং স্নাতম্, "উপস্পর্শঃ স্পর্শমাত্রে স্নানাচমনয়োরপি" ইতি বিশ্বঃ ॥৫৪॥
জন্মেতি। স্নাতমাত্রস্য পুরুষস্য, স্নাতমাত্রায়াঃ স্ত্রিয়াশ্চ, তথৈব প্রক্রমাৎ ॥৫৫॥
যথেতি। সুরাণাং দেবানাম্। আদিঃ, সৃষ্টিকর্ত্তুর্ব্রহ্মণোঽপি জনকত্বাৎ ॥৫৬॥
উষ্ট্বেতি। উষ্ট্বা বাসং কৃত্বা। নিয়ত একভক্তাদিনিয়মবান্। ক্রতূন্ ক্রতুফলানি ॥৫৭॥

ভারতভাবদীপঃ

সেই পূর্বদিকে পবিত্র ও রাজর্ষিগণের আদৃত 'গয়'-নামে এ৷টি শ্রেষ্ঠ পর্ব্বত আছে; যেখানে দেবর্ষিসেবিত মঙ্গলকর ব্রহ্মসরোবর রহিয়াছে ॥৮॥

[৭]···পুণ্যা দেবর্ষিপিতৃসেবিতা···পি।

মহানদী চ তত্রৈব তথা গয়শিরো নৃপ ।
যত্রাসৌ কীর্ত্ত্যতে বিপ্রৈরক্ষয্যকরণো বটঃ ॥১১॥
যত্র দত্তং পিতৃভ্যোঽন্নমক্ষয্যং ভবতি প্রভো ।
সা চ পুণ্যজলা তত্র ফল্গুনামা মহানদী ॥১২॥
বহুমূলফলা চাপি কৌশিকী ভরতর্ষভ ।
বিশ্বামিত্রোঽধ্যগাদ্‌যত্র ব্রাহ্মণত্বং তপোধনঃ ॥১৩॥
গঙ্গা যত্র নদী পুণ্যা তস্যাস্তীরে ভগীরথঃ ।
অযজদ্‌যত্র বহুভিঃ ক্রতুভির্ভূরিদক্ষিণৈঃ ॥১৪॥
পাঞ্চালেষু চ কৌরব্য ! কথয়ন্ত্যুৎপলাবতম্ ।
বিশ্বামিত্রোঽযজদ্‌ত্র যজ্ঞং পরমশোভনম্ ॥১৫॥

ভারতকৌমুদী

যদিতি। এষ্টব্যা ইত্যাদিকং প্রাগ্‌ব্যাখ্যাতম্। সন্তত্যা পুত্রেণ ॥৯—১০॥
মহেতি। অক্ষয্যং পিতৃভ্যো দত্তমন্নাদিকং ক্ষেতুমশক্যং ক্রিয়তেঽনেনেতি সঃ ॥১১॥
যত্রেতি। অক্ষয্যং রাক্ষসাদিভিঃ ক্ষেতুমশক্যম্ ॥১২॥
বহ্বিতি। বহূনি মূলানি ফলানি চ যস্যাং সা। অধ্যগাৎ প্রাপৎ ॥১৩॥
গঙ্গেতি। যত্র পূর্ব্বস্যাং দিশি। ক্রতুভির্যজ্ঞৈঃ ॥১৪॥

পুরুষশ্রেষ্ঠ ! প্রাচীনেরা যে তীর্থের জন্য বলিয়া থাকেন যে, "বহু পুত্র ইচ্ছা করিবে। কারণ, যদি কোন পুত্র গয়ায় যায়, যদি কোন পুত্র অশ্বমেধ-যজ্ঞ করে, কিংবা কেহ যদি নীলবৃষ উৎসর্গ করে এবং মানুষ পুত্র দ্বারা পূর্ব্ববর্ত্তী দশ পুরুষ ও পরবর্ত্তী দশ পুরুষ উদ্ধার করে" ॥৯—১০॥

রাজা ! সেই তীর্থেই একটী মহানদী এবং 'গয়শির'-নামে একটী স্থান আছে ; যেখানে অক্ষয়বট রহিয়াছে, ইহা ব্রাহ্মণেরা বলিয়া থাকেন ॥১১॥

রাজা ! যাহার নিকটে পিতৃলোককে অন্নদান করিলে, তাহা অক্ষয় হইয়া থাকে। আর, সেখানে 'ফল্গু'—নামে সেই মহানদী আছে, তাহার জল অতি-পবিত্র ॥১২॥

ভরতশ্রেষ্ঠ ! 'কৌশিকী'-নামে একটী নদী আছে ; তাহার তীরে বহুতর ফল ও মূল পাওয়া যায়। যেখানে বিশ্বামিত্রমুনি ব্রাহ্মণত্ব লাভ করিয়া-ছিলেন ॥১৩॥

যেদিকে পবিত্র গঙ্গানদী রহিয়াছে ; তাহার তীরে ভগীরথরাজা প্রচুর দক্ষিণাযুক্ত বহুতর যজ্ঞ করিয়াছিলেন ॥১৪॥

[১৫]…কথয়ন্ত্যুৎপলাবনম্ ।…পুত্রেণ সহ কৌশিকঃ—বা ব কা।

যত্রাস্য বংশং ভগবান্ জামদগ্ন্যস্তথা জগৌ।
বিশ্বামিত্রস্য তাং দৃষ্ট্বা বিভূতিমতিমানুষীম্ ॥১৬॥
কান্যকুব্জেঽপিবৎ সোমমিন্দ্রেণ সহ কৌশিকঃ।
ততঃ ক্ষত্রাদপাক্রামদ্‌ব্রাহ্মণোঽস্মীতি চাব্রবীৎ ॥১৭॥
পবিত্রমৃষিভির্জুষ্টং পুণ্যং পাবনমুত্তমম্।
গঙ্গাযমুনয়োর্বীর! সঙ্গমং লোকবিশ্রুতম্ ॥১৮॥
যত্রাযজত ভূতাত্মা পূর্ব্বমেব পিতামহঃ।
প্রয়াগমিতি বিখ্যাতং তস্মাদ্ভারতসত্তম! ॥১৯॥

ভারতকৌমুদী

পাঞ্চালেম্বিতি। উৎপলাবতং নাম তীর্থং কথয়ন্তি মুনয়ঃ ॥১৫॥

যত্রেতি। যত্র প্রাচ্যাম্, অস্য বিশ্বামিত্রস্য যজ্ঞাৎ পরম্, অতিমানুষীং তাং বিশ্বামিত্রস্য বিভূতিম্ অণিমাদিকমৈশ্বর্য্যং দৃষ্ট্বা, ভগবান্ জামদগ্ন্যো রামঃ, বিশ্বামিত্রস্যৈব বংশম্, তথা বাহুল্যেন, জগৌ বর্ণয়ামাস ॥১৬॥

কান্যেতি। কান্যকুব্জে দেশে। কৌশিকো বিশ্বামিত্রঃ। ক্ষত্রাৎ ক্ষত্রিয়জাতিতঃ ॥১৭॥

পবিত্রমিতি। পবির্বজ্রং তত্তুল্যং পাপং তস্মাত্ত্রায়ত ইতি পবিত্রং পাপনাশকমিত্যর্থঃ; জুষ্টং সেবিতম্। সঙ্গমং কথয়ন্তীতি পূর্ব্বতোঽনুবৃত্তিঃ ॥১৮॥

যত্রেতি। ভূতাত্মা প্রাণিনামাত্মস্বরূপঃ। প্রকৃষ্টো যাগো যত্র তৎ প্রয়াগং তীর্থম্ ॥১৯॥

ভারতভাবদীপঃ

জ্ঞানিতি ॥১-৬॥ শামিত্রং শমিতুঃ কর্ম্ম যজ্ঞে পশুমারণম্, বিবস্বতঃ পুত্রস্য যমস্যেতি শেষঃ ॥৭॥ তীর্থান্তরমাহ—তস্যামিতি। তস্যাং প্রাচ্যাং দিশি, রাজর্ষিরপি গয়সংজ্ঞঃ ॥৮-১৭॥ পবিত্রমিতি। পবির্বজ্রং তত্তুল্যং জন্মমরণাদিদুঃখং তস্মাজ্জায়ত ইতি পবিত্রম্, অতএব ঋষিভির্জুষ্টং সেবিতং

কুরুনন্দন! মুনিরা পাঞ্চালদেশে উৎপলাবততীর্থের কথা বলিয়া থাকেন; যেখানে বিশ্বামিত্র পরমসুন্দর যজ্ঞ করিয়াছিলেন ॥১৫॥

যেখানে সেই যজ্ঞের পর বিশ্বামিত্রের সেই অলৌকিক ঐশ্বর্য্য দেখিয়া ভগবান্ পরশুরাম বিস্তৃতভাবে বিশ্বামিত্রের বংশ বর্ণনা করিয়াছিলেন ॥১৬॥

বিশ্বামিত্র স্বকীয় কান্যকুব্জে ইন্দ্রের সহিত সোমরস পান করিয়াছিলেন; তাহার পর তিনি ক্ষত্রিয়জাতি হইতে নির্গত হন এবং 'আমি ব্রাহ্মণ' এই কথা বলিতে থাকেন ॥১৭॥

বীর! মুনিরা বলেন—জগদ্বিখ্যাত গঙ্গা ও যমুনার সঙ্গমস্থান পাপনাশক, পুণ্যজনক, পবিত্র ও উত্তমতীর্থ ॥১৮॥

যেখানে প্রথমেই প্রাণিগণের আত্মস্বরূপ ব্রহ্মা যজ্ঞ করিয়াছিলেন; ভরত-শ্রেষ্ঠ! তাহাতেই সেই স্থানটী 'প্রয়াগ' নামে বিখ্যাত হইয়াছে ॥১৯॥

অগস্ত্যস্য তু রাজেন্দ্র ! তত্রাশ্রমবরো নৃপ ! ।
তত্তথা তাপসারণ্যং তাপসৈরুপশোভিতম্ ॥২০॥
হিরণ্যবিন্দুঃ কথিতো গিরৌ কালঞ্জরে মহান্ ।
আগস্ত্যপর্ব্বতো রম্যঃ পুণ্যো গিরিবরঃ শিবঃ ॥২১॥
মহেন্দ্রো নাম কৌরব্য ! ভার্গবস্য মহাত্মনঃ ।
অযজত্তত্র কৌন্তেয় ! পূর্বমেব পিতামহঃ ॥২২॥
যত্র ভাগীরথী পুণ্যা সরস্যাসীদ্যুধিষ্ঠির ! ।
যত্র সা ব্রহ্মশালেতি পুণ্যা খ্যাতা বিশাংপতে ! ।
ধূতপাপ্মভিরাকীর্ণা পুণ্যং তস্যাশ্চ দর্শনম্ ॥২৩॥
পবিত্রো মঙ্গলীয়শ্চ খ্যাতো লোকে মহাত্মনঃ ।
কেদারশ্চ মতঙ্গস্য মহানাশ্রম উত্তমঃ ॥২৪॥

ভারতকৌমুদী

অগস্ত্যস্যেতি । তত্র প্রাচ্যাং দিশি । তৎ প্রসিদ্ধম্ ॥২০॥

হিরণ্যেতি । হিরণ্যবিন্দুর্নাম দেশঃ । শিবো মঙ্গলকরঃ ॥২১॥

মহেন্দ্র ইতি । মহেন্দ্রো নাম গিরিবর ইত্যনুবৃত্তিঃ । ভার্গবস্য রামস্য ॥২২॥

যত্রেতি । যত্র প্রাচ্যাম্, ভাগীরথী নাম পুণ্যা সরসী । যত্র প্রাচ্যাঞ্চ, ব্রহ্মশালেতি নাম সা সরসী । ধূতপাপ্মভির্নিষ্পাপৈর্জনৈঃ, আকীর্ণা ব্যাপ্তা । সর্ব্বতীর্থশিরোমণিভূতং কাশীতীর্থং স্কন্দপুরাণীয়কাশীখণ্ডাদৌ বিস্তরেণ বর্ণিতমিত্যত্র সংক্ষেপেণ গণনাবিধয়ৈব প্রাগুল্লিখিতম্ । তথাপি লক্ষণাদিনা অন্তরান্তরা তৎপরত্বপ্রকাশপ্রয়াসো নীলকণ্ঠস্যোদ্বেগবিজৃম্ভিত এব । ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

পুণ্যং ধর্ম্মবৃদ্ধিহেতুঃ, পাবনং পাপনাশনম্ ॥১৮—২২॥ যত্র ভাগীরথীতি । সরসি মণিকর্ণিকাখ্যে প্রবিষ্টা আসীৎ, "ব্রহ্মশালা ব্রহ্মোপলব্ধিসদৃশ্য বারাণস্যাখ্যমবিমুক্তং বৈ কুরুক্ষেত্রং দেবানাং

রাজশ্রেষ্ঠ ! সেই পূর্ব্বদিকে অগস্ত্যমুনির প্রধান আশ্রম এবং তপস্বিগণে পরিশোভিত প্রসিদ্ধ তাপসারণ্য আছে ॥২০॥

কথিত আছে—কালঞ্জরপর্ব্বতে 'হিরণ্যবিন্দু'-নামে বিশাল একটী স্থান এবং মনোহর, পবিত্র ও মঙ্গলজনক পর্ব্বতশ্রেষ্ঠ অগস্ত্যপর্ব্বত রহিয়াছে ॥২১॥

কুরুনন্দন ! পূর্ব্বদিকে মহাত্মা পরশুরামের মহেন্দ্রপর্ব্বত রহিয়াছে; তাহাতে প্রথমেই ব্রহ্মা যজ্ঞ করিয়াছিলেন ॥২২॥

নরনাথ যুধিষ্ঠির ! যে পূর্ব্বদিকে ভাগীরথীনাম্নী পুণ্যজনিকা সরসী ছিল এবং যে পূর্ব্বদিকে বিখ্যাত, পুণ্যজনক, এবং পুণ্যবান্ লোকে ব্যাপ্ত 'ব্রহ্মশালা'-নামে সরোবর আছে ; তাহার দর্শনও পুণ্য জন্মায় ॥২৩॥

কুণ্ডোদঃ পর্ব্বতো রম্যো বহুমূলফলোদকঃ।
নৈষধস্তৃষিতো যত্র জলং শর্ম্ম চ লব্ধবান্ ॥২৫॥
যত্র দেববনং রম্যং তাপসৈরুপশোভিতম্।
বাহুদা চ নদী যত্র নন্দা চ গিরিমূর্দ্ধনি ॥২৬॥
তীর্থানি সরিতঃ শৈলাঃ পুণ্যান্যায়তনানি চ।
প্রাচ্যাং দিশি মহারাজ! কীর্ত্তিতানি ময়া তব ॥২৭॥
তিসৃষন্যাসু পুণ্যানি দিক্ষু তীর্থানি মে শৃণু।
সরিতঃ পর্ব্বতাংশ্চৈব পুণ্যান্যায়তনানি চ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ধৌম্যতীর্থকথনে দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

পবিত্র ইতি। মঙ্গলীয়ো মঙ্গলজনকঃ। কেদার আলবালম্, মতঙ্গস্য মুনেঃ ॥২৪॥
কুণ্ডোদ ইতি। কুণ্ডোদো নাম। নৈষধো নলঃ। শর্ম্ম তৃপ্তিসুখম্ ॥২৫॥
যত্রেতি। যত্র প্রাচ্যাম্। গিরিমূর্দ্ধনি আবির্ভূয় নির্গতেত্যর্থঃ ॥২৬॥
উপসংহরতি তীর্থানীতি। আয়তনানি আশ্রমাদীনি স্থানানি ॥২৭॥

ভারতভাবদীপঃ

দেববনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মদহন"মিতি শ্রুতিপ্রসিদ্ধম্ ॥২৩॥ আকীর্ণা ব্যাপ্তা, মঙ্গলীয়ো মঙ্গলাবহঃ ॥২৪॥ কেদারোঽপি কান্তামেব ॥২৫॥ নৈষধো নলঃ, তত্রৈব লোলার্কদক্ষিণে নলগ্রামস্য দর্শনাৎ, তীর্থান্তরমাহ—যত্র দেববনমিতি ॥২৬—২৮॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭২॥

মহাত্মা মতঙ্গমুনির বিশাল খাত এবং উৎকৃষ্ট আশ্রম আছে; তাহা পবিত্র, মঙ্গলজনক এবং জগতে বিখ্যাত ॥২৪॥

বহুতর ফল, মূল ও জলসমন্বিত 'কুণ্ডোদ'—নামে একটী মনোহর পর্ব্বত আছে; যেখানে নলরাজা পিপাসার্ত্ত হইয়া জল ও তৃপ্তিসুখ লাভ করিয়াছিলেন ॥২৫॥

যে পূর্ব্বদিকে তপস্বিগণে পরিশোভিত মনোহর দেববন রহিয়াছে এবং যে পূর্ব্বদিকে বাহুদানদী ও নন্দানদী পর্ব্বতের উপরে আবির্ভূত হইয়া নির্গত হইয়া গিয়াছে ॥২৬॥

মহারাজ! আমি আপনার নিকট সেই পূর্ব্বদিকের নদী, পর্ব্বত ও পবিত্র আয়তনরূপ তীর্থগুলির কথা বলিলাম ॥২৭॥

* '...সপ্তাশীতিতমঃ...' বা ব কা পি, '...পঞ্চাশীতিতমঃ...নি।

ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ

——:(•):——

ধৌম্য উবাচ।

দক্ষিণস্যান্তু পুণ্যানি শৃণু তীর্থানি ভারত !।
বিস্তরেণ যথাবুদ্ধি কীর্ত্ত্যমানানি তানি বৈ ॥১॥
যস্যামাখ্যায়তে পুণ্যা দিশি গোদাবরী নদী।
বহ্বারামা বহুজলা তাপসাচরিতা শিবা ॥২॥
বেণা ভীমরথী চোভে নদ্যৌ পাপভয়াপহে।
মৃগদ্বিজসমাকীর্ণে তাপসালয়ভূষিতে ॥৩॥
রাজর্ষেস্তত্র চ সরিন্নৃগস্য ভরতর্ষভ !।
রম্যতীর্থা বহুজলা পয়োষ্ণী দ্বিজসেবিতা ॥৪॥

ভারতকৌমুদী

ত্রিস্থিতি। তীর্থানি তীর্থভূতানি সরিদাদীনি ॥২৮॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

——•:❀:•——

দক্ষিণস্যামিতি। যথাবুদ্ধি যথাস্মৃতি। কীর্ত্ত্যমানানি ময়া, তানি প্রসিদ্ধানি ॥১॥

যস্যামিতি। বহব আরামা উপবনানি যত্র সা। শিবা মঙ্গলজনিকা ॥২॥

বেণেতি। মৃগদ্বিজৈঃ পশুপক্ষিভিঃ সমাকীর্ণে পরিব্যাপ্তে ॥৩॥

এখন অপর তিন দিকের নদী, পর্ব্বত ও পবিত্র আয়তনরূপ তীর্থসমূহের কথা আমার নিকট শ্রবণ কর ॥২৮॥

——:(•):——

ধৌম্য বলিলেন—'ভরতনন্দন! দক্ষিণদিকে যে সকল পুণ্যজনক তীর্থ আছে, আমি স্মৃতি অনুসারে সেগুলির কথা বলিতেছি, তুমি শ্রবণ কর ॥১॥

যে দিকে গোদাবরীনদী রহিয়াছে; তাহার তীরে বহুতর উদ্যান ও খাতে বহুতর জল আছে এবং সে নদীটী তপস্বিসেবিত ও মঙ্গলজনক; ইহা পরিব্রাজকেরা বলিয়া থাকেন ॥২॥

পশু-পক্ষিগণে সমাকীর্ণ এবং তপস্বীদের আশ্রমে অলঙ্কৃত বেণা ও ভীমরথীনামে দুইটী নদী আছে; সে দুইটীই পাপভয় নষ্ট করে ॥৩॥

[১]…বিস্তরেণ যথান্যায়ং কীর্ত্ত্যমানানি ভারত !—পি। [২]…তাপসাচরিতা শুভা—পি। [৩] বেন্না…বা ব কা, বেন্বা…পি।

অপি চাত্র মহাযোগী মার্কণ্ডেয়ো মহাযশাঃ।
অনুবংশ্যাং জগৌ গাথাং নৃগস্য ধরণীপতেঃ ॥৫॥
নৃগস্য যজমানস্য প্রত্যক্ষমিতি নঃ শ্রুতম্।
অমাদ্যদিন্দ্রঃ সোমেন দক্ষিণাভির্দ্বিজাতয়ঃ ॥৬॥
পয়োষ্ণ্যাং যজমানস্য বারাহে তীর্থ উত্তমে।
উদ্ধৃতং ভূতলস্থং বা বায়ুনা সমুদীরিতম্।
পয়োষ্ণ্যা হরতে তোয়ং পাপমামরণান্তিকম্ ॥৭॥
স্বর্গাদুত্তুঙ্গমমলং বিষাণং যত্র শূলিনঃ।
স্বমাত্মবিহিতং দৃষ্ট্বা মর্ত্যঃ শিবপুরং ব্রজেৎ ॥৮॥

ভারতকৌমুদী

রাজর্ষেরিতি। রম্যাণি তীর্থানি ঘট্টানি যস্যাঃ সা, পয়োষ্ণী নাম নদী ॥৪॥
অপীতি। অনুবংশ্যাং বংশযোগ্যাম্, গাথাং গানযোগ্যবচনাবলীম্ ॥৫॥
নৃগস্যেতি। সোমেন সোমরসপানেন। দ্বিজাতয়ো ব্রাহ্মণাশ্চামাদ্যন্ ॥৬॥
পয়োষ্ণ্যামিতি। ভূম্যাদিনা উদ্ধৃতম্, ভূতলস্থম্, বায়ুনা সমুদীরিতং নিক্ষিপ্তং বা, পয়োষ্ণ্যা নদ্যাস্তোয়ং কর্তৃ, বারাহে উত্তমে তীর্থে তদ্রূপায়াং পয়োষ্ণ্যাং তত্তীর ইত্যর্থঃ, যজমানস্য যজ্ঞং কুর্ব্বতো জনস্য, আমরণান্তিকং পাপং হরতে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥
স্বর্গাদিতি। যত্র দক্ষিণস্যাং দিশি, শূলিনঃ শিবস্য, স্বং স্বকীয়ম্, আত্মনা স্বয়মেব শিবেন বিহিতং ভূমৌ প্রোথিতম্, স্বর্গাদপি উত্তুঙ্গমুচ্চম্, অমলম্, বিষাণং বাদনীয়শৃঙ্গম্, দৃষ্ট্বা মর্ত্যো মানুষঃ, শিবপুরং ব্রজেৎ ॥৮॥

ভরতশ্রেষ্ঠ! সেদিকে 'পয়োষ্ণী'-নামে রাজর্ষি নৃগের একটী নদী আছে; তাহার ঘাটগুলি মনোহর, জলও বহুতর, ব্রাহ্মণেরাও সেবা করেন ॥৪॥

আর, মহাযোগী ও মহাযশা মার্কণ্ডেয়মুনি ঐ নদীতীরে থাকিয়াই নৃগ-রাজার বংশের অনুরূপ গাথা গাহিয়াছিলেন ॥৫॥

আমাদের ইহা শুনা আছে যে, নৃগরাজা যজ্ঞ করিবার সময়ে তাঁহার সমক্ষেই ইন্দ্র সোমরস পান করিয়া এবং ব্রাহ্মণেরা দক্ষিণা লাভ করিয়া মত্ত হইয়াছিলেন ॥৬॥

বরাহের উত্তম তীর্থ পয়োষ্ণীনদীর তীরে যজ্ঞ করিবার সময়ে তাহার জল উদ্ধৃতই হউক, ভূতলেই থা'ক, কিংবা বায়ুকর্ত্তৃক নিক্ষিপ্তই হউক, যজ্ঞকর্ত্তার আজীবনের সমস্ত পাপ নষ্ট করে ॥৭॥

যে দক্ষিণদিকে স্বর্গ হইতেও উচ্চ এবং নির্ম্মল স্বকীয় বিষাণটাকে (শিঙাটাকে) মহাদেব নিজেই ভূতলে প্রোথিত করিয়া রাখিয়াছেন; তাহা দেখিয়া মানুষ শিবপুরে গমন করে ॥৮॥

একতঃ সরিতঃ সর্বা গঙ্গাদ্যাঃ সলিলোচ্চয়াঃ।
পয়োষ্ণী চৈকতঃ পুণ্যা তীর্থেভ্যো হি মতা মম ॥৯॥
মাঠরস্য বনং রম্যং বহুমূলফলং শিবম্।
যূপশ্চ ভরতশ্রেষ্ঠ! বরুণস্রোতসে গিরৌ ॥১০॥
প্রবেণ্যুত্তরপার্শ্বে তু পুণ্যে কণ্বাশ্রমে তথা।
তাপসানামরণ্যানি কীর্ত্তিতানি যথাশ্রুতি ॥১১॥
বেদী শূর্পারকে তাত! জমদগ্নের্মহাত্মনঃ।
রম্যা পাষাণতীর্থা চ পুরশ্চন্দ্রা চ ভারত! ॥১২॥
অশোকতীর্থং তত্রৈব কৌন্তেয়! বিপুলাশ্রমম্।
অগস্ত্যতীর্থং পাণ্ড্যেষু বারুণঞ্চ যুধিষ্ঠির! ॥১৩॥

ভারতকৌমুদী

একত ইতি। সলিলোচ্চয়া জলপূর্ণাঃ। গঙ্গাদ্যতীর্থেভ্যঃ পয়োষ্ণী পুণ্যা ॥৯॥

মাঠরস্যেতি। মাঠরস্য সূর্য্যদক্ষিণপার্শ্ববর্ত্তিযমস্য, "মাঠরঃ পিঙ্গলো দণ্ডশ্চণ্ডাংশোঃ পারিপার্শ্বিকাঃ" ইত্যমরঃ, "যমোঽপি দক্ষিণে পার্শ্বে খ্যাতো মাঠরসংজ্ঞকঃ" ইতি তট্টীকায়াং ভরতঃ। যূপোঽপি মাঠরস্যৈব ॥১০॥

প্রেতি। প্রবেণী নাম কাচিন্নদী তস্যা উত্তরপার্শ্বে, কণ্বস্য মুনেরাশ্রমে ॥১১॥

বেদীতি। শূর্পারকে তদাখ্যে তীর্থে। পাষাণতীর্থা পুরশ্চন্দ্রা চ নাম ॥১২॥

অশোকেতি। বিপুলাঃ প্রচুরা আশ্রমা যত্র তৎ। পাণ্ড্যেষু পাণ্ড্যদেশে ॥১৩॥

জলপূর্ণ গঙ্গাপ্রভৃতি সমস্ত নদী একদিকে, আর একমাত্র পয়োষ্ণী নদী একদিকে; তাহাতেও পয়োষ্ণীনদীই গঙ্গাপ্রভৃতি তীর্থ হইতে অধিকপুণ্য বলিয়া আমার মত ॥৯॥

ভরতশ্রেষ্ঠ! 'বরুণস্রোতস'-নামক পর্ব্বতে বহুফল-মূলান্বিত মনোহর ও মঙ্গলজনক যমের বন ও যূপ আছে ॥১০॥

প্রবেণীনদীর উত্তরপার্শ্বে পবিত্র কণ্বমুনির আশ্রমে তপস্বিদিগের বহুতর বন আছে; ইহা যেমন শুনিয়াছি, তেমনই বলিলাম ॥১১॥

বৎস ভরতনন্দন! মহাত্মা জমদগ্নির শূর্পারকতীর্থে দুইটী মনোহর বেদী আছে; তাহার একটীর নাম—'পাষাণতীর্থা' এবং অপরটীর নাম—'পুরশ্চন্দ্রা' ॥১২॥

কুন্তীনন্দন যুধিষ্ঠির! সেই দক্ষিণদিকেই বহুতর আশ্রমযুক্ত অশোকতীর্থ আছে এবং পাণ্ড্যদেশে অগস্ত্যতীর্থ ও বারুণতীর্থ রহিয়াছে ॥১৩॥

(১১) প্রবেণ্যুত্তরমার্গে তু…বা ব কা। (১২)…পুরশ্চন্দ্রা চ…বা ব কা পি।

কুমার্য্যঃ কথিতাঃ পুণ্যাঃ পাণ্ড্যেষেব নরর্ষভ ! ।
তাম্রপর্ণীন্তু কৌরব্য ! কীর্ত্তয়িষ্যামি তাং শৃণু ॥১৪॥
যত্র দেবৈস্তপস্তপ্তং মহদিচ্ছদ্ভিরাশ্রমে।
গোকর্ণ ইতি বিখ্যাতস্ত্রিষু লোকেষু ভারত ! ॥১৫॥
শীততোয়ো বহুজলঃ পুণ্যস্তত্র শিবশ্চ সঃ।
হ্রদঃ পরমদুষ্প্রাপো মানুষৈরকৃতাত্মভিঃ ॥১৬॥ (যুগ্মকম্)
তত্র বৃক্ষতৃণাদ্যৈশ্চ সম্পন্নঃ ফলমূলবান্।
আশ্রমোঽগস্ত্যশিষ্যস্য পুণ্যো দেবসহে গিরৌ ॥১৭॥
বৈদূর্য্যপর্ব্বতস্তত্র শ্রীমান্ মণিময়ঃ শিবঃ।
অগস্ত্যস্যাশ্রমশ্চৈব বহুমূলফলোদকঃ ॥১৮॥

ভারতকৌমুদী

কুমার্য্য ইতি। কুমার্য্যো নাম অন্তরীপাণি, পাণ্ড্যেষেব পাণ্ড্যদেশ এব ॥১৪॥

যত্রেতি। মহৎ ফলং স্বর্গরাজ্যমিত্যর্থঃ। গোকর্ণো নাম। বহূনি জলানি যত্র সঃ। শিবো মঙ্গলকরঃ। অকৃতাত্মভিঃ মৈত্র্যাদিভাবনাভাবেনানির্ম্মলীকৃতচিত্তৈঃ ॥১৫—১৬॥

তত্রেতি। সম্পন্নঃ সমন্বিতঃ। দেবসহে তন্নামনি ॥১৭॥

বৈদূর্য্যেতি। শ্রীমান্ কান্তিমান্। শিবো মঙ্গলকরঃ। বহূনি মূলফলোদকানি যত্র সঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

দক্ষিণস্যামিতি ॥১—৪॥ অন্থবংস্তাং বংশানুরূপাম্, ন তু নৃপমাত্রানুরূপাম্ ॥৫—১৩॥ কুমার্য্যঃ কুমারীব্রাচরন্ত্যো বাল্যাত্রাগাদহীনা অপি পরমেব পতিং প্রার্থয়ন্ত্যো ভগবদ্ভক্তা ইত্যর্থঃ। অতএব শ্রীভাগবতে দ্রবিড়েষেব ভগবদ্ভক্তভূয়স্ত্বং স্মর্য্যতে, পাণ্ড্যেষু দ্রবিড়বিশেষেষু

নরশ্রেষ্ঠ কুরুনন্দন! পাণ্ড্যদেশেই পবিত্র কুমারিকা অন্তরীপগুলি আছে বলিয়া কথিত হয়। আমি এখন প্রসিদ্ধ তাম্রপর্ণীনদীর বিষয় বলিব, শ্রবণ কর ॥১৪॥

ভরতনন্দন! যেখানে আশ্রমে থাকিয়া দেবতারা গুরুতর ফল কামনা করিয়া তপস্যা করিয়াছিলেন; ত্রিভুবনবিখ্যাত সেই গোকর্ণনামক হ্রদটী পুণ্য ও মঙ্গলজনক এবং অনির্ম্মলচিত্ত মনুষ্যের পক্ষে অতিদুর্লভ; আর তাহার জল শীতল ও প্রচুর ॥১৫—১৬॥

সেই দিকে পবিত্র দেবসহপর্ব্বতে অগস্ত্যশিষ্যের আশ্রম আছে; তাহাতে বৃক্ষ, তৃণপ্রভৃতি, ফল ও মূল রহিয়াছে ॥১৭॥

আর, সেই দক্ষিণদিকে সুন্দর, মণিময় ও মঙ্গলজনক একটী বৈদূর্য্যপর্ব্বত

(১৫)...ত্রিষু লোকেষু বিশ্রুতঃ—বা ব ক॥ (১৬)...বহুবনঃ...পি। (১৭)...পুণ্যো দেবসখো গিরিঃ—বা ব ক॥

সুরাষ্ট্রেষপি বক্ষ্যামি পুণ্যান্যায়তনানি চ।
আশ্রমান্ সরিতঃ শৈলান্ সরাংসি চ নরাধিপ ! ॥১৯॥
চমসোদ্ভেদনং বিপ্রাস্তত্রাপি কথয়ন্ত্যত।
প্রভাসঞ্চোদধৌ তীর্থং ত্রিদশানাং যুধিষ্ঠির ! ॥২০॥
তত্র পিণ্ডারকং নাম তাপসাচরিতং শিবম্।
উজ্জয়ন্তশ্চ শিখরী ক্ষিপ্রং সিদ্ধিকরো মহান্ ॥২১॥
তত্র দেবর্ষিধীরেণ নারদেনানুকীর্ত্তিতঃ।
পুরাণঃ শ্রূয়তে শ্লোকস্তং নিবোধ যুধিষ্ঠির ! ॥২২॥
পুণ্যে গিরৌ সুরাষ্ট্রেষু মৃগপক্ষিনিষেবিতে।
উজ্জয়ন্তে সুতপ্তাঙ্গো নাকপৃষ্ঠে মহীয়তে ॥২৩॥

ভারতকৌমুদী

সুরাষ্ট্রেষিতি। সুরাষ্ট্রেষু সুরাষ্ট্রদেশে। আয়তনানি ক্ষেত্রাণি ॥১৯॥

চমসেতি। চমসোদ্ভেদনং নাম তীর্থম্। ত্রিদশানাং দেবানাম্ ॥২০॥

তত্রেতি। পিণ্ডারকং নাম তীর্থমিতি শেষঃ। উজ্জয়ন্তো নাম শিখরী পর্ব্বতঃ ॥২১॥

তত্রেতি। দেবর্ষিষু ধীরঃ প্রধানো বিদ্বান্ তেন। পুরাণঃ প্রাচীনঃ ॥২২॥

পুণ্য ইতি। উজ্জয়ন্তে তদাখ্যে, সুতপ্তানি তপস্যার্থমাতপাদিনাতিতপ্তানি অঙ্গানি যস্য সঃ ॥২৩॥

আছে; তাহাতে অগস্ত্যের আশ্রম রহিয়াছে, সেই আশ্রমে বহুতর ফল, মূল ও জল পাওয়া যায় ॥১৮॥

রাজা! (তোমার নিকট) সুরাষ্ট্রদেশেরও পুণ্য আয়তন, আশ্রম, নদী, পর্ব্বত ও সরোবরগুলির কথা বলিব ॥১৯॥

যুধিষ্ঠির! ব্রাহ্মণেরা বলিয়া থাকেন—সুরাষ্ট্রদেশেও 'চমসোদ্ভেদন'-নামে তীর্থ এবং সমুদ্রের উপকূলে দেবগণের প্রভাসতীর্থ রহিয়াছে ॥২০॥

আর, সেখানে তপস্বিসেবিত মঙ্গলজনক 'পিণ্ডারক'-নামে একটী তীর্থ এবং সত্বর সিদ্ধিজনক 'উজ্জয়ন্ত'—নামে বিশাল এক পর্ব্বত আছে ॥২১॥

যুধিষ্ঠির! দেবর্ষিদের মধ্যে প্রধান জ্ঞানী নারদ যে গুলি বলিয়াছিলেন, যে গুলি আমরা শুনিয়া আসিতেছি, সেই পুরাতন শ্লোকগুলি তুমি শ্রবণ কর ॥২২॥

সুরাষ্ট্রদেশে পবিত্র ও পশুপক্ষিনিষেবিত উজ্জয়ন্তপর্ব্বতে থাকিয়া যে লোক তপস্যার জন্য দেহ সন্তপ্ত করে, সে লোক স্বর্গলোকে সম্মানিত হয় ॥২৩॥

---

(১৯)...সরিতশ্চৈব...বা ব কা। (২০)...প্রভাসঞ্চোদধেস্তীর্থম্...পি। (২৩)...উজ্জয়ন্তে স্ম তপ্তাঙ্গঃ...বা ব কা নি।

পুণ্যা দ্বারবতী তত্র যত্রাস্তে মধুসূদনঃ।
সাক্ষাদ্দেবঃ পুরাণোঽসৌ স হি ধর্ম্মঃ সনাতনঃ ॥২৪॥
যে চ বেদবিদো বিপ্রা যে চাধ্যাত্মবিদো জনাঃ।
তে বদন্তি মহাত্মানং কৃষ্ণং ধর্ম্মং সনাতনম্ ॥২৫॥
পবিত্রাণাং হি গোবিন্দঃ পবিত্রং পরমুচ্যতে।
পুণ্যানামপি পুণ্যোঽসৌ মঙ্গলানাঞ্চ মঙ্গলম্ ॥২৬॥
অব্যয়াত্মা ব্যয়াত্মা চ ক্ষেত্রজ্ঞঃ পরমেশ্বরঃ।
আস্তে হরিরচিন্ত্যাত্মা তত্রৈব মধুসূদনঃ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ধৌম্যতীর্থকথনে ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥*

ভারতকৌমুদী

পুণ্যেতি। দ্বারবতী নগরী। দেবো জগদ্ভিঃ ক্রীড়নশীলঃ, পুরাণঃ অনাদিত্বাৎ সর্ব্বাপেক্ষয়া প্রাচীনঃ, ধর্ম্মো ন্যায়ঃ জগৎসু ন্যায়প্রবর্ত্তক ইত্যর্থঃ, পরমেশ্বরত্বাদিতি ভাবঃ ॥২৪॥

নন্বত্রার্থে কিং প্রমাণমিত্যাহ য ইতি। ধর্ম্মং জগৎসু ন্যায়প্রবর্ত্তকম্ ॥২৫॥

পবিত্রাণামিতি। পবিত্রাণাং গঙ্গাদীনামপি স্বয়মেবোত্তমপবিত্রত্বাদিতি সর্ব্বত্রাশয়ঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

॥১৪॥ মহল্লোককলম্ ॥১৫—২২॥ তপোধঃ কৃততপস্ক: ॥২৩॥ সনাতনো ধর্ম্মঃ, 'ইজ্যাচারদমাহিংসাদানস্বাধ্যায়কর্ম্মণাম্। অয়ন্তু পরমো ধর্ম্মো যদ্‌যোগেনাত্মদর্শন"মিতি যাজ্ঞবল্ক্যোক্তঃ, তত্রাত্মদর্শনাখ্যস্য ধর্ম্মস্যাত্মনোঽনন্যত্বাৎ স হি ধর্ম্ম ইতি সামানাধিকরণ্যম্ ॥২৪॥ এতদেব স্পষ্টয়তি—যে চেত্যাদিনা ॥২৫—২৬॥ অব্যয়াত্মা অক্ষরব্রহ্মণী, ব্যয়াত্মা ক্ষরব্রহ্মণী, ক্ষেত্রজ্ঞো জীবঃ স এব পরমেশ্বরঃ "ক্ষেত্রজ্ঞং চাপি মাং বিদ্ধি" ইতি ভগবদ্বচনাৎ, ক্ষেত্রং জীব ঐশঞ্চ ত্রয়মপ্যব্যয়াখ্যং ব্রহ্মৈবেত্যর্থঃ। "ভোক্তা ভোগ্যং প্রেরিতারঞ্চ মত্বা সর্ব্বং প্রোক্তং ত্রিবিধং ব্রহ্ম চৈত"দিতি শ্রুতেঃ ॥২৭॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৩॥

সেই দক্ষিণদিকে দ্বারকানগরী আছে; যাহাতে সনাতন-ধর্ম্ম-প্রবর্ত্তক অনাদিদেবতা সাক্ষাৎ মধুসূদন বাস করিতেছেন ॥২৪॥

যাঁহারা বেদবিৎ ব্রাহ্মণ এবং যে সকল লোক আধ্যাত্মিক বিষয় জানেন, তাঁহারা মহাত্মা কৃষ্ণকে সনাতন ধর্ম্ম বলিয়া থাকেন ॥২৫॥

এবং তাঁহারা ইহাও বলেন যে, কৃষ্ণ—পবিত্রের মধ্যেও পরম পবিত্র, পুণ্যের মধ্যেও পরম পুণ্য এবং মঙ্গলের মধ্যেও পরম মঙ্গল ॥২৬॥

---

[২৫] যে চ ধর্ম্মবিদঃ…পি। * …'অষ্টাশীতিতমঃ…' বা ব কা পি, '…ষড়শীতিতমঃ…' নি।

চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ

ধৌম্য উবাচ।

অবন্তিষু প্রতীচ্যাং বৈ কীর্ত্তয়িষ্যামি তে দিশি।
যানি তত্র পবিত্রাণি পুণ্যান্যায়তনানি চ ॥১॥
প্রিয়ঙ্গ্বাম্রবনোপেতা বানীরবনমালিনী।
প্রত্যক্‌স্রোতা নদী পুণ্যা নর্ম্মদা তত্র ভারত! ॥২॥
ত্রৈলোক্যে যানি তীর্থানি পুণ্যান্যায়তনানি চ।
সরিদ্বনানি শৈলেন্দ্রা দেবাশ্চ সপিতামহাঃ ॥৩॥
নর্ম্মদায়াং কুরুশ্রেষ্ঠ! সহ সিদ্ধর্ষিচারণৈঃ।
স্নাতুমায়ান্তি পুণ্যৌঘৈঃ সদা বারিষু ভারত! ॥৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অব্যয়েতি। অব্যয়াত্মা অবিনশ্বরস্বভাবঃ, চিদ্রূপত্বাৎ "অচ্ছেদ্যোঽয়মদাহ্যোঽয়ম্" ইত্যাদি-শ্রুতেঃ; ব্যয়াত্মা বিনাশস্বরূপঃ, রুদ্ররূপত্বাৎ। অতএব হরতীতি হরিরিত্যাশয়ঃ। ক্ষেত্রজ্ঞো জীবঃ, "একো বশী সর্ব্বভূতান্তরাত্মা" ইতি শ্রুতেঃ; পরমেশ্বরঃ; সর্ব্বনিয়ন্তা, নিত্যপ্রবলৈ-শ্বর্য্যবত্ত্বাৎ; অচিন্ত্যাত্মা, "যন্মনসা ন মনুতে" ইতি শ্রুতেঃ; তত্রৈব দ্বারবত্যামেব ॥২৭॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

অবেতি। অবন্তিষু অবন্তিদেশে, "বহুত্ববদন্বাদেঃ" ইত্যাদিনা বহুবচনম্ ॥১॥
প্রিয়ঙ্গ্বিতি। বানীরবনমালিনী বেতসবনশ্রেণিযুক্তা, প্রত্যক্‌স্রোতাঃ পশ্চিমবাহিনী ॥২॥
ত্রৈলোক্য ইতি। সপিতামহা ব্রহ্মণা সহিতাঃ। পুণ্যৌঘৈঃ পুণ্যবদ্ভির্জনৈঃ ॥৩—৪॥

স্বয়ং অবিনাশী অথচ জগতের বিনাশকারী, জীবাত্মা, পরমেশ্বর এবং চিন্তার অগোচর হরি মধুসূদন সেই দ্বারকানগরীতেই আছেন ॥২৭॥

ধৌম্য বলিলেন—'যুধিষ্ঠির! পশ্চিমদিকে অবন্তিদেশে যে সকল পবিত্র ও পুণ্যজনক স্থান আছে, তাহা তোমার নিকট বলিব ॥১॥

ভরতনন্দন। সে দেশে 'নর্ম্মদা'—নামে একটী পবিত্র নদী আছে; তাহার তীরে প্রিয়ঙ্গুবন, আম্রবন ও বেতসবন রহিয়াছে এবং তাহার স্রোত পশ্চিম দিকে যাইয়া থাকে ॥২॥

[১] আনর্ত্তেষু প্রতীচ্যাং বৈ…বা ব কা। [৪]…স্নাতুমায়ান্তি পুণ্যাহে…পি।

নিকেতঃ শ্রূয়তে পুণ্যো যত্র বিশ্রবসো মুনেঃ।
জজ্ঞে ধনপতির্যত্র কুবেরো নরবাহনঃ ॥৫॥
বৈদুর্য্যশিখরো নাম পুণ্যো গিরিবরঃ শিবঃ।
নিত্যপুষ্পফলাস্তত্র পাদপা হরিতচ্ছদাঃ ॥৬॥
তস্য শৈলস্য শিখরে সরঃ পুণ্যং মহীপতে!।
ফুল্লপদ্মং মহারাজ! দেবগন্ধর্ব্বসেবিতম্ ॥৭॥
বহ্বাশ্চর্য্যং মহারাজ! দৃশ্যতে তত্র পর্ব্বতে।
পুণ্যে স্বর্গোপমে চৈব দেবর্ষিগণসেবিতে ॥৮॥
হ্রদিনী পুণ্যতীর্থা চ রাজর্ষেস্তত্র বৈ সরিৎ।
বিশ্বামিত্রেণ তপসা নির্ম্মিতা সর্বপাবনী ॥৯॥

ভারতকৌমুদী

নিকেত ইতি। নিকেত আশ্রমঃ। জজ্ঞে জাতবান্ ॥৫॥
বৈদুর্য্যেতি। বৈদুর্য্যশিখরো বৈদুর্য্যমণিময়শৃঙ্গঃ। হরিতচ্ছদা হরিদ্বর্ণপর্ণাঃ ॥৬॥
তস্যেতি। সরঃ অস্তি। ফুল্লানি প্রস্ফুটিতানি পদ্মানি যত্র তৎ ॥৭॥
বহ্বিতি। বহু প্রচুরম্, আশ্চর্য্যং পুষ্পপাদপাদিকম্ ॥৮॥

ভারতভাবদীপঃ

আনর্ত্তেম্বিতি। আনর্ত্তেষু পশ্চিমাশ্রিতেষু, অবন্তিম্বিতি পাঠে অবন্তিষু প্রতীচ্যাং চেতি বৈ শব্দশ্চার্থঃ ॥১॥ প্রত্যক্স্রোতাঃ পশ্চিমবাহিনী ॥২—৭॥ বহ্বাশ্চর্য্যং বেদধ্বনিশ্রবণাদি

কৌরবশ্রেষ্ঠ! ত্রিভুবনে যে সকল তীর্থ, পুণ্যস্থান, নদী, বন ও পর্ব্বত আছে, সেই সকল এবং ব্রহ্মাদিদেবগণ, সিদ্ধগণ, ঋষিগণ, চারণগণ ও অন্যান্য পুণ্যবান্ লোকসমূহ সর্ব্বদাই নর্ম্মদার জলে স্নান করিতে আসিয়া থাকেন ॥৩-৪॥

যে দিকে বিশ্রবামুনির পবিত্র আশ্রম আছে এবং যে আশ্রমে ধনপতি ও নরবাহন কুবের জন্মিয়াছিলেন বলিয়া শুনা যায় ॥৫॥

'বৈদুর্য্যশিখর'-নামে পবিত্র ও মঙ্গলজনক একটী শ্রেষ্ঠ পর্ব্বত আছে; তাহাতে আবার নানাবিধ বৃক্ষ আছে; সেগুলিতে সর্বদাই ফুল ও ফল থাকে এবং সেগুলির পত্র সকল হরিদ্বর্ণ ॥৬॥

মহারাজ! সেই পর্বতের শৃঙ্গে দেবগন্ধর্ব্বসেবিত পবিত্র একটী সরোবর আছে; তাহাতে সর্ব্বদাই পদ্মফুল ফুটিয়া থাকে ॥৭॥

মহারাজ! পুণ্যজনক, স্বর্গতুল্য এবং দেবগণ ও ঋষিগণসেবিত সেই পর্ব্বতে অনেক আশ্চর্য্য বস্তু দেখিতে পাওয়া যায় ॥৮॥

[৫] নিকেতঃ খ্যায়তে পুণ্যঃ···পি। [৯]···বিশ্বামিত্রনদী রাজন্! পুণ্যা পরপুরঞ্জয়! —বা ব কা পি।

যস্যাস্তীরে সতাং মধ্যে যযাতির্নহুষাত্মজঃ।
পপাত স পুনর্লোকাল্লেভে ধর্ম্মাংশ্চ শাশ্বতান্ ॥১০॥
তত্র পুণ্যো হ্রদঃ খ্যাতো মৈনাকশ্চৈব পর্ব্বতঃ।
বহুমূলফলোপেতস্ত্বসিতো নাম পর্ব্বতঃ ॥১১॥
আশ্রমঃ কক্ষসেনস্য পুণ্যস্তত্র যুধিষ্ঠির!।
চ্যবনস্যাশ্রমশ্চৈব খ্যাতঃ সর্ব্বত্র পাণ্ডব! ॥১২॥
তত্রাল্পেনৈব সিধ্যন্তি মানবাস্তপসা বিভো!।
জম্বূমার্গো মহারাজ! ঋষীণাং ভাবিতাত্মনাম্ ॥১৩॥
আশ্রমঃ শাম্যতাং শ্রেষ্ঠ! মৃগদ্বিজনিষেবিতঃ।
ততঃ পুণ্যতমা রাজন্! সততং তাপসৈর্যুতা ॥১৪॥

ভারতকৌমুদী

হ্রদিনীতি। হ্রদিনী হ্রদশালিনী, পুণ্যানি তীর্থানি ঘট্টানি যত্র সা ॥৯॥
যস্যা ইতি। সতাম্ অষ্টকপ্রতর্দ্দনশিবিবসুমতাম্। শাশ্বতান্ চিরন্তনান্ ॥১০॥
তত্রেতি। তত্র পশ্চিমায়াং দিশি। মৈনাকো নাম ॥১১॥
আশ্রম ইতি। কক্ষসেনস্য তদাখ্যস্য মুনেঃ। চ্যবনস্য চ মুনেঃ ॥১২॥
তত্রেতি। জম্বূমার্গো নাম তীর্থম্। ভাবিতাত্মনাং মৈত্র্যাদিচিন্তয়া শোধিতচিত্তানাম্ ॥১৩॥

সেই পশ্চিমদিকে রাজর্ষি বিশ্বামিত্রের একটী নদী আছে; তাহাতে হ্রদ ও পবিত্র ঘাট রহিয়াছে। বিশ্বামিত্র তপোবলে সর্ব্বপাবনী সেই নদীটী নির্ম্মাণ করিয়াছিলেন ॥৯॥

যাহার তীরে সাধুদের মধ্যে নহুষপুত্র যযাতি পতিত হইয়াছিলেন এবং পুনরায় চিরভোগ্য পুণ্যলোক লাভ করিয়াছিলেন ॥১০॥

আর, সেই দিকে পবিত্র হ্রদ, বিখ্যাত মৈনাকপর্ব্বত এবং বহুফলমূলযুক্ত অসিতপর্ব্বত রহিয়াছে ॥১১॥

পাণ্ডুনন্দন যুধিষ্ঠির! সেই পশ্চিমদিকে কক্ষসেনের পুণ্য আশ্রম এবং সর্ব্বত্র বিখ্যাত চ্যবনের আশ্রম আছে ॥১২॥

মহারাজ! মানুষ সেই আশ্রমে অল্প তপস্যা করিয়াই সিদ্ধিলাভ করিতে পারে। আর, সেই দিকে শোধিতচিত্ত ঋষিদের জম্বূমার্গতীর্থ আছে ॥১৩॥

রাজশ্রেষ্ঠ! শমগুণান্বিত সাধুদিগের আশ্রম আছে; তাহাতে নানাবিধ পশু-পক্ষী বাস করে। রাজা! তাহার পর অত্যন্তপুণ্যজনক এবং সর্ব্বদা

---

[১০]…লেভে ধর্ম্মান্ সনাতনান্—বা ব কা নি।

কেতুমালা চ মেধ্যা চ গঙ্গাদ্বারঞ্চ ভূমিপ !।
খ্যাতঞ্চ সৈন্ধবারণ্যং পুণ্যং দ্বিজনিষেবিতম্ ॥১৫॥ (যুগ্মকম্)
পিতামহসরঃ পুণ্যং পুষ্করং নাম নামতঃ।
বৈখানসানাং সিদ্ধানামৃষীণামাশ্রমঃ প্রিয়ঃ ॥১৬॥
অপ্যত্র সংশ্রয়ার্থায় প্রজাপতিরথো জগৌ।
পুষ্করেষু কুরুশ্রেষ্ঠ ! গাথাং সুকৃতিনাং বর ! ॥১৭॥
মনসাঽপ্যভিকামস্য পুষ্করাণি মনস্বিনঃ।
বিপ্রণশ্যন্তি পাপানি নাকপৃষ্ঠে চ মোদতে ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ধৌম্যতীর্থকথনে চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥*

ভারতকৌমুদী

আশ্রম ইতি। হে শ্রেষ্ঠ রাজন্ ! মৃগদ্বিজৈঃ পশুপক্ষিভির্নিষেবিতঃ সংশ্রিতঃ, শাম্যতাং শমগুণশালিনামাশ্রমো বর্ত্ততে। কেতুমালা নদী, মেধ্যা পবিত্রা ।১৪—১৫।

পিতেতি। বৈখানসানাং বনবাসিনাম্, "বৈখানসো বনেবাসী" ইত্যমরঃ ।১৬।

অপীতি। অত্র এষু পুষ্করেষু, বহুতীর্থময়ত্বাদ্বহুবচনম্। সংশ্রয়ার্থায় বাসায় ।১৭।

কাসৌ গাথেত্যাহ মনসেতি। অভিকামস্য অভিলাষিণঃ, পুষ্করাণি প্রতি ।১৮।

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ ।০।

ভারতভাবদীপঃ

।৮—১৩। শাম্যতাং শমবতাম্ ।১৪—১৫। বৈখানসানাং হৈরণ্যগর্ভাণাম্, কর্ম্মমার্গং ত্যক্ত্বা ধ্যানপরাণামিত্যর্থঃ ।১৬। সংশ্রয়ার্থায় বাসার্থম্ ।১৭। অভিকামস্য গন্তুমিচ্ছোঃ ।১৮।

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ ।৭৪।

তপস্বিযুক্ত পবিত্র কেতুমালানদী, গঙ্গাদ্বারতীর্থ এবং বিখ্যাত, পুণ্যজনক ও ব্রাহ্মণসেবিত সৈন্ধবারণ্যতীর্থ রহিয়াছে ॥১৪—১৫॥

'পুষ্কর'—নামে ব্রহ্মার পবিত্র একটী সরোবর আছে; তাহার তীরে বনবাসী সিদ্ধ ঋষিগণের প্রিয় আশ্রম রহিয়াছে ॥১৬॥

ধার্ম্মিকশ্রেষ্ঠ কৌরবনাথ! সেই পুষ্করতীর্থে বাস করিবার জন্য ব্রহ্মা একটী গাথা গাহিয়াছেন—॥১৭॥

'যে মনস্বী মনে মনে পুষ্করতীর্থ কামনাও করে, তাহারও সমস্ত পাপ নষ্ট হয় এবং সে—স্বর্গলোকে আমোদ করে' ॥১৮॥

* '...একোনবতিতমঃ...' বা ব কা পি, '...সপ্তাশীতিতমঃ...নি।

পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ

ধৌম্য উবাচ।

উদীচ্যাং রাজশার্দ্দূল! দিশি পুণ্যানি যানি বৈ।
তানি তে কীর্ত্তয়িষ্যামি তীর্থান্যায়তনানি চ ॥১॥
শৃণুষ্বাবহিতো ভূত্বা মম মন্ত্রয়তঃ প্রভো!।
কথাপ্রতিগ্রহো বীর! শ্রদ্ধাং জনয়তে শুভাম্ ॥২॥
সরস্বতী মহাপুণ্যা হ্রদিনী তীর্থশালিনী।
সমুদ্রগা মহাবেগা যমুনা যত্র পাণ্ডব! ॥৩॥
যত্র পুণ্যতমং তীর্থং প্লক্ষাবতরণং শিবম্।
যত্র সারস্বতৈরিষ্ট্বা গচ্ছন্ত্যবভৃথং দ্বিজাঃ ॥৪॥
পুণ্যঞ্চাখ্যায়তে দিব্যং শিবমগ্নিশিরোঽনঘ!।
সহদেবোঽযজদ্‌যত্র শম্যাক্ষেপেণ ভারত! ॥৫॥

ভারতকৌমুদী

উদীচ্যামিতি। উদীচ্যাম্ উত্তরস্যাং দিশি। আয়তনানি ক্ষেত্রাণি ॥১॥

শৃণুষ্বেতি। মন্ত্রয়তো ব্রুবতঃ। কথায়া ঈদৃশবাক্যস্য প্রতিগ্রহঃ কর্ণে গ্রহণম্ ॥২॥

সরস্বতীতি। হ্রদিনী হ্রদান্বিতা, তীর্থশালিনী ঘট্টান্বিতা। যত্র যস্যাং দিশি ॥৩॥

যত্রেতি। যত্র উদীচ্যাম্। প্লক্ষাবতরণং নাম। সারস্বতৈঃ সরস্বতীপ্রদেশপ্রাপ্যৈ-বস্তুভিঃ, ইষ্ট্বা যজ্ঞং কৃত্বা, অবভৃথং যজ্ঞান্তস্নানম্, গচ্ছন্তি প্রাপ্নুবন্তি ॥৪॥

পুণ্যমিতি। অগ্নিশিরো নাম তীর্থম্। সহদেবো নাম রাজা। যত্র উদীচ্যাম্।

ধৌম্য বলিলেন—'রাজশ্রেষ্ঠ! উত্তরদিকে যে সকল পুণ্যজনক তীর্থ ও ক্ষেত্র আছে, তাহা আমি তোমার নিকট বলিব ॥১॥

রাজা! বীর! তুমি মনোযোগী হইয়া তাহা আমার নিকট শ্রবণ কর। কারণ, মনোযোগপূর্ব্বক কথা শ্রবণ করিলে, তাহা মঙ্গলজনক বিশ্বাস উৎপাদন করে ॥২॥

পাণ্ডুনন্দন! যে উত্তরদিকে মহাপুণ্যা, হ্রদযুক্তা ও সোপানসমন্বিতা সরস্বতীনদী এবং সমুদ্রগামিনী মহাবেগা যমুনানদী রহিয়াছে ॥৩॥

যে দিকে সাতিশয়পুণ্যজনক ও মঙ্গলদায়ক প্লক্ষাবতরণতীর্থ আছে এবং যে দিকে ব্রাহ্মণেরা সরস্বতীপ্রদেশস্থ বস্তুদ্বারা যজ্ঞ করিয়া তদন্তে স্নান করিয়া থাকেন ॥৪॥

এতস্মিন্নেব চার্থেঽসাবিন্দ্রগীতা যুধিষ্ঠির!।
গাথা চরতি লোকেঽস্মিন্ গীয়মানা দ্বিজাতিভিঃ ॥৬॥
অগ্নয়ঃ সহদেবেন সেবিতা যমুনামনু।
তে তস্য কুরুশার্দ্দূল! সহস্রশতদক্ষিণাঃ ॥৭॥
তত্রৈব ভরতো রাজা চক্রবর্ত্তী মহাযশাঃ।
বিংশতিং সপ্ত চাষ্টৌ চ হয়মেধানুপাহরৎ ॥৮॥
কামকৃদ্ যো দ্বিজাতীনাং শ্রুতস্তাত! যথা পুরা।
অত্যন্তমাশ্রমঃ পুণ্যঃ শরভঙ্গস্য বিশ্রুতঃ ॥৯॥

ভারতকৌমুদী

শময়তি শক্রমিতি শম্যা যষ্টিঃ। ভব্যাদিবৎ কর্ত্তরি যপ্রত্যয়ঃ। তস্যাঃ ক্ষেপেণ, বলবতা জনেন ক্ষিপ্তা যষ্টির্যাবদ্দূরং গচ্ছতি, তাবদ্দূরবিস্তৃতযাগমণ্ডপেনেত্যর্থঃ ॥৫॥

এতস্মিন্নিতি। অর্থে নিমিত্তে, ইন্দ্রেণ দেবরাজেন গীতা অসকৃদুক্তা ॥৬॥

কাঽসৌ গাথেত্যাহ অগ্নয় ইতি। হে কুরুশার্দ্দূল! যমুনাম্ অনু লক্ষ্যীকৃত্য যমুনাতীর ইত্যর্থঃ, সহদেবেন রাজ্ঞা, অগ্নয়ঃ সেবিতা যাগেনোপাসিতা আসন্; তথা তস্য সহদেবস্য তে চাগ্নয়ঃ অগ্নিসাধ্যা যাগাঃ, সহস্রশতদক্ষিণা লক্ষদক্ষিণা বভূবুঃ ॥৭॥

তত্রেতি। চক্রবর্ত্তী সার্বভৌমঃ। হয়মেধান্ অশ্বমেধান্, উপাহরদম্বতিষ্ঠৎ ॥৮॥

কামেতি। কামকৃৎ অভীষ্টসম্পাদকঃ। শরভঙ্গস্য তদাখ্যস্য মুনেঃ ॥৯॥

ভারতভাবদীপঃ

উদীচ্যামিতি ॥১॥ মন্ময়তঃ কথয়তঃ, কথাপ্রতিগ্রহঃ কথায়া মনসি ধারণম্ ॥২—৩॥ সারস্বতৈঃ সরস্বত্যা প্রাপ্তৈঃ ॥৪॥ সহদেবঃ সৃঞ্জয়পুত্রঃ, শম্যা ক্ষেপেণ বলবতা ক্ষিপ্তা শম্যা লগুড়বিশেষো যাবদ্দূরং পতেৎ, তাবান্ যজ্ঞমণ্ডপো যস্মিন্ যজ্ঞে স শম্যাক্ষেপস্তেন ॥৫—৭॥

নিষ্পাপ ভরতনন্দন! পর্য্যটনকারী লোকেরা বলিয়া থাকেন—যে দিকে পবিত্র, অলৌকিক ও মঙ্গলদায়ক 'অগ্নিশির'-নামে তীর্থ আছে এবং সহদেব-রাজা অতিবৃহৎ যাগমণ্ডপ করিয়া তাহাতে যজ্ঞ করিয়াছিলেন ॥৫॥

যুধিষ্ঠির! এই জন্যই দেবরাজ ইন্দ্র একটী গাথা গাহিয়াছিলেন; সেই গাথা ব্রাহ্মণেরা গাহিতে থাকায় তাহা এই জগতে বিচরণ করিতেছে ॥৬॥

কৌরবশ্রেষ্ঠ! 'সহদেবরাজা যমুনার তীরে অগ্নির উপাসনা করিয়া-ছিলেন; তাহাতে তিনি লক্ষ মুদ্রা দক্ষিণা দিয়াছিলেন ॥৭॥

সার্ব্বভৌম ও মহাযশা ভরতরাজা সেই যমুনার তীরেই পঁয়ত্রিশটী অশ্ব-মেধযজ্ঞ করিয়াছিলেন ॥৮॥

বৎস! যিনি ব্রাহ্মণগণের অভীষ্ট সম্পাদন করিতেন বলিয়া পূর্ব্বে শুনিয়াছ, সেই শরভঙ্গমুনির অতিপুণ্যজনক বিখ্যাত আশ্রম আছে ॥৯॥

সরস্বতী নদী সদ্ভিঃ সততং পার্থ ! সেবিতা।
বালখিল্যৈর্মহারাজ ! যত্রেষ্টমৃষিভিঃ পুরা ॥১০॥
দৃশদ্বতী মহাপুণ্যা যত্র খ্যাতা যুধিষ্ঠির ! ।
ন্যগ্রোধাখ্যস্তু পাঞ্চাল্যঃ পুণ্যাখ্যো দ্বিপদাং বর ! ॥১১॥
দাল্‌ভ্যঘোষশ্চ দাল্‌ভ্যশ্চ ধরণীস্থো মহাত্মনঃ।
কৌন্তেয়ানন্তযশসঃ সুব্রতস্যামিতৌজসঃ ॥১২॥
আশ্রমঃ খ্যায়তে পুণ্যস্ত্রিষু লোকেষু বিশ্রুতঃ।
এতাবর্ণাববর্ণৌ চ বিশ্রুতৌ মনুজাধিপ ! ॥১৩॥
বেদজ্ঞৌ বেদবিদ্বাংসৌ বেদবিদ্যাবিদাবুভৌ।
ঈজাতে ক্রতুভির্মুখ্যৈঃ পুণ্যৈর্ভরতসত্তম ! ॥১৪॥ (কলাপকম্)
সমেত্য বহুশো দেবাঃ সেন্দ্রাঃ সবরুণাঃ পুরা।
বিশাখযূপেঽতপ্যন্ত তেন পুণ্যতমশ্চ সঃ ॥১৫॥

ভারতকৌমুদী

সরস্বতীতি। যত্র সরস্বত্যাম্, ইষ্টং যজ্ঞঃ কৃতঃ ॥১০॥

দৃশদ্বতীতি। যত্র উত্তরস্যাং দিশি। হে দ্বিপদাং বর ! মনুষ্যশ্রেষ্ঠ ! । সুব্রতস্য মুনেঃ। আশ্রমো ন্যগ্রোধাখ্যাদিপঞ্চসংখ্যকঃ। এতাবর্ণঃ অববর্ণশ্চ নাম ঋষী। বেদজ্ঞাবিত্যনেনাধীতবেদত্বম্, বেদবিদ্বাংসাবিত্যনেন বেদাধ্যাপকত্বম্, বেদবিদ্যাবিদাবিত্যনেন চ বেদবিহিতকার্য্যকারিত্বং লক্ষ্যতে। ঈজাতে যজ্ঞং কৃতবন্তৌ ॥১১—১৪॥

ভারতভাবদীপঃ

বিংশতিঃ বিংশতিবারমাবর্ত্তিতঃ সপ্ত অষ্টৌ চেতি অষ্টচত্বারিংশদধিকং শতম্। "ত্রয়স্ত্রিংশজ্জতং রাজে"তি তু শ্রুতিঃ। বিংশতিমিতি পাঠেঽত্যন্তহীনসংখ্যত্বাৎ পঞ্চত্রিংশৎ ॥৮—১২॥ এতা কৃষ্ণমৃগী তদ্বর্ণৌ কৃষ্ণৌ নরনারায়ণাবিত্যর্থঃ। বস্তুতস্তু বর্ণৌ বর্ণাঃ লোহিতশুক্লকৃষ্ণাঃ

মহারাজ যুধিষ্ঠির ! সেই উত্তরদিকে সর্ব্বদা সাধুসেবিত সরস্বতীনদী রহিয়াছে ; যাহার তীরে পূর্ব্বকালে বালখিল্য ঋষিরা যজ্ঞ করিয়াছিলেন ॥১০॥

যুধিষ্ঠির ! যে দিকে মহাপুণ্যা বিখ্যাতা দৃশদ্বতীনদীও রহিয়াছে এবং মনুষ্যশ্রেষ্ঠ কুন্তীনন্দন ! মহাত্মা, মহাযশা ও অমিততেজা সুব্রতমুনির পাঁচটী ত্রিভুবনবিখ্যাত পবিত্র আশ্রম আছে বলিয়া লোকে বলে। পৃথিবীস্থ সেই আশ্রম কয়টীর নাম—ন্যগ্রোধ, পাঞ্চাল্য, পুণ্য, দাল্‌ভ্যঘোষ ও দাল্‌ভ্য। আর, ভরতশ্রেষ্ঠ রাজা ! সেই দিকেই বেদবিৎ, বেদাধ্যাপক ও বেদবিধান অনুসারে কার্য্যকারী বিখ্যাত এতাবর্ণ ও অববর্ণ ঋষি পুণ্যজনক প্রধান প্রধান যজ্ঞ করিয়াছিলেন ॥১১—১৪॥

(১০)…পার্থ ! পূজিতা…বা ব কা নি।

ঋষির্মহান্ মহাভাগো জমদগ্নির্মহাযশাঃ।
পলাশকেষু পুণ্যেষু রম্যেষ্বযজত প্রভুঃ ॥১৬॥
যত্র সর্ব্বাঃ সরিচ্ছ্রেষ্ঠাঃ সাক্ষাত্তমৃষিসত্তমম্।
স্বং স্বং তোয়মুপাদায় পরিবার্য্যোপতস্থিরে ॥১৭॥
অপি চাত্র মহারাজ! স্বয়ং বিশ্বাবসুর্জগৌ।
ইমং শ্লোকং তদা বীর! প্রেক্ষ্য দীক্ষাং মহাত্মনঃ ॥১৮॥
যজমানস্য বৈ দেবান্ জমদগ্নের্মহাত্মনঃ।
আগম্য সরিতো বিপ্রান্ মধুনা সমতর্পয়ন্ ॥১৯॥
গন্ধর্ব্বযক্ষরক্ষোভিরপ্সরোভিশ্চ সেবিতম্।
কিরাতকিন্নরাবাসং শৈলং শিখরিণাং বরম্ ॥২০॥
বিভেদ তরসা গঙ্গা গঙ্গাদ্বারং যুধিষ্ঠির!।
পুণ্যং তৎ খ্যায়তে রাজন্! ব্রহ্মর্ষিগণসেবিতম্ ॥২১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সমেত্যেতি। বিশাখযূপে তন্নামনি স্থানবিশেষে ॥১৫॥
ঋষিরিতি। পলাশকেষু পলাশবনময়স্থানেষু। প্রভুঃ তপঃপ্রভাববান্ ॥১৬॥
যত্রেতি। পরিবার্য্য পরিবেষ্ট্য, উপতস্থিরে উপস্থিতা আসন্ ॥১৭॥
অপীতি। বিশ্বাবসুর্নাম গন্ধর্ব্বরাজঃ। মহাত্মনো জমদগ্নেঃ, দীক্ষাং যজ্ঞারম্ভম্ ॥১৮॥
কোঽসৌ শ্লোক ইত্যাহ—যজেতি। যজমানস্য যজ্ঞৈঃ পূজয়তঃ ॥১৯॥
গন্ধর্বেতি। শৈলং হিমাদ্রিম্। তরসা বেগেন। গঙ্গাদ্বারং নাম ॥২০—২১॥

পূর্ব্বকালে দেবতারা ইন্দ্র ও বরুণের সহিত আসিয়া 'বিশাখযূপ'-নামক স্থানে বহুবার তপস্যা করিয়াছিলেন ; সেই জন্যই সেই স্থানটী অতিশয় পুণ্যজনক হইয়া রহিয়াছে ॥১৫॥

মহর্ষি, মহাভাগ্যশালী, মহাযশা ও তপঃপ্রভাবসম্পন্ন জমদগ্নি পবিত্র ও মনোহর পলাশবনে যজ্ঞ করিয়াছিলেন ॥১৬॥

যেখানে সমস্ত প্রধান প্রধান নদী আপন আপন জল লইয়া আসিয়া প্রত্যক্ষভাবে জমদগ্নিকে পরিবেষ্টন করিয়া অবস্থান করিয়াছিল ॥১৭॥

অপি চ, বীর মহারাজ! তখন মহাত্মা জমদগ্নির যজ্ঞ পর্য্যবেক্ষণ করিয়া গন্ধর্ব্বরাজ বিশ্বাবসু স্বয়ং এই শ্লোকটী বলিয়াছিলেন—॥১৮॥

'মহাত্মা জমদগ্নি দেবতাদের উদ্দেশে যজ্ঞ করিতে থাকিলে, নদীরা আসিয়া মধুদ্বারা ব্রাহ্মণদিগের তৃপ্তি সাধন করিয়াছিল' ॥১৯॥

রাজা যুধিষ্ঠির! গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস ও অপ্সরোগণকর্ত্তৃক সেবিত এবং

(২১)···পুণ্যং তদ্খ্যায়তে···বা ব কা।

সনৎকুমারঃ কৌরব্য ! পুণ্যং কনখলং তথা ।
পর্ব্বতশ্চ পুরুর্নাম যত্র জাতঃ পুরূরবাঃ ॥২২॥
ভৃগুর্যত্র তপস্তেপে মহর্ষিগণসেবিতে ।
রাজন্ ! স আশ্রমঃ খ্যাতো ভৃগুতুঙ্গে মহাগিরৌ ॥২৩॥
যঃ স ভূতং ভবিষ্যচ্চ ভবচ্চ ভরতর্ষভ ! ।
নারায়ণো বিভুর্বিষ্ণুঃ শাশ্বতঃ পুরুষোত্তমঃ ॥২৪॥
তস্যাতিযশসঃ পুণ্যাং বিশালাং বদরীমনু ।
আশ্রমঃ খ্যায়তে পুণ্যস্ত্রিষু লোকেষু বিশ্রুতঃ ॥২৫॥ (যুগ্মকম্)
উষ্ণতোয়বহা গঙ্গা শীততোয়বহা পুরা ।
সুবর্ণসিকতা রাজন্ ! বিশালাং বদরীমনু ॥২৬॥

ভারতকৌমুদী

সনদিতি। সনৎকুমারো মুনিঃ, কনখলমপি তথা পুণ্যং ব্রবীতীশেষঃ ॥২২॥

ভৃগুরিতি। মহর্ষিগণসেবিতে ভৃগুতুঙ্গে মহাগিরৌ স আশ্রমঃ খ্যাতঃ ॥২৩॥

য ইতি। ভূতাদিত্রিতয়স্বরূপ ইত্যর্থঃ। বিভুর্ব্যাপকঃ, শাশ্বতো নিত্যঃ। বদরীং তদাখ্যং স্থানম্, অনু লক্ষীকৃত্য স্থিত ইতি শেষঃ ॥২৪—২৫॥

উষ্ণেতি। সুবর্ণসিকতা স্বর্ণময়বালুকা। অনু লক্ষীকৃত্য স্থিতা ॥২৬॥

কিরাত ও কিন্নরগণের বাসভূমি পর্ব্বতশ্রেষ্ঠ হিমালয়কে বেগে ভেদ করিয়া গঙ্গা নির্গত হইয়াছেন ; সেই জন্যই ব্রহ্মর্ষিগণসেবিত সেই স্থানটীকে 'গঙ্গাদ্বার' বলে ॥২০—২১॥

কুরুনন্দন ! সনৎকুমারমুনি কনখলকেও গঙ্গাদ্বারের তুল্যই পুণ্যজনক বলেন। আর, 'পুরু'-নামে একটী পর্ব্বতও আছে ; যাহাতে রাজা পুরূরবা জন্মিয়াছিলেন ॥২২॥

রাজা ! ভৃগু যেখানে তপস্যা করিয়াছিলেন, মহর্ষিগণসেবিত মহাগিরি ভৃগুতুঙ্গে সেই বিখ্যাত আশ্রম রহিয়াছে ॥২৩॥

ভরতশ্রেষ্ঠ ! যে নারায়ণ ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানস্বরূপ এবং যিনি সর্ব্বব্যাপক, বিষ্ণু, নিত্য ও পুরুষোত্তম, পুণ্যজনক ও বিশাল বদরিকাতে সেই মহাযশা নারায়ণের ত্রিভুবনবিখ্যাত পুণ্য আশ্রম রহিয়াছে ; ইহা মুনিরা বলিয়া থাকেন ॥২৪—২৫॥

রাজা ! পূর্ব্বকালে বিশাল বদরিকাশ্রমে গঙ্গার জল কখনও উষ্ণ এবং কখনও শীতল ছিল ; আর তাহার বালিগুলি স্বর্ণময় ছিল ॥২৬॥

(২৩)…ভৃগুতুঙ্গো মহাগিরিঃ—বা ব কা নি।

ঋষয়ো যত্র দেবাশ্চ মহাভাগা মহৌজসঃ।
প্রাপ্য নিত্যং নমস্যন্তি দেবং নারায়ণং প্রভুম্ ॥২৭॥
যত্র নারায়ণো দেবঃ পরমাত্মা সনাতনঃ।
তত্র কৃৎস্নং জগৎ পার্থ! তীর্থান্যায়তনানি চ ॥২৮॥
তৎ পুণ্যং পরমং ব্রহ্ম তত্তীর্থং তত্তপোবনম্।
তৎ পরং পরমং দেবং ভূতানাং পরমীশ্বরম্ ॥২৯॥
শাশ্বতং পরমঞ্চৈব ধাতারং পরমং পদম্।
যং বিদিত্বা ন শোচন্তি বিদ্বাংসঃ শাস্ত্রদৃষ্টয়ঃ ॥৩০॥ (যুগ্মকম্)
তত্র দেবর্ষয়ঃ সিদ্ধাঃ সর্বে চৈব তপোধনাঃ।
আদিদেবো মহাযোগী যত্রাস্তে মধুসূদনঃ।
পুণ্যানামপি তৎ পুণ্যমত্র তে সংশয়োঽস্তু মা ॥৩১॥

ভারতকৌমুদী

ঋষয় ইতি। প্রাপ্য গত্বা, নিত্যং প্রত্যহম্ ॥২৭॥

যত্রেতি। নারায়ণস্য সর্ব্বময়ত্বাদিত্যাশয়ঃ ॥২৮॥

তদিতি। তৎ পুণ্যং সত্ত্বগুণত্বে পুণ্যময়ম্, পরমং ব্রহ্ম "জন্মাদ্যস্য যতঃ" ইতি শারীরকসূত্রোক্তলক্ষণকম্, তত্তীর্থং পাবনত্বাৎ, তত্তপোবনং স্থিতিসম্পাদনেনেব মতিসম্পাদনেন তপঃসাধকত্বাৎ, তৎ পরং সর্ব্বশ্রেষ্ঠং ব্রহ্মরূপত্বাৎ, পরমং দেবং সর্ব্বদেবাধিকৈশ্বর্য্যশালিত্বাৎ, ভূতানাং প্রাণিনাং মধ্যে পরং সর্ব্বশ্রেষ্ঠম্, ঈশ্বরং সর্ব্বনিয়ন্তারম্, শাশ্বতং নিত্যং ব্রহ্মত্বাৎ, পরমং ধাতারং সর্বাধারত্বাৎ, পরমং পদং স্থানঞ্চ চরমগম্যত্বাৎ, যং নারায়ণং বিদিত্বা, বিদ্বাংসো জ্ঞানিনঃ শাস্ত্রদৃষ্টয়ঃ শাস্ত্রজ্ঞাশ্চ ন শোচন্তি, "তমেব বিদিত্বাঽতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়" ইতি শ্রুতেঃ ॥২৯—৩০॥

তত্রেতি। তত্র বদরিকাশ্রমে। সিদ্ধা লব্ধাভীষ্টদেবসাক্ষাৎকারাঃ। তিষ্ঠন্তীতি শেষঃ। তৎ স্থানম্। মা ন সংশয়োঽস্তু। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥

মহাভাগ্যশালী ও মহাতেজা দেবগণ ও ঋষিগণ যেখানে আসিয়া প্রত্যহ প্রভু নারায়ণদেবকে নমস্কার করিয়া থাকেন ॥২৭॥

পৃথানন্দন! পরমাত্মা সনাতন নারায়ণ যেখানে আছেন, সেখানে সমস্ত জগৎ, সমস্ত তীর্থ এবং সমস্ত সিদ্ধক্ষেত্র রহিয়াছে ॥২৮॥

তিনি পুণ্যময়, তিনি পরব্রহ্ম, তিনি তীর্থ, তিনি তপোবন, তিনি সর্ব্বোৎকৃষ্ট, তিনি পরমদেবতা, তিনি প্রাণিগণের মধ্যে শ্রেষ্ঠ, তিনি ঈশ্বর, তিনি নিত্য, তিনি পরম আশ্রয়, এবং তিনিই উত্তম স্থান, যাঁহাকে জানিয়া জ্ঞানী শাস্ত্রদর্শীরা শোক অনুভব করেন না ॥২৯—৩০॥

(২৮)...জগৎ সর্ব্বম্...বা ব কা নি।

এতানি রাজন্ ! পুণ্যানি পৃথিব্যাং পৃথিবীপতে ! ।
কীর্ত্তিতানি নরশ্রেষ্ঠ ! তীর্থান্যায়তনানি চ ॥৩২॥
এতানি বসুভিঃ সাধ্যৈরাদিত্যৈর্মরুদশ্বিভিঃ ।
ঋষিভির্দেবকল্পৈশ্চ সেবিতানি মহাত্মভিঃ ॥৩৩॥
চরন্নেতানি কৌন্তেয় ! সহিতো ব্রাহ্মণর্ষভৈঃ ।
ভ্রাতৃভিশ্চ মহাভাগৈরুৎকণ্ঠাং বিহরিষ্যসি ॥৩৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ধৌম্যতীর্থকথনে পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এতানীতি। অত্রেদমবধেয়ম্, পুলস্ত্যোক্ততয়া কিয়ন্ত্যনেন নোক্তানি। যথা শাকম্ভরী-তীর্থাদীনি। পুলস্ত্যানুক্তানি চ কিয়ন্ত্যনেনোক্তানি। যথা বদরিকাশ্রমাদীনি। কিয়ন্তি চ তদানীমপ্যজ্ঞাততয়া পুলস্ত্যধৌম্যাভ্যামুভাভ্যামেব নোক্তানি। যথা বৃন্দাবনাদীনি। অতএব ধৌম্যেন "যথাশ্রুতি" "যথাস্মৃতি" ইতি প্রাগেবোক্তম্ ॥৩২॥

এতানীতি। এতেনোক্ততীর্থানাং সর্ব্বথৈবোপাদেয়ত্বং সূচিতম্ ॥৩৩॥

চরন্নিতি। উৎকণ্ঠাম্ অর্জ্জুনবিষয়কৌৎসুক্যম্, বিহরিষ্যসি ত্যক্ষ্যসি ॥৩৪॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

রজঃসত্ত্বতমাংসি তদ্রহিতৌ ॥১১—১৪॥ বিশালাং নামতঃ, বদরীমনু বদরীসমীপে ॥১৫—৩৩॥ বিহরিষ্যসি পরিহরিষ্যসি ॥৩৪॥

ইতি বনপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৫॥

সেখানে সিদ্ধ দেবর্ষিগণ এবং সকল তপস্বিগণ অবস্থান করেন, যেখানে আদিদেব ও মহাযোগী নারায়ণ অবস্থান করিতেছেন। অতএব সেই স্থানটী পুণ্য স্থানের মধ্যে পুণ্যতম। যুধিষ্ঠির। এ বিষয়ে যেন তোমার সংশয় হয় না ॥৩১॥

নরশ্রেষ্ঠ রাজা। এই তোমার নিকট পৃথিবীর পুণ্যতীর্থগুলি এবং পুণ্য-ক্ষেত্রগুলি বলিলাম ॥৩২॥

বসুগণ, সাধ্যগণ, আদিত্যগণ, মরুদ্গণ, অশ্বিনীকুমারদ্বয় এবং দেবতুল্য মহাত্মা ঋষিরা এই তীর্থগুলির সেবা করিয়াছেন ॥৩৩॥

কুন্তীনন্দন! তুমি—ব্রাহ্মণশ্রেষ্ঠগণ ও মহাভাগ ভ্রাতৃগণের সহিত

---

* '...নবতিতমঃ...' বা ব কা পি, '...অষ্টাশীতিতমঃ...' নি।

ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ

বৈশম্পায়ন উবাচ।

এবং সম্ভাষমাণে তু ধৌম্যে কৌরবনন্দনম্।
লোমশঃ সুমহাতেজা ঋষিস্তত্রাজগাম হ ॥১॥
তং পাণ্ডবাগ্রজো রাজা সগণো ব্রাহ্মণাশ্চ তে।
উপাতিষ্ঠন্মহাভাগং দিবি শক্রমিবামরাঃ ॥২॥
তমভ্যর্চ্চ্য যথান্যায়ং ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
পপ্রচ্ছাগমনে হেতুমটনে চ প্রয়োজনম্ ॥৩॥
স পৃষ্টঃ পাণ্ডুপুত্রেণ প্রীয়মাণো মহামনাঃ।
উবাচ শ্লক্ষয়া বাচা হর্ষয়ন্নিব পাণ্ডবান্ ॥৪॥

ভারতকৌমুদী

এবমিতি। কৌরবনন্দনং যুধিষ্ঠিরম্, এবং সম্ভাষমাণে ব্রুবতি সতি ॥১॥
তমিতি। সগণো ভীমাদিভিরনুচরৈঃ সহ। উপাতিষ্ঠৎ পাদ্যাদিভিরপূজয়ৎ ॥২॥
তমিতি। তং লোমশমেব হেতুং পপ্রচ্ছ। প্রচ্ছির্দ্বিকর্ম্মকঃ। অটনে বিচরণে ॥৩॥
স ইতি। স লোমশঃ। শ্লক্ষয়া কোমলয়া ॥৪॥

মিলিত হইয়া এই তীর্থসমূহে বিচরণ করিতে থাকিয়া অর্জ্জুনের উৎকণ্ঠা ত্যাগ করিতে পারিবে ॥৩৪॥

বৈশম্পায়ন বলিলেন—ধৌম্যপুরোহিত যুধিষ্ঠিরকে এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে অতিমহাতেজা লোমশমুনি সেখানে উপস্থিত হইলেন ॥১॥

তখন স্বর্গে দেবগণ যেমন দেবরাজের পূজা করেন, সেইরূপ অনুচরবর্গের সহিত যুধিষ্ঠির এবং সেই ব্রাহ্মণগণ মহাত্মা লোমশের পূজা করিলেন ॥২॥

যথানিয়মে পূজা করিয়া ধর্ম্মপুত্র যুধিষ্ঠির লোমশের নিকটে তাঁহার আগমনের কারণ এবং বিচরণের প্রয়োজন জিজ্ঞাসা করিলেন ॥৩॥

যুধিষ্ঠির ঐরূপ জিজ্ঞাসা করিলে, মহামনা লোমশ আনন্দিত হইয়া পাণ্ডবগণকেও আনন্দিত করিবার জন্য কোমলবাক্যে বলিতে লাগিলেন—॥৪॥

[১] এবং সম্ভাষমাণে তু ধৌম্যে কৌরবনন্দন!...বা ব কা। [২]...উপতিষ্ঠন্মহাভাগম্...পি।

সঞ্চরন্নস্মি কৌন্তেয় ! সর্বান্ লোকান্ যদৃচ্ছয়া ।
গতঃ শক্রস্য ভবনং তত্রাপশ্যং সুরেশ্বরম্ ॥৫॥
তব চ ভ্রাতরং বীরমপশ্যং সব্যসাচিনম্ ।
শক্রস্যার্দ্ধাসনগতং তত্র মে বিস্ময়ো মহান্ ॥৬॥
আসীৎ পুরুষশার্দ্দূল ! দৃষ্ট্বা পার্থং তথা গতম্ ।
আহ মাং তত্র দেবেশো গচ্ছ পাণ্ডুসুতান্ প্রতি ॥৭॥ (যুগ্মকম্)
সোঽহমভ্যাগতঃ ক্ষিপ্রং দিদৃক্ষুস্ত্বাং সহানুজম্ ।
বচনাৎ পুরুহূতস্য পার্থস্য চ মহাত্মনঃ ॥৮॥
আখ্যাস্যে তে প্রিয়ং তাত ! সুমহৎ পাণ্ডুনন্দন ! ।
ঋষিভিঃ সহিতো রাজন্ ! কৃষ্ণয়া চৈব তচ্ছৃণু ॥৯॥
যত্ত্বয়োক্তো মহাবাহুরস্ত্রার্থং ভরতর্ষভ ! ।
তদস্ত্রমাপ্তং পার্থেন রুদ্রাদপ্রতিমং বিভো ! ॥১০॥

ভারতকৌমুদী

কিমুবাচেত্যাহ সঞ্চরন্নিতি । যদৃচ্ছয়া উদ্দেশ্যবিহীনেচ্ছয়া ॥৫॥

তবেতি । সব্যসাচিনমর্জ্জুনম্ । তথা গতং শক্রস্যার্দ্ধাসনগতং পার্থমর্জ্জুনং দৃষ্ট্বা মে মহান্ বিস্ময় আসীৎ, মানুষস্য দেবরাজার্দ্ধাসনে স্থিত্যসম্ভবাদিতি ভাবঃ ॥৬—৭॥

স ইতি । বচনাদনুরোধবাক্যাৎ, পুরুহূতস্য ইন্দ্রস্য, পার্থস্য অর্জ্জুনস্য ॥৮॥

আখ্যাস্য ইতি । প্রিয়ং প্রীতিকরং বচনম্ । কৃষ্ণয়া দ্রৌপদ্যা ॥৯॥

'কুন্তীনন্দন ! আমি যদৃচ্ছাক্রমে সমস্ত লোকে বিচরণ করিতে করিতে ইন্দ্রের ভবনে যাইয়া উপস্থিত হইয়াছিলাম এবং সেখানে ইন্দ্রকে দেখিয়াছিলাম ॥৫॥

এবং তোমার ভ্রাতা মহাবীর অর্জ্জুনকে ইন্দ্রের অর্দ্ধাসনে উপবিষ্ট দেখিয়াছিলাম। পুরুষশ্রেষ্ঠ ! অর্জ্জুনকে সেই স্থানে উপবিষ্ট দেখিয়া আমার গুরুতর বিস্ময় জন্মিয়াছিল। তখন দেবরাজ আমাকে বলিলেন—'ঋষি ! আপনি পাণ্ডবগণের নিকট গমন করুন ॥৬—৭॥

তা'র পর দেবরাজের ও মহাত্মা অর্জ্জুনের অনুরোধে কনিষ্ঠ ভ্রাতাদের সহিত তোমাকে দেখিবার জন্য সত্বর আমি এখানে আসিয়াছি ॥৮॥

বৎস পাণ্ডুনন্দন ! আমি তোমার নিকট গুরুতর প্রিয় সংবাদ বলিব। রাজা ! ঋষিগণ ও দ্রৌপদীর সহিত তুমি তাহা শ্রবণ কর ॥৯॥

ভরতশ্রেষ্ঠ রাজা ! তুমি যে অস্ত্রলাভের জন্য অর্জ্জুনকে বলিয়াছিলে, অর্জ্জুন মহাদেবের নিকট হইতে সেই অতুলনীয় অস্ত্র লাভ করিয়াছেন ॥১০॥

যত্তদ্ব্রহ্মশিরো নাম তপসা রুদ্রমাগতম্।
অমৃতাদুত্থিতং রৌদ্রং তল্লব্ধং সব্যসাচিনা ॥১১॥
তৎ সমন্ত্রং সসংহারং সপ্রায়শ্চিত্তমঙ্গলম্।
বজ্রমস্ত্রাণি চান্যানি দণ্ডাদীনি যুধিষ্ঠির! ॥১২॥
যমাৎ কুবেরাদ্বরুণাদিন্দ্রাচ্চ কুরুনন্দন!।
অস্ত্রাণ্যধীতবান্ পার্থো দিব্যান্যমিতবিক্রমঃ ॥১৩॥
বিশ্বাবসোস্তু তনয়াদ্গীতং নৃত্যঞ্চ সাম চ।
বাদিত্রঞ্চ যথান্যায়ং প্রত্যবিন্দদ্যথাবিধি ॥১৪॥
এবং কৃতাস্ত্রঃ কৌন্তেয়ো গান্ধর্ব্বং বেদমাপ্তবান্।
সুখং বসতি বীভৎসুরনুজস্যানুজস্তব ॥১৫॥

ভারতকৌমুদী

যদিতি। মহাবাহুরর্জ্জুনঃ। আপ্তং লব্ধম্, পার্থেন অর্জ্জুনেন ॥১০॥

কিং নাম তদস্ত্রমিত্যাহ যদিতি। অমৃতাৎ মন্থনসময়ে অমৃতাশ্রয়াৎ সমুদ্রাৎ ॥১১॥

তদিতি। সংহারেণ নিবর্ত্তনেন সহেতি সসংহারম্, প্রায়শ্চিত্তং পরপ্রযুক্তস্য নিবারণং তদেব মঙ্গলং তেন সহেতি তৎ। লব্ধং লব্ধানি চেত্যনুবর্ত্ততে ॥১২॥

অথ কস্মাল্লব্ধং লব্ধানি বেত্যাহ যমাদিতি। যথাসম্ভবমধীতবান্ ॥১৩॥

বিশ্বেতি। বিশ্বাবসোস্তনয়াৎ চিত্রসেনাৎ। সাম সান্ত্ববাদং সামগানং বা ॥১৪॥

এবমিতি। কৃতাস্ত্রঃ শিক্ষিতাস্ত্রঃ, আপ্তবান্ চিত্রসেনাল্লব্ধবাংশ্চ সন্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—১১॥ সমন্ত্রং প্রয়োগাদৌ মন্ত্রসহিতম্। সংহারস্ত্যক্তস্যাকর্ষণম্। প্রায়শ্চিত্তং অস্ত্রাগ্নিনা নিরপরাধানাং দাহে যো দোষস্তস্য শোধনম্। মঙ্গলং হতানামেবায়ামাদীনাং পুনর্ব্বিকসনম্। বজ্রং বজ্রবদপ্রতীকার্য্যং রৌদ্রমেব ॥১২—১৩॥ গীতং লৌকিকং

সেই যে 'ব্রহ্মশির'-নামক অস্ত্র সমুদ্রমন্থনের সময় তাহা হইতে উঠিয়াছিল এবং মহাদেবের তপস্যায় তাঁহার নিকট আসিয়াছিল; সেই পাশুপত অস্ত্র অর্জ্জুন লাভ করিয়াছেন ॥১১॥

আর, যুধিষ্ঠির! মন্ত্র, উপসংহার ও নিবারণের উপায়ের সহিত সেই বজ্র এবং দণ্ডপ্রভৃতি অন্যান্য অস্ত্রও অর্জ্জুন লাভ করিয়াছেন ॥১২॥

কুরুনন্দন! অসাধারণ-বিক্রমশালী অর্জ্জুন যম, কুবের, বরুণ ও ইন্দ্রের নিকট হইতে স্বর্গীয় অস্ত্র সকল শিক্ষা করিয়াছেন ॥১৩॥

তাহার পর তিনি—বিশ্বাবসুর পুত্র চিত্রসেনগন্ধর্ব্বের নিকট নৃত্য, গীত, বাদ্য ও সামগান যথানিয়মে ও যথাবিধানে শিক্ষা করিয়াছেন ॥১৪॥

(১১)···রুদ্রমাগমৎ···বা ব কা নি।

যদর্থং মাং সুরশ্রেষ্ঠ ইদং বচনমব্রবীৎ।
তচ্চ তে কথয়িষ্যামি যুধিষ্ঠির! নিবোধ মে ॥১৬॥
ভবান্ মনুষ্যলোকেঽপি গমিষ্যতি ন সংশয়ঃ।
ব্রূয়াদ্যুধিষ্ঠিরং তত্র বচনান্মে দ্বিজোত্তম! ॥১৭॥
আগমিষ্যতি তে ভ্রাতা কৃতাস্ত্রঃ ক্ষিপ্রমর্জ্জুনঃ।
সুরকার্য্যং মহৎ কৃত্বা যদশক্যং দিবৌকসৈঃ ॥১৮॥
তপসাপি ত্বমাত্মানং যোজয় ভ্রাতৃভিঃ সহ।
তপসো হি পরং নাস্তি তপসা বিন্দতে মহৎ ॥১৯॥
অহঞ্চ কর্ণং জানামি যথাবদ্ভরতর্ষভ!।
সত্যসন্ধং মহোৎসাহং মহাবীর্য্যং মহাবলম্ ॥২০॥

ভারতকৌমুদী

যদিতি। সুরশ্রেষ্ঠো দেবরাজঃ। নিবোধ শৃণু ॥১৬॥

কিং তদ্বচনমিত্যাহ ভবানিতি। তত্র মনুষ্যলোকে, বচনাদনুরোধবাক্যাৎ ॥১৭॥

আগমিষ্যতীতি। সুরকার্য্যং নিবাতকবচাদীনাং বধরূপম্। দিবৌকসৈর্দেবৈঃ, "সমাসাত্তগতানাং বা রাজাদীনামদন্ততা" ইত্যদন্ততয়া ভিস ঐস্ ॥১৮॥

তপসেতি। ত্বমপীত্যন্বয়ঃ। পরমুত্তমম্। বিন্দতে লভতে, মহৎ ফলম্ ॥১৯॥

অহমিতি। সত্যসন্ধং সত্যপ্রতিজ্ঞম্। বীর্য্যং কায়িকী শক্তিঃ, বলঞ্চ মানসিকী শক্তিঃ

ভারতভাবদীপঃ

গানম্, সাম ঋতুগানম্ ॥১৪॥ অনুজস্য ভীমস্যানুজঃ ॥১৫—১৭॥ সুরকার্য্যং নিবাতকবচাদীনাং বধঃ। দিবৌকসৈরিতি বহুলং ছন্দসীত্যৈস্ ॥১৮—১৯॥ সত্যসন্ধং সত্যপ্রতিজ্ঞম্

যুধিষ্ঠির! তোমার কনিষ্ঠ ভ্রাতার (ভীমের) কনিষ্ঠভ্রাতা অর্জ্জুন এই ভাবে অস্ত্র ও গান্ধর্ববেদ শিক্ষা করিয়া স্বর্গলোকে সুখে বাস করিতেছেন ॥১৫॥

দেবরাজ যে জন্য আমাকে এই কথা বলিয়া দিয়াছেন, তাহা আমি তোমার নিকট বলিব; তুমি শ্রবণ কর ॥১৬॥

'ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি নিশ্চয়ই মনুষ্যলোকেও যাইবেন; সুতরাং আমার অনুরোধে সেখানে যুধিষ্ঠিরকে বলিবেন—(যে,) ॥১৭॥

তোমার ভ্রাতা অর্জ্জুন অস্ত্রশিক্ষা সমাপ্ত করিয়াছেন, এখন দেবগণের যাহা অসাধ্য, এমন একটা গুরুতর দেবকার্য্য সম্পন্ন করিয়া শীঘ্রই আসিবেন ॥১৮॥

তুমিও অপর ভ্রাতাদের সহিত মিলিত হইয়া তপস্যা কর। কারণ, তপস্যা হইতে উত্তম কিছুই নাই; সুতরাং তপস্যা দ্বারা গুরুতর ফল পাওয়া যায় ॥১৯॥

ভরতশ্রেষ্ঠ! আমিও যথাযথভাবেই কর্ণকে জানি; কর্ণ—সত্যপ্রতিজ্ঞ,

মহাহবেষ্বপ্রতিমং মহাযুদ্ধবিশারদম্।
মহাধনুর্দ্ধরং বীরং মহাস্ত্রং বরবর্ম্মিণম্ ॥২১॥
মহেশ্বরসুতপ্রখ্যমাদিত্যতনয়ং প্রভুম্।
তথাঽর্জ্জুনমতিস্কন্ধং সহজোত্থণপৌরুষম্।
ন স পার্থস্য সংগ্রামে কলামর্হতি ষোড়শীম্ ॥২২॥ বিশেষকম্)
যচ্চাপি তে ভয়ং কর্ণান্মনসিস্থমরিন্দম!।
তচ্চাপ্যপহরিষ্যামি সব্যসাচিন্যতো গতে ॥২৩॥
যচ্চ তে মানসং বীর! তীর্থযাত্রামিমাং প্রতি।
স মহর্ষির্লোমশস্তে কথয়িষ্যত্যসংশয়ম্ ॥২৪॥

ভারতকৌমুদী

সাহসাধ্যা। মহাহবেষু মহাযুদ্ধেষু। বরবর্ম্মিণং সহজাভেদ্যবর্ম্মশালিনম্। মহেশ্বরসুতপ্রখ্যং কার্ত্তিকেয়তুল্যম্, আদিত্যতনয়ং সূর্য্যপুত্রম্, প্রভুম্ অস্ত্রপ্রভাবশালিনম্। অতিস্কন্ধং মহাধ্যবসায়ম্, "স্কন্ধঃ প্রকাণ্ডে সৈন্যাংশে বাহুমূলসমূহয়োঃ। সমীহানৃপয়োশ্চাপি" ইতি বিশ্বঃ। সহজং স্বাভাবিকম্ উত্থণম্ উদ্ধতঞ্চ পৌরুষং পুরুষকারো যস্য তম্। স তাদৃশোঽপি কর্ণঃ, সংগ্রামে, পার্থস্য অর্জ্জুনস্য, ষোড়শীং কলাং ভাগমপি নার্হতি, অর্জ্জুনস্যেদানীং দেবাস্ত্রলাভাদিতি ভাবঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২০—২২॥

যদিতি। হে অরিন্দম! কর্ণাৎ, ভয়ং ভয়হেতুভূতম্, যচ্চাপি অভেদ্যং কবচম্, মনসিস্থম্, তচ্চাপি সব্যসাচিনি অর্জ্জুনে, অতঃ স্বর্গলোকাৎ, গতে সতি, অহমপহরিষ্যামি ॥২৩॥

যদিতি। মানসং কর্ম্ম সঙ্কল্পঃ। স প্রসিদ্ধঃ। তৎ কথয়িষ্যতি ॥২৪॥

ভারতভাবদীপঃ

॥২০॥ বরবর্ম্মিণমতিস্কন্ধম্ ॥২১॥ মহেশ্বরসুতপ্রখ্যং স্কন্দতুল্যম্, অতিস্কন্ধমুন্নতাংসম্, জ্ঞানগতিস্কন্ধমিতি পাঠে যোগিশ্রেষ্ঠম্ ॥২২—২৩॥ অপহরিষ্যামি কবচকুণ্ডলাপহরণে ইন্দ্রেণ কৃতে সতি তদপীয়স্তাতঃ প্রবিষ্ট সম্পাদয়িষ্যামি আর্বেশাভেদদর্শনেনাহং মন্ত্রস্তব-

মহোৎসাহী, গুরুতর দৈহিক বল ও মানসিক বল-সম্পন্ন, মহাযুদ্ধে অতুলনীয় বিশারদ, মহাধনুর্দ্ধর, মহাবীর, মহাস্ত্রসমূহে অভিজ্ঞ, উত্তমবর্ম্মধারী, কার্ত্তিকের তুল্য, সূর্য্যের পুত্র এবং অস্ত্রপ্রভাবসম্পন্ন। আবার অর্জ্জুনকেও জানি; অর্জ্জুনও গুরুতর অধ্যবসায়ী এবং স্বভাবতই মহাপুরুষকারসম্পন্ন। সুতরাং সে কর্ণ এখন অর্জ্জুনের ষোল ভাগের একভাগেরও যোগ্য নহে ॥২০—২২॥

অরিন্দম যুধিষ্ঠির! কর্ণের যে অভেদ্য কবচ তোমার ভয়ের কারণ, তাহাও আমি—অর্জ্জুন এ স্থান হইতে গেলে পরই হরণ করিব ॥২৩॥

(২২)...তথা জ্ঞাতগতিং শ্রেনং সহস্রনয়নোপমম্...পি। [২৩] যচ্চাপি তে ভয়ং ত্বয়ামনসিস্থং হি ধর্ম্মজ!। তদপ্যপহরিষ্যেঽহং সব্যসাচিন্যপাগতে—পি।

যচ্চ কিঞ্চিত্তপোযুক্তং ফলং তীর্থেষু ভারত ।।
ব্রহ্মর্ষিরেষ ব্রূয়াত্তে তচ্ছ্রদ্ধেয়মনন্যথা ॥২৫॥
লোমশ উবাচ ।
ধনঞ্জয়েন চাপ্যুক্তং যত্তচ্ছৃণু যুধিষ্ঠির ।।
যুধিষ্ঠিরং ভ্রাতরং মে যোজয়েধর্ম্ম্যয়া গিরা ॥২৬॥
ত্বং হি ধর্ম্মান্ পরান্ বেত্থ তপাংসি চ তপোধন ।।
শ্রীমতাঞ্চাপি জানাসি ধর্ম্মং রাজ্ঞাং সনাতনম্ ॥২৭॥
স ভবান্ পরমং বেদ পাবনং পুরুষান্ প্রতি।
তেন সংযোজয়েথাস্ত্বং তীর্থপুণ্যেন পাণ্ডবান্ ॥২৮॥
যথা তীর্থানি গচ্ছেত গাশ্চ দদ্যাৎ স পার্থিবঃ।
তথা সর্ব্বাত্মনা কার্য্যমিতি মামর্জ্জুনোঽব্রবীৎ ॥২৯॥

ভারতকৌমুদী

যদিতি। অনন্যথা সংশয়াদিরাহিত্যেন, তৎ, শ্রদ্ধেয়ং বিশ্বাস্যম্ ॥২৫॥
ধনেতি। ধর্ম্ম্যয়া ধর্ম্মাদনপেতয়া গিরা যোজয়েঃ তাং শ্রাবয়েরিত্যর্থঃ ॥২৬॥
ত্বমিতি। পরান্ শ্রেষ্ঠান্। শ্রীমতাং ধনাদিসম্পত্তিশালিনাম্ ॥২৭॥
স ইতি। পাবনং তীর্থপুণ্যম্, পুরুষান্ প্রতি পুরুষাণামিত্যর্থঃ ॥২৮॥

বীর ! তীর্থযাত্রাবিষয়ে তোমার যে ইচ্ছা জন্মিয়াছে, সে বিষয়ে প্রসিদ্ধ মহর্ষি লোমশ নিশ্চয়ই নিয়মাদি বলিবেন ॥২৪॥

ভরতনন্দন ! তীর্থে তপস্যাপ্রযুক্ত যে কিছু ফল হয়, তাহা তোমার নিকট এই ব্রহ্মর্ষি লোমশই বলিবেন ; তুমি নিঃসন্দেহে তাহা বিশ্বাস করিও' ॥২৫॥

লোমশ বলিলেন—'যুধিষ্ঠির ! অর্জ্জুনও যাহা বলিয়া দিয়াছেন, তাহাও শোন—'আপনি আমার ভ্রাতৃগণকে ধর্ম্মসঙ্গত বাক্য শুনাইবেন ॥২৬॥

কারণ, আপনি উত্তম ধর্ম্ম ও তপস্যার বিষয় জানেন এবং সম্পত্তিশালী রাজাদের সনাতন ধর্ম্মও অবগত আছেন ॥২৭॥

আর, আপনি মানুষের পরম তীর্থধর্ম্মের বিষয়ও জানেন। সুতরাং আপনি পাণ্ডবগণকে সেই তীর্থধর্ম্মযুক্ত করিবেন ॥২৮॥

যাহাতে সেই রাজা তীর্থে গমন ও গোদান করেন, তাহা আপনি সর্ব্বপ্রযত্নে করিবেন, এই কথা অর্জ্জুন আমাকে বলিয়াছেন ॥২৯॥

[২৫]…ন তচ্ছ্রদ্ধেয়মন্যথা—বা ব কা নি। ইতঃ পরম্—'একনবতিতমোঽধ্যায়ঃ' বা ব কা পি, '…একোননবতিতমোঽধ্যায়ঃ' নি। [২৬]…ধর্ম্ম্যয়া প্রিয়া—বা ব কা, ধর্ম্ম্যয়া ধিয়া—নি। [২৮]…পুরুষং প্রতি…বা ব কা নি।

ভবতা চানুগুপ্তোঽসৌ চরেত্তীর্থানি সর্ব্বশঃ।
রক্ষোভ্যো রক্ষিতব্যশ্চ দুর্গেষু বিষমেষু চ ॥৩০॥
দধীচ ইব দেবেন্দ্রং যথা চাপ্যঙ্গিরা রবিম্।
তথা রক্ষস্ব কৌন্তেয়ান্ রাক্ষসেভ্যো দ্বিজোত্তম! ॥৩১॥
যাতুধানা হি বহবো রাক্ষসাঃ পর্ব্বতোপমাঃ।
ত্বয়াভিগুপ্তান্ কৌন্তেয়ান্ নাভিবর্ত্তেয়ুরন্তিকাৎ ॥৩২॥
সোঽহমিন্দ্রস্য বচনান্নিয়োগাদর্জ্জুনস্য চ।
রক্ষমাণো ভয়েভ্যস্ত্বাং চরিষ্যামি ত্বয়া সহ ॥৩৩॥
দ্বিস্তীর্থানি ময়া পূর্ব্বং দৃষ্টানি কুরুনন্দন!।
ইদং তৃতীয়ং দ্রক্ষ্যামি তান্যেব ভবতা সহ ॥৩৪॥

ভারতকৌমুদী

যথেতি। স পার্থিবো যুধিষ্ঠিরঃ। সর্বাত্মনা সর্বপ্রযত্নেন, কার্য্যং কর্ত্তব্যম্ ॥২৯॥
ভবতেতি। অনুগুপ্তো রক্ষিতঃ। দুর্গেষু দুর্গমেষু, বিষমেষু উচ্চাবচেষু স্থানেষু ॥৩০॥
দধীচ ইতি। দধীচো নাম মুনিঃ। রক্ষস্ব রক্ষোঘ্নমন্ত্রপাঠাদিনা ॥৩১॥
যাত্বিতি। যাতুং সময় এব দধতীতি যাতুধানাঃ। অভি লক্ষ্যীকৃত্য ॥৩২॥
স ইতি। চরিষ্যামি তীর্থেষিতি শেষঃ ॥৩৩॥
দ্বিরিতি। দ্বির্বারদ্বয়ম্। তৃতীয়ং বারম্, তান্যেব তীর্থানি ॥৩৪॥

ভারতভাবদীপঃ

মিত্যাদিবদহমেবেন্দ্ররূপী করিষ্যামীতি ॥২৪॥ তৎ শ্রদ্ধেয়ং ন অশ্রদ্ধয়াগৃহীতব্যমিত্যর্থঃ ॥২৫॥ যোজয়েঃ যোজয়, ধর্ম্মায়া ধর্ম্মাদনপেতয়া ॥২৬—২৭॥ দ্বিঃ দ্বিবারম্, তৃতীয়ং তৃতীয়বারম্

আপনি তাঁহাকে দুর্গমস্থানে এবং বিষমস্থানে রক্ষা করিবেন; আপনি রক্ষা করিলেই; তিনি সকল তীর্থে বিচরণ করিতে পারিবেন ॥৩০॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! দধীচমুনি যেমন দেবরাজকে এবং অঙ্গিরা যেমন সূর্য্যকে রক্ষা করেন, আপনিও তেমনই রাক্ষসগণ হইতে পাণ্ডবগণকে রক্ষা করিবেন ॥৩১॥

আপনি রক্ষা করিতে থাকিলে, হঠকারী পর্বতপ্রমাণ বহুতর রাক্ষসও নিকট হইতে পাণ্ডবগণের সম্মুখে আসিতে পারিবে না ॥৩২॥

ইন্দ্রের কথায় ও অর্জ্জুনের অনুরোধে আমি সর্বপ্রকার ভয় হইতে তোমাকে রক্ষা করিতে থাকিয়া তোমার সহিত তীর্থে বিচরণ করিব ॥৩৩॥

কুরুনন্দন! আমি পূর্বে দুইবার তীর্থগুলি দেখিয়াছি; এখন তৃতীয় বার তোমার সহিত সেই গুলিই দেখিব ॥৩৪॥

ইয়ং রাজর্ষিভির্যাতা পুণ্যকৃদ্ভির্যুধিষ্ঠির ! ।
মন্বাদিভির্মহারাজ ! তীর্থযাত্রা ভয়াপহা ॥৩৫॥
নানৃজুর্নাকৃতাত্মা চ নাবিদ্যো ন চ পাপকৃৎ ।
স্নাতি তীর্থেষু কৌরব্য ! ন চ বক্রমতির্নরঃ ॥৩৬॥
ত্বন্তু ধর্ম্মমতির্নিত্যং ধর্ম্মজ্ঞঃ সত্যসঙ্গরঃ ।
বিমুক্তঃ সর্ব্বপাপেভ্যো ভূয় এব ভবিষ্যসি ॥৩৭॥
যথা ভগীরথো রাজা রাজানশ্চ গয়াদয়ঃ ।
যথা যযাতিঃ কৌন্তেয় ! তথা ত্বমপি পাণ্ডব ! ॥৩৮॥

যুধিষ্ঠির উবাচ ।

ন হর্ষাৎ সম্প্রপশ্যামি বাক্যস্যাস্যোত্তরং কচিৎ ।
